মুহতারাম ইলম ও জিহাদ ভাইয়ের

রচনা সমগ্র-১ম খন্ড

১.অঙ্গবিকৃতি (المثلة) কখন অবৈধ?

হাদিসে অঙ্গ বিকৃতি করতে নিষেধ এসেছে। আরবীতে যাকে المثلة বলা হয়। এর দ্বারা উদ্দেশ্য- কাউকে হত্যা করতে গিয়ে তার হাত-পা, নাক-কান-চোখ ইত্যাদি কর্তন করা বা নষ্ট করা। যেমন বুখারী শরীফে এসেছে-

"نهى النبي صلى الله عليه و سلم عن النهبى والمثلة"

“রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম লুণ্টন ও অঙ্গবিকৃতি থেকে বারণ করেছেন।” [সহীহ বুখারী: ২৩৪২]

তবে এ নিষেধাজ্ঞা বন্দী কাফেরদের ক্ষেত্রে প্রযোজ্য। কাফের বন্দী হওয়ার পর তাকে স্বাভাবিক হত্যা করতে বলা হয়েছে। তখন ইচ্ছাকৃত তার অঙ্গ বিকৃত করা নিষেধ। নাক-কান কাটা, চোখ নষ্ট করা, হাত-পা কাটা বা নষ্ট করা: এসব করা যাবে না। অবশ্য এখানেও আইম্মায়ে কেরামের মতভেদ আছে।

পক্ষান্তরে যুদ্ধরত কাফের, যাদের সাথে এ মূহুর্তে মারামারি চলছে বা যেসব কাফেরকে আমরা বন্দী করতে পারিনি- তাদেরকে হত্যা, বন্দী বা কাবু করার জন্য প্রয়োজনীয়

অঙ্গবিকৃতি বৈধ। যেমন- প্রথমে সুযোগ বুঝে আঘাত করে চোখ নষ্ট করে ফেলা তারপর হত্যা বা বন্দী করা।

ইবনুল হুমাম রহ. (৮৬১হি.) বলেন,

ثم لا يخفى أن هذا بعد الظفر والنصر، أما قبل ذلك فلا بأس به إذا وقع قتالا كمبارز ضرب فقطع أذنه ثم ضرب ففقأ عينه فلم ينته فضرب فقطع أنفه ويده ونحو ذلك. اهـ

“অস্পষ্ট নয় যে, নিষেধাজ্ঞার ক্ষেত্র হলো- কাবু করতে সক্ষম হওয়া ও জয় লাভের পর। পক্ষান্তরে এর আগে মারামারি অবস্থায় তাতে কোন অসুবিধা নেই। যেমন, প্রতিদ্বন্দী (মুসলিম) যোদ্ধা এক আঘাতে প্রতিপক্ষ যোদ্ধার কান কেটে ফেলল। অপর আঘাতে চোখ নষ্ট করে ফেলল। এরপরও যখন সে বিরত হল না, তখন আরেক আঘাতে তার নাক ও হাত কেটে দিল। এছাড়াও এ ধরণের যেকোন অঙ্গবিকৃতি(তে কোন সমস্যা নেই)।” [ফাতহুল কাদীর: ৫/৪৫২]

মোটকথা: যাকে আমরা বন্দী করেছি, এখন স্বাভাবিকভাবে তাকে হত্যা করতে পারি- তাকে স্বাভাবিক হত্যা করবো। আর যাকে বন্দী করতে পারিনি- চাই তার সাথে মারামারি চলুক বা না চলুক- তাকে হত্যা, বন্দী বা কাবু করার জন্য যেকোন স্থানে

আঘাত করে যেকোন অঙ্গ কর্তন বা নষ্ট করা জায়েয।

অতএব, তাগুত বাহিনির কোন সদস্যের সাথে যদি কোন মুজাহিদ ভাইয়ের মারামারি বেঁধে যায়, তাহলে তিনি তাকে হত্যা বা কাবু করার জন্য বা তার থেকে নিরাপদে নিষ্কৃতি লাভের জন্য যেকোন জিনিস দ্বারা যেকোন স্থানে আঘাত করে যেকোন অঙ্গ কর্তন বা নষ্ট করতে পারবেন। তদ্রূপ, রাস্তা-ঘাটে চলন্ত বা সেনাঘাটিতে বা বাড়িতে প্রহরারত বা বিশ্রামরত যেকোন তাগুতী সদস্যকে হত্যা, বন্দী বা কাবু করার জন্য যেকোন জিনিস দিয়ে যেকোন স্থানে আঘাত করে নষ্ট ও বিকৃতি ঘটানো যাবে।

২.অজ্ঞাত আমীরের হাতে বাইয়াত: ইমামের পরিচয় কতটুকু জরুরী?

এক ভাই জানতে চেয়েছিলেন,

‘আমরা অজ্ঞাত আমীরের হাতে বাইয়াত দিয়ে জিহাদের কাজ করি, এটা কতটুকু শরীয়তসম্মত’?

প্রশ্নটা শুধু ভাইয়েরই নয়, আরো অনেকেরই হয়তো। বিশেষত যারা জিহাদের সাথে জড়িত না, তাদের অনেকের এ প্রশ্ন। আবার যারা মুজাহিদদের বাঁকা চোখে দেখেন, তারা প্রশ্নটা করে থাকেন মুজাহিদের আক্রমণ করার উদ্দেশ্যে।

প্রথমত এখানে মনে রাখা চাই যে, আমীর অজ্ঞাত- এই বাহানায় জিহাদ তরক করার কোন সুযোগ নেই। যেমন, ইমাম কে তা না জানার কারণে নামায মাফ হয়ে যায় না।

দ্বিতীয়ত: জিহাদের ফরয আদায়ের জন্য কোন একটা হক জিহাদি জামাতে যোগ দেয়া আবশ্যক। সকল মুসলমানেরই এটা দায়িত্ব। জিহাদি জামাত খুঁজে বের করা সবার দায়িত্ব। আমীর অজ্ঞাত- এই বাহানায় জামাতে যোগ দেয়ার প্রচেষ্টা থেকে বিরত থাকার কোন সুযোগ নেই ।
তৃতীয়ত: আমীর অজ্ঞাত- কথাটাও মুশকিল। একেবারে যারা জিহাদ থেকে গাফেল ও বেখবর হয়ে বসে আছেন, তাদের কাছেই মূলত আমীর অজ্ঞাত। নতুবা যারা দুনিয়ার কিছুটা খবরাখবর রাখেন, মুসলিম উম্মাহর অবস্থা নিয়ে ফিকির করেন, জিহাদের সত্য তামান্না রাখেন, এর জন্য যথাসাধ্য চেষ্টা করেন- তাদের নিকট আমীর অজ্ঞাত থাকার কথা নয়। জিজ্ঞেস করি- মোল্লা উমরকে কে না চেনে? শায়খ উসামার ব্যাপারে কার জানা শুনা নেই? আলকায়েদার আমীর যে

আইমান আযযাওয়াহিরি তা কার না জানা? আসেম উমার হাফিযাহুল্লাহ যে উপমহাদেশে আলকায়েদার আমীর কথাটা কে জানে না? একজন সচেতন মুসলমান তো পরের কথা; দ্বীনের দুশমনরাও তো তাদেরকে ভাল করে চেনে। এমনকি তাদের বয়ান-বক্তৃতা, লেখা-লেখি ও নির্দেশনাগুলোও তারা জানে। কিন্তু হায়! আমি এমনই দ্বীনসচেতন (!!) মুসলমান, আমি এদের কাউকেই চিনি না। জিহাদের ফরয দায়িত্ব থেকে একেবারেই যারা বেখবর, কিংবা জিহাদ থেকে একেবারেই বিমুখ- তারাই কেবল চেনে না। নতুবা বর্তমান দুনিয়ার অবস্থার প্রেক্ষিতে তাদেরকে না চেনার কথা না।

ইমারাতে ইসলামিয়া আফগানিস্তানের আমীর – বর্তমান আমীরুল মু'মিনীন হাইবাতুল্লাহ আখুন্দজাদা হাফিযাহুল্লাহ - যাকে আমরা চিনি না বলে বাহানা খোঁজছি, মূলত তিনি অপরিচিত কেউ নন। অতি গোপনে কোন অন্ধকার প্রকোষ্ঠে অজ্ঞাত ক'জন লোক কোন অজ্ঞাত ব্যক্তিকে আমীর নির্ধারণ করেনি। আফগানের আহলুল হল ওয়াল আকদ এর বাইয়াতের মাধ্যমে সকলের নিকট সুপরিচিত একজন বিশিষ্ট মুজাহিদ আলেমে দ্বীনকে আমীর নির্ধারণ করা হয়েছে। তাকে না চেনা মূলত তিনি অজ্ঞাত হওয়ার কারণে নয়, আমার নিজের বেখবরি আর গাফলতির কারণে।

তদ্রূপ, ইমারাতে ইসলামিয়া আফগানিস্তানের অধীনস্ত

আন্তর্জাতিক জিহাদি সংগঠন আলকায়েদার আমীর শায়খ আইমান আযযাওয়াহিরি হাফিযাহুল্লাহও অপরিচিত কেউ নন। তিনি মিশরের সম্ভ্রান্ত এক পরিবারের উচ্চশিক্ষিত প্রসিদ্ধ একজন ব্যক্তি। তার রাজনৈতিক ও জিহাদি জীবন আরব বিশ্বে অতি পরিচিত। তিনি প্রসিদ্ধ জিহাদি সংগঠন জামাআতুল জিহাদের নেতৃত্বস্থানীয় ব্যক্তি ছিলেন। প্রকাশ্যে দ্বীন কায়েমের জন্য জিহাদ করেছেন। জেল খেটেছেন। নির্যাতন সহ্য করেছেন।

আলকায়েদা উপমহাদেশের আমীর আসেম উমর হাফিযাহুল্লাহও অপরিচিত কেউ নন। তিনি কোথায় কোথায়ে লেখাপড়া করেছেন, কোথায় কোথায় জিহাদ করেছেন সবই জানা। ইমারতে ইসলামিয়ার সিদ্ধান্তে স্পষ্টভাবেই তাকে আলকায়েদা উপমহাদেশের আমীর নির্ধারণ করা হয়েছে।

এমনিভাবে যে দেশে যাকে আমীর নির্ধারণ করা হয়েছে, তারা প্রকৃতপক্ষে সবাই প্রসিদ্ধ ও পরিচিত। সুস্পষ্ট ও পরিষ্কার ঘোষণার মাধ্যমেই তাদের আমীর বানানো হয়েছে। এভাবে প্রসিদ্ধ ব্যক্তিবর্গকে আমীর নির্ধারণ করে জামাত গঠন করে তাদের নেতৃত্বে দীর্ঘদিন যাবৎ জিহাদের কাজও চলছে। এর চেয়ে বেশি আর কতটুকু জানার দরকার আছে?

এ গেল বাহিরের লোকদের কথা। আর তানজীমে জড়িতরা

তো তাদেরকে ভাল করেই চেনেন। তাদের বয়ান বক্তৃতা নিয়মিত শুনেন। নির্দেশনার দিলে সেগুলো সবার কাছে পৌঁছে যায়। মেনে চলার চেষ্টা করেন। প্রচারেও সচেষ্ট হন যথেষ্ট। প্রশ্ন করি- এর চেয়েও অতিরিক্ত চেনার আবশ্যকতা আছে কি?

এখানে আরেকটি কথা বলে রাখি। সেটা হল, তানজীমের অধস্তন আমীর উমারাদের ব্যাপারে। আমরা সাধারণত যাদের নির্দেশনায় কাজ করে থাকি। যাদের ভায়া হয়ে কেন্দ্রীয় উমারাদের নির্দেশনা আমাদের পর্যন্ত পৌঁছায়। নিরাপত্তার স্বার্থে কাটআফ সিস্টেমের কাজ হওয়ায় তাদের সকলকে আমরা চিনি না। তবে এটা মূলত জিহাদের একটা কৌশল। জিহাদের স্বার্থে এ ধরণের কৌশল গ্রহণ করার অধিকার আছে। বরং অনেক ক্ষেত্রে জরুরী। কৌশল ও গোপনীয়তার ব্যাপারে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের যুদ্ধনীতি দেখলে তাতে আর সংশয় থাকবে না ইনশাআল্লাহ।

তবে এতটুকু কথা অবশ্যই সত্য যে, আমার উর্ধ্বতন প্রথম আমীর, তথা আমার যিনি সরাসরি আমীর, তাকে আমি ভাল করেই চিনি। কারণ, তার সাথে দীর্ঘ দিনের পরিচয়, জানা শুনা আর বন্ধুত্বের সম্পর্ক না থাকলে তিনি আমাকে তানজীমে জড়িত করতেন না। দীর্ঘ পরিচয় ও যাচাই বাছাইয়ের পর যখন আমি যোগ্য ও নির্ভরযোগ্য প্রমাণিত হয়েছি, তখনই আমাকে তানজীমে নেয়া হয়েছে। তদ্রূপ, আমার আমীরের

ব্যাপারেও আমার পূর্ণ আস্থা আছে বলেই আমি তার কথায় তানজীমে যোগ দিয়েছি। এরপর যখন তিনি আমাকে নির্দেশনা দিচ্ছেন এবং সেগুলো উর্ধ্বতন উমারাদের নির্দেশনা বলে জানাচ্ছেন এবং সেগুলো শরীয়ত বিরোধীও মনে হচ্ছে না- তখন তার কথামত চলতে আমার আর কোন বাধা নেই। তদ্রূপ, তিনি যদি আমাকে অন্য কোন আমীরের হাতে সোপর্দ করেন, তাহলেও আমি আশ্বস্ত যে, তিনি উপযুক্ত কারো হাতেই আমাকে সোপর্দ করেছেন। এরপর শরীয়তসম্মত সকল বিষয়ে তাকে মেনে চলতে আমার কোন সমস্যা নেই। জিজ্ঞেস করি, এর চেয়ে অতিরিক্ত আর কতটুকু জানার আবশ্যকীয়তা শরীয়তে আছে?

মুহতারাম ভাইয়েরা, আমীর অজ্ঞাত- এটা মুলত তেমন কোন ফেক্টর-ই নয়। আমরা যতটুকু জানি, ততটুকু আমাদের কাজের জন্য যথেষ্ট। এর অতিরিক্ত না আমাদের কাজের জন্য প্রয়োজন আছে, আর না শরীয়তের পক্ষ থেকে বাধ্যবাধকতা আছে।

মুহতারাম ভাইয়েরা, সাহাবায়ে কেরামের সীরতের দিকে তাকালেই আমরা বুঝতে পারি- এর বেশি দরকার নেই। আপনি তাকিয়ে দেখুন, হযরত উমর রাদিয়াল্লাহু আনহু যখন

মদীনায় খলিফা নির্ধারণ হলেন, তখন বিশাল ইসলামী সাম্রাজ্যের কত জন তাকে চিনতো? আজ আমরা মোল্লা উমরকে, শায়খ উসামাকে, আইমান আযযাওয়াহিরিকে, আসেম উমরকে যতটুকু চিনি, হযরত উমর রাদিয়াল্লাহু আনহুকে এর চেয়ে বেশি কিংবা এই পরিমাণও হয়তো অনেকে জানতো না। শুধু নামটুকুই হয়তো জানতো। কিংবা কিছু গুণ-সিফাত হয়তো জানতো। কিন্তু হযরত উমরকে দেখেছে কত জন? সুদূর মদীনা থেকে সেই রোম, সেই পারস্যের, সেই ইরাকের সকল মুসলিম কি তাকে চিনতো? সবাই কি তাকে দেখেছে? কিন্তু বাইয়াত তো সকলেই দিয়েছে। তদ্রূপ, হযরত উমর ইসলামী বিশ্বের প্রান্তে প্রান্তে যে উমারাদের নিযুক্ত করেছিলেন, তাদের সকলকেই কি সকলে চিনতো? সকলেই কি তাদেরকে দেখেছে? কিন্তু আদেশ তো সকলেই পালন করেছে। পরবর্তী সকল খলিফার বেলায়ও একই ঘটনা। বরং ইসলামী সাম্রাজ্য যত বেশি বিস্তৃতি লাভ করেছে, খলিফা ও উমারাদের ব্যাপারে জানা শুনা ততই কঠিন হয়ে এসেছে।

অধিকন্তু বর্তমান যামানায় তো মিডিয়ার আদলে আমরা আমীর উমারাদের দেখতে পাচ্ছি, তাদের কথা বার্তা শুনতে পারছি। কিন্তু সে যামানায় তো এটার চিন্তাও করা যেত না। এতদসত্ত্বেও বাইয়াত তো ঠিকই হয়েছে। আদেশও পালন করে চলেছে। এতএব, এর চেয়ে বেশি জানা শুনার প্রয়োজন নেই। সাধারণ মুজাহিদ ও মুসলমানদের জন্য এতটুকুই যথেষ্ট।

হ্যাঁ, এখানে আরেকটা কথা আছে। যারা আহলুল হল ওয়াল আকদ; তথা যারা খলিফা নিয়োগ দেবেন, তাদের জন্য আবশ্যক খলিফার ব্যাপারে ভাল করে জানা শুনা। কেননা, একজন যোগ্য ইমাম নিয়োগ দিতে হলে যেসব সিফাত লক্ষ রাখতে হয়, সেগুলো ঠিকঠিক মতো আছে কি’না জানার জন্য ইমামকে চেনা জরুরী। তাদের ব্যাপারটা ভিন্ন। বাকি সকল মুসলমানের জন্য এর প্রয়োজন নেই।

কাযি আবু ইয়ালা রহ. (৪৫৮ হি.) বলেন,

ولا يجب على كافة الناس معرفة الإمام بعينه واسمه، إلا من هو من أهل الاختيار الذين تقوم بهم الحجة وتنعقد بهم الخلافة. ويجوز أن يسمي خليفة لمن عقد له الأمر. اهـ

“সরাসরি ইমামের ব্যক্তি সত্তাকে চেনা বা তার নাম জানা সকলের জন্য আবশ্যক নয়। তবে যারা আহলুল হল ওয়াল আকদ, যারা দলীলরূপে গণ্য হবেন এবং যাদের (বাইয়াতের) মাধ্যমে খেলাফত সংগঠিত হবে- তাদের কথা ভিন্ন।” – আলআহকামুস সুলতানিয়্যাহ্: ১/২৭

ইমাম মাওয়ারদি রহ. (৪৫০ হি.) বলেন,

فإذا استقرت الخلافة لمن تقلدها إما بعهد أو اختيار لزم كافة الأمة أن يعرفوا إفضاء الخلافة إلى مستحقها بصفاته ولا يلزم أن يعرفوه بعينه واسمه إلا أهل الاختيار الذين تقوم بهم الحجة وببيعتهم تنعقد الخلافة .

وقال سليمان بن جرير : واجب على الناس كلهم معرفة الإمام بعينه واسمه كما عليهم معرفة الله ومعرفة رسوله .

والذي عليه جمهور الناس أن معرفة الإمام تلزم الكافة على الجملة دون التفصيل ، وليس على كل أحد أن يعرفه بعينه واسمه إلا عند النوازل التي تحوج إليه ، كما أن معرفة القضاة الذين تنعقد بهم الأحكام والفقهاء الذين يفتون في الحلال والحرام تلزم العامة على الجملة دون التفصيل إلا عند النوازل المحوجة إليهم ، ولو لزم كل واحد من الأمة أن يعرف الإمام بعينه واسمه للزمت الهجرة إليه ولما جاز تخلف الأباعد ولأفضى ذلك إلى خلو الأوطان ولصار من العرف خارجا وبالفساد عائدا ، وإذا لزمت معرفته على التفصيل الذي ذكرناه فعلى كافة الأمة تفويض الأمور العامة إليه من غير افتيات عليه ولا معارضة له ليقوم بما وكل إليه من وجوه المصالح وتدبير الأعمال. اهـ

“পূর্ববর্তী খলিফার অসিয়তের মাধ্যমে কিংবা আহলুল হল ওয়াল আকদের নির্বাচনের মাধ্যমে যখন দায়িত্বগ্রহণকারী ইমামের জন্য খেলাফত সংগঠিত হবে, তখন **উম্মাহর সকলের জন্য এতটুকু জানা আবশ্যক যে, উপযুক্ত ব্যক্তির হাতে খেলাফতের দায়িত্ব সমর্পিত হয়েছে। সরাসরি ইমামের ব্যক্তি সত্তাকে চেনা বা তার নাম জানা তাদের জন্য**

আবশ্যক নয়। তবে যারা আহলুল হল ওয়াল আকদ, যারা দলীলরূপে গণ্য হবেন এবং যাদের (বাইয়াতের) মাধ্যমে খেলাফত সংগঠিত হবে- তাদের কথা ভিন্ন।

তবে সুলায়মান ইবনে জারির বলেন, আল্লাহকে এবং তার রাসূলকে চেনা যেমন আবশ্যক, সকলের জন্য সরাসরি ইমামের ব্যক্তি সত্তাকে চেনা এবং তার নাম জানাও তেমনই আবশ্যক।

তবে জুমহুর আইম্মার মতামত হল, ইমামের পরিচয় বিস্তারিত জানা জরুরী নয়, এক রকম জানাই যথেষ্ট। সরাসরি ইমামের ব্যক্তি সত্তা বা তার নাম জানা প্রত্যেকের জন্য জরুরী নয়। তবে যদি বিশেষ পরিস্থিতি সৃষ্টি হয়, যার ফলে চেনার দরকার পড়ে, তাহলে ভিন্ন কথা। যেমন- কাযি, যাদের মাধ্যমে বিচার আচারের ফায়সালা হয় এবং ফুকাহায়ে কেরাম, যারা হালাল হারামের ব্যাপারে ফতোয়া দিয়ে থাকেন: জনসাধারণের জন্য তাদের ব্যাপারে এক রকম জানা শুনা আবশ্যক, বিস্তারিত নয়। তবে যদি বিশেষ পরিস্থিতি সৃষ্টি হয়, যার ফলে চেনার দরকার পড়ে, তাহলে ভিন্ন কথা।

যদি উম্মাহর সকলের জন্য সরাসরি ইমামের ব্যক্তি সত্তাকে

চেনা এবং তার নাম জানা জরুরী হতো, তাহলে (তাকে চেনার জন্য) হিজরত করার দরকার পড়তো। দূরবর্তীদের জন্য না যাওয়ার সুযোগ থাকতো না। ফলত সকল এলাকা জনশূন্য হয়ে পড়তো। আর তখন এটা একতো স্বাভাবিক প্রচলনের পরিপন্থী হতো, অপর দিকে এর ফলে ফাসাদ ও বিশৃংখলার সৃষ্টি হতো।

উপরোক্ত যে বিবরণ আমি দিয়েছি, সে অনুযায়ী ইমামের পরিচিতি লাভের পর, কোন ধরণের বিরোধিতা এবং স্বেচ্ছাচারিতা না দেখিয়ে প্রজাসাধারণের পরিচালনার সকল দায় দায়িত্ব তার হাতে সমর্পণ করা উম্মাহর সকলের অবশ্য কর্তব্য। যাতে তার প্রতি সমর্পিত মাসআলাহাত ও পরিচালনায় দায় দায়িত্ব তিনি আঞ্জাম দিতে পারেন।" – আলআহকামুস সুলতানিয়্যাহ: ১/২৪

লক্ষ করুন-

"উম্মাহর সকলের জন্য এতটুকু জানা আবশ্যক যে, উপযুক্ত ব্যক্তির হাতে খেলাফতের দায়িত্ব সমর্পিত হয়েছে। সরাসরি ইমামের ব্যক্তি সত্তাকে চেনা বা তার নাম জানা তাদের জন্য আবশ্যক নয়।"

ব্যস, এতটুকুই সাধারণ জনগণ ও সাধারণ মুজাহিদদের দায়িত্ব। এর বেশি নয়। না শরয়ী দৃষ্টিকোণ থেকে প্রয়োজন আছে, না কাজের জন্য প্রয়োজন আছে।

এখানে আরেকটি বিষয় মনে করিয়ে দেয়া মুনাসিব মনে করছি। সেটি হল, এ যে বাইয়াতের কথা গেল, সেটা হল খেলাফতের বাইয়াত। যে বাইয়াত ফরয। যে বাইয়াত না দিয়ে মারা গেলে জাহিলি মরা মরবে বলে হাদিসে ধমকি এসেছে। পক্ষান্তরে আমাদের বর্তমান যে বাইয়াত সেটা খেলাফতের বাইয়াত না। সেটা মূলত জিহাদের বাইয়াত। খেলাফতের বাইয়াতের বেলায়ই যখন এতটুকু যথেষ্ট, তখন জিহাদের বাইয়াতের জন্য এর চেয়ে বেশির কি আবশ্যকতা আছে?

মোটকথা-

আহলুল হল ওয়াল আকদের বাইয়াতের মাধ্যমে আফগানের সুপ্রসিদ্ধ আলেমে দ্বীনকে ইমারতে ইসলামিয়ার আমীর নির্ধারণ করা হয়েছে। ইমারতে ইসলামিয়ার অধীনে

আলকায়েদার কেন্দ্রীয় ও আঞ্চলিক আমীর নির্ধারণ করা হয়েছে। তাদের নেতৃত্বে দীর্ঘদিন যাবৎ জিহাদ চলে আসছে। আমি একজন সাধারণ মুসলমান বা প্রাথমিক মুজাহিদ হিসেবে আমার দায়িত্ব তানজীমে জড়িত হয়ে জিহাদের ফরয আঞ্জাম দেয়া। জামাত নেই, আমীর নেই, আমীর চিনি না- এগুলো সব নিতান্তই বাহানা।

বি.দ্র

এখানে আরো একটি বিষয় পরিষ্কার করে দেয়া জরুরী মনে হচ্ছে। সেটা হল, আমরা যখন বলছি, 'আমীরের পরিচয় এর চেয়ে বেশি জরুরী নয়'- তখন এর অর্থ এই নয় যে, যে কেউ আলকায়েদার কথা বললে বা কোন জিহাদি তানজীমের কথা বললেই তাতে কোন তাহকীক ছাড়া যোগ দিয়ে দিতে হবে। বরং আমার উদ্দেশ্য, যখন আমি যথাযথ তাহকিকের পর তানজীমে যোগ দিতে চাচ্ছি বা যোগ দিয়েছি, তখন আর এর চেয়ে বেশি জানা জরুরী নয়। অতএব, তানজীমে যোগ দেয়ার

আগে ভালভাবে তাহকিক করে নিতে হবে। তাহকিকের পর তানজীমে যোগ দেয়া হলে এরপর আর উমারাদের ব্যক্তিপরিচয়ের তেমন জরুরত নেই।

কথাটা আরেকটু খুলে বলি: আলকায়েদা কোন ব্যক্তিকে ততক্ষণ পর্যন্ত সদস্য বানায় না, যতক্ষণ না তার ব্যাপারে যাচাই বাছাইয়ের পর নিশ্চিত হওয়া যায় যে, তিনি জিহাদের এবং তানজীমের সাথী হওয়ার উপযুক্ত। হ্যাঁ, কখনোও যদি বাছাইয়ে ভুল হয়ে যায় সেটা ভিন্ন কথা। অতএব, যে কেউ জিহাদের যোগ দেয়ার ইচ্ছা প্রকাশ করলেই তানজীম তাকে সদসদ্য বানিয়ে নেবে না। তার ব্যাপারে যাচাই বাছাই করবে যথেষ্ট। এ গেল এক দিক।
অপর দিকে যিনি তানজীমে যোগ দিতে চাচ্ছেন, তারও উচিৎ, যিনি তাকে জিহাদের দাওয়াত দিচ্ছেন, তার ব্যাপারে ভালভাবে তাহকিক করে নেয়া যে, তিনি আসলেই সত্য বলছেন কি'না? আসলেই তিনি হক জামাতের এবং তিনি যে তানজীমের কথা বলছেন, সেটার সদস্য কি'না? না'কি কোন গোয়েন্দা মুজাহিদের বেশ ধরে এসেছে? এসব বিষয় ভালভাবে যাচাইয়ের পরই কেবল তিনি তানজীমে যোগ দেবেন।

উভয় পক্ষ থেকে এভাবে যাচাইয়ের পর যখন কোন ব্যক্তি তানজীমে যোগ দেয়ার উপযুক্ত বিবেচিত হবেন এবং তিনিও তানজীমে যোগ দিতে মনস্থির করবেন, তখন তার জন্য

তানজীমের উমারাদের ব্যাপারে অতিরিক্ত জানার প্রয়োজন নেই। তানজীমের উমারাদের সুনির্দিষ্টভাবে চেনেন না- এটা যেন তার তানজীমে যোগ দেয়ার পথে বাধা হয়ে না দাঁড়ায়। বরং মোটামুটি পরিচয়ই যথেষ্ট। আইমান আযযাওয়াহিরি, আসেম উমর, মোল্লা উমর, শায়খ উসামা সহ আরো যারা প্রসিদ্ধ, তাদের ব্যাপারে মোটামুটি জানা শুনা থাকবে এটাই স্বাভাবিক। না থাকলে যতটুকু প্রয়োজন তাদের ব্যাপারে জেনে নিতে পারে। এই মূহুর্তে তারা কোথায় আছেন- ইত্যাদি অপ্রয়োজনীয় প্রশ্নে যাওয়া উচিৎ নয়। এটার না শরয়ী দিক থেকে দরকার আছে, না কাজের জন্য দরকার আছে। এরপরও এসব বিষয় মোটামুটি সবারই জানা থাকে। যেমন, ইমারাতে ইসলামী আফগানিস্তানের প্রধান আমীরুল মু'মিনীন যিনি হন, তিনি সাধারণত আফগানেই থাকেন। এটা মোটামুটি সকলেরই জানা। এ ধরণের বিষয়াদি এর চেয়ে অতিরিক্ত জানার তেমন কোন দরকার নেই। কাজের জন্য দরকার না পড়লে এসব বিষয় নিয়ে ঘাটাঘাটির দরকার নেই এবং এগুলো না জানার অজুহাতে তানজীমে যোগ দেয়া থেকে বিরত থাকারও কোন হেতু নেই।

যাহোক, এই আমার উদ্দেশ্য। অর্থাৎ- উভয় পক্ষ থেকে যাচাইয়ের মাধ্যমে নিশ্চিত হয়ে গেলে, উমারাদের ব্যাপারে সুনির্দিষ্ট বা বিস্তারিত জানা না থাকার কারণে তানজীমে যোগ দেয়া থেকে বিরত থাকার কোন হেতু নেই। তদ্রূপ, যোগ

দেয়ার পর কাজের জন্য বিশেষ দরকার না পড়লে সেগুলো নিয়ে ঘাটাঘাটিরও প্রয়োজন নেই। আমার উদ্দেশ্য এমনটাই। নতুবা, যে কেউ তানজীমে যোগ দিতে বললেই অন্ধভাবে তাহকিক ছাড়া তার কথা মেনে নিতে হবে- এটা আমার উদ্দেশ্য নয়। আল্লাহ তাআলা আমাদের সত্য সঠিক বুঝ দান করুন।

ওয়াল্লাহু সুবহানাহু ওয়া তাআলা আ'লাম

৩.আপনার সন্তানের খবর নিন; সে বিবর্তনবাদে বিশ্বাসী না তো?

বিবর্তনবাদ একটা মৌলিক বিষয় হিসেবে স্কুল-কলেজগুলোতে পড়ানো হয়। এ মতবাদের মূলকথা হচ্ছে: (মানুষ আদিতে বানর ছিল। আস্তে আস্তে বিবর্তন হতে হতে মানুষে পরিণত হয়েছে।)

এ মতবাদে মৌলিকভাবে তিনটি বিষয় নিহিত, যা ইসলামের গোড়ার সাথেই সাংঘর্ষিক:

১. আল্লাহ তাআলাকে অস্বীকার করা হচ্ছে।

২. দাবি করা হচ্ছে, সৃষ্টিজগৎ কোন সৃষ্টিকর্তার সৃষ্টি ব্যতীত আপনা আপনিই সৃষ্টি হয়ে গেছে।

৩. সর্বপ্রথম মানব হযরত আদম আলাইহিস সালাম যে আল্লাহ তাআলার সৃষ্ট এবং তিনি যে জান্নাত থেকে একজন মানবরূপে দুনিয়াতে আগমন করেছেন এবং পরবর্তী মানবপ্রজন্ম তার ও তার স্ত্রী হযরত হাওয়া আলাইহাস সালাম থেকে বিস্তার লাভ করেছে- তা অস্বীকার করা হচ্ছে।

সন্দেহ নেই, এ তিনটার প্রত্যেকটাই সুস্পষ্ট কুফর এবং এ আকীদা পোষণকারী ব্যক্তি সর্বসম্মতিতে দ্বীনে ইসলাম থেকে বহিষ্কৃত কাফের।

অতীব পরিতাপের বিষয়, মুরতাদ সরকার তাদের পাঠ্যপুস্তকে এই কুফরী মতবাদকে বিশেষ গুরুত্বসহকারে অন্তর্ভূক্ত রেখেছে। যদ্দরুণ নবপ্রজন্ম এই সকল কুফরী আকীদা পোষণ করেই বড় হচ্ছে। ১নং কুফরটাতে লিপ্ত না হলেও, দ্বিতীয় কি অন্তত তৃতীয়টাতে অনেকেই লিপ্ত হচ্ছে। এভাবে শুধু এ

বিবর্তনবাদের কারণেই মুসলিম নামধারী একপ্রকার মুরতাদ প্রজন্ম সৃষ্টি হচ্ছে।

হে মুসলিম ভাই-বোনেরা, আপনারা আপনাদের সন্তানদের খবর নিন; তারা কি এখনোও ইসলামের উপর আছে? না ইতোমধ্যেই মুরতাদে পরিণত হয়েছে? অন্যথায়, এর দায়ভার কিয়ামতের দিন আপনাদের উপরই বর্তাবে। হে আল্লাহ, তুমি হিফাজত কর।

৪.আপনি কি গুনাহগার? হতাশ হবেন না- আপনিও কিতাবের উত্তরাধিকারী সৈনিক

শায়খ **আবু উমার আসসাইফ রহ.** এর **'আসসিয়াসাতুশ শরঈয়্যাহ্'** কিতাবে কথাটা দেখেছিলাম। তখনই মনে করেছিলাম, একটা পোস্ট দিয়ে দিই। অনেকের উপকারে আসবে। কিন্তু কিভাবে জানি ভুলে গেলাম। আজ অনেক দিন পর আবার মনে পড়লো। মনে করলাম, আজ আর না লিখে থামছি না। নয়তো আবার ভুলে যাব।

শায়খ রহ. ইসলামী রাষ্ট্রের রূপরেখা আলোচনা করছিলেন।

তখন কথাটা বলেছিলেন। শায়খের কথাটার ভিত্তি সূরা ফাতিরে আল্লাহ রাব্বুল আলামীনের এ বাণীর উপর-

ثُمَّ أَوْرَثْنَا الْكِتَابَ الَّذِينَ اصْطَفَيْنَا مِنْ عِبَادِنَا فَمِنْهُمْ ظَالِمٌ لِنَفْسِهِ وَمِنْهُمْ مُقْتَصِدٌ وَمِنْهُمْ سَابِقٌ بِالْخَيْرَاتِ بِإِذْنِ اللَّهِ ذَلِكَ هُوَ الْفَضْلُ الْكَبِيرُ

“অতঃপর আমি (এই) কিতাবের ওয়ারিস (উত্তরাধিকারী) বানিয়েছি তাদের, যাদের আমি আমার বান্দাদের মধ্য থেকে মনোনীত করেছি। তাদের মধ্যে কেউ কেউ নিজের প্রতি জুলুমকারী। কেউ কেউ মধ্যপন্থী। আর কেউ কেউ আল্লাহর হুকুম (ও তাওফিকে) নেক কাজে অগ্রগামী। এটি-ই হচ্ছে বিরাট মর্যাদা।”- ফাতির ৩১

আগে পরের আরো দু’টি আয়াতসহ হলে বুঝতে সহজ হবে। আল্লাহ তাআলা ইরশাদ করেন,

وَالَّذِي أَوْحَيْنَا إِلَيْكَ مِنَ الْكِتَابِ هُوَ الْحَقُّ مُصَدِّقًا لِمَا بَيْنَ يَدَيْهِ إِنَّ اللَّهَ بِعِبَادِهِ لَخَبِيرٌ بَصِيرٌ (31) ثُمَّ أَوْرَثْنَا الْكِتَابَ الَّذِينَ اصْطَفَيْنَا مِنْ عِبَادِنَا فَمِنْهُمْ ظَالِمٌ لِنَفْسِهِ وَمِنْهُمْ مُقْتَصِدٌ وَمِنْهُمْ سَابِقٌ بِالْخَيْرَاتِ بِإِذْنِ اللَّهِ ذَلِكَ هُوَ الْفَضْلُ الْكَبِيرُ (32) جَنَّاتُ عَدْنٍ يَدْخُلُونَهَا يُحَلَّوْنَ فِيهَا مِنْ أَسَاوِرَ مِنْ ذَهَبٍ وَلُؤْلُؤًا وَلِبَاسُهُمْ فِيهَا حَرِيرٌ (33)

“(৩১). আমি আপনার নিকট অহি মারফত যে কিতাব পাঠিয়েছি, তা-ই সত্য। যা তার পূর্ববর্তী কিতাবসমূহের সত্যায়নকারী। নিশ্চয়ই আল্লাহ তাআলা তার বান্দাদের সম্বন্ধে সম্যক অবহিত, (তাদের সব কিছুর) দ্রষ্টা।

(৩২). অতঃপর আমি (এই) কিতাবের ওয়ারিস (উত্তরাধিকারী) বানিয়েছি তাদের, যাদের আমি আমার বান্দাদের মধ্য থেকে মনোনীত করেছি। তাদের মধ্যে কেউ কেউ নিজের প্রতি জুলুমকারী। কেউ কেউ মধ্যপন্থী। আর কেউ কেউ আল্লাহর হুকুম (ও তাওফিকে) নেক কাজে অগ্রগ্রামী। এটি-ই হচ্ছে বিরাট মর্যাদা।

(৩৩). তাদের জন্য আছে অনন্তকাল বসবাসের জান্নাতসমূহ। যাতে তারা প্রবেশ করবে। সেখানে তাদের পরানো হবে

সোনার বালা ও মুক্তা। সেখানে তাদের পোশাক হবে রেশমের।"- ফাতির ৩১-৩৩

৩১ নং আয়াতে আল্লাহ তাআলা জানিয়েছেন যে, তিনি তার আখিরী নবী মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের উপর যে কিতাব (কুরআন) নাযিল করেছেন, তা হক ও সত্য।

৩২ নং আয়াতে জানিয়েছেন, তিনি তার নির্বাচিত নবীর উপর যে নির্বাচিত কিতাব নাযিল করেছেন, সে কিতাবের উত্তরাধিকারী বানিয়েছেন নির্বাচিত এই আখিরী উম্মাহকে।

৩৩ নং আয়াতে জানিয়েছেন, আখিরী নবীর উপর অবতীর্ণ আখিরী কিতাব যে আখিরী উম্মাহকে দেয়া হয়েছে, তারা জান্নাতবাসী হবে।

এ আয়াতগুলো এ উম্মাহর জন্য বড়ই খুশির সুসংবাদ বহন করছে। আল্লাহ তাআলা জানিয়ে দিয়েছেন, এ আখেরী উম্মাহ আল্লাহ তাআলার স্বয়ং নিজের পছন্দকৃত ও বাছাইকৃত উম্মাহ। তিনি তাদেরকে সর্বশ্রেষ্ট কিতাবের উত্তরাধিকারীরূপে নির্বাচন করেছেন। সর্বশ্রেষ্ঠ শরীয়ত তাদের জীবনবিধানরূপে পছন্দ করেছেন। সর্বশ্রেষ্ঠ নবীর উম্মত হিসেবে তাদের বাছাই করেছেন। শেষে সুসংবাদ দিয়ে দিয়েছেন, এ নির্বাচিত উম্মাহ হবে জান্নাতী । তারা আগেকার উম্মতসমূহের মতো নয়। তারা ইয়াহুদ নাসারার মতো নয়, যারা আল্লাহর কিতাব বিকৃত করেছে। আল্লাহর দ্বীন পরিবর্তন করেছে। নিজেদের বানানো কথাকে আল্লাহর বাণী বলে চালিয়ে দিয়েছে। এ উম্মাহ আল্লাহর কিতাবের যথাযথ হেফাজত করবে। আগেকার উম্মতগুলোর মতো আল্লাহর কিতাবকে বিকৃত করবে না। পরিবর্তন করবে না। পরিবর্ধন করবে না। নিজেদের মনগড়া কথাকে আল্লাহর বাণী বলে চালিয়ে দেবে না। আর এ কারণেই আল্লাহ তাআলা এ উম্মাহকে জান্নাতের সুসংবাদ দিয়েছেন।

প্রিয় ভাই! আয়াতগুলোর দিকে আবার তাকান। দেখুন আপনার রব কি বলছেন, **‘আমি (এই) কিতাবের ওয়ারিস (উত্তরাধিকারী) বানিয়েছি তাদের, যাদের আমি আমার বান্দাদের মধ্য থেকে মনোনীত করেছি।’**

দেখুন আপনার রব কি বলছেন-

ক. সকল জাতি-গোষ্ঠীর মধ্য হতে, সকল উম্মতের মধ্য হতে আপনার রব আপনাকে নির্বাচন করেছেন। পছন্দ করেছেন। ইচ্ছা করলে তিনি আপনাকে অন্য কোন উম্মতের মধ্যে পাঠাতে পারতেন। আপনাকে দ্বীন বিকৃতকারী ইয়াহুদ নাসারা বানাতে পারতেন। কিন্তু না! তিনি আপনাকে নির্বাচন করেছেন।

খ. দ্বিতীয়ত আপনাকে তার সর্বশ্রেষ্ঠ কিতাবের উত্তরাধিকারী বানিয়েছেন। এ কিতাব দিয়ে আপনাকে সম্মানিত করেছেন। এ কিতাব সংরক্ষণ ও প্রচার প্রসারের, এক হাতে তরবারি আরেক হাতে কিতাব নিয়ে এ কুরআনের দাওয়াত পৃথিবীর প্রান্তে প্রান্তে ছড়িয়ে দেয়ার জন্যে আপনাকে নির্বাচন করেছেন।

আপনি ভাবছেন, আমি তো জালেম। আমি তো গুনাহগার। আমি কি এর উপযুক্ত? আমি কি পারবো এ মহাসম্মানিত কিতাবের কোন খিদমাত করতে? এমনই কি ভাবছেন? তাহলে দেখুন আপনার রব কি বলছেন,

‘তাদের মধ্যে কেউ কেউ নিজের প্রতি জুলুমকারী। কেউ কেউ মধ্যপন্থী। আর কেউ কেউ আল্লাহর হুকুম (ও তাওফিকে) নেক কাজে অগ্রগ্রামী।’

যাদেরকে আল্লাহ তাআলা তার এ কিতাবের সংরক্ষণের জন্য, এ কিতাবের দাওয়াত ও প্রচার-প্রসারের জন্য নির্বাচন করেছেন, তাদেরকে তিনি তিন ভাগে ভাগ করেছেন-

১. নিজের প্রতি জুলুমকারী। গুনাহগার। মুফাসসিরিনে কেরাম বলেন, উদ্দেশ্য- যাদের নেক কাজের তুলনায় গুনাহের পরিমাণ

বেশি।

২. যারা মধ্যপন্থী। যাদের গুনাহ আর নেক কাজের পরিমাণ সমান। কিংবা যারা গুনাহ করেছে আবার তাওবা করে নিয়েছে।

৩. যারা আল্লাহ তাআলার বিশিষ্ট বান্দা। যারা আল্লাহ তাআলার সকল নিষেধ বর্জন করে চলে। সকল আদেশ পালন করে। আল্লাহ তাআলার সন্তুষ্টির জন্য সব ধরণের নেক কাজে অগ্রগামী থাকে।

প্রিয় ভাই! দেখুন- এরা সবাই আল্লাহর কিতাবের সংরক্ষক। এ মহা দায়িত্ব তাদের সকলের। এ মহা সম্মান তাদের সবার। হতে পারে সে ব্যক্তিগতভাবে গুনাহগার। নিজের উপর জুলুমকারী। কিন্তু সেও আল্লাহর কিতাবের সংরক্ষক। হতে পারে সে মদখোর। কিন্তু তার হাতেও তরবারি। যে তরবারি দিয়ে আল্লাহ তাআলা তার নবীকে পাঠিয়েছেন। দ্বীনের নুসরতের জন্য। কিতাবের সংরক্ষণের জন্য। সে তরবারি তার

হাতে। সে তরবারি দিয়ে সে কিতাবের দুশমনদের গর্দানে আঘাত করে। দ্বিখণ্ডিত করে। দ্বীন মানতে অস্বীকারকারীদের জাহান্নামে পাঠায়।

এ জন্য মুসলিম উম্মাহর সর্বসম্মত আকীদা- জালেম হোক, ফাসেক হোক; কাফের মুরতাদের বিরুদ্ধে সকলে এক। এক দেহের ন্যায়। সীসাঢালা প্রাচীরের ন্যায়। কেউ বাদ যাবে না। সকলের হাতে থাকবে তরবারি। সকলকে নিয়েই হবে লড়াই। কাফেরদের বিরুদ্ধে। দ্বীনের দুশমনদের বিরুদ্ধে। কিতাব অস্বীকারকারীদের বিরুদ্ধে। কিতাব অবমাননাকারীদের বিরুদ্ধে। হতে পারে সে জালেম। হতে পারে গনিমত লোভী। হতে পারে পদলোভী। কিন্তু তার অন্তরে আল্লাহর প্রেম। কিতাবের ভালবাসা। দ্বীনের মহব্বত। চোখে স্বপ্ন। দ্বীনের পতাকা উড্ডীনের স্বপ্ন। বিশ্বময়। সারা বিশ্বময়।

প্রিয় ভাই! আপনি গুনাহগার? হতাশ হবেন না। আপনি আল্লাহর মনোনীত বান্দা। এ দ্বীনের জন্য। এ কিতাবের জন্য। আপনার জন্য রয়েছে জান্নাতের ওয়াদা। আপনার রবের পক্ষ

থেকে। দেখুন আপনার রবের বাণী-

‘তাদের জন্য আছে অনন্তকাল বসবাসের জান্নাতসমূহ। যাতে তারা প্রবেশ করবে। সেখানে তাদের পরানো হবে সোনার বালা ও মুক্তা। সেখানে তাদের পোশাক হবে রেশমের।’

আপনার রবের এ ওয়াদা এ উম্মাহর সকলের জন্য। শুধু বিশিষ্টদের জন্য নয়। শুধু নেককারদের জন্য নয়। জালেমদের জন্যও। গুনাহগারদের জন্যও। কিতাবের সংরক্ষক সকলের জন্য।

ইমাম বাকের রহ. বলেন,

وأن الظلم لا يؤثر في الاصطفاء. اهـ

“(নিজের উপর) জুলুম (তথা গুনাহ) আল্লাহর পছন্দনীয় ও নির্বাচিত হওয়ার পরিপন্থী নয়।”- তাফসীরে বাগাবী ৩/৬৯৬

প্রিয় ভাই! *আপনি গুনাহ করেছেন- তথাপি আপনি আল্লাহর*

নির্বাচিত। কিতাবের জন্য। দ্বীনের জন্য। শরীয়তের জন্য। আপনি নিজেকে দমাতে পারেন না, নিয়ন্ত্রণে রাখতে পারেন না, প্রবৃত্তির তাড়না থেকে বাঁচতে পারেন না- তথাপি আপনি আল্লাহর নির্বাচিত। কিতাবের জন্য। দ্বীনের জন্য। শরীয়তের জন্য। আপনি কাফেরের আতঙ্ক। নাস্তিকের যম। দ্বীনদ্রোহিদের ঘুম হারামকারী। শান্তি বিনষ্টকারী। আপনার রব আপনাকে এ কাজের জন্যই নির্বাচন করেছেন।

প্রিয় ভাই! মুফাসসিরিনে কেরাম বলেন, আল্লাহ তাআলা গুনাহগারদের কথা আগে বলেছেন- **'তাদের মধ্যে কেউ কেউ নিজের প্রতি জুলুমকারী। কেউ কেউ ...।'** কেন? তাদের কথাটা আগে বললেন কেন? মুফাসসিরিনে কেরাম বলেন, আল্লাহ তাআলা গুনাহগারদের আগে উল্লেখ করেছেন- যেন তারা হতাশ না হয়। নিরাশ না হয়। যেন মনে না করে যে, এ মহান কিতাবের সুমহান দায়িত্বের আমি উপযুক্ত নই। এ জন্য আল্লাহ তাআলা তাদের আগে উল্লেখ করেছেন। নেককার ও বিশিষ্টজনদের পরে উল্লেখ করেছেন। তাদের মর্যাদা বেশি হতে পারে; কিন্তু আল্লাহর কিতাবের নুসরতে সকলেই সমান

অংশীদার। দ্বীনের দুশমনদের বিরুদ্ধে সকলেই সমান। সকলে এক। এক দেহের ন্যায়। যেন সীসাঢালা প্রাচীর।

প্রিয় ভাই! হতাশ হবেন না। ফিরে আসুন। আপনার মর্যাদার আসনে ফিরে আসুন। আপনি আপনার রবের প্রিয় পাত্র। পছন্দীয়। নির্বাচিত। হতাশ হবেন না।

আপনার রবের দুশমনরা আপনাকে বুঝিয়েছে, এ কিতাবের সাথে আপনার সম্পর্ক নেই। আপনাকে দুনিয়া নিয়ে পড়ে থাকতে শিখিয়েছে। ভোগ-বিলাসিতায় গা ভাসিয়ে দিতে শিখিয়েছে। এ ক্ষণস্থায়ী দুনিয়াটাকেই আপনার জিন্দেগীর সর্বস্ব দেখিয়েছে। তারা আপনাকে ভুলিয়ে দিয়েছে যে, আপনারও একজন রব আছেন। তিনি আপনাকে ভালবাসেন। আপনার জন্য তিনি অফুরন্ত নেয়ামত রেখেছেন। যা কোন চক্ষু কোন দিন দেখেনি। কোন কান কোন দিন শোনেনি। কোন অন্তর কোন দিন কল্পনাও করতে পারেনি। ভুলিয়ে দিয়েছে, আপনি আপনার রবের পছন্দের পাত্র। নির্বাচিত সৈনিক। তার

অবাধ্যদের বুকে বিদ্ধ তীর আর ধারালো খঞ্জর। ঝাঁঝরাকারী বুলেট। গলার কাঁটা। পথের কণ্টক। ঘুম হারামকারী। প্রাণসংহারি।

ওহে ভাই! ফিরে আসুন। সব হতাশা ঝেড়ে ফেলুন। আপনার রবের দরবারে হাত তুলুন- ওহে পরওয়ারদেগার! আমি বুঝতে পারিনি। তুমি যে আমাকে ভালবাস। এত ভালবাস। আমি জানতে পারিনি। আমি যে তোমার দ্বীনের সৈনিক, তোমার কিতাবের রক্ষক, তোমার নির্বাচিত, তোমার মনোনীত- আমি জানতে পারিনি। ওহে আমার রব! আমাকে মাফ কর। আমাকে কবূল কর। তোমার দ্বীনের জন্য। তোমার কালামের জন্য। তোমার মহান কিতাবের জন্য। তোমার শরীয়তের জন্য।

ꙮꙮꙮ

{قُلْ يَا عِبَادِيَ الَّذِينَ أَسْرَفُوا عَلَىٰ أَنفُسِهِمْ لَا تَقْنَطُوا مِن

رَّحْمَةِ اللَّهِ إِنَّ اللَّهَ يَغْفِرُ الذُّنُوبَ جَمِيعًا إِنَّهُ هُوَ الْغَفُورُ الرَّحِيمُ}

"(হে রাসূল!) আপনি বলে দিন, 'হে আমার বান্দাগণ! যারা নিজেদের প্রতি অবিচার করেছো, তোমরা আল্লাহর রহমত থেকে নিরাশ হয়ো না। নিশ্চয়ই আল্লাহ সমুদয় গুনাহ ক্ষমা করে দেবেন। তিনি তো অতি ক্ষমাশীল। পরম দয়ালু।"- যুমার ৫৩

৫.আমরা অন্ধ অনুসরণের কোন পর্যায়ে পৌঁছেছি!!

প্রসিদ্ধ এক দারুল ইফতায় মনসুর হাল্লাজের ব্যাপারে একটা ইস্তিফতা আসলো। দ্বিতীয় বর্ষের এক তালিবুল ইলমের দায়িত্বে পড়লো ফতোয়াটা লিখার। সে ইতিহাসের বিভিন্ন

কিতাব খুলে দেখলো: **সবাই লিখেছেন, 'সে মুরতাদ ছিল, এ কারণে তাকে হত্যা করা হয়েছে।'**

তালিবুল ইলম উস্তাদকে জানালো, ইতিহাসের কিতাবাদিতে তাকে মুরতাদ লেখা হয়েছে। উস্তাদ বড়ই আজীব জওয়াব দিলেন। উস্তাদ জওয়াব দিলেন, **ইতিহাসে যা-ই লিখুক, আমাদের আকাবিরগণ তাকে কাফের বলেন না। আমরা আমাদের আকাবিরদের কথার বাইরে যাবো না। তুমি আকাবিরদের রায় মতোই ফতোয়া লেখ।**

শাগরেদ তাই করলো। তামরীনের সংখ্যা বাড়ানো আর উস্তাদের নেক নজর লাভের জন্য, ঐতিহাসিক মুলহিদ-যিন্দিক ও মুরতাদকে বিশ্ব-বিখ্যাত সূফী-দরবেশ ফতোয়া দিল।

আল্লাহ তাআলা কত সুন্দরই না বলেছেন,

ثُمَّ إِنَّ مَرْجِعَهُمْ لَإِلَى الْجَحِيمِ إِنَّهُمْ أَلْفَوْا آبَاءَهُمْ ضَالِّينَ فَهُمْ عَلَى آثَارِهِمْ يُهْرَعُونَ

'তারপর তাদের প্রত্যাবর্তন হবে জাহান্নামের আগুনে। তারা তাদের বাপ-দাদাদের পথভ্রষ্ট পেয়েছিল। অত:পর তারা তাদেরই পদাঙ্ক অনুসরণে ছুটে চলেছে।'

[আস-সাফফাত: ৬৮-৭০]

ইমাম নাসাফী রহ. (মৃত্যু: ৭১০) যথার্থই ব্যাখ্যা দিয়েছেন-

علل استحقاقهم للوقوع في تلك الشدائد بتقليد الآباء في الدين واتباعهم إياهم في الضلال وترك اتباع الدليل. اهـ

“আল্লাহ তাআলা এরা ঐসব মহা মুসিবতে আপতিত হওয়ার উপযুক্ত কেন হলো, তার কারণ বাতলিয়েছেন- এরা দ্বীনের বিষয়ে তাদের বাপ-দাদাদের তাকলীদ করতো। দলীলের অনুসরণ ছেড়ে তাদের বাপ-দাদাদের গোমরাহির অনুসরণ করতো।”

[তাফসীরে নাসাফী: ৩/১২৬]

৬.আমার পিতার সাথে কীরূপ আচরণ করবো যে তাওহীদ এবং শাসকদের কুফরের প্রসঙ্গে আমার কথার কোন গুরুত্বই দেয় না?

প্রশ্ন:

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহ! আমার পিতা নামায রোযা করে। যাকাত দেয়। আর মনে করে এতটুকুই ইসলাম। আমি যদি তাওহীদের আলোচনা করি তো আমার কথার দিকে ভ্রুক্ষেপই করে না। মনে করে এগুলো কিছু কিছু সংগঠনের বিচ্ছিন্ন চিন্তাধারা। আমি তার সাথে কথা জুড়লেই তিনি বলেন, এ দেশ আফগান নয় যে, এখানে

ঘোষণা দিয়ে ইসলাম পালন করা যাবে। শরীয়তের হুদুদ বাস্তবায়ন করা যাবে। অনেক সময় জোর আওয়াজে চিল্লাচিল্লিও শুরু করে দেন। রাগান্বিত হয়ে যান। বিশেষত যখন শাসকদের কুফরের বিষয়টা নিয়ে আলোচনা করতে যাই। এখন আমি কি করবো? আমার এমন আর্থিক সামর্থ্যও নেই যে, পিতা মাতাকে ছেড়ে আলাদা বাসা নিয়ে থাকতে পারি। এ অবস্থা চলতে থাকলে আমি কি করবো? আমি দিশেহারা হয়ে আছি। অনুগ্রহ করে আমাকে সমাধান দিন।

উত্তর:

ওয়া আলাইকুমুস সালামু ওয়া রাহমাতুল্লাহ! শ্রদ্ধেয় ভ্রাতা! আমাদের দেশের সাধারণ লোকদের অবস্থা এমনই। শাসকদের আনুগত্য করতে করতেই তাদের আজীবন কেটেছে। বেতন ভাতার ভয়ে কিংবা শাসকদের জুলুম অত্যাচারের ভয়ে তারা তাদের আনুগত্য করে চলে। তবে আল্লাহ তাআলা নব প্রজন্মের মাঝে জাগরণ সৃষ্টি করে দিয়েছেন। তাওহীদের দাওয়াত এবং জিহাদকে তাদের নিকট প্রিয় করে দিয়েছেন। তুমি আল্লাহ তাআলার শুকরিয়া আদায় কর যে, তিনি তোমাকে তাদেরই একজন বানিয়েছেন। আর তুমি তোমার পূর্বের অবস্থা স্মরণ কর। তোমার পিতার সাথে

সদাচারণ কর। নরমভাবে স্নেহ ভালবাসার সাথে তাকে দাওয়াত দিতে থাক। আর স্মরণ কর আল্লাহ তাআলার এ বাণীর কথা, (كذلك كنتم من قبل فمنّ الله عليكم) (ইতিপূর্বে তোমরাও এমনই ছিলে। অতঃপর আল্লাহ তোমাদের উপর অনুগ্রহ করেছেন।) আর তুমি তোমার পরিবার ছেড়ে দিয়ে অন্যত্র চলে যেও না। বরং অবিরাম তোমার পিতাকে দাওয়াত দিতে থাক। হকের কথা শুনাতে থাক। হেকমতের সাথে। সুন্দর নসীহতের সাথে। তোমার পিতা চিল্লাচিল্লি শুরু করলেও তুমি চিল্লাচিল্লি করো না। তোমার পিতার আওয়াজের চেয়ে জোর আওয়াজে কথা বলো না। তার জন্য দোয়া করতে থাক ইখলাছের সাথে, যেন আল্লাহ তাআলা তাকে সঠিক পথ দেখান। আল্লাহ তাআলা তোমাকে তাওফীক দান করুন। তোমার দ্বারা তোমার পিতাকে সঠিক পথের সন্ধান দিন।

উত্তর প্রদানে: আবু মুহাম্মাদ আল-মাকদিসী হাফিযাহুল্লাহ! মিম্বারুত তাওহীদি ওয়াল জিহাদ।

৭.আমার বিধবা মাকে দেখার মতো আমি ছাড়া আর কেউ নেই। আমার উপর কি জিহাদ ফরয?

প্রশ্ন:
আমি একজন মুসলিম যুবক। আমি জিহাদ করতে চাই। আমার পিতা ইন্তেকাল করেছেন। আমার মাকে দেখার মত আমি ছাড়া আর কেউ নেই। আমর উপর কি জিহাদ ফরয ? নাকি এই ওজরের কারণে আমার উপর থেকে জিহাদের ফরজিয়্যাত রহিত হয়ে যাবে?

নিবেদক
আবু আসেম আল-মিসরী

উত্তর:
বর্তমান যামানায় জিহাদ ফরযে আইন। তোমার মাকে দেখার মতো কেউ নেই বলে তোমার থেকে জিহাদের ফরজিয়্যাত রহিত হয়ে যাবে না। তবে তুমি যে দেশে বসবাস করছো সেখানকার পরিস্থিতি অনুযায়ী হুকুমের মাঝে কিছুটা তারতম্য হবে। যদি শত্রুদের সাথে যুদ্ধ বেঁধে গিয়ে থাকে এবং তোমাদের মত যুবকদের তাতে শরীক হওয়া আবশ্যক হয়ে পড়ে তবে তোমার মাকে দেখার মত কেউ না থাকলেও তোমার জন্য জিহাদে বের হয়ে যাওয়া ফরয। কেননা, দ্বীনের মাসলাহাত সকল মাসলাহাতের চেয়ে অগ্রগণ্য।

আর যদি অবস্থা এমন না হয়, তাহলে আশাকরি তোমার জন্য জিহাদে না বের হয়ে তোমার মায়ের দেখাশুনা করা বৈধ হবে, যতক্ষণ না আল্লাহ তাআলা কোন ব্যবস্থা করে দেন। তবে তোমাকে জিহাদের নিয়ত রাখতে হবে। তার জন্য ই'দাদ-প্রস্তুতি গ্রহণ করতে থাকতে হবে। সবরের সাথে তাওহীদের দাওয়াত দিতে থাকতে হবে। সম্ভাব্য সকল পন্থায় মুজাহিদদেরকে সহায়তা করে যেতে থাকতে হবে। আল্লাহ তাআলা তোমাকে তাওফীক দান করুন!

উত্তর প্রদানে: আবু উসামা আশ-শামী, শরয়ী বিভাগ, মিম্বারুত তাওহীদি ওয়াল জিহাদ।

প্রিয় ভাইয়েরা, আমাদের দেশে এখনো সরাসরি যুদ্ধ শুরু হয়নি। কাজেই পরিবার পরিজনের দেখাশুনার পাশাপাশি জিহাদের কাজে শরীক হওয়া আমাদের দেশে তেমন কোন কঠিন কাজ নয়। বিভিন্নভাবে সামর্থ্য অনুযায়ী মুজাহিদদেরকে সহায়তা করা তেমন কোন কঠিন কাজ নয়। একটু ইচ্ছা থাকলেই ফরয জিহাদের দায়িত্ব আদায় করে গাজওয়াতুল হিন্দের সওয়াবের ভাগ পাওয়া যায়। আর যারা সম্পূর্ণই জিহাদের কাজে আত্মনিয়োগ করেছেন তাদের তো সৌভাগ্যের

কোন সীমাই নেই। আল্লাহ তাআলা আমাদের দেশের জনগণকে বুঝার এবং গাজওয়াতুল হিন্দে শরীক হওয়ার তাওফীক দান করুন। আপনারা যদি একটু হিম্মত করে জনগণকে বুঝান তাহলে আশাকরি অতিশীঘ্রই জনগণ বুঝে যাবে। দূরে না পারলেও অন্তত নিজের আত্মীয় স্বজন এবং বন্ধু বান্ধবকে যথাসম্ভব নিরাপত্তা বজায় রেখে বুঝাতে পারি। আল্লাহ তাআলা আমাদেরকে তাওফীক দান করুন!

৮.আমীরের আনুগত্য, যার ব্যাপারে আমরা প্রায়ই উদাসীন

জিহাদ কবুল হওয়ার জন্য আমীরের আনুগত্য শর্ত। রাসূল সাল্লাললাহু আলাইহি ওয়া সাল্লাম ইরশাদ করেন:

الغزو غزوان فأما من ابتغى وجه الله و أطاع الإمام و أنفق الكريمة و ياسر الشريك و اجتنب الفساد فإن نومه و نبهه أجر كله و أما من غزا فخرا و رياء و سمعة و عصى الإمام و أفسد في الأرض فإنه لن يرجع بكفاف

"যুদ্ধ দুই রকম: যে ব্যক্তি আল্লাহ তাআলার সন্তুষ্টির জন্য যুদ্ধ করবে, ইমামের আনুগত্য করবে, নিজের প্রিয় বস্তু আল্লাহর রাহে খরচ করবে, সাথীদের সাথে নরম আচরণ করবে, ফাসাদ-বিশৃংখলা থেকে দূরে থাকবে: তার ঘুম, তার জাগরণ সবকিছুই সওয়াবের কাজে পরিণত হবে। পক্ষান্তরে যে ব্যক্তি যুদ্ধ করবে গৌরব ও যশ খ্যাতির উদ্দেশ্যে, মানুষকে দেখানোর

উদ্দেশ্যে, ইমামের নাফরমানী করবে, যমীনে ফাসাদ সৃষ্টি করবে: সে তার মূল পুঁজি নিয়েও ফিরতে পারবে না।"
[মুসতাদরাকে হাকেম: ২/৩৫৩]

এ তো হল জিহাদ কবুল হওয়া এবং সওয়াব পাওয়া না পাওয়া নিয়ে কথা। আর বাস্তবেও জিহাদে সফলতা লাভের জন্য, শত্রুকে পরাজিত করে খেলাফত কায়েমের জন্য আমীরের আনুগত্য অপরিহার্য। আনুগত্য ছাড়া প্রত্যেকেই যদি নিজ নিজ বুঝ অনুযায়ী কাজ করতে থাকে- তাহলে একদিকে যেমন সওয়াব থেকে মাহরুম হবে, অন্যদিকে দুনিয়াতেও সফলতা হতে বঞ্চিত হবে। এজন্য হযরত উমারে ফারুক রায়িল্লাহু আনহুর চিরন্তন বাণীটি সর্বদা স্মরণযোগ্য,

لا إسلام إلا بجماعة ولا جماعة إلا بإمارة ولا إمارة إلا بطاعة

"জামাআত ব্যতীত ইসলাম নেই। নেতৃত্ব ব্যতীত জামাআত নেই। আর আনুগত্য ব্যতীত নেতৃত্বের কোন ফায়েদা নেই।"
[জামিউ বয়ানিল ইলম: ১/২৬৩]

অতএব, আনুগত্য না হলে জামাআত টিকবে না, আর জামাআত না হলে ইসলাম কায়েমও সম্ভব না। এ কারণে শরীয়ত জামআতবদ্ধ হওয়া এবং আমীরের আনুগত্য করার প্রতি বিশেষ গুরুত্বারোপ করেছে। আমীরের আদেশ যদি

নিজের মনের চাহিদার বিপরীতও হয়, এ কারণে যদি নিজের অধিকারে কিছু ছাড়ও দিতে হয়, তবুও ইসলাম আমীরের আনুগত্যের আদেশ দিয়েছে।

হযরত উবাদা ইবনে সামেত রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত,
(دعانا النبي صلى الله عليه وسلم فَبَايَعْنَاهُ. فكان فيما أخذ علينا أَنْ بَايَعَنَا على السمع والطاعة فِي مَنشَطِنا ومَكْرَهِنا، وعُسرنا ويُسرنا، وَأَثَرَة علينا، وَأَنْ لا نُنَازِعَ الأَمْرَ أَهْلَه. قَالَ: إِلاَّ أَنْ تَرَوْا كُفْرًا بَوَاحًا عِنْدَكُمْ مِنَ اللَّهِ فِيهِ بُرْهَانٌ).

“রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাদেরকে ডাকলেন এবং আমরা তাঁর হাতে বাইআত হলাম। রাসূলুল্লাহ সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাদের থেকে যে বিষয়ে বাইআত নিলেন তা হলো, আমরা আমাদের পছন্দনীয়-অপছন্দনীয় বিষয়ে, সুখে-দুঃখে এবং আমাদের উপর যদি অন্য কাউকে প্রাধান্য দেয়া হয় তথাপিও (আমীরের কথা) শুনবো ও আনুগত্য করবো এবং আমরা দায়িত্বশীলের সাথে দায়িত্ব নিয়ে বিবাদে জড়াবো না। রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন- তবে হ্যাঁ, যদি তোমরা কোন স্পষ্ট কুফর দেখতে পাও, যার ব্যাপারে আল্লাহর পক্ষ থেকে তোমাদের কাছে সুস্পষ্ট প্রমাণ বিদ্যমান রয়েছে (তাহলে কথা ভিন্ন)।”

[সহীহ্ মুসলিম: ১৭০৯]

তাই ভাইদের কর্তব্য: জামাআতের স্বার্থে, দ্বীনের স্বার্থে নিজের চাহিদা অনুপাতে হোক বা না হোক আমীরের আনুগত্য করা- যতক্ষণ তা শরীয়তের আদেশের পরিপন্থী না হয়। শরীয়তের পরিপন্থী হলে তখন আমীরের আদেশ পালনযোগ্য নয়।
যেমনটা হাদিসে এসেছে-

(لا طاعة لمخلوق في معصية الخالق)

"সৃষ্টিকর্তার নাফরমানি করে বান্দার আনুগত্য বৈধ নয়।"

তবে এক্ষেত্রেও আমীরের বিরুদ্ধে না গিয়ে, তার সাথে বেয়াদবি না করে বরং সবর করবে। বুঝানোর চেষ্টা করবে। তার জন্য দোয়া করবে।

কোথায় আমীরের আনুগত্য করতে হবে আর কোথায় করা যাবে না?

আমীরের আনুগত্যের ব্যাপারে শরীয়ত একটা সীমারেখা দিয়েছে। এর বাহিরে যাওয়া যাবে না। গেলে নাফরমানি হবে।

নিম্নোক্ত ক্ষেত্রসমূহে আমীরের আনুগত্য করতে হবে:

- আমীরের আদেশ যদি শরীয়ত অনুযায়ী হয়, তাহলে আনুগত্য

করতে হবে।

- আমীরের আদেশের আনুগত্যে যদি কল্যাণ হবে মনে হয় এবং এ ব্যাপারে কারো কোন সন্দেহ না থাকে বা অধিকাংশ মা'মূরের ধারণা হয় যে, তাতে কল্যাণ রয়েছে: তাহলেও আনুগত্য করতে হবে। তদ্রূপ কল্যাণ হবে কি হবে না তা যদি নিশ্চিত না হয়, বরং উভয়টারই সম্ভাবনা থাকে: তাহলেও আনুগত্য করতে হবে। কেননা, আমীরের আনুগত্য আবশ্যক। সন্দেহের কারণে তা বাদ দেয়া যাবে না।

নিম্নোক্ত ক্ষেত্রসমূহে আমীরের আনুগত্য করা যাবে না

- আমীরের আদেশ যদি সুস্পষ্ট শরীয়ত পরিপন্থী হয় তাহলে আমীরের আনুগত্য জায়েয হবে না।

- যদি সকলেই নিশ্চিত হয় যে, আমীরের আদেশ মানতে গেলে আমরা ধ্বংস হয়ে যাবো বা আমাদের ক্ষতি হবে কিংবা অধিকাংশ মা'মূর এ ব্যাপারে নিশ্চিত হয়: তাহলেও আমীরের আনুগত্য করা যাবে না।

মোটকথা: যেখানে আমীরের আনুগত্যের করলে সকলের বা অধিকাংশের রায় অনুযায়ী ক্ষতি নিশ্চিত- সেখানে আমীরের

আনুগত্য করা যাবে না, অন্য সকল ক্ষেত্রে আমীরের আদেশ মানতে হবে। অতএব, যেখানে আমীরের আদেশ মানলে কল্যাণ হওয়া না হওয়া উভয়টারই সম্ভাবনা রয়েছে, কোন একটা নিশ্চত না- সেখানেও আমীরের আদেশ মানতে হবে। বাহানা ধরে আমীরের আদেশ প্রত্যাখ্যান করে নিজের বুঝ মতো চলা জায়েয হবে না।

ইমাম মুহাম্মাদ রহ. (১৮৯হি.) বলেন [ইমাম সারাখসী রহ. (৪৯০হি.) এর ব্যাখ্যা সহ]:

وإذا دخل العسكر دار الحرب للقتال بتوفيق الله عز وجل فأمرهم أميرهم بشيء من أمر الحرب؛ فإن كان فيما أمرهم به منفعة لهم فعليهم أن يطيعوه ... لقوله تعالى : { أَطِيعُواْ اللّهَ وَأَطِيعُواْ الرَّسُولَ وَأُوْلِي الأَمْرِ مِنكُمْ } النساء : 59 وكذلك إن أمروهم بشيء لا يدرون أ ينتفعون به أم لا؟ فعليهم أن يطيعوه لأن فريضة الطاعة ثابتة بنص مقطوع به، وما تردد لهم من الرأي في أن ما أمر به منتفع أو غير منتفع به لا يصلح معارضاً للنص المقطوع .

وقد تكون طاعة الأمير في الكف عن القتال خيراً من كثير من القتال وقد يكون الظاهر الذي يعتمده الجند يدلهم على شيء والأمر في الحقيقة بخلاف ذلك عند الأمير ولا يرى الصواب في أن يطلع على ما هو الحقيقة عامة الجند، فلهذا كان عليهم الطاعة ما لم يأمرهم بأمر يخافون فيه الهلكة وعلى ذلك أكثر رأي جماعتهم لا يشكون في ذلك، فإذا كان هكذا فلا طاعة له عليهم لقوله صلى الله عليه وسلم : لا طاعة لمخلوق في معصية الخالق ...

وإن كان الناس في ذلك الأمر مختلفين، فمنهم من يقول فيه الهلكة و منهم من
ولأن .يقول فيه النجاة: فليطيعوا الأمير في ذلك؛ لأن الاجتهاد لا يعارض النص
الامتناع من الطاعة فتح لسان اللائمة عليهم وفي إظهار الطاعة قطع ذلك عنهم
. فعليهم أن يطيعوه
إلا أن يأمرهم بأمر ظاهر لا يكاد يخفى على أحد أنه هلكة أو أمرهم بمعصية
فحينئذ لا طاعة عليهم في ذلك ولكن ينبغي أن يصبروا ولا يخرجوا على أميرهم
لحديث ابن عباس رضي الله عنهما أن النبي صلى الله عليه وسلم قال : " من أتاه
من أميره ما يكرهه فليصبر فإن من خالف المسلمين قيد شبر ثم مات ما ت ميتة
الجاهلية . اه

"আল্লাহ আযযা ওয়া জাল্লার তাওফিকে (মুসলিম) বাহিনি দারুল হরবে পৌঁছার পর তাদের আমীর তাদেরকে যুদ্ধ সংক্রান্ত কোন কিছুর আদেশ দিলে- যদি তার আদিষ্ট বিষয়ে কল্যাণ থাকে, তাহলে তাদের জন্য তার আদেশ পালন করা আবশ্যক। কেননা, আল্লাহ তাআলা ইরশাদ করেন,
'হে ঈমানদারগণ! তোমরা আনুগত্য কর আল্লাহর এবং আনুগত্য কর রাসূলের এবং তোমাদের দায়িত্বশীলদের।'
... তদ্রূপ তিনি যদি তাদেরকে এমন কোন কিছুর আদেশ দেন, তারা বুঝতে পারছে না যে, তাতে তারা উপকৃত হবে কি'না- তাহলেও তাদের জন্য তার আদেশ পালন করা আবশ্যক। কেননা, আনুগত্য ফরয হওয়ার বিষয়টি অকাট্য নস দিয়ে প্রমাণিত। আর তাদের যে দ্বিধাদ্বন্দ্ব দেখা দিয়েছে যে, তিনি যা আদেশ করেছেন সেটা উপকারী কি উপকারী না- সেটা অকাট্য নসের সাংঘর্ষিক হওয়ার যোগ্যতা রাখে না। অনেক সময় আমীরের আনুগত্য করে যুদ্ধ থেকে বিরত থাকার

মাঝে অনেক যুদ্ধের চেয়েও অধিক কল্যাণ নিহিত থাকে। কখনো এমন হয়, বাহ্যত যে বিষয়টির উপর সৈনিকরা নির্ভর করছে, সেটা তাদেরকে কোন এক বিষয়ের দিক নির্দেশনা দিচ্ছে, কিন্তু বাস্তবে আমীরের নিকট বিষয়টি এর বিপরীত। কিন্তু সাধারণ সৈনিকরা বাস্তব বিষয়টির ব্যাপারে অবগত হোক এটা তিনি যথার্থ মনে করেন না। এজন্য তাদের উপর আবশ্যক- তার আনুগত্য করে যাওয়া, যতক্ষণ না তিনি এমন কোন কিছুর আদেশ দেন, যার মাঝে তারা নিজেদের ধ্বংস হয়ে যাওয়ার আশংকা করছে এবং তাদের জামাআতের অধিকাংশের রায়ও এমনই; এ ব্যাপারে তাদের কোন সন্দেহ নেই। যদি এমনটাই হয়, তাহলে তাদের জন্য তার আনুগত্যের কোন বিধান নেই। কেননা, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন,

‘সৃষ্টিকর্তার নাফরমানি করে বান্দার আনুগত্য বৈধ নয়।’

আর উক্ত আদিষ্ট বিষয়টিতে যদি লোকজনের বিভিন্ন রকম অভিমত থাকে; কেউ বলছে- এতে ধ্বংস নিহিত, আর কেউ বলছে- এতে মুক্তি মিলবে: তাহলে তারা যেন এতে আমীরের কথা মান্য করে। কেননা, ইজতিহাদ (আনুত্যের ব্যাপারে বর্ণিত সুস্পষ্ট) নসের সাংঘর্ষিক হতে পারে না। তাছাড়া আনুগত্য থেকে বিরত থাকার অর্থ উমারাদের ব্যাপারে ইতর লোকদের সমালোচনার যবান খোলে দেয়া। আর আনুগত্য প্রকাশের মাধ্যমে তা বন্ধ করে দেয়া হচ্ছে। তাই তাদের জন্য আবশ্যক- তার আনুগত্য করা।

তবে হ্যাঁ, তিনি যদি এমন সুস্পষ্ট ধ্বংসাত্মক কিছুর আদেশ দেন, যা ধ্বংসাত্মক হওয়াটা কারো নিকট অস্পষ্ট নয়; কিংবা কোন গুনাহের আদেশ দেন- তাহলে তখন তাতে তাদের জন্য তার আনুগত্যের বিধান নেই। তবে তাদের উচিৎ সবর করা এবং আমীরের বিরুদ্ধে বিদ্রোহ না করা। কেননা, হযরত ইবনে আব্বাস রাদিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত হাদিসে এসেছে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন, 'যে ব্যক্তি তার আমীরের কাছ থেকে এমন কিছুর সম্মখীন হয়েছে, যা সে অপছন্দ করে- তাহলে সে যেন সবর করে। কেননা, যে ব্যক্তি মুসলমানদের থেকে এক বিঘত পরিমাণও দূরে সরে গিয়ে মৃত্যু বরণ করবে, সে (যেন) জাহিলী মরা মরল।"

[শরহুস সিয়ারিল কাবীর: ১/১০৯-১১০]

প্রিয় মুজাহিদ ভাইয়েরা! আপনাদের হীন করা আমার উদ্দেশ্য নয়। উদ্দেশ্য- নসীহত। যেন আল্লাহ তাআলা আমাকে এবং আমার সকল মুজাহিদ ভাইকে পূর্ণ ইতাআতের তাওফিক দান করেন।

প্রিয় ভাইয়েরা! আমরা যারা তানজীমে যোগ দিয়েছি, আমাদের উচিৎ তানজীমের নির্দেশনা মেনে চলা। তানজীমের আমীরগণের কথা মান্য করা। নিজের মন মতো যেন না চলি। ইতাআতের মধ্যেই কল্যাণ। মন মতো চলার মধ্যে কোনই

কল্যাণ নেই। আর আমাদের উমারাদের ব্যাপারে আমাদের আস্থা আছে যে, তারা অভিজ্ঞতাসম্পন্ন সুবিজ্ঞ ব্যক্তিত্ব। তারা আমাদের যে নির্দেশ দেবেন, তা আমাদের ও তানজীমের সার্বিক কল্যাণের দিকে লক্ষ্য করেই দেবেন। আমাদের উচিৎ সেগুলো মেনে চলে। বিরোধীতা না করা। সমালোচনা না করে। পালনে অবহেলা না করা। হ্যাঁ, কারো যদি কোন বিষয়ে কোন প্রশ্ন থাকে, তাহলে আমরা তানজীমকে তা জানাতে পারি। তানজীম তা বিবেচনা করবে। প্রয়োজনে সিদ্ধান্ত বদলে দেবে। তবে তা বিনয়ের সাথে। ঔদ্ধত্তের সাথে নয়। সমালোচনার ভাষায় নয়, নসীহতের ভাষায়। দিলের দরদ নিয়ে।

প্রিয় ভাইয়েরা! আপনারা জানেন, তাগুতরা আমাদের হন্যে হয়ে খুঁজছে। এদের চোখ ফাঁকি দিয়েই কাজ করতে হবে। তানজীম আমাদেরকে এ ব্যাপারে যেসব নির্দেশনা দেবে- আমাদের উচিৎ সেগুলো যথাযথ মেনে চলা। সামান্য এদিক সেদিক হলেই সমূহ বিপদের আশঙ্কা। এটা কারো নিকট অস্পষ্ট নয়।

তদ্রূপ আমাদেরকে কিভাবে যোগ্য মুজাহিদ হিসেবে গড়ে তোলা যায়, সে বিষয়ে তানজীম সর্বদা ফিকিরে আছে। যে যে বিভাগে আছেন, সে অনুযায়ী তানজীম তাদের নির্দেশনা দেন। আমাদের উচিৎ সেগুলো মেনে চলা। জিহাদের রাস্তা বড়ই

কণ্টকাকীর্ণ। বহু দীর্ঘ রাস্তা। গন্তব্য অনেক দূর। চতুর্দিকে হায়েনার দল। অন্ধকার রাত্রির মতো ফিতনা সবখানে। একটু অধৈর্য হলেই, একটু গাফেল হলেই জীবনের সব নাস্তানুবাদ হয়ে যাবে। সব আশা নিরাশা হয়ে যাবে। তাই ভাইয়েরা! নিজের মন মতো চলবো না। ইতাআত করে চলবো।

আসলে একটা বাস্তব কথা না বলে পারছি না: আমরা আসলে আমীরের অধীনে চলতে অভ্যস্ত নই। ইমারাত কাকে বলে আমরা দেখিইনি। আমীরকে কিভাবে মানতে হয়- আমরা আসলে তা কখনো দেখিনি। আমরা খেলাফত হারিয়েছি, ইমারতও হারিয়েছি। নেতৃত্বের অধীনে চলার সৌভাগ্য আমাদের কখনো হয়নি। আমীরকে কিভাবে সম্মান করতে হয়, কিভাবে তার আদেশ নিষেধ মেনে চলতে হয়- তা দেখার সৌভাগ্য আমাদের হয়নি। বেশির চেয়ে বেশি কিতাবের দু'চারটা পাতায় পড়েছি। বাস্তবতা আমাদের থেকে অনেক দূরে। আমীর নামক নেআমত আমাদের জীবনে লাভ হয়নি কখনোও। তাই তার কদর বুঝি না। আমরা আসলে নতুন। আবেগের বশে হয়তো কাজে জড়িয়েছি। দ্বীনের দরদে কাফেলায় যোগ দিয়েছি। কিন্তু বাস্তব ময়দান আমাদের সামনে নেই। শরীয়তের প্রকৃত রূপও আমাদের সামনে নেই। তাই আমাদের পদে পদে ভুল হয়ে যায়। হঠাৎ এক সময় অনুভব হয়- এতদিন তাহলে আমি ভুলের উপর চলেছি। এটাই

বাস্তবতা। এটা অস্বীকারের কোন সুযোগ নেই।

ভাইয়েরা আমার! আমরা দুর্বল বান্দা। আশাকরি আল্লাহ তাআলা আমাদের মাফ করবেন। তাঁর দ্বীনের জন্য আমাদের কবুল করবেন।

আমি কয়েকটি উদাহরণ দেই, যেগুলোতে আমাদের প্রায়ই ভুল হয়:

- আমরা সিকিউরিটির নিয়ম কানূন প্রায়ই অমান্য করি। অথচ একটা ভুল জীবনের সব কিছুকে তছনছ করে দিতে পারে।

- আমীর সাহেব কখনো কখনো নিষেধ করেন, আপনি অমুক ভাইয়ের কাছে যাবেন না। কিন্তু আমরা প্রায়ই যাই। ফলে ঐ ভাইয়ের বিপদ হলে আমিও আশঙ্কায় থাকি, আমার বিপদ হলে ঐ ভাইও আশঙ্কায় থাকেন।

- আমীর সাহেব বলেনে, আপনি নেটে ঢুকবেন না। কিন্তু আমরা ফাঁকি দিয়ে নেট চালাই।

- আমীর সাহেব বলেন, আপনি অমুক কিতাবটা পড়বেন বা অমুক শায়খের অমুক বয়ানটা শোনবেন। কিন্তু গাফলতি করে আমরা আর পড়ি না, শুনিও না।

- আমীর সাহেব বলেন, কারো সাথে তর্কে জড়াবেন না। কিন্তু আমরা আমাদের জযবা নিয়ন্ত্রণ করতে ব্যর্থ হই।

- আমীর সাহেব বলেন, যে কাউকে জিহাদের দাওয়াত দেবেন না। কিন্তু আমরা কারো ভাল কথায় মুগ্ধ হয়ে তাকে জিহাদের দাওয়াত দিতে থাকি।

- আমীর সাহেব বলেন, আপনি অমুক মাসআলাটা দেখুন। আমরা সেটা ছেড়ে আরেকটা দেখি।

- আমীর সাহেব বলেন, পড়াশুনার বিকল্প নেই। আমরা বলি, পড়ে কি হবে? আমি তো শহীদ হতে চাই!

- আমীর সাহেব বলেন, আপনি ফেসবুকে এই ধরণের স্ট্যাটাস দেবেন না। কিন্তু আমরা তার বিপরীত করি।

- আমীর সাহেব বলেন, সকাল সকাল ঘুমিয়ে যাবেন। তাহাজ্জুদে মুজাহিদদের জন্য, মুসলিম উম্মাহর জন্য দোয়া

করবেন। আমরা রাতভর নেট চালিয়ে তাহাজ্জুদের সময় ঘুমিয়ে থাকি।

এ ধরণের অসংখ্য উদাহরণ দেয়া যাবে, যেগুলোতে আমারা প্রায়ই আদেশ অমান্য করি।

ভাইয়েরা আমার! আমরা নিজেদেরকে সংশোধন করে নেব। আমীরের কথার গুরুত্ব দেব। তাকে মেনে চলার চেষ্টা করবো। হতে পারেন তিনি আমার চেয়ে বয়সে ও ইলম-আমলে ছোট, কিন্তু তিনি তো আমার আমীর। কোথায় আবু বকর সিদ্দিক আর কোথায় খালেদ বিন ওয়ালিদ! কিন্তু তিনি কি তাকে মেনে চলতেন না? আমাদেরও এমনটা করা চাই। তদ্রূপ আমীর উমরা যারা আছেন, তাদেরও উচিৎ মা'মূরদের প্রতি বিবেচনা করে পরিচালনা করা। যাকে যেভাবে পরিচালনা করলে তিনি আপনাকে মেনে চলতে পারবেন, তাকে সেভাবে পরিচালনা করা। প্রত্যেকের তবিয়ত বুঝে তার সাথে আচরণ করা। আল্লাহ তাআলা আমাদের সবাইকে ইসলাহ করে দিন। আমীন।

وصلى الله تعالى على خير خلقه محمد وآله و صحبه أجمعين

৯.আল কাউসারের একটি প্রবন্ধ নিয়ে ক'টি মন্তব্য

"ইসলামের বিধান, রাষ্ট্রীয় আইন এবং মুসলমানদের করণীয়" শিরোনামে আলকাউসারে মুফতি আবুল হাসান আব্দুল্লাহ সাহেবের একটি প্রবন্ধ এসেছে। গাজীপুরের এক পোশাক কারখানায় নামায বাধ্যতামূলক করা হয়েছিল। বিভিন্ন মহলের আপত্তির কারণে মালিক শেষে এ আইন উঠিয়ে নেয়। এ প্রসঙ্গে হুজুরের প্রবন্ধটি। এ ধরনের বিষয়ে মুসলমানদের করণীয় সম্পর্কে তিনি আলোকপাত করেছেন। আমরা হুজুরকে অভিনন্দন জানাই। আল্লাহ তাআলা উনার খেদমত কবুল করেন। জাযায়ে খায়র দান করেন। তবে কয়েকটি বিষয়ে আমার আপত্তি হচ্ছে। সেটিই বলতে চাচ্ছি।

এক.

বিরোধী মহলের দাবি ছিল 'নামায বাধ্যতামূলক করা সংবিধান পরিপন্থী'। তাই নামায বাধ্যতামূলক করা যাবে না। হুজুর দেখাতে চেয়েছেন যে, নামায বাধ্যতামূলক করা সংবিধান পরিপন্থী নয়। হুজুর বলেন,

"বাংলাদেশের সংবিধানে ধর্মনিরপেক্ষতার কথাও আছে,

ধর্মীয় স্বাধীনতার কথাও আছে। স্বাধীনভাবে ধর্মচর্চার অধিকারের কথাও আছে। ইসলামে কালেমার পর সবচেয়ে বড় ইবাদত নামায। যথাসময় নামায পড়তে হয়। ইসলামে জামাতের সাথে নামায পড়ার নির্দেশনা রয়েছে এবং নামায পড়ার জন্য এটাই সর্বোত্তম পন্থা। তাই একটা কারখানার মুসলিম কর্মকর্তা-কর্মচারীদের জন্য জামাতের সাথে নামায পড়ার এই নির্দেশনা ও ব্যবস্থাপনাকে এদেশের সংবিধান অনুযায়ীই 'সংবিধান-বিরোধী' বলা যায় না। সংবিধানের মূলনীতির সাথে মুসলমানদের জন্য নামায পড়ার নির্দেশনাকে 'সংবিধান-বিরোধী' দাবি করাটা কোনোভাবেই যুক্তিসঙ্গত হতে পারে না।"

মন্তব্য

ঈমানের পর যে নামাযের স্থান, সে নামায যে সংবিধান বিরোধী নয় সেটা প্রমাণ করতে হয় যে দেশে, সে দেশ কতটুকু ইসলামী আর সে দেশের সরকার কতটুকু ঈমানদার- সকলের ভাবা দরকার। সে সরকারের আনুগত্যের কি বিধান সেটাও চিন্তার বিষয়। সে শাসনের বিরুদ্ধে বিদ্রোহ করলে উগ্রপন্থা হবে কি'না দেখার বিষয়।

আজ নামায বাধ্যতামূলক করার বিরোধীতা হয়েছে। এটি তো এক দিনে হয়নি। ইসলামের অসংখ্য বিধান, বরং বলতে

গেলে সকল বিধান শুরু থেকেই সংবিধান বিরোধী ছিল।

সংবিধানের মূলনীতি হলো, 'ধর্মীয় আইনের যতটুকু সংবিধানের অনুমোদনের বাহিরে সেগুলো বাতিল বলে গণ্য'। আর সংবিধান তো চার কুফরি মতবাদ: পুঁজিবাদ, গণতন্ত্র, সমাজতন্ত্র ও ধর্মনিরপেক্ষতার উপর প্রতিষ্ঠিত। আমরা তখন সংবিধানের সমালোচনা করিনি। জিহাদ ও ইসলামী শাসন যে সংবিধান বিরোধী ছিল তখন আমরা এর প্রতিবাদ করিনি। বরং যারা ইসলামী শাসন কায়েমের জন্য জিহাদে নেমেছেন তাদের সমালোচনা করেছি, উগ্রপন্থী, জযবাতি আখ্যা দিয়েছি। **সেটারই কর্মফল আজ- নামায সংবিধান বিরোধী।**

দুই.

হুজুর বলেছেন,

"সংবিধান কোনো অমোঘ বিষয় নয়। এটা অনেকবার সংশোধন হয়েছে। নাগরিকদের চাওয়া-পাওয়া বা প্রাধান্য নির্ণয়ের সুবিধার প্রয়োজনে সংবিধান ভবিষ্যতেও সংশোধন করা যেতে পারে।"

মন্তব্য

হুজুর সাহস করে সংবিধান সংশোধনের কথা বলেছেন।

আমরা হুজুরকে সাধুবাদ জানাই। তবে এখানে একটা সূক্ষ্ম কথা না বলে পারা যায় না। সেটা হল:

সংবিধানের ভিত্তি কুফরের উপর। এটি ভিন্ন একটি কুফরি ধর্ম। এর কিছু আইন, কিছু ধারা সংশোধনের আহ্বান জানানো তো তাওহিদ পরিপন্থী। তাওহিদের দাবি তো ছিল, এ কুফরি সংবিধান এবং কুফরি শাসন বিলুপ্ত করে আল্লাহর শাসন জারি করার আওয়াজ তোলা। যারা এ শাসনের বিরোধীতা করবে তাদের বিরুদ্ধে জিহাদের ঝাণ্ডা উত্তোলন করা। সংবিধান বহাল রেখে সময়ে সময়ে পরিবর্তন করার আহ্বান বাহ্যিক দৃষ্টিতে সুন্দর মনে হলেও আসলে এটি একটি কুফরি দাবি।

আসতাগফিরুল্লাহ! আমি একথা বলছি না যে, হুজুর কুফরি দাবি করেছেন। আমি শুধু বাস্তবতাটা তুলে ধরতে চাচ্ছি যে, তাওহিদের দাবি কোনটি। অধিকন্তু হুজুর সংবিধান বহাল রাখার পক্ষে না। তবে অপারগতার হালতে যতটুকু পেরেছেন বলেছেন।

তিন.

হুজুর বলেছেন,

"মুসলমানদের জন্য অবশ্য-পালনীয় ধর্মীয় বিধান এবং

সংবিধানের কোনো নীতির মধ্যে যদি বিরোধ তৈরি হয় বা তৈরি করা হয় তখন মুসলিম নাগরিকদের মতামত থেকে তাদের ‘প্রাধান্য’ বেছে নিতে দিন। যেমন, আমরা ধরে নিলাম, দেশের কোনো প্রতিষ্ঠান ওই প্রতিষ্ঠানের কর্মীদের জন্য এমন কোনো নীতি বা বিধি চালু করল, যেটা ইসলামী আইন ও শরীয়তেরই বিষয়, আবার অপরদিকে কেউ কেউ মতামত দিলেন যে, ওই নীতি বা বিধিটি সংবিধান-বিরোধী, তখন রাষ্ট্রের দায়িত্বশীলদের করণীয় হল, নাগরিকদের জিজ্ঞাসা করা যে, তারা কী করতে চান।”

মন্তব্য

কথাটা বাহ্যত সুন্দর মনে হলেও বাস্তবে অত্যন্ত ভয়াবহ। কুফরি আইন আর ইসলামী আইনের কোনো একটা বেছে নেয়ার অপশন দেয়া হবে? নাউজুবিল্লাহি মিন যালিক। যারা ইসলাম কায়েম না করে ইসলাম ও কুফর একটা বেছে নেয়ার অপশন দেবে তাদের ঈমানের কি হবে? রেজা বিল কুফর তো স্পষ্ট যে, জনগণ কুফর চাইলে কুফর প্রতিষ্ঠা করবে, আর ইসলাম চাইলে ইসলাম প্রতিষ্ঠা করবে। যে শাসক এ ধরনের অপশন দেবে তার ঈমান থাকবে কি? আর আমি একজন মুমিন হয়ে এ ধরনের অপশন দাবি করবো, না’কি সরাসরি ইসলাম কায়েমের দাবি করবো?

হুজুর পরক্ষণেই অবশ্য বলেছেন,

“এটা প্রায় বিদিত যে, এজাতীয় পরিস্থিতিতে মুসলিম নাগরিকরদের মত ও ভাষ্য হবে ইসলামী বিধি বহাল রাখা হোক এবং সংবিধান সংশোধন করা হোক। তারা এমন বলবেন না যে, শরীয়তের ওই আইন বা বিধিটি বন্ধ বা স্থগিত করা হোক, যেমনটি বলার অধিকার আসলে কারো নেই।”

জনগণ পরে ইসলাম মেনে নেবে কি নেবে না সেটা পরের কথা। কিন্তু আগে কথা হলো, ঈমান কুফরের এ পুলসিরাতে দাঁড় করানো জায়েয হবে কি? তখন যদি কিছু লোক কুফর বেছে নেয় তাহলে এর দায় কে নেবে? এজন্য দাবি এমনটা হবে না। দাবি হবে, আমরা ইসলাম চাই। এর বিপরীতে সবকিছু প্রত্যাখ্যিত। যেসব শাসক ইসলামে রাজি হবে না তাদের বিরুদ্ধে জিহাদ। এটাই মুমিনের দাবি। এটাই তাওহিদের দাবি। ঈমান কুফরের সন্ধিস্থলে দাঁড় করানোর কথা বলবেন না দয়া করে।

আরো মজার কথা হল, জনগণ ইসলাম বেছে নেবে এ ভয়েই হয়তো শাসকগোষ্ঠী জনগণকে এ দাবির সুযোগটুকুও দেয় না। তখন আপনা আপনিই প্রশ্ন এসে যায়, যেসব শাসকগোষ্ঠী কুফরের বিপরীতে আল্লাহর আইনের দাবিটুকুও জানাতে দেয় না তারা কি ঈমানদার? তারা কি আমীরুল

মুমিনিন? তাদেরও কি আনুগত্য করতে হবে? এ প্রশ্নের উত্তরগুলো বড়ই দরকার ছিল।

চার.

হুজুর বলেন,

“আমরা মনে করি, প্রত্যেক অফিস-কারখানা ও প্রতিষ্ঠানে এমন আয়োজন ও ব্যবস্থাপনা রাখা দরকার, যেন মুসলমান শ্রমিক-কর্মচারী ও কর্মকর্তারা যথাসময়ে নামায পড়ার সুযোগ পান। যেন ইসলাম পালনে কারো কোনো সমস্যায় পড়তে না হয়। নামাযের জন্য বিরতিসহ এমন ব্যবস্থাপনা যেন সব জায়গায় রাখা হয় যে, মানুষ প্রশান্তির সঙ্গে নামায ও অন্যান্য ইবাদত করতে পারে। এমনকি আমরা এ-ও বলি, ভিন্ন ধর্মের মানুষেরা যদি চায়, যথাসময়ে তাদের ধর্ম পালনেরও সুযোগ তাদের দেওয়া হোক।”

মন্তব্য

ভিন্ন ধর্মের কুফরের প্রসারের দাবিটা না জানালে ভাল হতো। কাফেরকে যদি কুফর পালনের সুযোগ না দেয়া হয় তাহলে এটা তো খুশির কথা। সেখানে আমরা নিজ থেকে কিভাবে দাবি করছি, কাফেরকেও কুফর করার সুযোগ দেয়া হোক? হুজুর এ দাবিটা না জানালেও পারতেন। দাবিটা

জানাতে হুজুরকে কেউ চাপ দেয়নি। আল্লাহর যমিনে আল্লাহ বিদ্রোহের এ দাবি বড় ভয়ানক ঠেকছে।

***

আবেদন: সকলের কাছে দাবি থাকবে- জযবার তাড়নায় কেউ যেন অশোভন কমেন্ট না করি।

১০.আল-কায়েদা দ্বীন কায়েমের মিশন, শুধু জিহাদি সংগঠন নয়!

আল-কায়েদার কর্যক্রম শুধু জিহাদের মাঝে সীমাবদ্ধ নয়, আল-কায়েদা কেবল একটা জিহাদি সংগঠনই নয়; বরং আল-কায়েদার টার্গেট পূর্ণ দ্বীন কায়েম করা। কুফর-ভিত্তিক সমাজ-ব্যবস্থা পাল্টে দিয়ে শরীয়া-ভিত্তিক শাসন কায়েম করা। খিলাফা আলা মিনহাজিন নুবুওয়্যাহ্ পুনঃপ্রতিষ্ঠা করা। সমাজের প্রতিটি স্তর, প্রতিটি মানুষের জীবনের প্রতিটি ক্ষেত্র কুরআন ও সুন্নাহ'র আলোয় আলোকিত করা। দুনিয়ামুখী মানুষদের আখেরাতমুখী করা। আল্লাহ-ভুলা বান্দাকে আল্লাহর দিকে টেনে নেয়া।

এ কারণেই আপনারা দেখতে পাবেন, যে কেউ আল-কায়েদার সদস্য হতে চাইলেই আল-কায়েদা তাকে সদস্য বানায় না, যতক্ষণ না তাকে একজন দ্বীনদার ব্যক্তিরূপে গড়ে তোলে। একজন মানুষের যথাসাধ্য ইসলাহ ও আত্মশুদ্ধি করে একজন দ্বীনদার ও দ্বীনপ্রেমী ব্যক্তিতে পরিণত করার পরই কেবল তাকে সদস্য বানায়।

অধিকন্তু আল-কায়েদা সদস্য বানায় কমসংখ্যক ব্যক্তিকেই, কিন্তু সমাজের সর্বস্তরেই তার ইসলাহী কার্যক্রম পরিচালনা করে। কারণ, আল-কায়েদার উদ্দেশ্য শুধু কিছু ব্যক্তিকে সদস্য বানিয়ে তাদের দিয়ে যুদ্ধ করে ক্ষমতা দখল করত ইসলাম কায়েমের চেষ্টা করা নয়, বরং তার উদ্দেশ্য গোটা সমাজ ও সমাজের মানুষকেই পরিশুদ্ধ করে দ্বীনদার ও দ্বীনপ্রেমী বানানো। কাজেই, আল-কায়েদা যেমন একটি জিহাদি সংগঠন, তেমনি একটি ইসলাহী মিশন। বিষয়টি ভালভাবে মনে রাখা চাই। এ ব্যাপারে বিভ্রান্তির শিকার না হওয়া চাই। যারা আল-কায়েদার সদস্য বা সমর্থক, তাদের উচিৎ নিজেকে এবং নিজের পরিবার-পরিজন ও অধিনস্থদের দ্বীনের উপর উঠানোর সর্বাত্মক চেষ্টা করা। এমনটি যেন না হয় যে, জিহাদের কথা বলে বলে বাকি সব ভুলে যাই। যেন মনে না করি- জিহাদ পেয়ে গেছি আর কিছুর দরকার নেই। নিজের মাঝেও দ্বীন প্রতিষ্ঠা করুন, সমাজ বদলানোর চেষ্টায়ও নিয়োজিত থাকুন।

১১.আলকায়েদা-আইএস: ঐক্য সম্ভব কি?

গত কয়েক দিন ধরে ফোরামে এক কমেন্টে আলকায়েদা আইএস নিয়ে কথা উঠেছে।

https://82.221.139.217/showthread.php?21638

এক ভাই তামান্না জাহির করেছেন যে, আলকায়েদা আইএসের মাঝে সমঝোতা হয়ে উভয়ে এক প্লাটফর্মে চলে আসলে ভাল হতো। এতেই উম্মাহর খায়র।

মুহতারাম ভাইয়ের তামান্না অবশ্যই প্রশংসাযোগ্য। গোটা উম্মাহ এক প্লাটফর্মে এসে গেলেই তো ভাল হয়। এটাই তো খাঁটি মুমিনের আকাঙ্খা। তবে এখানে কিছু কথা আছে।

উম্মাহর দ্বন্দ্ব থেকেই যাবে

রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ভবিষ্যদ্বাণী করে গেছেন, উম্মাহ তিয়াত্তর দলে ভাগ হয়ে পড়বে। এক দল জান্নাতি। বাকিরা জাহান্নামি। হযরত উসমান রাদি.কে শহীদ করার ঘটনা কেন্দ্র করে উম্মাহর বিভক্তি শুরু। কিয়ামত পর্যন্ত উম্মাহর আর কখনও এক হতে পারবে না। দ্বন্দ্ব থেকেই যাবে। এটিই আল্লাহ তাআলার ফায়সালা।

রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন,

سألت ربى ثلاثا فأعطانى ثنتين ومنعنى واحدة سألت ربى أن لا يهلك أمتى بالسنة فأعطانيها وسألته أن لا يهلك أمتى بالغرق فأعطانيها وسألته أن لا يجعل بأسهم بينهم فمنعنيها. -صحيح مسلم : 7442

(আমার উম্মতের ব্যাপারে) আল্লাহ তাআলার কাছে তিনটি আবেদন করেছিলাম। আল্লাহ তাআলা দু'টি কবুল করেছেন, একটি ফিরিয়ে দিয়েছেন। ১. আবেদন করেছিলাম যেন (পূর্বেকার উম্মতদের মতো) ব্যাপক দুর্ভিক্ষ দিয়ে উম্মতকে ধ্বংস না করেন। এটি কবুল করেছেন। ২. আবেদন করেছিলাম যেন পানিতে ডুবিয়ে উম্মতকে (সমূলে) ধ্বংস না করেন। এটিও কবুল করেছেন। ৩. আবেদন করেছিলাম উম্মত

যেন নিজেরা মারামারি না করে। এটি তিনি ফিরিয়ে দিয়েছেন। -সহীহ মুসলিম: ৭৪৪২

অন্য হাদিসে ইরশাদ করেন,

فَإِذَا وُضِعَ السَّيْفُ فِي أُمَّتِي لَمْ يُرْفَعْ عَنْهُمْ إِلَى يَوْمِ الْقِيَامَةِ. مسند أحمد: 17115قال المحققون ،: حديث صحيح. اهـ

আমার উম্মতের মাঝে যখন একবার তরবারি জারি হবে, কিয়াম পর্যন্ত আর বন্ধ হবে না। -মুসনাদে আহমাদ: **১৭১১৫**

উসমান রাদি.কে শহীদ করার মধ্য দিয়ে তরবারি জারি হয়ে গেছে। তা চলবেই কিয়ামত পর্যন্ত।

অতএব, মুসলিম উম্মাহর নিজেদের মাঝেই হক বাতিলের দ্বন্দ্ব থাকবে। নিজেরা পরস্পর মারামারি করবে। একেবারে সম্পূর্ণ বিভেদ কখনও উঠে যাবে না। এটি আল্লাহ তাআলার চিরন্তন ফায়সালা।

অন্য হাদিসে এসেছে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন,

وإن ربى قال يا محمد إنى إذا قضيت قضاء فإنه لا يرد وإنى أعطيتك لأمتك أن لا أهلكهم بسنة بعامة وأن لا أسلط عليهم عدوا من سوى أنفسهم يستبيح بيضتهم ولو اجتمع عليهم من بأقطارها - أو قال من بين أقطارها - حتى يكون بعضهم يهلك بعضا ويسبى بعضهم بعضا. -صحيح مسلم للنيسابوري: 7440

আর আমার রব আমাকে বলেছেন, হে মুহাম্মাদ! আমি যখন কোনো ফায়সালা দিয়ে দিই তা আর কিছুতেই ঘুরানো হয় না। আপনার আবেদনের আমি এই সিদ্ধান্ত দিয়েছি যে, ১. ব্যাপক দুর্ভিক্ষ দিয়েও আপনার উম্মতকে ধ্বংস করবো না; ২. ভিন জাতি কোনো শত্রুও তাদের উপর এমনভাবে চাপিয়ে দেবো না যে, তাদেরকে সমূলে ধ্বংস করে দেবে। গোটা বিশ্বের সকলে ঐক্যবদ্ধ হয়ে আসলেও না। ৩. তবে অবশেষে তারা নিজেরাই একে অপরকে ধ্বংস করবে এবং একে অপরকে বন্দী করবে। -সহীহ মুসলিম: ৭৪৪০

খাওয়ারেজদের ব্যাপারে সুন্নাহর নির্দেশনা

সার্বিকভাবে আল্লাহ তাআলার ফায়সালা এটাই যে, উম্মাহর মাঝে বিভক্তি, বিভেদ ও পরস্পর মারামারি থাকবে। বিশেষ

করে চরমপন্থী খারেজিদের ব্যাপারে সুন্নাহয় বিশেষ নির্দেশনা এসেছে। এখানে কয়েকটি হাদিস উল্লেখ করছি,

এক.

عن علي رضي الله عنه، قال: سمعت رسول الله صلى الله عليه وسلم يقول: «سيخرج في آخر الزمان قوم أحداث الأسنان، سفهاء الأحلام، يقولون من خير قول البرية، يقرءون القرآن لا يجاوز حناجرهم، يمرقون من الدين كما يمرق السهم من الرمية، فأينما لقيتموهم فاقتلوهم، فإن في قتلهم أجرا، لمن قتلهم عند الله يوم القيامة». -صحيح البخاري: 6930

আলী রাযি. বলেন, আমি রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছি, শেষ যামানায় এমন এক সম্প্রদায়ের আবির্ভাব হবে যারা হবে অল্পবয়স্ক যুবক, নির্বোধ। তারা সৃষ্টির শ্রেষ্ঠ কিছু কথাবার্তা বলবে। তারা কুরআন পাঠ করবে; কিন্তু তা তাদের কণ্ঠনালীর নিচে প্রবেশ করবে না (অর্থাৎ যথাযথ বুঝবে না)। তীর শিকারের দেহ ভেদ করে যেমন বের হয়ে যায় তেমনই তারা দ্বীন থেকে। তাদেরকে যেখানেই তোমরা পাবে হত্যা করবে। তাদেরকে হত্যা করলে হত্যাকারীর জন্য কিয়ামত দিবসে আল্লাহ তায়ালার নিকট মহা প্রতিদান রয়েছে। -সহিহ বুখারী: ৬৯৩০

দুই.

ألا إنه سيخرج من أمتي أقوام أشداء أحداء، ذلقة ألسنتهم بالقرآن، لا يجاوز تراقيهم، ألا فإذا رأيتموهم فأنيموهم، ثم إذا رأيتموهم فأنيموهم، فالمأجور قاتلهم -مسند أحمد: 20446؛ قال المحققون: إسناده قوي على شرط مسلم. اهـ

শোনে রাখো! অচিরেই আমার উম্মতে এমন কতক লোক বের হবে যারা হবে কঠোর প্রকৃতির। যবান হবে ধারালো। যবানে কুরআনের অনল বর্ষাবে, কিন্তু কুরআন তাদের গলদেশ পেরিয়ে নিচে নামবে না। শোনো! যখন তাদের পাবে একেবারে নিশ্চিহ্ন করে দেবে। আবারও যদি পাও আবারও নিশ্চিহ্ন করে দেবে। তাদের হত্যাকারীরাই পাবে প্রতিদান। –মুসনাদে আহমাদ: ২০৪৪৬

তিন.

لو يعلم الجيش الذين يصيبونهم ما قضي لهم على لسان نبيهم -صلى الله عليه وسلم- لاتكلوا عن العمل. –صحيح مسلم: 2516

যে বাহিনী তাদের মোকাবেলা করবে তারা যদি জানতো তাদের নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের যবানিতে তাদের জন্য যে কি প্রতিদানের ফায়সালা করে রাখা হয়েছে, তাহলে তারা এর উপর ভরসা করে অন্য সকল আমল ছেড়ে দিয়ে বসতো। -সহীহ মুসলিম: ২৫১৬

চার.

لئن أنا أدركتهم لأقتلنهم قتل عاد. -صحيح البخاري: 3166

যদি আমি তাদের পেয়ে যাই, আদ জাতির মতো (সমূলে) হত্যা করবো। -সহীহ বুখারি: **৩১৬৬**

ইমাম নববি রহ. (৬৭৬হি.) বলেন,

لئن أدركتهم لأقتلنهم قتل عاد" أي قتلاً عاماً مستأصلاً كما قال " تعالى: {فهل ترى لهم من باقية} وفيه الحث على قتالهم. -شرح مسلم للنووي: 13\175

‘যদি আমি তাদের পেয়ে যাই, আদ জাতির মতো হত্যা করবো’ অর্থাৎ ব্যাপকভাবে হত্যা করে সমূলে উৎপাটন করবো। যেমন আল্লাহ তাআলা (আদ জাতির ব্যাপারে) বলেছেন, ‘তাদের একজনও কি আল্লাহর এই গজব থেকে রক্ষা পেয়েছে বলে দেখতে পাচ্ছেন?’ এ হাদিসে এদের বিরুদ্ধে লড়াইয়ে উৎসাহ দেয়া হয়েছে। -শরহে মুসলিম: **১৩/১৭৫**

খাওয়ারেজদের সমূলে নিঃশেষ করতে উৎসাহ দেয়া হল কেন?

আমরা দেখলাম, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম খারেজি

শ্রেণীর উদ্ভব হবে ভবিষ্যদ্বাণী করে গেছেন। তাদের ব্যাপারে যুদ্ধ করার উৎসাহ দিয়ে গেছেন। এমনকি একেবারে আদ-সামুদের মতো সমূলে নিশ্চিহ্ন করে দিতে বলে গেছেন। কেন?

অথচ আমরা দেখতে পাচ্ছি ইয়াহুদ নাসারাসহ সকল কাফেরের ব্যাপারে শরীয়ত বলেছে, যদি তারা তাওবা করে মুসলিম হয়ে যায় বা জিযিয়া কবুল করতে রাজি হয় তাহলে আর যুদ্ধ করা হবে না? যেখানে ইয়াহুদ নাসারা ও মুশরিকদের বিরুদ্ধে শরীয়ত এত কঠোর ফায়সালা দেয়নি সেখানে খারেজিদের ব্যাপারে কেন এত কঠিন ফায়সালা? অথচ তারা তো আমাদেরই ভাই। যেমনটা আলী রাদি. বলেছেন,

إخواننا بغوا علينا.

আমাদের ভাইয়েরা আমাদের বিরুদ্ধে বিদ্রোহ করেছে। -মুসান্নাফ ইবনে আবি শায়বা: ৩৮৯১৮

হাফেয ইবনে হাজার রহ. (৮৫২হি.) এর হিকমত উল্লেখ করে বলেন,

قال بن هبيرة وفي الحديث أن قتال الخوارج أولى من قتال المشركين والحكمة فيه أن في قتالهم حفظ راس مال الإسلام وفي قتال أهل الشرك طلب الربح وحفظ رأس المال أولى. –فتح الباري: 12\301

ইবনে হুবায়রা রহ. বলেন, এ হাদিস প্রমাণ যে, খাওয়ারেজদের বিরুদ্ধে যুদ্ধ করা মুশরেকদের বিরুদ্ধে (আক্রমণাত্মক) যুদ্ধ করার চেয়ে অগ্রগণ্য। এর হিকমত এই যে, এদের বিরুদ্ধে যুদ্ধের দ্বারা ইসলামের মূলধন হেফাজত হবে, আর মুশরেকদের বিরুদ্ধে যুদ্ধ করা হয় লাভ অর্জনের উদ্দেশ্যে। মূলধন হেফাজত করা অগ্রাধিকারযোগ্য। -ফাতহুল বারি: ১২/৩০১

খারেজিদের বিরুদ্ধে কঠোরতার মৌলিক কারণ বলা যায়,

ক. এরা ঘরের শত্রু। আগে ঘর ঠিক করা জরুরী। নয়ত যেকোনো সময় সুযোগ বুঝে এরা সর্বনাশ করবে।

খ. খারেজিরা আমাদের মুরতাদ মনে করে আর কাফেররা আমাদেরকে আসলি কাফের মনে করে। স্পষ্ট যে, মুরতাদের বিধান কঠিন। এ কারণে বাগে পেলে খারেজিরা আমাদেরকে কখনও ছাড়বে না। কারণ, তাদের আকিদা অনুযায়ী আমরা মুরতাদ। আর মুরতাদকে বাঁচিয়ে রাখা নাজায়েয। পক্ষান্তরে আসলি কাফেরকে জিযিয়া নিয়ে বাঁচিয়ে রাখা যায়। এ কারণে হাদিসে এসেছে, তারা মুশরিকদের ছেড়ে দেবে কিন্তু মুসলিমদের অবশ্যই হত্যা করবে।

এ দু’টি দিক বিবেচনা করলে খারেজিরা কাফেরদের চেয়েও বেশি ভয়ংকর, যদিও তারা আমাদের ভাই। এ কারণে এদেরকে সমূলে ধ্বংস করতে বলা হয়েছে হাদিসে।

ঐক্য কখন সম্ভব?

ঐক্য তখনই সম্ভব যখন আপনি আমার ব্যাপারে আশ্বস্ত, আমিও আপনার ব্যাপারে আশ্বস্ত। কিন্তু যখন জানা আছে, সুযোগ পেলেই আপনি আমাকে হত্যা করবেন, তখন কি ঐক্য সম্ভব?

তাহলে খারেজিদের সাথে কিভাবে ঐক্য সম্ভব? তাদের সাথে ঐক্য করবো আর তারা বাগে পেয়ে ধরে ধরে আমাদের হত্যা করবে। আমরা দেখেছি, শামে যখন মুজাহিদরা নুসাইরিদের বিরুদ্ধে যুদ্ধে গেছেন, আইএসে এসে পিছন দিয়ে মুজাহিদদের উপর হামলা করেছে। এদের না সামলে আপনি কিভাবে কাফেরদের বিরুদ্ধে যুদ্ধ করবেন?

কাজেই আইএস আলকায়েদা ঐক্য বিবেকও সমর্থন করে না। বিশেষ ক্ষেত্রে চুক্তি-সমঝোতা করা গেলেও কাঁধে কাঁধ মিলিয়ে কাজ করে যাওয়া কিছুতেই সম্ভব না।

খারেজিদের সাথে ঐক্যের ইতিহাস আছে কি?

যেদিন থেকে খারেজিদের উৎপত্তি, গোটা ইসলামি ইতিহাসের সকল খলিফা ও সুলতান (আদেল হোন আর জালেম হোন) খারেজিদের বিরুদ্ধে যুদ্ধ করে গেছেন। নিরুপায় হয়ে আফ্রিকার মুসলিমরা একবার এদের সাথে মিলে বাতিনিদের বিরুদ্ধে যুদ্ধে নেমেছিলেন। শেষে সুযোগ মতো এরা আহলুস সুন্নাহকে কাফেরদের হাতে ছেড়ে চলে গেছে। কাফেররা আহলুস সুন্নাহর আলেমদের পাইকারি হত্যা করেছে। ইতিহাস খুলে দেখুন। এদের সাথে ঐক্যের পরিণতি এর চেয়ে ভাল কিছু হবে না।

আলী রাদি. ও মুআবিয়া রাদি. প্রসঙ্গ

ভাই আলী রাদি. ও মুআবিয়া রাদি. এর প্রসঙ্গ এনেছেন। মুহতারাম ভাই, পক্ষ সেখানে তিনটি ছিল: ১. আলী রাদি.; ২. মুআবিয়া রাদি.; ৩. হারুরিয়া তথা খারিজিরা।

মুআবিয়া রাদি.র বিরুদ্ধে আলী রাদি. যুদ্ধ করেছেন; তবে আগ্রহভরে নয়। নাখোশ দিলে। চেয়েছেন কোনোভাবে সমঝোতা হয় কি'না। পক্ষান্তরে খারিজিরা ছিল আলী রাদি.

এর দলে। এরা যখন দল ত্যাগ করলো, আলী রাদি. বড় উৎসাহ, উদ্দীপনা ও আগ্রহের সাথে এদের বিরুদ্ধে যুদ্ধ করেছেন। এমনভাবে হত্যা করেছেন যে, এদের দশটা লোকও বাঁচতে পারেনি।

মুআবিয়া রাদি. ইজতিহাদি ভুল করে আলী রাদি.র বিরুদ্ধে গেছেন। তারা কেউ কাউকে তাকফির করতেন না। পক্ষান্তরে খারিজিরা উভয়কে তাকফির করতো। এরা ভয়ংকর সাপের চেয়েও ভয়ংকর। এজন্য আলী রাদি. এদের দশটা লোককেও বাঁচতে দেননি। কিন্তু দুঃখের কথা হলো, যে কয়টা খারেজি বাঁচতে পেরেছিল, এককেটা ফিতনার বীজরূপে কাজ করেছে।

শাহরিসতানি রহ. (৫৪৮হি.) বলেন,

فقاتلهم علي رضي الله عنه بالنهروان مقاتلة شديدة، فما انفلت منهم إلا أقل من عشرة، وما قتل من المسلمين إلا أقل من عشرة، فانهزم اثنان منهم إلى عمان، واثنان إلى كرمان، واثنان إلى سجستان، واثنان إلى الجزيرة، وواحد إلى تل مورون باليمن، وظهرت بدع الخوارج في هذه المواضع منهم وبقيت إلى اليوم. –

الملل والنحل، ج: 1، ص: 117، مؤسسة الحلبي

নাহরাওয়ানে তাদের সাথে আলী রাদি.-র ভয়ানক যুদ্ধ হয়। তাদের দশটা লোকও বাঁচতে পারেনি আর মুসলমানদের দশটা লোকও শহীদ হয়নি। এরপর তাদের দু’জন পালিয়ে যায়

উম্মানে, দু’জন কারমানে, দু’জন সিজিস্তানে, দু’জন জাযিরায় এবং একজন ইয়ামানে। এদের থেকে ঐসব অঞ্চলে খাওয়ারেজদের বিদআত ছড়িয়েছে এবং আজ পর্যন্ত জারি আছে।” –আলমিলাল ওয়াননিহাল: **১/১১৭**

এ হল খারিজি। যেখানে যাবে ফিতনার চারা গজাবে। এরা সাধারণ বাগি নয়। সাধারণ ফাসেকও নয়। এমনকি ডাকাতও নয়। এরা আরও ভয়ংকর। এদের সাথে ঐক্য মানে নিজের কবর রচনা। বুদ্ধিমান কখনও এ ভুল করতে পারে না। আল্লাহ তাআলা উম্মাহকে সকল ধরনের ফিতনা থেকে রক্ষা করুন। আমীন।

***

আবেদন

মুহতারাম ভাইয়েরা, কাউকে কষ্ট দেয়া আমার উদ্দেশ্য নয়। হক, যা না বলে উপায় নেই তাই বলতে বাধ্য। কারও কাছে কোনো বিষয় অযৌক্তিক মনে হলে দলীলভিত্তিক সমালোচনার দাবি। অহেতুক ভুল ধরাধরি থেকে বেঁচে থাকবো ইনশাআল্লাহ।

১২.আলেমের ফজিলত বেশি না'কি শহীদের?

প্রশ্ন: আলেমের ফজিলত বেশি না'কি শহীদের?

উত্তর: বিষয়টিকে দু'দিক থেকে বিবেচনা করতে হবে।
এক. যার ইখলাছ যত বেশি, যে যত বেশি কষ্ট সহ্য করেছে, বিপদাপদের সম্মুখিন হয়েছে, সবর করেছে তার ফজিলত তত বেশি।

দুই. জিহাদের ফজিলত বেশি না'কি ইলমের ফজিলত বেশি? স্থান, কাল, পাত্র ভেদে এ দু'য়ের ফজিলতের মাঝে তফাৎ হবে। যেটির দরকার বেশি সেটির ফজিলত বেশি। যখন ইলমের তুলনায় জিহাদের দরকার বেশি তখন জিহাদের ফজিলত বেশি। আর যখন জিহাদের তুলনায় ইলমের দরকার বেশি তখন ইলমের ফজিলত বেশি। আবার কোন ব্যক্তির জন্য ইলমের তুলনায় জিহাদের দরকার বেশি, আর কোন ব্যক্তির জন্য জিহাদের তুলনায় ইলমের দরকার বেশি। এ হিসেবে ফজিলতের মাঝে তারতম্য হবে।

উত্তর প্রদানে: আবুল মুনযির আশ-শানকীতি। শরয়ী বিভাগ, মিম্বারুত তাওহীদ।

(সংক্ষেপিত)

১৩.আল্লাহর আযাব: বেঈমানদের সহাবস্থান থেকে সাবধান হে মুমিন

বিদেশ ফেরত বাংলাদেশীদের বেশ কয়েকজন করোনায় আক্রান্ত। বর্তমান করোনা ভাইরাসের সার্বিক অবস্থা লক্ষ করলে বুঝা যায়, এটি আল্লাহর আযাব। আর আল্লাহর আযাব যখন আসে তখন শুধু অপরাধীদের উপরই আসে না, সাথে যারা থাকে সকলের উপরই আসে।

 # আল্লাহ তাআলা ইরশাদ করেন,

وَاتَّقُوا فِتْنَةً لَا تُصِيبَنَّ الَّذِينَ ظَلَمُوا مِنْكُمْ خَاصَّةً وَاعْلَمُوا أَنَّ اللَّهَ شَدِيدُ الْعِقَابِ -الأنفال25

“তোমরা ঐ আযাবকে ভয় কর যা শুধু তোমাদের মধ্যে যারা জুলুম করেছে বিশেষত তাদের উপরই পতিত হবে না। আর জেনে রাখ, আল্লাহর শাস্তি বড়ই কঠিন।” –আনফাল ২৫

অর্থাৎ সকলের উপরই আসবে।

ইমাম তবারি রহ. এ আয়াতের তাফসিরে ইবনে আব্বাস রাদিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণনা করেন,

أمر الله المؤمنين أن لا يقرُّوا المنكر بين أظهرهم، فيعمَّهم الله بالعذاب -جامع البيان في تأويل القرآن، ج: 13، ص: 474، ط. الرسالة

"আল্লাহ তাআলা মুমিনদের আদেশ দিয়েছেন তারা যেন তাদের মাঝে কোন মন্দকে প্রশ্রয় না দেয়। অন্যথায় আল্লাহ তাআলা ব্যাপকভাবে সকলকে আযাবে নিপতিত করবেন।" – জামিউল বায়ান ১৩/৪৭৪

মুসলিম সমাজে কিছু লোক গুনাহ করলে বাকিরা যদি সামর্থ্য থাকা সত্ত্বেও প্রতিহত না করে তাহলে সকলের উপরই আযাব আসবে: যারা করেছে তাদের উপরও, যারা প্রতিহত করেনি তাদের উপরও।

প্রিয় ভাই, যখন মুসলিম সমাজই আল্লাহর আযাব থেকে মুক্তি পেতে পারে না, তখন কাফেরদের সাথে সহাবস্থান করে

তাদের সকল পাপাচারকে মৌন সমর্থন দিয়ে গেলে, এমনকি তাদের পাপাচারে নিজেরাও শরীক হলে কিভাবে আযাব থেকে বাঁচা যাবে? তখন যে আযাব কাফেরদের উপর আসবে, সে আযাব সেসব মুসলমানের উপরও আসবে।

 # আল্লাহ তাআলা অন্যত্র ইরশাদ করেন,

وَإِذَا رَأَيْتَ الَّذِينَ يَخُوضُونَ فِي آيَاتِنَا فَأَعْرِضْ عَنْهُمْ حَتَّى يَخُوضُوا فِي حَدِيثٍ غَيْرِهِ وَإِمَّا يُنْسِيَنَّكَ الشَّيْطَانُ فَلَا تَقْعُدْ بَعْدَ الذِّكْرَى مَعَ الْقَوْمِ الظَّالِمِينَ –الأنعام 68

“যারা আমার আয়াতসমূহের সমালোচনায় রত থাকে তাদেরকে যখন দেখবে তাদের থেকে দূরে সরে যাবে, যতক্ষণ না তারা অন্য বিষয়ে প্রবৃত্ত হয়। যদি শয়তান কখনও তোমাকে এটা ভুলিয়ে দেয় তাহলে স্মরণ হওয়ার পর আর জালিম লোকদের সাথে বসবে না।” –আনআম ৬৮

অন্যত্র ইরশাদ করেন,

وَقَدْ نَزَّلَ عَلَيْكُمْ فِي الْكِتَابِ أَنْ إِذَا سَمِعْتُمْ آيَاتِ اللَّهِ يُكْفَرُ بِهَا وَيُسْتَهْزَأُ بِهَا فَلَا تَقْعُدُوا مَعَهُمْ حَتَّى يَخُوضُوا فِي حَدِيثٍ غَيْرِهِ إِنَّكُمْ إِذًا مِثْلُهُمْ إِنَّ اللَّهَ جَامِعُ الْمُنَافِقِينَ وَالْكَافِرِينَ فِي جَهَنَّمَ جَمِيعًا – النساء140

“তিনি ইতিপূর্বেও কিতাবে তোমাদের প্রতি এই নির্দেশ নাযিল করেছেন যে, যখন তোমরা শুনবে আল্লাহর আয়াতসমূহ অস্বীকার করা হচ্ছে ও তার সাথে বিদ্রূপ করা হচ্ছে তখন তোমরা তাদের সাথে বসবে না, যে পর্যন্ত না তারা অন্য কোনো প্রসঙ্গে লিপ্ত হবে। অন্যথায় তোমরাও তাদের মতো হয়ে যাবে। নিশ্চিত জেনো, আল্লাহ সকল মুনাফিক ও কাফিরকে জাহান্নামে একত্র করবেন।” –নিসা ১৪০

জালেম ও কাফেররা যখন গুনাহ ও কুফর করতে থাকে আল্লাহ তাআলা তখন তাদের সাথে বসতে নিষেধ করেছেন। যদিও সে উক্ত গুনাহ বা কুফরে শরীক না হয় তবুও সে অপরাধী। তাদের উপর যে আযাব আসবে তার উপরও সে আযাব পতিত হবে।

 # অন্য হাদিসে তো আরো ভয়ানক কথা এসেছে। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন,

إذا أنزل الله بقوم عذابا أصاب العذاب من كان فيهم ثم بعثوا على أعمالهم

“আল্লাহ তাআলা যখন কোনো কওমের উপর আযাব নাযিল করেন তাদের মাঝে থাকা (নেককার বদকার) সকলের উপরই আযাব আপতিত হয়। এরপর (কিয়ামতের দিন) প্রত্যেকে তার

আপন আমল অনুযায়ী পুনরুত্থিত হবে।” –সহীহ বুখারি ৬৬৯১

সহীহ ইবনে হিব্বানে এসেছে,

عن عائشة قالت: قلت: يا رسول الله إن الله إذا أنزل سطوته بأهل الأرض وفيهم الصالحون فيهلكون بهلاكهم؟ فقال: "يا عائشة إن الله إذا أنزل سطوته بأهل نقمته وفيهم الصالحون فيصابون معهم ثم يبعثون على نياتهم وأعمالهم" –صحيح ابن حبان: 7314

“হযরত আয়েশা রাদিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত। তিনি বলেন, আমি জিজ্ঞাসা করলাম, ইয়া রাসূলাল্লাহ! আল্লাহ তাআলা যখন কোনো ভূমির অধিবাসীদের উপর আযাব নাযিল করেন আর তাদের মাঝে কিছু নেককার লোকও থাকে তাহলে তারাও কি তাদের সাথে ধ্বংস হয়ে যাবে? রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উত্তর দিলেন, হে আয়েশা! আল্লাহ তাআলা যখন তার নাফরমানদের উপর আযাব নাযিল করেন তখন তাদের মাঝে কিছু নেককার লোক থাকলে তাদের সাথে তারাও আযাবের শিকার হয়। এরপর (কিয়ামতের দিন) তারা তাদের আপন নিয়ত ও আমল অনুযায়ী পুনরুত্থিত হবে।” –সহীহ ইবনে হিব্বান ৭৩১৪

অর্থাৎ কিয়ামতের দিন নেককারগণ যদিও উক্ত গুনাহগারদের গুনাহর কারণে পাকড়াওয়ের শিকার হবেন না, তবে দুনিয়াতে তাদের ভূমিতে থাকার কারণে এবং তাদের সাথে সহাবস্থানের

কারণে তারাও তাদের সাথে আযাবে নিপতিত হবেন।

এর বাস্তব দৃষ্টান্ত আয়েশা রাদিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত সহীহ বুখারির এক হাদিসে এসেছে। আয়েশা রাদিয়াল্লাহু আনহা বলেন,

قال رسول الله صلى الله عليه و سلم (يغزو جيش الكعبة فإذا كانوا ببيداء من الأرض يخسف بأولهم وآخرهم) . قالت قلت يا رسول الله كيف يخسف بأولهم وآخرهم وفيهم أسواقهم ومن ليس منهم ؟ . قال (يخسف بأولهم وآخرهم ثم يبعثون على نياتهم

“রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন, একটি বাহিনি আগ্রাসনের জন্য কা’বার উদ্দেশ্যে আসবে। যখন বাইদা নামক স্থানে এসে পৌঁছবে তাদের প্রথম থেকে শেষ ব্যক্তিটি পর্যন্ত সকলকে মাটির নিচে ধ্বসিয়ে দেয়া হবে। তিনি বলেন, আমি প্রশ্ন করলাম, তাদের প্রথম থেকে শেষ ব্যক্তিটি পর্যন্ত সকলকে কিভাবে ধ্বসিয়ে দেয়া হবে অথচ তাদের মাঝে এমন লোকজনও থাকবে যারা ব্যবসার জন্য এসেছে এবং এমন লোকজন যারা তাদের দলভুক্ত নয়? রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উত্তর দেন, তাদের প্রথম থেকে শেষ ব্যক্তিটি পর্যন্ত সকলকে ধ্বসিয়ে দেয়া হবে, এরপর (কিয়ামতের দিন) তারা আপন নিয়ত অনুযায়ী পুনরুত্থিত হবে।” –সহীহ বুখারি ২০১২

অর্থাৎ একটা বাহিনিতে বিভিন্ন শ্রেণীর লোক থাকে। কিছু লোকের উদ্দেশ্য শুধু ব্যবসা। তারা আগ্রাসনে শরীক নেই। বাহিনির লোকদের কাছে জিনিসপত্র বিক্রি করে লাভ করাই তাদের উদ্দেশ্য। আবার কিছু লোক হয়তো রাস্তার লোক। হয়তো পথ চলতে গিয়ে বাহিনির সাথে এক জায়গায় হয়ে গেছে। আবার কিছু লোককে হয়তো জোরপূর্বক সাথে আনা হয়েছে যারা আগ্রাসনের পক্ষে নয়। আল্লাহ তাআলা সকলকেই ধ্বসিয়ে দেবেন। সাথে থাকার কারণে বা রাস্তায় এক জায়গায় হয়ে যাওয়ার কারণে সকলের উপর আযাব নিপতিত হবে।

 # অন্য হাদিসে আরো সতর্কবাণী এসেছে। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন,

لا تدخلوا مساكن الذين ظلموا أنفسهم إلا أن تكونوا باكين أن يصيبكم مثل ما أصابهم

“যারা নিজেদের উপর জুলুম করেছে (ফলে তাদের উপর আযাব নাযিল হয়েছিল) তোমরা তাদের আবাসভূমিগুলোতে প্রবেশ করবে না। প্রবেশ করতে হলে কাঁদতে কাঁদতে করবে। কেননা, তাদের উপর যে আযাব নাযিল হয়েছিল তোমাদেরকেও সে আযাব পেয়ে বসতে পারে।” –সহীহ বুখারি ৩২০১

তাবুক যুদ্ধে গমনকালে যখন কওমে সামূদের বস্তি দিয়ে অতিক্রম করছিলেন তখন সাহাবায়ে কেরামকে আদেশ দেন, সে বস্তি দ্রুত অতিক্রম করতে এবং বলেন,

لا تدخلوا على هؤلاء المعذبين إلا أن تكونوا باكين فإن لم تكونوا باكين فلا تدخلوا عليهم لا يصيبكم ما أصابهم

“আযাবে পতিত এসব লোকর ভূমিতে প্রবেশ করবে না। করতে হলে কাঁদতে কাঁদতে করবে। যদি কাঁদতে কাঁদতে প্রবেশ করতে না পারো তাহলে প্রবেশ করবে না। যেন তাদের উপর যে আযাব নাযিল হয়েছিল তা তোমাদেরকেও পেয়ে না বসে।” –সহীহ বুখারি ৪২৩

অর্থাৎ আযাবে নিপতিত জালিমদের ভূমি দিয়ে অতিক্রম করাও নিরাপদ নয়। যেকোনো সময় সে আযাব আবার নাযিল হতে পারে।

হাফেয ইবনে হাজার রহ. (৮৫২হি.) বলেন,

ويدل على تعميم العذاب لمن لم ينه عن المنكر وإن لم يتعاطاه قوله تعالى: فلا تقعدوا معهم حتى يخوضوا في حديث غيره انكم إذا مثلهم.
ويستفاد من هذا مشروعية الهرب من الكفار ومن الظلمة لأن الإقامة معهم من إلقاء النفس إلى التهلكة.
هذا إذا لم يعنهم ولم يرض بأفعالهم؛ فإن أعان أو رضي فهو

منهم. ويؤيده أمره صلى الله عليه وسلم بالإسراع في الخروج من ديار ثمود. اهـ فتح الباري 13\61

"গুনাহ করেনি তবে বাধা দেয়নি এদের উপরও যে আযাব আসবে এর দলীল আল্লাহ তাআলার বাণী, 'তোমরা তাদের সাথে বসবে না, যে পর্যন্ত না তারা অন্য কোনো প্রসঙ্গে লিপ্ত হবে। অন্যথায় তোমরাও তাদের মতো হয়ে যাবে'।

এ থেকে কাফের ও জালেমদের থেকে দূরে থাকার বিধান বুঝে আসছে। কারণ, তাদের সাথে সহাবস্থানের অর্থ নিজেকে ধ্বংসের মুখে ঠেলে দেয়া।

এ তো হচ্ছে যখন সে তাদের সহায়তাও করবে না, তাদের কর্মের প্রতি সন্তুষ্টও থাকবে না। পক্ষান্তরে যদি সহায়তা করে বা তাদের প্রতি সন্তুষ্ট থাকে তাহলে তো সে তাদেরই অন্তর্ভুক্ত। কাওমে সামূদের বস্তি থেকে দ্রুত বের হওয়ার যে আদেশ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম (সাহাবাদের দিয়েছিলেন) তা থেকে এর সমর্থন পাওয়া যায়।" –ফাতহুল বারি ১৩/৬১

উপরোক্ত কুরআন ও সুন্নাহর আলোচনা থেকে বুঝা গেল, আযাব যখন আসবে তখন নিম্নোক্ত সকল শ্রেণীর উপরই আসবে:

এক. যারা সরাসরি গুনাহ করেছে।

দুই. যারা নিজেরা গুনাহ করেনি তবে সহায়তা করেছে বা সমর্থন করেছে।

তিন. যারা সামর্থ্য থাকা সত্ত্বেও বাধা দেয়নি।

চার. যারা ইচ্ছায় বা অনিচ্ছায় গুনাহগারদের সাথে ছিল। তাদের থেকে দূরে সরে থাকেনি।

পাঁচ. যারা আযাবে নিপতিতদের ভূমিতে যাবে।

মুহতারাম ভাই, এজন্যই রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কাফেরদের দেশে বসবাসকারীদের সাথে সম্পর্কচ্ছেদের ঘোষণা দিয়ে বলেছেন,

سنن ابي داود: -أنا بريء من كل مسلم يقيم بين أظهر المشركين
2645، قال الشيخ شعيب الأرنؤوط: إسناده صحيح. اهـ

“মুশরিকদের মাঝে অবস্থান করে এমন প্রত্যেক মুসলমান থেকে আমি দায়মুক্ত।” –আবু দাউদ ২৬৪৫

বর্তমান চীন, ইতালি, ফ্রান্সসহ অন্য যেকোনো কাফের রাষ্ট্রে অবস্থানরত মুসলমান ভাইদের একটু ফিকির করা উচিৎ যে, তারা যেকোনো সময় ভয়ানক আযাব গজবের সম্মুখীন হতে পারেন। তখন আফসোস করে কোনো লাভ হবে না।

আল্লাহর দুশমনদের উপর যেসব আযাব গজব আসবে সেগুলোতে আপনাদেরও পড়তে হবে।

বর্তমানে বিদেশে চাকরি করতে পারাটাকে একটা সৌভাগ্যের প্রতীক গণ্য করা হচ্ছে। অথচ উলামায়ে কেরাম পরিষ্কার ফতোয়া দিয়ে রেখেছেন যে, অর্থ উপার্জনের জন্য একান্ত জরুরত না পড়লে কাফের রাষ্ট্রে গমন জায়েয নয়। কারণ, সেগুলোর পরিবেশ ভালো না। আমল আখলাক আর চরিত্র তো পরের কথা ঈমানই নষ্ট হওয়ার সমূহ আশঙ্কা আছে। অধিকন্তু কাফেরদের অধীনস্ত হয়ে চাকুরি করা মুমিনের শান পরিপন্থী। কিন্তু তাগুতের দল এ গোলামিকেই বানিয়েছে সৌভাগ্যের প্রতীক। আর আমরাও এমনই দুনিয়ালোভী হয়ে পড়েছি যে, একেই গ্রহণ করে নিয়েছি। জমিজমা সর্বস্ব বিক্রি করে হলেও বিদেশ যেতে পারাকে জীবনের বড় সফলতা মনে করছি। লা হাওলা ওয়ালা কুওয়াতা ইল্লা বিল্লাহ!

আর কিছু না হোক, অন্তত এতটুকু তো কিছুতেই এড়ানো যাবে না যে, এসব কাফেরের উপর আযাব গজব নাযিল হলে সেসব মুসলমানকেও সে আযাবে নিপতিত হতে হবে। করোনা ভাইরাস নামক গজবের বেলায় আমরা কিছুটা হলেও তা প্রত্যক্ষ করছি। অতএব, সাবধান হে মুমিন, সময়

থাকতে কাফেরদের থেকে দূরে সরে যাও, নতুবা আযাব তোমার উপরও পতিত হবে।

ওয়ামা আলাইনা ইল্লাল বালাগ

১৪.ই’দাদে আসকারি এবং একটি ভুল ধারণা

ই’দাদ ফরয। নামাযের জন্য অজু যেমন জিহাদের জন্য ই’দাদ তেমন। যখন জিহাদ ফরযে কিফায়া তখন ই’দাদও ফরযে কিফায়া। আর যখন জিহাদ ফরযে আইন তখন ই’দাদও ফরযে আইন। তবে এখানে একটা গুরুত্বপূর্ণ বিষয় মনে রাখতে হবে, যেটা না বুঝার কারণে কোনো কোনো ভাই সংশয়ে ভুগেন। এমনকি তানজিমের নাফরমানি পর্যন্ত করে বসেন।

জিহাদ ও ই’দাদ একটি সামষ্টিক ইবাদাত। অর্থাৎ সকলে মিলে কাজগুলো আঞ্জাম দিতে হবে। এমন নয় যে, প্রত্যেককে সব কাজ করতে হবে বা সব কাজের যোগ্যতা হাসিল করতে হবে। আমাদের কাজের গণ্ডি অনেক বড়। বর্তমান জিহাদে অনেক শাখা প্রশাখা। সবগুলোতে একজন মানুষ কাজ করতে পারবে না। সবার মাঝে সব রকমের যোগ্যতা থাকেও না। এজন্য কাজ ভাগ করতে হয়। যেমন ধরুন আইটি, ইলমী, মিডিয়া ও আসকারি চারটি বিভাগ।

একজনের পক্ষে সবগুলো কাজ করা সম্ভব নয়, সবার মাঝে সবগুলো কাজের যোগ্যতাও নেই। তাই ভাগ করতে হয়। কেউ ইলমী, কেউ আইটি, কেউ মিডিয়া আর কেউ আসকারি। প্রয়োজনীয় বিষয়ে একজন আরেকজন থেকে সহায়তা নেবে।

আবার ধরুন আসকারি। এখানেও কিন্তু অনেক বিভাগ। অস্ত্র শস্ত্রও অনেক। সবগুলো বিভাগে সবাই কাজ করতে পারে না। সবাই সব ধরণের অস্ত্রে বিশেষজ্ঞতাও অর্জন করতে পারে না। এজন্য কাজ ভাগ করতে হয়। কেউ বারুদ বিশেষজ্ঞ, কেউ ট্যাংক বিশেষজ্ঞ, কেউ পাইলট ... এভাবে। আবার সাধারণ সৈনিকদেরও সবাই সব অস্ত্র পারবে না। এজন্য গ্রুপ গ্রুপ করতে হয়।

মোটকথা, কাজের শাখাও অনেক, একেক শাখায় আবার উপশাখাও অনেক। সবগুলো একজনের পক্ষে সম্ভব নয়। তাহলে কে কোনটা করবে? এখানে আমরা দু'টো বিষয় ধরতে পারি:

এক. কোন কাজের কতটুকু হাজত।
দুই. কার মাঝে কোন বিষয়ের যোগ্যতা আছে।

স্বাভাবিক এ দু'টি দিক লক্ষ করে আমরা ভাগ করতে পারি।

জিহাদের প্রাথমিক স্তরে ইলমী ও মিডিয়ার কাজের দরকার বেশি। তখন আলেম উলামা ও দাওয়াতি ভাইদের বেশি দরকার পড়ে। এর পরের স্তরে যখন ই'দাদ ও রিবাতের স্তর আসে বা কিতালের স্তর আসে তখন হয়তো আসকারি দরকার বেশি। আসলে লাগে সবগুলোই তবে কম বেশ আছে।

আবার যখন শত্রু এমনভাবে হামলা করে বসেছে যে, সকলে বের না হলে আর প্রতিরোধ করা সম্ভব না, তখন আলেম উলামারা আপাতত ইলমী কাজ বন্ধ রেখে সরাসরি ময়দানে কিতালে শরীক হবেন। এভাবে প্রয়োজন অনুপাতে কাজ ভাগ হয়।

কিন্তু অনেকে বিষয়টা এভাবে চিন্তা না করে তালগুল পাকিয়ে ফেলেন। মনে করেন ই'দাদে আসকারি সকলের উপর ফরযে আইন। তাই তানজিম থেকে অন্য কোনো কাজ দিলে তিনি খুশ দিলে করতে পারেন না। কিংবা উমারাদের নিষেধ অমান্য করে আসকারি শুরু করেন। এর পরিণতিতে অনেক সময় তানজীমের বিপুল ক্ষতিও হতে পারে।

আসল কথা হল, আপনাকে যে কাজ দেয়া হয়েছে সেটা আপনার জন্য ফরয। বাকিগুলো সমষ্টিগতভাবে ফরয। অন্যরা করলে আপনার দায়িত্ব আদায় হয়ে যাবে। আর

আপনাকে যেটা দেয়া হয়েছে সেটা না করে যদি অন্যগুলো নিয়ে টানাটানি করেন তাহলে একেতো তানজিমের নাফরমানির কারণে গোনাহগার হবেন, দ্বিতীয়ত এ কারণে কোনো সমস্যা হলে এর দায়ভারও আপনার উপরই বর্তাবে। এজন্য ভাইদের প্রতি আবেদন, সহীহ করে বিষয়টা বুঝতে চেষ্টা করুন। ই'দাদ ফরযে আইন কথাটা মুতলাক। একটু ভেঙে বিস্তারিত বুঝুন। মুতলাক বিষয়টা ভুল বুঝে ভিন্নপথ ধরে নিজেও গুনাহগার হবেন না, তানজিমকেও মুসিবতে ফেলবেন না। আল্লাহ তাআলা আমাদের সহীহ বুঝ ও সহীহ আমল দান করুন। আমীন।

১৫.ইমামের ডাক এবং একটি হাদিস নিয়ে বিভ্রান্তি

এক হাদিসে এসেছে,

عن ابن عباس رضي الله عنهما: أن النبي صلى الله عليه و سلم قال يوم الفتح: لا هجرة بعد الفتح ولكن جهاد ونية وإذا استنفرتم فانفروا. -صحيح البخاري: 2670

ইবনে আব্বাস রাদি. থেকে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ফাতহে মক্কার দিন ইরশাদ করেন, (মক্কা) বিজয়

হয়ে যাওয়ার পর আর (মক্কা ছেড়ে মদীনায় বা দারুল হরব ছেড়ে দারুল ইসলামে) হিজরতের আবশ্যকীয়তা নেই (যদি দারুল হরবে দ্বীন পালন করা যায়)। তবে জিহাদ (-এর উদ্দেশ্যে) ও (অন্যান্য) নেক (আমলের) নিয়ত (করে হিজরত) বাকি রয়ে গেছে। অতএব, যখন (জিহাদ বা অন্য কোনো নেক উদ্দেশ্যে) বেরিয়ে পড়তে আহ্বান জানানো হয়, বেরিয়ে পড়ো।
-সহীহ বুখারি: ২৬৭০

হাদিসের তরজমায় ব্র্যাকেটের কথাগুলো ফাতহুল বারিসহ অন্যান্য ব্যাখ্যাগ্রন্থ থেকে নেয়া হয়েছে। ১

সামনে এ সম্পর্কে আলোচনা আসছে ইনশাআল্লাহ।

এ হাদিস থেকে সরকারি কিছু আলেম বিভ্রান্তি সৃষ্টির অপচেষ্টা করেছেন যে, জিহাদের জন্য ইমামের আহ্বান লাগবে, নতুবা জিহাদে গেলে নাজায়েয হবে। ফরযে আইন, ফরযে কিফায়া কোনো ক্ষেত্রে তারা কোনো ব্যবধান করেননি। এ ব্যাপারে তালিবুল ইলম ভাই একটি দীর্ঘ পোস্ট দিয়েছেন। আমিও এ সংশয়টি দূর করণার্থে সামান্য একটু অংশ নিচ্ছি ইনশাআল্লাহ।

আহ্বানকারী কে?

হাদিসে وإذا استنفرتم ফে’লটি মাজহুল আনা হয়েছে- ‘যখন বেরিয়ে পড়তে আহ্বান জানানো হয়’। এখন প্রশ্ন: আহ্বান জানাবে কে?

হাদিসে সুনির্দিষ্ট আহ্বানকারীর কথা আসেনি। অতএব, আহ্বানকারী আম। আমরা একে আমই রাখবো। খাস করতে হলে দলীল লাগবে।

আমরা দেখতে পাবো, আহ্বান করার অধিকার প্রথমে রাখে শরীয়ত, দ্বিতীয় পর্যায়ে ইমাম। তবে উভয়ের আদেশে বেশ কম আছে-

শরীয়ত: শরীয়ত সকলের উপর কর্তৃত্ব করার একচ্ছত্র অধিকার রাখে। শরীয়তের আহ্বাবানে সাড়া দেয়া সকলের জন্য জরুরী। শরীয়তের আদেশ হয়ে গেলে অন্য কারও আদেশের অপেক্ষায় থাকার দরকার নেই। আর শরীয়তের আদেশ হয়ে গেলে অন্য কারও এর বিপরীত আদেশ দেয়ার কোনো সুযোগ নেই। দিলেও সেটা মান্য নয়।

ইমাম: ইমামের আহ্বানের অধিকার দ্বিতীয় পর্যায়ে। এটি একচ্ছত্র অধিকার নয়, শরীয়ত প্রদত্ত অধিকার। শরীয়ত বাস্তবায়নের জন্য এ অধিকার। ইমামের ঐ আদেশই কেবল পালনযোগ্য, যা শরীয়তের মুওয়াফিক। অন্যথায় পালনীয় নয়।

পক্ষান্তরে শরীয়তের সকল আদেশ পালনীয়। ব্যতিক্রম করার কোনো অবকাশ নেই।

কিসের আহ্বান?

হাদিসে এটিও পরিষ্কার নেই যে, আহ্বান কিসের প্রতি। যখন সুনির্দিষ্ট কিছু বলা হয়নি, তখন আম রাখতে হবে। খাস করতে হলে দলীল লাগবে। অতএব, আহ্বান জিহাদেরও হতে পারে, অন্য কিছুরও হতে পারে। ২

আর হাদিসের শব্দও এর উপর দালালত করে। হাদিসে বলা হয়েছে, ولكن جهاد ونية। নিয়তের মধ্যে সকল নেক আমলের নিয়ত অন্তর্ভুক্ত। এর মধ্যে জিহাদের নিয়তও অন্তর্ভুক্ত। তবে জিহাদের বিশেষ গুরুত্বের কারণে জিহাদের কথা আলাদা বলা হয়েছে। অতএব, জিহাদের নিয়তে হোক, অন্য কোনো নেক আমলের নিয়তে হোক (যেমন, ফিতনা থেকে বাঁচানোর জন্য কিংবা তলবে ইলমের জন্য), প্রয়োজন পড়লে যে আপন ভূমি ত্যাগ করে মুওয়াফিক ভূমিতে চলে যাওয়ার বিধান বাকি আছে কেয়ামত পর্যন্ত। এরপর বলা হয়েছে, وإذا استنفرتم فانفروا- অর্থাৎ জিহাদ হোক বা অন্য কোনো নেক আমল হোক, প্রয়োজনের সময় যখন আহ্বান আসবে, তখন সেটা অর্জন করার জন্য বেরিয়ে পড়বে। যেমন, ইলম অর্জনের জন্য কিছু

তালিবুল ইলমকে অন্য ভূমিতে পাঠানো আবশ্যক হয়ে পড়লে যাদের ইলম অর্জনের যোগ্যতা আছে, মুসলিমদের প্রয়োজনে, তাদেরকে ভিন্ন ভূমিতে গমন করার আহ্বান জানানো হলে তারা যেনো বেরিয়ে পড়ে।

***

বুঝতে পারলাম, হাদিসে আহ্বানকারীও আম, আহ্বানের বিষয়বস্তুও আম। আহ্বানকারী শরীয়তও হতে পারে, ইমামও হতে পারে। আহ্বানের বিষয় জিহাদও হতে পারে অন্য নেক আমলও হতে পারে। তাহলে হাদিসের অর্থ দাঁড়াবে,

শরীয়ত যখন জিহাদ বা অন্য কোনো নেক আমলের প্রয়োজনের তাগাদায় বের হয়ে পড়ার আদেশ দেবে, তখন গড়িমসি না করে বেরিয়ে পড়বে। তদ্রূপ ইমামুল মুসলিমিনও যখন জিহাদ বা অন্য কোনো নেক আমলের প্রয়োজনের তাগাদায় বের হয়ে পড়ার আদেশ দেবে, তখন গড়িমসি না করে বেরিয়ে পড়বে।

হাদিসের প্রয়োগ

হাদিসের ব্যাখ্যা থেকে বুঝতে পারলাম, শরীয়ত যখন বের হতে আদেশ দেবে, তখন বেরিয়ে পড়তে হবে। জিহাদের আদেশ দিলেও, অন্য কিছুর আদেশ দিলেও। যেমন ধরুন, কোনো এলাকায় কয়েকশো মুসলমান মরে পড়ে আছে। দাফন কাফনের কেউ নেই। তখন শরীয়তের আদেশ, দাফন কাফনের জন্য কিছু লোক বেরিয়ে পড়ো। এখানে বেরিয়ে পড়া আবশ্যক। এমনকি দারুল হরবে হলেও। ইমাম থাকা না থাকা, আদেশ দেয়া না দেয়ার সাথে এর কোনো সম্পর্ক নেই। শরীয়তের পক্ষ থেকে তাগাদা আসার পর আর কারও আদেশের অপেক্ষায় থাকতে হবে না। এমনকি কেউ এর ব্যতিক্রম আদেশ দিলে সেটাও পালন করার মতো থাকবে না।

জিহাদের বেলায় শরীয়তের আদেশ

এখন যদি আমরা তাকাই, দেখতে পাবো, জিহাদের বেলায় শরীয়ত আমাদের দু'রকমের আদেশ দিয়ে রেখেছে,

এক. কাফেররা যদি নিজ দেশে থাকে, মুসলিমদের কোনো ভূমিতে আগ্রাসন না চালায় কিংবা কোনো মুসলিমকে বন্দী না করে, তাহলে কাফেরদের বিরুদ্ধে ইকদামি জিহাদের মাধ্যমে তাদের শক্তি চূর্ণ করে ইসলামি খিলাফাহ প্রতিষ্ঠা করা।

দুই. কাফেররা মুসলিম ভূমিতে আগ্রাসন চালালে কিংবা মুসলিমদের বন্দী করে নিয়ে গেলে ভূমি ও মুসলিমদের উদ্ধারের জন্য কিতাল করা।৩

এ দু’টি আদেশ শরীয়ত দিয়ে রেখেছে। অতএব, এ দু’টি বাস্তবায়ন করতেই হবে। এখানে ভিন্ন কেউ কোনো ব্যতিক্রম আদেশ দিলে তা মানা যাবে না। ***এ কারণে আমরা সালাফে সালিহিন ও ফিকহের কিতাবাদিতে দেখতে পাচ্ছি, ইমাম যদি জিহাদ না করে বা করতে নিষেধ করে, তাহলে ইমামের আদেশ অমান্য করে জিহাদ করতে বলা হয়েছে। কারণ, শরীয়তের আদেশ এসে যাওয়ার পর ইমামের নিষেধের কোনো মূল্য নেই।*** এ প্রসঙ্গে আগে আলোচনা করা হয়েছে। এখন আর সেদিকে যাচ্ছি না।

সরকারি আলেমদের জবাবে

সরকারি আলেমরা যদি বলতে চান, ইমামের আদেশ না হলে জিহাদ করা যাবে না, তাহলে আমাদের প্রশ্ন- অন্য সকল আমলের ক্ষেত্রেও কি একই কথা হবে না? তাহলে শরীয়তের আদেশের কারণে কোনো আমল আমলযোগ্য থাকছে না, যতক্ষণ ইমামের আদেশ না হয়। আপনারা কি তা স্বীকার করছেন?

আর যদি ইমাম না থাকে তাহলে কি করণীয়? তখন কি শরীয়তের কোনো কিছুই আমল করা যাবে না?

ভয়ানক শিরক

সরকারি আলেমদের বক্তব্য অনুযায়ী জিহাদের আমলটি ইমামের অনুমতির উপর নির্ভরশীল, শরীয়তের আদেশ এখানে ধর্তব্য নয়। তাহলে তাদের মতে পালনীয় হচ্ছে ইমাম, শরীয়ত নয়। আমরা দেখেছি, জিহাদের বেলায় এ কথা বলতে হলে বাকি সকল আমলের ব্যাপারেও একই কথা বলতে হবে। তাহলে শরীয়ত সম্পূর্ণ পাওয়ার লেস। সর্বময় কর্তৃত্বের অধিকারী একমাত্র ইমাম। আল্লাহ, রাসূল, শরীয়ত প্রত্যাখ্যান করে ইমামকে একমাত্র মাননীয় গ্রহণ করার চেয়ে বড় শিরক আর কি হতে পারে! এটাই তো সেই ইয়াহুদিদের শিরক, যে কারণে আল্লাহ তাআলা এদের শাসক শাসিত সকলকে মুশরিক বলেছেন। ঠিক একই শিরকে লিপ্ত যামানার তাগুত শাসকরা। আপনারা –ওহে সরকারি পোষা আলেমরা- সেই শাসকদেরকেই রব হিসেবে গ্রহণ করছেন। তাহলে কি আপনারা সেই শিরকের দরজাই খোলছেন? সেই শিরকের দাওয়াতই দিচ্ছেন? তাওহিদ আর সুন্নাহর জিগিরের আড়ালে এটাই আপনাদের মিশন?

***

د

قَوْلُهُ وَلَكِنْ جِهَادٌ وَنِيَّةٌ قَالَ الطِّيبِيُّ وَغَيْرُهُ هَذَا الِاسْتِدْرَاكُ يَقْتَضِي مُخَالَفَةَ حُكْمِ مَا بَعْدَهُ لِمَا قَبْلَهُ وَالْمَعْنَى أَنَّ الْهِجْرَةَ الَّتِي هِيَ مُفَارَقَةُ الْوَطَنِ الَّتِي كَانَتْ مَطْلُوبَةً عَلَى الْأَعْيَانِ إِلَى الْمَدِينَةِ انْقَطَعَتْ إِلَّا أَنَّ الْمُفَارَقَةَ بِسَبَبِ الْجِهَادِ بَاقِيَةٌ وَكَذَلِكَ الْمُفَارَقَةُ بِسَبَبِ نِيَّةٍ صَالِحَةٍ كَالْفِرَارِ مِنْ دَارِ الْكُفْرِ وَالْخُرُوجِ فِي طَلَبِ الْعِلْمِ وَالْفِرَارِ بِالدِّينِ مِنَ الْفِتَنِ وَالنِّيَّةِ فِي جَمِيعِ ذَلِكَ قَوْلُهُ وَإِذَا اسْتُنْفِرْتُمْ فَانْفِرُوا قَالَ النَّوَوِيُّ يُرِيد أَن الْخَيْر الَّذِي انْقَطَعَ بِانْقِطَاعِ الْهِجْرَةِ يُمْكِنُ تَحْصِيلُهُ بِالْجِهَادِ وَالنِّيَّةِ الصَّالِحَةِ وَإِذَا أَمَرَكُمُ الْإِمَامُ بِالْخُرُوجِ إِلَى الْجِهَادِ وَنَحْوِهِ مِنَ الْأَعْمَالِ الصَّالِحَةِ فَاخْرُجُوا إِلَيْهِ. -فتح الباري لابن حجر (6/ 39)

ح

أقول: وقد خص الاستنفار بالجهاد، ويمكن أن يحمل علي العموم أيضا أي إذا استنفرتم إلي الجهاد فانفرا، وإذا استنفرتم إلي طلب العلم وشبهه فانفروا؛ قال تعالي: { فَلَوْلا نَفَرَ مِن كُلِّ فِرْقَةٍ مِّنْهُمْ طَائِفَةٌ لِّيَتَفَقَّهُوا فِي الدِّينِ ولِيُنذِرُوا قَوْمَهُمْ} أي هلا نفروا حين استنفروا. -شرح المشكاة للطيبي الكاشف عن حقائق السنن (8/ 2643)

ى

وإذا استنفرتم) : بصيغة المجهول (فانفروا) : بكسر الفاء ; أي: (إذا استخرجتم بالنفير العام فاخرجوا، فالأمر على فرض العين، أو إذا دعيتم إلى قتال العدو فانطلقوا، فالأمر على فرض الكفاية. - مرقاة المفاتيح شرح مشكاة المصابيح(6/ 2473)

১৬.ইমারতে ইসলামিয়ার ভবিষ্যত: মোল্লা খায়রখাহ –র সাক্ষাতকার

২৯শে ফেব্রুয়ারি আমেরিকার সাথে দোহা চুক্তির পর (ইসলামি ইমারতের ভবিষ্যত নিয়ে) আলজাযিরা টিভি চ্যানেল মোল্লা খায়রুল্লাহ খায়রখাহ -এর একটি তাফসিলি ইন্টারভিও নেয়। তালেবানদের অফিসিয়াল উর্দু সাময়িকি **'মাসিক শরীয়ত'** জুলাই ২০২০ইং (মোতাবেক জিলদক ১৪৪১হি.) সংখ্যায় সেটি প্রকাশ হয়। ইন্টারভিওটিতে অনেক গুরুত্বপূর্ণ তথ্য আছে। পড়ার সময় মনে হলো সারসংক্ষে লিখে ফেলি। অনেকের উপকার হবে। এ হিসেবেই এ লেখাটি। সুওয়াল জওয়াব হুবহু অনুবাদ নয়। নিজের ভাষায় সারসংক্ষেপ। বিস্তারিত শরীয়ত সংখ্যায় পাবেন।

মোল্লা খায়রুল্লাহ খায়রখাহ –এর পরিচয়
তিনি তালেবানদের প্রতিষ্ঠাতা-সদস্যদের অন্যতম। তালেবান শাসনামলে প্রথমে স্বরাষ্ট্রমন্ত্রী ছিলেন। শেষ দু বছর হেরাতের গভর্নর ছিলেন। আমেরিকান আগ্রাসনের সময় গ্রেফতার হন। ১৩ বছর গোয়ান্তানামুতে বন্দী জীবনের পর তালেবানদের হাতে আটক হওয়া আমেরিকান এক জেনারেলের সাথে বন্দী বিনিময়ের মাধ্যমে ২০১৪ সালে তাকে মুক্ত করা হয়। তিনি দোহা আলোচনা কমিটির সদস্য ছিলেন।

ইন্টারভিও (সারসংক্ষেপ)

আলজাযিরা: কাবুল প্রশাসন বলছে, আপনারা কাবুল সেনাদের উপর আরও জোরদার হামলা করছেন। যদি শান্তিই আপনাদের উদ্দেশ্য তাহলে হামলা করছেন কেন?

মোল্লা খায়রুল্লাহ: হামলার জন্য তারাই দায়ী। তারা তালেবান নিয়ন্ত্রিত এলাকাগুলোতে চৌকি বানাতে আসে। তখন হামলা না করে উপায় কি?

তাছাড়া কাবুল প্রশাসনের সাথে যুদ্ধ বিরতির কোনো কথা হয়নি। চুক্তি হয়েছে আমেরিকার সাথে। তারা আমাদের উপর হামলা করবে না আমরা তাদের উপর হামরা করবো না। কাবুল পুতুল সেনাদের উপর হামলা হবে না এমন কোনো চুক্তি হয়নি। এতদসত্ত্বেও আমরা শহরগুলোতে এবং তাদের

বড় সেনা ক্যাম্পগুলোতে হামলা করছি না।

আলজাযিরা: আপনারা কি মনে করছেন অচিরেই আফগান শান্তি আলোচনা শুরু হবে?

মোল্লা খায়রুল্লাহ: জি, হ্যাঁ। এমনটাই আশা করছি।

আলজাযিরা: কিন্তু আপনারা তো কাবুল প্রশাসনকে স্বীকৃতিই দেন না। একে অপরকে হত্যা করতে প্রস্তুত। তাহলে শান্তি আলোচনা কিভাবে হবে?

মোল্লা খায়রুল্লাহ: শান্তি আলোচনা কাবুল প্রশাসনের সাথে হবে এমনটাতো আমরা বলিনি। আমেরিকার সাথে চুক্তিতে কথা হয়েছে আমরা আফগান জনগণের সাথে আলোচনা করবো। কাবুল প্রশাসনের সাথে আলোচনা হবে তা তো চুক্তিতে বলা হয়নি। আমরা আফগানের প্রতিটি নাগরিকের সাথে আলোচনায় বসতে সম্মত। এটাই আমরা বলেছি। কাবুল প্রশাসনকে তো আমরা একটা বৈধ রাজনৈতিক দল হিসেবেও স্বীকৃতি দেই না যে, তাদের সাথে আলোচনায় যাব। চুক্তিতে পাঁচ হাজার মুজাহিদ মুক্তির শর্ত এজন্যই লাগানো হয়েছিল যে, কাবুল প্রশাসনকে আমরা বিশ্বাস করতে পারি না। তবে যদি তারা শর্তমতো পাঁচ হাজার তালেবানকে মুক্তি দিয়ে দেয় তাহলে কিছুটা বিশ্বাস জন্মাবে। এজন্যই বন্দী মুক্তির শর্তটি

করা হয়েছে।

অধিকন্তু শর্তটি তো কাবুল প্রশাসনের সাথে করা হয়নি। করা হয়েছে আমেরিকার সাথে। আমরা কখনই কাবুল প্রশাসনের কাছে বন্দী মুক্তি তলব করবো না। আমেরিকা কাবুল প্রশাসনকে আদেশ দেবে আর কাবুল প্রশাসন আমাদের বন্দীদের মুক্তি দেবে। আমরা কাবুল প্রশাসনের কাছে তলব করবো না।

আলজাযিরা: আমেরিকা চলে যাওয়ার পর কি হবে?

মোল্লা খায়রুল্লাহ: আমরা আলোচনার মাধ্যমে শান্তি ফিরিয়ে আনতে চাই। আফগান চল্লিশ বছর যাবত যুদ্ধে জড়িয়ে আছে। এ ভূমিতে শক্তির জোরে কখনও সমাধান হয়নি। তাই আলোচনা দরকার। আমরা সারা আফগানবাসীর সাথে আলোচনায় বসবো। আফগানের একটা অংশ হিসেবে কাবুল প্রশাসনও আলোচনায় শরীক থাকবে। সকলের পরামর্শক্রমে যে হুকুমত প্রতিষ্ঠা হবে তাই হবে একটি কামিয়াব হুকুমত। শক্তির জোরে ক্ষমতা দখল করে আফগান ভূমিতে কখনও সমাধান আনা সম্ভব নয়।

আলজাযিরা: বলা হচ্ছে, আমেরিকান সৈন্যদের হত্যার বদলায় তালেবান রাশিয়া থেকে অর্থ নিয়েছে। এটি কতটুকু সঠিক?

মোল্লাখায়রুল্লাহ: এটি সম্পূর্ণ ভিত্তিহীন কথা। আমরা তদন্ত করে দেখেছি যে, এটি কাবুল প্রশাসানের গোয়েন্দা বিভাগের কাজ। এরা বন্দীদের উপর নির্যাতন করে স্বীকার করতে বাধ্য করেছে যে, তারা আমেরিকান সৈন্যদের হত্যার বিনিময়ে রাশিয়া থেকে অর্থ পাচ্ছে। এরপর একটি রিপোর্ট তৈরি করে মিডিয়ায় প্রচার করেছে। কেউ প্রমাণ করতে পারবে না যে, তালেবান রাশিয়া থেকে অর্থ বা সামরিক সহায়তা নিয়েছে। কাবুল চাচ্ছে বিদেশি সৈন্যরা আফগান ছেড়ে না যাক। এজন্যই তারা প্রোপাগাণ্ডা ছড়াচ্ছে যে, আমেরিকা চলে গেলে আফগানে রাশিয়া প্রভাব বিস্তার করবে।

আলজাযিরা: আফগানের কত ভাগ এলাকা আপনাদের দখলে? সেখানকার অবস্থা কেমন?

মোল্লাখায়রুল্লাহ: মোটামুটি সত্তর ভাগ এলাকা তালেবানের দখলে। এখানকার অবস্থা আলহামদুলিল্লাহ অনেক ভাল। আদালত ব্যবস্থা কায়েম আছে। কাবুল প্রশাসন নিয়ন্ত্রিত এলাকাগুলো থেকে পর্যন্ত লোকজন আমাদের এখানে মামলা নিয়ে আসে। কারণ, এখানে ঘুষ চলে না। বিচারও হয়ে যায় তাড়াতাড়ি। বিনা কারণে অনর্থক দেরি করা হয় না। অবশ্য আমাদের একটা দুর্বলতা যে, আমরা এখন অর্থ সংকটে আছি। অধিকাংশ এনজিও, ট্রাস্ট কাবুলকে সহায়তা দেয়, আমাদের

দেয় না। তবে আমরা আল্লাহ তাআলার কাছে আশাবাদি যে, অচিরেই এ সংকট দূর হয়ে যাবে। তালেবান শাসন কায়েম হয়ে যাওয়ার পর উন্নতি হবে। আফগানবাসী শান্তিতে জীবন যাপন করতে পারবে।

আলজাযিরা: পশ্চিমা রাষ্ট্রগুলো বলছে যে, তালেবান ক্ষমতায় আসলে আফগানের উন্নতি বলতে কিছু থাকবে না। নারী অধিকার, নারী স্বাধীনতা কিছু থাকবে না।

মোল্লা খায়রুল্লাহ: তালেবানরা প্রথমে যখন ক্ষমতায় ছিল তখনও আফগানে উন্নতি হয়েছিল। যদিও যুদ্ধাবস্থা বিরাজ করছিল তথাপি যথেষ্ট উন্নতি ছিল এবং নজির বিহিন শান্তি কায়েম ছিল। নারীদের শিক্ষা দীক্ষারও সুব্যবস্থা ছিল। অবশ্য আমরা খুব বেশি এগুবার সুযোগ পাইনি সেটা ভিন্ন কথা।

আর নারী অধিকারের ব্যাপারে আমরা যথেষ্ট স্বোচ্চার। নারী জাতি বড়ই মজলুম। গোটা তালেবান শাসনামলে অল্প দুয়েকটি ছাড়া নারী নির্যাতনের কোনো ঘটনা ছিল না। অথচ আজ কাবুল প্রশাসনে অহর্নিশি নারী নির্যাতিত হচ্ছে। আমেরিকা নারী অধিকারের বুলি আওড়াচ্ছে তো এগুলোর কোনো প্রতিকার নেই কেন? আমরা ইসলামের গণ্ডির ভিতরে থেকে নারীদের শিক্ষা দীক্ষা ও উন্নতির ফিকির করছি। কিন্তু কিছু মহিলা আছে ইউরোপ আমেরিকার মতো চলতে চায়। এটা তো

কিছুতেই হতে দেয়া যায় না।

আলজাযিরা: আলকায়েদা ও অন্যান্য জঙ্গি সংগঠন এক সময় আফগানে ছিল এবং সেখানে তাদের গোপন আস্তানা ছিল। কি নিশ্চয়তা আছে যে, তালেবান শাসন প্রতিষ্ঠার পর আবার আফগান তাদের অভয়ারণ্য হবে না?

মোল্লা খায়রুল্লাহ: আসলে তালেবান শাসন প্রতিষ্ঠার আগেই রাশিয়ার বিরুদ্ধে জিহাদে তারা আফগানে এসেছিলেন। তালেবান শাসন প্রতিষ্ঠার পর আস্তে আস্তে নিজ নিজ দেশ ও অন্যান্য রাষ্ট্রে চলে যান। আফগান জিহাদে তখন তাদের প্রয়োজনও ছিল। এখন তো তালেবানরা যথেষ্ট শক্তিশালী। সব কিছু তাদের কঠোর নিয়ন্ত্রণে। বাহিরের লোকজনের দরকার নেই। আর আমরা এখন চুক্তিও করেছি যে, আমাদের ভূমি কারো বিরুদ্ধে ব্যবহার করতে দেয়া হবে না। আর তারা জানেন যে, আমরা চুক্তি রক্ষায় কঠোর। তাই আশাকরি এখন তারা আর এ উদ্দেশ্যে এখানে আসবেন না। এ উদ্দেশ্যে কেউ আসতে চাইলে অনুমতি দেয়া হবে না।

(এ প্রসঙ্গটি ইনশাআল্লাহ আমি একটি স্বতন্ত্র পোস্টে আলোচনা করবো। আশাকরি তখন এ শর্তের মূল মাকসাদ এবং শরয়ী দৃষ্টিকোণ থেকে বৈধতা পরিষ্কার হবে। আর

তালেবানরা পরিষ্কার বলেছে, সকল শর্ত শরীয়তের প্রতি লক্ষ রেখেই করা হয়েছে।)

আলজাযিরা: আফগানে কিছু কিছু অমানবিক হামলা হয়েছে। যেমন হাসপাতালে হামলা, উলামাদের টার্গেটকিলিং। বলা হয় এগুলো তালেবান করেছে। এগুলোর ব্যাপারে কি বলেন?

মোল্লা খায়রুল্লাহ: এগুলো কাবুল গোয়েন্দা সংস্থার কাজ। জনগণের কাছে তালেবানদের বদনাম করার জন্য তারা এসব অমানবিক কাজ করেছে। কিন্তু তাদের প্রচেষ্টা মাঠে মারা গেছে। জনগণ জানে যে, তালেবান মুসলমান। জাতির প্রতি দরদি। তারা এগুলো করেনি। কোনো কোনো আলেম তো বড় বড় মজলিসে প্রকাশ্যেই বলেছেন যে, এগুলো কাবুল প্রশাসনের কাজ।

আলজাযিরা: সর্বশেষ প্রশ্ন, তালেবান শাসন পতন হয়েছে বিশ বছর হলো। এতদিনে তো আফগানের মানুষ অনেক বদলে গেছে। চিন্তাধারা পাল্টে গেছে। এখন নতুন তালেবান শাসনে তাদের উন্নতি এবং স্বাধীনতা কেমন হবে?

মোল্লা খায়রুল্লাহ: হ্যাঁ, মানুষ অনেক বদলে গেছে। ব্যাপকভাবেই বদলে গেছে। এটা আমাদেরও ফিকির আছে। তবে আমরা সবসময় জাতির তারাক্কি-উন্নতির জন্য নিবেদিত। আমরা আমাদের জাতিকে একটি উন্নত জাতি হিসেবে দেখতে

চাই। আমাদের প্রতিটি পদক্ষেপ জাতির উন্নতিকল্পে হবে। জাতি চল্লিশ বছর যাবৎ দুঃখ কষ্টে জর্জরিত। আমরা তাদের আরও কষ্ট দিতে চাই না।

আর ইসলামী গণ্ডির ভেতর থেকে যতটুকু স্বাধীনতা দেয়া যায় তার সর্বোচ্চটুকু আমরা দেবো। এ ধরনের স্বাধীনতার আমরা কখনই বিরোধী নই।

১৭.ইরতিদাদের সয়লাব এবং রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের একটি হাদিস!

ইমাম হাকেম রহ. (মৃত্যু: ৪০৫ হি.) মুস্তাদরাকে হাকেমের কিতাবুল ফিতানে একটা হাদিস বর্ণনা করেছেন। হাদিসটি হলো-

عن أبي هريرة - رضي الله عنه - ، قال : تلا رسول الله - صلى الله عليه وآله وسلم - : إذا جاء نصر الله والفتح ورأيت الناس يدخلون في دين الله أفواجا فقال رسول الله - صلى الله عليه وآله وسلم - : " ليخرجن منه أفواجا كما دخلوا فيه أفواجا "

[হযরত আবু হুরায়রা রাদি. থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এই আয়াতদ্বয়

তিলাওয়াত করলেন-

{إذا جاء نصر الله والفتح ورأيت الناس يدخلون في دين الله أفواجا}

‘যখন আল্লাহর সাহায্য ও বিজয় আসবে এবং আপনি মানুষকে দেখবেন দলে দলে আল্লাহর দ্বীনে প্রবেশ করছে’। (নাসর: ১-২)

তারপর বললেন,

ليخرجن منه أفواجا كما دخلوا فيه أفواجا

‘দলে দলে যেমন তাতে প্রবেশ করেছে, তেমনি দলে দলে তার থেকে বের হয়ে যাবে।’]

ইমাম যাহাবী রহ. (মৃত্যু: ৭৪৮হি.) হাদিসটিকে সহীহ বলেছেন।

ফাতহে মক্কার পর দলে দলে মানুষ ইসলাম গ্রহণ করে মুসলমান হয়েছে। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ভবিষ্যদ্বাণী করে গেছেন, আজ যেমন দলে দলে মানুষ ইসলাম গ্রহণ করছে, আখেরি যামানায় ঠিক তেমনি ইসলাম ত্যাগ করে মুরতাদ হয়ে যাওয়ার হিড়িক পড়বে। দলে দলে মুসলমান নামধারীরা ইসলাম ত্যাগ করে মুরতাদ হয়ে পড়বে।

এ হাদীস থেকে বুঝা গেল, আখেরী যামানায় ইরতিদাদ শুধু ব্যক্তি বিশেষের থেকে হবে না, বরং দলে দলে হবে, যেমন ফাতহে মক্কার পর একেকটা গোত্র এসে মুসলমান হয়েছে।

বাস্তব দুনিয়াতে আমরা এমনই দেখছি। খেলাফত যতদিন ছিল, ততদিন এত ব্যাপক হারে দেশ, গোত্র ও জেনারেশনভিত্তিক ইরতিদাদ ছিল না। কিন্তু আজ যেন গোটা জাতিই ইরতিদাদের দিকে চলে গেছে। শাসক শ্রেণী তো অনেক আগেই মুরতাদ হয়ে গেছে। আর নাস্তিকতাপূর্ণ শিক্ষা-ব্যবস্থার কারণে আজ এমন এক প্রজন্ম তৈরি হচ্ছে, যারা ঈমান-ইসলাম বুঝা তো দূরের কথা, বরং পরিপূর্ণ ইসলাম-বিদ্বেষের উপরই বড় হচ্ছে। মুসলমান পরিবারে জন্ম নিয়েছে শুধু এতটুকুই, নতুবা তারা আসলে ছোট বেলা থেকে কাফের অবস্থাতেই বড় হচ্ছে। এভাবে একটা মুরতাদ জেনারেশন তৈরি হচ্ছে। এগুলো আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের হাদিসের ভবিষ্যদ্বাণীরই বাস্তবায়ন। আল্লাহ তাআলা আমাদের এবং আমাদের আহলে আওলাদদের হেফাজত করুন।

কিন্তু দুঃজনক, আজ আমাদের আলেম সমাজের অবস্থা এমন যে, তারা যেন মনে করেন, দুনিয়াতে ইরতিদাদ বলে কিছু নেই। হয়তো দু'চার জন মুরতাদ হতে পারে। দলে দলে হওয়ার তো প্রশ্নই নেই। তারা কি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের হাদিসগুলোর দিকে তাকান না?

আজ আমরা যখন শাসকদের মুরতাদ বলি, তখন তারা

একেবারে ক্ষেপে যান। “তোমরা কি সবাইকে কাফের বানিয়ে ফেলতে চাচ্ছো?”... ইত্যাদি ইত্যাদি। অথচ সকলেই অবগত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের ওফাতের কিছু দিনের মধ্যেই আরবের লোকেরা দলে দলে মুরতাদ হয়ে গিয়েছিল। হযরত আবু বকর রাদিয়াল্লাহু আনহু মুহাজির ও আনসার সাহাবায়ে কেরামকে সাথে নিয়ে এদের বিরুদ্ধে জিহাদ করেছেন। যদি সাহাবাদের (রাদিয়াল্লাহু আনহুম) যামানাতেই এই হয় অবস্থা, তাহলে আজ যেখানে একশো বছর যাবৎ খেলাফত নেই, তখন অবস্থা কতটুকু ভয়াবহ হতে পারে!! হে আল্লাহ তুমি আমাদের বুঝার তাওফীক দান কর! আমীন!

১৮.ইসলামে খলিফা নির্বাচনের ত্বরীকা- একটি সংশয় ও নিরসন!

এক ভাই পোস্ট দিয়েছেন, *ইসলামে খলিফা নির্বাচনের পদ্ধতি নিয়ে এক জনের সংশয় দেখা দিয়েছে। তার কাছে মনে হচ্ছে- আবু বকর রাদিয়াল্লাহু আনহুকে কোন শূরা ছাড়াই নির্বাচন করা হয়েছে। আর উমর রাদিয়াল্লাহু আনহুকে আবু বকর রাদিয়াল্লাহু আনহু নিজেই নির্বাচন করে গিয়েছেন, যা স্বৈরতন্ত্রের মতো দেখাচ্ছে।*

এই সংশয় নিরসন কল্পেই আমার এ লেখা।

ইসলামে খলিফা নির্বাচনের ত্বরীকা

ইসলামে খলিফা নির্বাচনের ত্বরীকা কি? এক কথায় এর উত্তর দিতে গেলে বলতে হবে- (উম্মাহর রেজা তথা সন্তুষ্টি)। উম্মাহ যাকে খলিফা নির্ধারণ করে নেবে তিনিই খলিফা হবেন, অন্য কেউ নন। তবে উম্মাহর পক্ষ থেকে খলিফা নির্বাচনের এই দায়িত্ব পালন করবেন উম্মাহর ‘আহলে হল্ ওয়াল আকদ’ ব্যক্তিগণ। ‘আহলে হল্ ওয়াল আকদ’ হচ্ছেন- উম্মাহর ঐসকল আলেম উলামা, আমীর-উমারা, গভর্নর, সৈন্যপ্রধান এবং অন্যান্য বিশিষ্ট ও গণ্য-মান্য ব্যক্তিবর্গ, যাদেরকে উম্মাহ মেনে চলে। যাদের সন্তুষ্টি উম্মাহর সন্তুষ্টি বলে গণ্য হয়। যারা কাউকে খলিফা হিসেবে বাইয়াত দিলে উম্মাহর সকলে কিংবা অধিকাংশ ব্যক্তি তাকে খলিফা হিসেবে মেনে নেবে। যারা কাউকে খলিফা হিসেবে বাইয়াত দিলে উক্ত খলিফার এ পরিমাণ সমর্থক হয়ে যাবে এবং এ পরিমাণ শক্তি-সামর্থ্য অর্জন হয়ে যাবে যে, তখন উম্মাহর কোন একটা অংশ খলিফার বিরোধিতায় চলে গেলেও তারা খলিফাকে ক্ষমতা থেকে অপসারণ করতে সমর্থ্য হবে না।

মোটকথা- খলিফা হওয়ার জন্য এ পরিমাণ শক্তি সামর্থ্য লাগবে যে, তিনি তার বিরোধিদের দমন করতে পারবেন, হুদুদ-কেসাস কায়েম করতে পারবেন, চোর-ডাকাত-সন্ত্রাসী ইত্যাদি বিশৃখলা ও নাশকতাকারীদের দমন করতে পারবেন,

লোকদের মাঝে শরীয়তের বিধান কায়েম করতে পারবেন, কাফেরদের বিরুদ্ধে জিহাদ করতে পারবেন; যারা সন্তুষ্ট চিত্তে শরীয়ত মানতে প্রস্তুত নয় তাদেরকে শক্তি ও বল প্রয়োগে জোরপূর্বক শরীয়ত মানতে বাধ্য করতে পারবেন। খলিফা হওয়ার জন্য এ পরিমাণ শক্তি-সামর্থ্য, সমর্থক ও সৈন্যবাহিনী আবশ্যক। আর এই পরিমাণ সমর্থক, সামর্থ্য ও সৈন্যবাহিনী উম্মাহর যে সকল বিশিষ্ট ব্যক্তিবর্গের বাইয়াতের দ্বারা অর্জন হবে- তারাই হলেন আহলে হল ও ওয়াল আকদ।

সাধারণভাবে বলতে গেলে এঁরা উম্মাহর- নেতৃত্বস্থানীয় আলেম উলামা, আমীর-উমারা, গভর্নর, সেনাপ্রধান এবং সমাজের নেতৃত্বস্থানীয় ও গণ্য-মান্য ব্যক্তিবর্গ যাদেরকে উম্মাহ মেনে চলে এবং তারা যে সিদ্ধান্ত দেন উম্মাহ তা মেনে নেয়।

বি.দ্র.

শুধু মুত্তাকী, পরহেযগার, বিশিষ্ট ও স্বনামধন্য আলেম হলেই বা গণ্য মান্য কেউ হলেই আহলে হল ওয়াল আকদের মধ্যে গণ্য হয়ে যাবেন না। আহলে হল ওয়াল আকদ হওয়ার জন্য এই বৈশিষ্ট্যটি অত্যাবশ্যক যে, উম্মাহ তার কথা মেনে চলে। তিনি যে সিদ্ধান্ত দেবেন সমাজের লোক তা মেনে নেবে। তার বাইয়াতের দ্বারা বাইয়াতকৃত ব্যক্তির শক্তি ও ক্ষমতা প্রতিষ্ঠিত হবে।

এ রকম না হলে আহলে হল ওয়াল আকদ হবেন না।

যদি এমন কতক ব্যক্তি বাইয়াত দেয়, যাদের বাইয়াতের দ্বারা বাইকৃত ব্যক্তির উল্লিখিত পরিমাণ সামর্থ্য ও সমর্থক সৃষ্টি হয়নি, তাহলে উক্ত ব্যক্তি খলিফা হবে না।

দ্বিতীয়ত: আহলে হল ওয়াল আকদ ব্যক্তিবর্গের পরস্পরে মতবিরোধ দেখা দিলে তখন তাদের অধিকাংশ যাকে বাইয়াত দেবেন তিনিই খলিফা হবেন। বাকি সংখ্যক বিরোধিদের বিরোধিতার কারণে খলিফা হওয়াতে কোন সমস্যা হবে না। কেননা, তাদের অধিকাংশের বাইয়াতের দ্বারা এ পরিমাণ শক্তি সামর্থ্য অর্জন হয়ে যাবে যে, বাকিদের বিরোধিতায় তার ক্ষমতার মধ্যে কোন প্রভাব পড়বে না।

শূরা আবশ্যক

আহলে হল ওয়াল আকদ ব্যক্তিবর্গের অবশ্য কর্তব্য- কাউকে বাইয়াত দেয়ার আগে অন্যান্য আহলে হল ওয়াল আকদ ব্যক্তিদের সাথে পরামর্শ করে নেয়া। পরামর্শের পর তাদের সকলে কিংবা অধিকাংশ যাকে বাইয়াত দেবেন তিনিই খলিফা হবেন। পরামর্শ ব্যতীত শুধু স্বল্পসংখ্যক ব্যক্তি মিলে কাউকে বাইয়াত দেয়া জায়েয নয়। যদি কেউ এ ধরণের বাইয়াত দেয়, তাহলে শরীয়তে এই বাইয়াতের কোন মূল্য নেই। এ বাইয়াতের দ্বারা কেউ খলিফা হবে না, বরং বাইয়াত দেয়ার কারণে তাদেরকে শাস্তির সম্মুখিন করা হবে। বিশেষ পরিস্থিতি

হলে তাদেরকে হত্যা পর্যন্ত করার বিধান আছে।

খলিফার অসিয়ত

বর্তমান খলিফা যদি তার পর কে খলিফা হবে- তার নাম ঘোষণা করে যান, তাহলে তার এ ঘোষণা একটা প্রস্তাবরূপে গৃহীত হবে। পরবর্তীতে উম্মাহ উক্ত ঘোষিত ব্যক্তিকে বাইয়াত দিলে তিনি খলিফা হবেন, অন্যথায় নয়।

উপরোক্ত আলোচনার দ্বারা আমার তিনটি বিষয় পরিষ্কার করা উদ্দেশ্য-

১. খলিফা নির্বাচন করবেন উম্মাহর আহলে হল ওয়াল আকদ ব্যক্তিবর্গ। সাধারণ ব্যক্তিদের রায় এখানে ধর্তব্য নয়।

২. আহলে হল্ ওয়াল আকদের জন্য আবশ্যক-বাইয়াতের আগে পরামর্শ করে নেয়া। পরামর্শ ব্যতীত কাউকে বাইয়াত দেয়া জায়েয নয় এবং এ বাইয়াতের কোন মূল্য নেই।

৩. খলিফার অসিয়ত একটা প্রস্তাবের মর্যাদার উর্ধ্বে কিছু নয়।

***

সংশয়

উপরোক্ত আলোচনাটি আমি করেছি ভাইয়ের প্রশ্নের উত্তর দেয়ার জন্য। ভাইয়ের প্রশ্ন আবু বকর রাদিয়াল্লাহু আনহু এবং

উমর রাদিয়াল্লাহু আনহু উভয়কে ঘিরে। বাহ্যিক দৃষ্টিতে উভয়ের নির্বাচন পদ্ধতিটাই ঝামেলা মনে হচ্ছে । কারণ- আবু বকর রাদিয়াল্লাহু আনহুকে ব্যাপক পরামর্শের ভিত্তিতে বাইয়াত দেয়া হয়নি। বরং তখন সাক্বিফায়ে বনি সায়িদাতে যে সকল সাহাবী রাদিয়াল্লাহু আনহুম উপস্থিত ছিলেন তারাই তাঁকে বাইয়াত দিয়েছেন প্রথমত। বাকি সাহাবী ও অন্যান্য মুসলমানের সাথে পরামর্শ করে তারপর বাইয়াত দেয়া হয়নি। কাজেই এখানে আপত্তি আসছে- শূরা ছাড়াই তাঁকে খলিফা নির্বাচন করা হল।

আর হযরত উমর রাদিয়াল্লাহু আনহুকে স্বয়ং আবু বকর রাদিয়াল্লাহু আনহু তাঁর ওফাতের পূর্বে নির্বাচন করে গেছেন। এখানে আপত্তি আসছে যে, তা স্বৈরতন্ত্রের মত হয়ে গেল।

উত্তর:

আসলে পূর্ণ ইতিহাস না জানা থাকার কারণে আপত্তি সৃষ্টি হয়েছে। উভয়ের নির্বাচনের বিস্তারিত ইতিহাস জানা থাকলে আর আপত্তি হতো না। আমি সংক্ষেপে বিষয়টা বুঝাতে চেষ্টা করছি ইনশাআল্লাহ-

আবু বকর রাদিয়াল্লাহু আনহুর বাইয়াত

সাহাবায়ে কেরামের কাছে সুস্পষ্ট ও স্বীকৃত ছিল- রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের ওফাতের পর আবু বকর

রাদিয়াল্লাহু আনহু খলিফা হবেন। তা বিভিন্ন কারণে:
- রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কাছে আবু বকর রাদিয়াল্লাহু আনহুর বিশেষ মর্যাদা ও শ্রেষ্ঠত্ব।
- বিভিন্ন হাদিসের সুস্পষ্ট ভাষ্য যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের পর আবু বকর রাদিয়াল্লাহু আনহু খলিফা হবেন।
- বিভিন্ন হাদিসের ইশারা।
- রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের ওফাতের পূর্বে আবু বকর রাদিয়াল্লাহু আনহুকে দিয়ে নামাযের ইমামতি করানো।
- নবীগণের পর সর্বশ্রেষ্ঠ ব্যক্তি আবু বকর রাদিয়াল্লাহু আনহু।

এসব কারণে সাহাবায়ে কেরামের নিকট স্পষ্ট ছিল, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের ওফাতের পর আবু বকর রাদিয়াল্লাহ আনহু খলিফা হবেন। কাজেই তারা তাকে খলিফা হিসেবে মেনে নিতে মানসকিভাবে আগে থেকে প্রস্তুত হয়েই ছিলেন।

রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের ওফাতের পর আনসারী সাহাবীগণ সাক্বিফায়ে বনি সায়িদাতে জড়ো পরামর্শের জন্য যে, এখন আমীর কে হবেন? খবর পেয়ে মুহাজির সাহাবাগণও সেখানে উপস্থিত হন।

আনসারী সাহাবীদের জানা ছিল না যে, উম্মাহর খলিফা

একাধিক হতে পারে না। তাই তারা প্রস্তাব করেন, আমরা আনসারদের থেকে একজন আমীর হোক আর আপনাদের– অর্থাৎ মুহাজিরদের- থেকে একজন আমীর হোক। আনসারগণ তাদের মধ্য থেকে হযরত সা'দ ইবনে উবাদা রাদিয়াল্লাহু আনহুকে আমীর নির্ধারণ করতে প্রস্তুত ছিলেন। তখন আবু বকর রাদিয়াল্লাহু আনহু রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের হাদিস বর্ণনা করে জানান যে, খলিফা একাধিক হতে পারে না এবং খলিফা কুরাইশি হওয়া শর্ত। আনসাররা যেহেতু কুরাইশি নন তাই তারা খলিফা হতে পারবেন না। তাই মুহাজিরদের থেকেই খলিফা বানাতে হবে।

"যদি এসব (বাতিল শর্তে) সন্ধি ও যিম্মার চুক্তি করে তাহলে শরীয়তে সহীহ নয় এমন সকল শর্ত বাতিল বলে গণ্য হবে। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন, 'আল্লাহর কিতাবে নেই এমন সকল শর্তই বাতিল'।" –মাবসূত ১০/৮৫

শাসকগোষ্ঠী যদি চুক্তি করে আসে যে, মুসলমানরা নামায পড়তে পারবে না, রোযা রাখতে পারবে না, তাদের মেয়েদেরকে যিনার বাজারে বিকিয়ে দিতে হবে: আশাকরি

কর্ণধারগণও মানবেন না যে এগুলো সহীহ হবে এবং মুসলামনদের মেনে চলতে হবে।

যেসব শর্তের ভিত্তিতে কর্ণধারগণ কাফের রাষ্ট্রগুলোকে দারুল হরব থেকে বের করতে চাচ্ছেন সেসব শর্তের প্রত্যেকটাই শরীয়ত বিরোধী। আজীবনের জন্য জিহাদ বন্ধ করে দেয়া ও জিহাদকে অপরাধ সাব্যস্ত করা, শরীয়ত প্রত্যাখ্যান করে কুফরি আইন দিয়ে শাসন করা, ইসলামের বিরুদ্ধে যুদ্ধে কাফেরদের সহায়তা দেয়া, মুসলমানদেরকে কাফেরদের জুলুমে ঠেলে দেয়া- এসব শর্ত যে শুধু শরীয়ত বিরোধী তাই নয়, বরং কুফর। এ ধরনের চুক্তি সহীহ বলার কোনো সুযোগ নেই। আর মুসলমানদের জন্য মেনে চলা আবশ্যক হওয়ার তো প্রশ্নই নেই। আশাকরি কর্ণধারগণও এ ব্যাপারে দ্বিমত করবেন না।

চার.

এ ব্যাপারে কোনো দ্বিমত নেই যে, চুক্তি হতে হবে মুসলমানদের স্বার্থে। যে চুক্তি মুসলমানদের স্বার্থের বিপরীত হবে তা মুসলমানদের উপর বর্তাবে না। মুসলমানরা তা মানতে বাধ্য নয়। মাওসিলি রহ. (৬৮৩হি.) বলেন,

والمعتبر في ذلك مصلحة الإسلام والمسلمين، فيجوز عند وجود المصلحة دون عدمها

“চুক্তির ক্ষেত্রে লক্ষ্যণীয় হলো ইসলাম ও মুসলমানদের মাসলাহাত। মাসলাহাত থাকলে জায়েয, অন্যথায় জায়েয নয়।” –আলইখতিয়ার ৪/১২১

শাসকগোষ্ঠী যে কাফেরদের দালাল এবং তাদের সকল চুক্তি যে কাফেরদের স্বার্থে তা চক্ষুষ্মান কারো কাছে অস্পষ্ট নয়। বর্তমান বিশ্বের মুসলিমদের অবস্থার দিকে একটু দৃষ্টি দিলেই যে কেউ তা অনুধাবন করতে পারবে।

পাঁচ.

কাফেরদের সাথে কি কি চুক্তি কি কি শর্তে হতে হবে এগুলো শরীয়তে স্পষ্ট। সেসব শর্তে যদি সহীহ চুক্তিও করা হয়, তাহলেও যে দারুল হরব দারুল হরব থেকে বের হয়ে যায় এমন কোনো দলীল কুরআন হাদিসে নেই, আইম্মায়ে মুসলিমিনের কেউ এ কথা বলেছেন বলেও আমার জানা নেই।

অধিকন্তু কাফেররা যখন মুসলমানদের উপর আগ্রাসন চালাবে, তাদের ভূমি দখল করে নেবে, তাদের সম্পদ লুট করবে, তাদের ইজ্জত-আব্রু ও জান-মাল নষ্ট করবে, তাদের ধর্ম মানতে বাধা দেবে এবং কুফরি আইন মানতে বাধ্য করবে তখনও যে চুক্তি বহাল থাকবে এমনও তো কোনো কথা নেই। চুক্তি তো আর এমন কোন বস্তু নয় যে, একবার হয়ে গেলে কেয়ামত পর্যন্ত আর ভাঙবে না। চুক্তি হয়েই থাকে

মুসলমানদের জান, মাল, ইজ্জত-আব্রু ও দ্বীন-ধর্ম রক্ষার্থে। যখন এগুলোর উপর আগ্রাসন আসবে তখন তো আর চুক্তি বহাল থাকার কোনো অর্থ নেই।

ছয়.

সবচেয়ে মজার ব্যাপার হলো, শাসকগোষ্ঠী কখনও বলে না যে, তারা শরীয়ত মোতাবেক চুক্তি করেছে তাই জনগণকে তা মানতে হবে। তারা শরীয়তের ধার ধারে না। শরীয়ত তাদের কাছে অচল। তারা শরীয়তের অনুসারিও নয়, শরীয়তের কোনো জায়গা তাদের শাসনের নীতিমালায় নেইও। তারা রাষ্ট্র চালায় সমাজতন্ত্র, পুঁজিবাদ, ধর্মনিরপেক্ষতা ও গণতন্ত্রের কুফরি নীতির আলোকে। কিন্তু কর্ণধারগণ নিজেদের দায় অন্যের পিঠে চাপাতে বারবার বলে বেড়ায় এবং ঠেলেঠুলে প্রমাণ করতে চায় যে, এসব শাসক আমাদের উলূল আমর। আমরা এখন দায়িত্বমুক্ত। শাসকরা যা বলবে তাই আমাদের মাননীয়, পালনীয়। আমাদের কোনো দায়িত্ব নেই।

আসলে নিজেদের দায়সারা করতেই এ শোরগোল। কিংবা নিজেদের গদি ঠিক রাখতে। কিংবা পিঠ বাঁচাতে। কিংবা .....।

যারা চুক্তি করেছে তারা চুক্তির যোগ্য নয়, যেসব শর্তে চুক্তি হয়েছে সেগুলো সম্পূর্ণ শরীয়ত বিরোধী, বরং শরীয়তের

কোনো ধারই ধারা হয়নি, চুক্তি সম্পূর্ণ কাফেরদের মাসলাহাত ও কল্যাণে আর মুসলিমদের বিপক্ষে ষড়যন্ত্র- তখন সে চুক্তি কিভাবে সহীহ হলো আর সেগুলোর আলোকে কিভাবেই বা সকল দারুল হরব মূহুর্তে তার অস্তিত্ব হারাল বুঝতে পারলাম না।

কর্ণধারগণ অবশ্য তাদের দাবির স্বপক্ষে কোনো দলীল দেন না।

এ মোটামুটি হাকিকত। আল্লাহ তাআলা আমাদের সহীহ বুঝ দান করুন। আমীন।

৩২.জনসাধারণের উপর সকল মাসআলায় নির্দিষ্ট এক মাযহাবের তাকলীদ আবশ্যক হওয়ার ব্যাপারে একটি সংশয়!

মুফতী শফী রহ. এর **‘জাওয়াহিরুল ফিকহ’** এবং মুফতী তাকী উসমানী সাহেব দা.বা. এর **‘তাকলীদ কি শরয়ী হাইসিয়্যাত’** কিতাবদ্বয় থেকে বুঝা যাচ্ছে, জনসাধারণের জন্য সকল

মাসআলায় কোন এক মাযহাব মেনে চলা আবশ্যক। যা থেকে বুঝা যাচ্ছে, হানাফী মাযহাবের অনুসারী কোন সাধারণ মুসলামনকে সর্বদা হানাফী মুফতীর কাছেই মাসআলা জিজ্ঞেস করতে হবে এবং সে অনুযায়ীই আমল করতে হবে। অন্য কোন মাযহাবের মুফতীর ফতোয়া অনুযায়ী আমল করতে পারবে না।

কিন্তু ফতোয়া শামী দেখার পর বিষয়টা খটকা লাগছে। ফতোয়া শামীতে ইবনুল হুমাম রহ. (মৃত্যু ৮৬১ হি.) এর যে বক্তব্য আল্লামা শামী রহ. (মৃত্যু ১২৫২ হি.) উল্লেখ করেছেন এবং তিনি নিজেও তা সমর্থন করেছেন তা থেকে এর বিপরীত বুঝা যাচ্ছে। সেখান থেকে বুঝা যাচ্ছে, সাধারণ জনগণের জন্য সকল মাসআলায় কোন এক মাযহাব মেনে চলা আবশ্যক নয়। তবে যে মাসআলায় একবার কোন মাযহাব মতে আমল করেছে, অনন্যোপায় না হলে সে মাসআলাতে উক্ত মাযহাব থেকে ফিরে গিয়ে অন্য মাযহাব মতে আমল করতে পারবে না। তবে যদি এমন মাসআলা সামনে আসে যে মাসলাতে এখনো সে কোন মাযহাব মতে আমল করেনি তাহলে উক্ত মাসআলাতে অন্য মাযহাব মতেও আমল করতে পারবে। তবে এরপর থেকে অনন্যোপায় না হলে উক্ত

মাসআলাতে উক্ত মাযহাব থেকে ফিরে গিয়ে অন্য মাযহাব মতে আমল করতে পারবে না। কারণ, ইতিপূর্বে যে মাযহাব মতে সে আমল করেছে তা তার বিশ্বাস অনুযায়ী সঠিক ছিল। এখন কোন ওজর ছাড়াই অন্য মাযহাবে চলে যাওয়াটা হবে দ্বীন নিয়ে তামাশার শামিল, যা নিষিদ্ধ। যদি বিশেষ কোন জরুরত ছাড়াই শুধু খাহেশাতের কারণে কিংবা দুনিয়াবী কোন লাভের কারণে অন্য মাযহাবে চলে যায় তাহলে এটা শাস্তিযোগ্য অপরাধ হবে। তাকে তা'জীর করা হবে এবং তার আদালাত-ন্যায়পরায়ণতা নষ্ট হয়ে গেছে বলা ধরা হবে। ফলে তার শাহাদাত-স্বাক্ষ্য কবুল হবে না।

এ থেকে বুঝে আসছে, বর্তমানে যারা হারামাইন শরীফাইন বা অন্য এমন কোন অঞ্চলে বসবাস করেন যেখানে বিভিন্ন মাযহাবের নির্ভরযোগ্য মুফতী বিদ্যমান, তাদের সামনে যদি এমন কোন নতুন মাসআলা আসে যে মাসআলাতে ইতিপূর্বে তারা কোন মাযহাব মতে আমল করেননি, তারা চাইলে উক্ত মাসআলায় নিজের মাযহাবের মুফতীর কাছে না গিয়ে অন্য মাযহাবের মুফতীর কাছে জিজ্ঞাসা করেও আমল করতে পারবেন।

বি.দ্র: তবে এক্ষেত্রে যে মুফতীকে জিজ্ঞাসা করবেন তাকে

অবশ্যই নির্ভরযোগ্য হতে হবে। যে কোন আলেমের কাছে জিজ্ঞাসা করা যাবে না। তদ্রূপ নিজে কোন বইয়ে পড়ে বা শুনে শুনে আমল করে ফেলা যাবে না।

এবারে আমি আল্লামা শামী রহ. এর বক্তব্যটি তুলে ধরছি। তিনি বলেন,

وفي آخر التحرير للمحقق ابن الهمام: مسألة لا يرجع فيما قلد فيه أي عمل به اتفاقا، وهل يقلد غيره في غيره؟ المختار نعم للقطع بأنهم كانوا يستفتون مرة واحدا ومرة غيره غير ملتزمين مفتيا واحدا فلو التزم مذهبا معينا كأبي حنيفة والشافعي، فقيل يلزم، وقيل لا، وقيل مثل من لم يلتزم، وهو الغالب على الظن لعدم ما يوجبه شرعا اهـ ملخصا

"মুহাক্কিক ইবনুল হুমাম রহ. এর কিতাব 'আত-তাহরীর' এর শেষের দিকে বলা হয়েছে, 'মাসআলা: ((যে মাসআলায় একবার কোন ইমামের তাকলীদ করে আমল করেছে সে মাসআলা থেকে আর ফিরে আসতে পারবে না। এ ব্যাপারে সকলেই একমত। অন্য মাসআলাতে কি অন্য ইমামের তাকলীদ করতে পারবে? গ্রহণযোগ্য মত হল পারবে। কারণ, অকাট্যভাবে প্রমাণিত যে, সালাফগণ একসময় একজনের কাছে মাসআলা জিজ্ঞেস করতেন অন্যসময় অন্যজনের কাছে জিজ্ঞাসা করতেন। আবশ্যিকভাবে কোন এক মুফতীকেই মেনে

চলতেন না।

যদি কোন এক মাযহাবকে নিজের জন্য মেনে চলা আবশ্যক করে নেয়; যেমন, হানাফী মাযহাব বা শাফিয়ী মাজহাব, তাহলে বলা হয়,

- (উক্ত মাযহাব মেনে চলাই) আবশ্যক হবে।

- আবার এও বলা হয় যে, আবশ্যক হবে না।

- এও বলা হয় যে, এই ব্যক্তির বিধান ঐ ব্যক্তির মতই যে কোন এক মাযহাব মতে চলা নিজের জন্য আবশ্যক করে নেয়নি।

এই শেষোক্ত মতটিই সঠিক বলে প্রবল ধারণা হচ্ছে। কারণ, শরীয়তে এমন কোন দলীল নেই যা এক মাযহাব মতে চলাকে আবশ্যক সাব্যস্ত করে।)) সংক্ষিপ্তাকারে ইবনুল হুমাম রহ. এর বক্তব্য শেষ হল।” **[ফাতাওয়া শামী: বাবুত তা’জীর।]**

এ থেকে এও বুঝে আসছে যে, আমরা যারা নিজেদেরকে হানাফী, হাম্বলী ইত্যাদী বলে দাবি করি তাদের জন্য সকল মাসআলাতে হানাফী বা হাম্বলী বা অন্য কোন মাযহাব মতে আমল করা জরুরী নয়। বরং যে মাসআলা নতুন, যাতে এখনোও কোন মাযহাব মতে আমল করিনি, সে মাসআলাতে

অন্য মাযহাব মতে আমল করা যাবে।

আল্লামা শামী রহ. অন্যত্র বলেন,

العامي يجب عليه تقليد العالم إذا كان يعتمد على فتواه ثم قال وقد علم من هذا أن مذهب العامي فتوى مفتيه من غير تقييد بمذهب ولهذا قال في الفتح: الحكم في حق العامي فتوى مفتيه، وفي النهاية ويشترط أن يكون المفتي ممن يؤخذ منه الفقه ويعتمد على فتواه في البلدة ... ولا معتبر بغيره. اه (2\411 ، كتاب الصوم)

“সাধারণ ব্যক্তিদের জন্য ওয়াজিব হল কোন আলেমের তাকলীদ করা, যদি আলেম এমন নির্ভরযোগ্য হয়ে থাকেন যে, (উক্ত অঞ্চলে) তার ফতোয়া মেনে চলা হয়। ইবনে নুজাইম রহ. এরপর বলেন, ‘এ থেকে বুঝা গেল সাধারণ ব্যক্তিদের নির্দিষ্ট কোন মাযহাব নেই। মুফতীর ফতোয়াই তাদের মাযহাব। ফাতহুল কাদীরে (ইবনুল হুমাম রহ.) বলেন, ‘সাধারণ ব্যক্তির ক্ষেত্রে মুফতীর ফতোয়াই তার বিধান।’ ‘আন-নিহায়া’তে বলা হয়েছে, ‘শর্ত হচ্ছে, মুফতী এমন ব্যক্তি হতে হবে যার থেকে ফিকহ-ইসলামী আইনশাস্ত্র আহরণ করা হয় এবং এবং ঐ শহরে তার ফতোয়া গ্রহণ করা হয়। ... এমন ব্যক্তি ব্যতীত অন্য কোন ব্যক্তির কোন গ্রহণযোগ্যতা নেই।” **[ফাতাওয়া শামী: কিতাবুস সাওম।]**

এ থেকে বুঝা গেল, যার তার কাছে জিজ্ঞাসা করা যাবে না – যেমনটা আজকাল করা হচ্ছে। মুফতীকে ইলমে ফিকহে এমন পারদর্শী হতে হবে যে, তার থেকে ইলমে ফিকহ শিখা হয় এবং ফতোয়া দানের ক্ষেত্রে এমন দক্ষ ও নির্ভরযোগ্য হতে হবে যে, তার ফতোয়া উক্ত এলাকায় মেনে চলা হয়।

যারা খাহেশাতের কারণে কিংবা দুনিয়াবী লাভের উদ্দেশ্যে মাযহাব বদলায় তাদের ব্যাপারে বলেন,

أخاف عليه أن يذهب ... يعزر) أي إذا كان ارتحاله لا لغرض محمود شرعا إيمانه وقت النزع؛ لأنه استخف بمذهبه الذي هو حق عنده وتركه لأجل جيفة منتنة، ولو أن رجلا برئ من مذهبه باجتهاد وضح له كان محمودا مأجورا. أما انتقال غيره من غير دليل بل لما يرغب من عرض الدنيا وشهوتها فهو المذموم الآثم المستوجب للتأديب والتعزير لارتكابه المنكر في الدين واستخفافه بدينه ومذهبه اهـ ملخصا.

“যদি শরীয়তে প্রশংসনীয় কোন উদ্দেশ্য ব্যতীরেকেই বদলিয়ে থাকে তাহলে শাস্তি দেয়া হবে। ... আমার ভয় হয় যে, মৃত্যুর সময় তার ঈমান না'কি চলে যায়। কেননা, সে তার নিজের মাযহাব যা তার বিশ্বাস মতে হক, তার অবমাননা করেছে।

পুঁতি-দুর্গন্ধময় আবর্জনা লাভের উদ্দেশ্যে সে তা ত্যাগ করে দিয়েছে। যদি কোন মুজতাহিদ সুস্পষ্ট ইজতিহাদের ভিত্তিতে নিজ মাজহাব তরক করতো তাহলে প্রশংসিত ও সওয়াবপ্রাপ্ত হতো। কিন্তু মুজতাহিদ ভিন্ন অন্য ব্যক্তি কোন প্রকার দলীল ছাড়াই বরং দুনিয়ার লোভে এবং খাহেশাতের কারণে মাযহাব ত্যাগ করা নিশ্চয় নিন্দনীয় এবং গুনাহের কাজ, যার ফলে তাকে তা'জীর করা ও শাস্তি দেয়া আবশ্যক। কেননা, সে ধর্মীয় দৃষ্টিকোণ থেকে আপত্তিজনক কাজে লিপ্ত হয়েছে এবং তার ধর্ম ও মাযহাবের অবমাননা করেছে। সংক্ষিপ্তাকারে তাতারখানিয়ার বক্তব্য শেষ হল।" **[ফাতাওয়া শামী: বাবুত তা'জীর]**

বিনা কারণে যারা নিজ মাযহাব বদলায় তাদের স্বাক্ষ্য গ্রহণযোগ্য না হওয়ার ব্যাপারে বলেন,

ليس للعامي أن يتحول من مذهب إلى مذهب ، ويستوي فيه الحنفي والشافعي وإن انتقل إليه لقلة مبالاته في الاعتقاد والجراءة على الانتقال من مذهب إلى ... مذهب كما يتفق له ويميل طبعه إليه لغرض يحصل له فإنه لا تقبل شهادته ا ه .

"সাধারণ ব্যক্তি এক মাযহাব ছেড়ে অন্য মাযহাবে যেতে পারবে না। হানাফী-শাফিয়ী সবাই এক্ষেত্রে বরাবর। যদি

আকীদা-বিশ্বাসের ক্ষেত্রে কম গুরুত্ব প্রদানের কারণে এবং দুনিয়াবী লাভের উদ্দেশ্যে মন মত এক মাযহাব ছেড়ে অন্য মাযহাবে চলে যাওয়ার প্রতি দু:সাহসিকতার কারণে নিজ মাযহাব ত্যাগ করে তাহলে তার স্বাক্ষ্য গ্রহণযোগ্য হবে না।”

[ফাতাওয়া শামী: কিতাবুশ শাহাদাত।]

বিশেষ দ্রষ্টব্য:

উপরোক্ত আলোচনা থেকে বুঝা গেল,

ক. সাধারণ ব্যক্তির জন্য সকল মাসআলায় এক মাযহাব মানা ওয়াজিব- কথাটা নি:শর্তভাবে প্রযোজ্য নয় বরং কোন কোন ক্ষেত্রে জরুরত ছাড়াই অন্য মাযহাব মানারও অবকাশ আছে।

খ. যার তার কাছে মাসআলা জিজ্ঞাসা করা যাবে না এবং কারো কাছে জিজ্ঞাসা ব্যতীত নিজের মন মতোও আমল করা যাবে না। বরং নির্ভরযোগ্য মুফতীর কাছে জিজ্ঞাসা করে আমল করতে হবে।

গ. যে মাসআলায় যে মাযহাব মেনে আসছে কোন জরুরত ছাড়াই উক্ত মাসআলায় উক্ত মাযহাব ত্যাগ করা দ্বীন নিয়ে তামাশার শামিল, যার কারণে ব্যক্তি শাস্তির উপযুক্ত হয়ে পড়ে এবং স্বাক্ষ্য প্রদানের অনুপযুক্ত হয়ে পড়ে।

একটি অনুরোধ:

তাকলীদের এই মাসআলায় আমি ফতোয়া দিচ্ছি না। আমার কাছে খটকা লেগেছে তাই শুধু আরজ করছি। আপনারা কেউ আমার এই লেখার উপর ভিত্তি করেই অন্য মাযহাব মতে আমল শুরু করতে যাবেন না।

এই লেখার দ্বারা উদ্দেশ্য:

আমার উদ্দেশ্য মুফতী শফী রহ. কিংবা মুফতী তাকি উসমানী দা.বা.কে হেয় করা নয়। আমার খটকাটা শুধু আমি পেশ করেছি। তবে এ কথা অবশ্যই সত্য যে, বড়দের পেশকৃত তাহকীক অন্ধভাবে মেনে নিতে হবে এমনটা নয়। তাঁদের

তাহকীকের উপরও আপত্তি থাকতে পারে। তাঁদের তাহকীকের পরও তাহকীক হতে পারে।

৩৩.জাতীয়তাবাদ (Nationalism): ইসলাম ধ্বংসের মোক্ষম হাতিয়ার!

আল্লাহ তাআলা মানব জাতীকে বিভক্ত করেছেন ঈমান ও কুফরের ভিত্তিতে। সকল ঈমানদার ও মুসলমান এক জাতি, আর সকল কাফের ও অমুসলিম এক জাতি। মুসলমান পৃথিবীর যে প্রান্তেই থাকুক, যে জাতি-গোষ্ঠীরই হোক, যে রঙ-বর্ণেরই হোক, যে ভাষাতেই কথা বলুক- তারা পরস্পর ভাই ভাই। তারা পরস্পর ঈমানী বন্ধন ও ইসলামী ভ্রাতৃত্বে আবদ্ধ। তাদের পরস্পরে মহব্বত, ভালবাসা ও বন্ধুত্ব রাখা আবশ্যক। একে অপরকে নুসরত করা, হেফাজত করা, কাফের-মুশরেকদের হাত থেকে একে অপরকে রক্ষা করা, তাদের বিরুদ্ধে একে অপরকে সহায়তা করা অত্যাবশ্যক। মোটকথা, ইসলামে 'আল-ওয়ালা ওয়াল-বারা' (শত্রুতা-মিত্রতা) ঈমান ও কুফরের উপর প্রতিষ্ঠিত। একে যদি জাতীয়তাবাদ বলা হয়, তাহলে ইসলাম এ জাতীয়তাবাদের স্বীকৃতি দেয়। একে বলা

যেতে পারে ইসলামী জাতীয়তাবাদ। যার মূল ভিত্তি হবে ঈমান ও কুফুর।

পক্ষান্তরে প্রচলিত জাতীয়তাবাদ গড়ে উঠেছে দেশ, জাতি, গোত্র, অঞ্চল, ভাষা, রঙ, বর্ণ ও সংস্কৃতি ইত্যাদির ভিত্তিতে। তাদের 'ওয়ালা-বারা' তথা মহব্বত-ভালবাসা, বন্ধুত্ব ও শত্রুতা, ঐক্য-অনৈক্য সব কিছু এসবের ভিত্তিতেই প্রতিষ্ঠিত। সেখানে ঈমান ও কুফরে তফাৎ নেই। মুসলিম অমুসলিমের কোন পার্থক্য নেই। মুসলমান-কাফের, ইয়াহুদ-নাসারা, হিন্দু-বৌদ্ধ, নাস্তিক-মুরতাদ কারো মাঝে কোন তফাৎ নেই। যতক্ষণ তারা এক দেশ, এক জাতি কিংবা এক ভাষাভাষী হবে, ততক্ষণ তাদেরকে ভালবাসতে হবে, তাদের সাহায্য-সহায়তা করতে হবে, ন্যায়-অন্যায় সব কিছুতেই তাদের পক্ষাবলম্বন করতে হবে; তাদের কৃষ্টি-কালচার, রীতি-নীতি, প্রথা-প্রচলন, ইচ্ছা-অভিলাষ, খাহেশ-প্রবৃত্তি সব কিছুকেই সংরক্ষণ করতে হবে; তা সঙ্গত কি অসঙ্গত, শরীয়ত সম্মত কি শরীয়ত বিরোধি- কোন কিছুই দেখার সুযোগ নেই। জাতি যেটাকে আইন বানাতে চায়, কুফর কি শিরক- সেটাকেই আইন বানাতে হবে। এভাবে জাতীয়তাবাদের ভিত্তিতে শরীয়তের বিধান পরিবর্তিত

হচ্ছে। হারাম হালাল হচ্ছে, হালাল হারাম হচ্ছে।

উল্লেখ্য, জাতীয়তবাদের মূল উদ্দেশ্য, পৃথিবী থেকে ইসলাম ও মুসলমানদের শাসন-কর্তৃত্ব মুছে ফেলা। এ লক্ষ্য বাস্তবায়নের জন্য মুসলমানদের একতা-ঐক্য বিলুপ্ত করে তাদেরকে পরস্পর বিদ্বেষী কতগুলো দুর্বল ও বিচ্ছিন্ন জাতি-গোষ্ঠীতে পরিণত করা আবশ্যক ছিল। জাতীয়তাবাদের ধোঁয়া তুলে পশ্চিমারা এ কাজটিই করতে সক্ষম হয়েছে। দেশ, জাতি, গোত্র, অঞ্চল, ভাষা, রঙ, বর্ণ ও সংস্কৃতি: যেখানে যেটা সুবিধা মনে করেছে, সেটারই ধোঁয়া তুলে এক ও ঐক্যবদ্ধ মুসলিম জাতিকে শতধা বিভক্ত করে দিয়েছে। সৌহার্দ-ভ্রাতৃত্ব বিনষ্ট করে পারস্পরিক বিদ্বেষ ও দ্বন্ধে লিপ্ত করেছে। প্রত্যেককে নির্দিষ্ট গণ্ডিতে আবদ্ধ করে দিয়ে বাকি সমগ্র উম্মাহ থেকে বে-খবর বরং দুশমনে পরিণত করেছে। ফলত মুসলিম জাতি পারস্পরিক সাহায্য সহানুভূতির পরিবর্তে একে অপরের বিরুদ্ধে অবতীর্ণ হয়েছে।

এই জাতীয়তাবাদের কারণে আজ আরাকান সমস্যা

মুসলিমদের সমস্যা না হয়ে বার্মার স্থানীয় সমস্যা বিবেচিত হচ্ছে। কাশ্মির সমস্যা ভারতের, চেচনিয়া সমস্যা রাশিয়ার স্থানীয় সমস্যা ধরা হচ্ছে। ফিলিস্তিন, আফগান, শাম, ইরাক-সবখানে একই কথা। এগুলো কোন কিছুই যেন মুসলিমদের সমস্যা নয়। এসব নির্যাতিত মুসলমানকে উদ্ধার করা, তাদেরকে নুসরত করা যেন মুসলিম উম্মাহর দায়িত্বে পড়ে না। এগুলো সব স্থানীয় সমস্যা। কারণ, তারা আমাদের দেশের লোক নয়। তারা আমাদের ভাষায় কথা বলে না ইত্যাদি ইত্যাদি।

পক্ষান্তরে ভারত রক্ষায় হিন্দুদের সাথে হয়ে মুসলমানকেও লড়তে হবে- কারণ, সবাই ভারতী। হিন্দু-মুসলিম, নাস্তিক-মুরতাদ সকলে মিলে বাংলার মুজাহিদদের বিরুদ্ধে যুদ্ধে নামতে হবে- কারণ সবাই বাংলাদেশী। এভাবে জাতীয়তাবাদী চেতনায় বিশ্বের প্রান্তে প্রান্তে আল্লাহর দ্বীনের বিরুদ্ধে কাফের-মুশরিক-নামধারী মুসলমান সকলে মিলে যুদ্ধে লিপ্ত হয়েছে।

উল্লেখ্য, জাতীয়তাবাদী রাষ্ট্রে কিছুতেই পরিপূর্ণ ইসলাম প্রতিষ্ঠা সম্ভব নয়। কারণ, মুসলমানরা ইসলাম চাইলেও, জাতীর কাফেররা কখনই ইসলাম চাইবে না।   তাই

জাতীয়তাবাদিদেরকে এমন আইন গ্রহণ করতে হবে- হিন্দু-মুসলিম, খৃস্টান-বৌদ্ধ, নাস্তিক-মুরতাদ সকলেই যার প্রতি সন্তুষ্ট। এভাবে জাতীয়তাবাদ আল্লাহর রুবূবিয়্যাত প্রত্যাখ্যান করে নগণ্য মাখলুককে রবের আসনে সমাসীন করবে, যা সুস্পষ্ট কুফর। ফলে জাতীয়তাবাদি রাষ্ট্র কাফের রাষ্ট্রে পরিণত হতে বাধ্য।

অতএব, এই জাতীয়তাবাদ ইসলামের বিপরীতে নব-উদ্ভাবিত এক কুফরী মতবাদ। যারা এই মতবাদের প্রবর্তক, প্রচারক, ভক্ত; এর জন্য জীবন দেয়- তারা কুফরে লিপ্ত রয়েছে। আল্লাহ তআলা আমাদের হেফাজত করুন। সব মুসলিমকে এক হওয়ার তাওফীক দান করুন। আমীন!

৩৪.জামাআহ্ প্রসঙ্গ: কিছু মৌলিক কথা

জামাআহ্ প্রসঙ্গে এক ভাই কিছু বিষয় জানতে চাচ্ছিলেন। মুহতারাম ভাইয়ের প্রশ্নগুলো দেখে আসছিলাম। কিন্তু ব্যস্ততার কারণে জওয়াব দেয়ার সুযোগ হয়নি। ইনশাআল্লাহ জামাআর

বিষয়ে মৌলিক কিছু কথা বলছি। বিস্তারিত কিতাবাদিতে খোঁজ করা যেতে পারে। সুযোগ পেলে তানজীমের কোন আলেমের সাথে কথাও বলে নেয়া যেতে পারে।

প্রথমত: আল্লাহ তাআলা মুসলমানদেরকে ঐক্যবদ্ধ দেখতে চান। ঐক্যবদ্ধ থাকলেই শত্রুর বিরুদ্ধে কামিয়াব হওয়া যাবে। অন্যথায় সম্ভব নয়। এজন্য আল্লাহ তাআলা কুরআনে কারীমে ঐক্যবদ্ধ থাকতে আদেশ দিয়েছেন। সব ধরণের বিচ্ছিন্নতা থেকে দূরে থাকার নির্দেশ দিয়েছেন।

আল্লাহ তাআলা ইরশাদ করেন,

وَاعْتَصِمُوا بِحَبْلِ اللَّهِ جَمِيعًا وَلَا تَفَرَّقُوا

“আর তোমরা সকলে মিলে আল্লাহর রজ্জুকে দৃঢ়ভাবে ধারণ কর এবং বিচ্ছিন্ন হয়ো না।” (আলে ইমরান: ১০৩)

অন্যত্র ইরশাদ করেন,

إِنَّ اللَّهَ يُحِبُّ الَّذِينَ يُقَاتِلُونَ فِي سَبِيلِهِ صَفًّا كَأَنَّهُمْ بُنْيَانٌ مَرْصُوصٌ

“নিশ্চয়ই আল্লাহ তাদের পছন্দ করেন, যারা সারিবদ্ধ হয়ে তার রাস্তায় যুদ্ধ করে যেন তারা সীসাঢালা প্রাচীর।” (সফ: ৪)

পারস্পরিক বিবাদে লিপ্ত হলে আল্লাহর নুসরত কমে যাবে। শত্রুর সামনে হীনমন্য হয়ে পরাজিত হতে হবে।

আল্লাহ তাআলার বাণী,

وَلَا تَنَازَعُوا فَتَفْشَلُوا وَتَذْهَبَ رِيحُكُمْ وَاصْبِرُوا إِنَّ اللَّهَ مَعَ الصَّابِرِينَ

“পরস্পরে বিবাদে লিপ্ত হইও না। যদি তা কর, তবে তোমরা দুর্বল হয়ে পড়বে এবং তোমাদের প্রভাব চলে যাবে। আর তোমরা ধৈর্য ধারণ কর। নিশ্চয়ই আল্লাহ তা`আলা ধৈর্যশীলদের সাথে রয়েছেন।” (আনফাল: ৪৬)

হাদিসে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সকল মুসলমানকে ঐক্যবদ্ধ থাকতে বলেছেন। বিচ্ছিন্ন হতে নিষেধ করেছেন। যে ব্যক্তি বিচ্ছিন্ন থেকে মারা যাবে, সে জাহিলী

যামানার লোকদের মতো মারা যাবে বলে সতর্ক করেছেন।

এক হাদিসে এসেছে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন,

« من فارق الجماعة شبرا فقد خلع ربقة الإسلام من عنقه »

“যে ব্যক্তি জামাত থেকে এক বিঘতও সরে গেল, যেন সে নিজের গর্দান থেকে ইসলামের রজ্জু খোলে ফেলল।” (আবু দাউদ: ৪৭৬০)

অন্য হাদিসে ইরশাদ করেন,

من كره من أميره شيئا فليصبر فإنه من خرج من السلطان شبرا مات ميتة جاهلية

“কারো কাছে তার আমীরের কোন কিছু অপছন্দনীয় মনে হলে সে যেন সবর করে। কেননা, যে ব্যক্তি সুলতান থেকে এক বিঘতও সরে গিয়ে মারা গেল, সে জাহিলী মরা মরল।” (বুখারী: ৭০৫৩)

মুসলমানদের পারস্পরিক ঐক্য এতই গুরুত্বপূর্ণ যে,

মুসলমানগণ শরয়ী কোন এক খলিফার অধীনে ঐক্যবদ্ধ থাকাবস্থায় যদি দ্বিতীয় কোন ব্যক্তি খেলাফতের দাবি করে, তাহলে তাকে হত্যা করে দিতে বলা হয়েছে।

রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন,

« إذا بويع لخليفتين فاقتلوا الآخر منهما »

"যদি দুই খলিফার বাইয়াত হয়, তাহলে দ্বিতীয় জনকে হত্যা করে দাও।" (মুসলিম: ৪৯০৫)

অন্য হাদিসে ইরশাদ করেন,

« من أتاكم وأمركم جميع على رجل واحد يريد أن يشق عصاكم أو يفرق جماعتكم فاقتلوه »

"তোমরা এক ব্যক্তির (অর্থাৎ এক খলিফার) উপর ঐক্যবদ্ধ থাকাবস্থায় যদি কোন ব্যক্তি তোমাদের ঐক্য বিনষ্ট করতে আসে বা জামাতে বিচ্ছিন্নতা সৃষ্টি করতে আসে, তাহলে তাকে হত্যা করে দাও।" (মুসলিম: ৪৯০৪)

অতএব, সারা মুসলিম উম্মাহকে এক খলিফার অধীনে ঐক্যবদ্ধ থাকতে হবে। এটাই শরীয়তের নির্দেশ।

তবে এ বিধান হল তখন, যখন খেলাফত কায়েম থাকবে এবং একজন শরয়ী ইমাম বিদ্যমান থাকবেন। তখন তার কাছে বাইয়াত না দিয়ে বিচ্ছিন্ন থাকা গোমরাহি।

পক্ষান্তরে যদি খেলাফত কায়েম না থাকে, তাহলে খেলাফত কায়েম করতে হবে। এজন্য যুদ্ধ-জিহাদ যা কিছু লাগে করতে হবে। যেমন বর্তমান মুজাহিদ কাফেলাগুলো খেলাফত কায়েমের জন্য জিহাদ করে যাচ্ছেন।
স্পষ্ট যে, খেলাফত কায়েমের জিহাদে নামতে হলে জামাতবদ্ধ হওয়া আবশ্যক। জামাত ছাড়া জিহাদ সম্ভব না। ব্যক্তিকেন্দ্রিক প্রচেষ্টার দ্বারা দ্বীনের কিছু খেদমত হলেও দ্বীন কায়েম সম্ভব না। খেলাফত প্রতিষ্ঠাও সম্ভব না।

শাইখুল ইসলাম ইবনে তাইমিয়া রহ. জামাতের গুরুত্বটা এভাবে তুলে ধরেছেন-

يجب ان يعرف ان ولاية أمر الناس من أعظم واجبات الدين بل لاقيام للدين ولا للدنيا إلا بها فان بنى آدم لا تتم مصلحتهم إلا بالاجتماع لحاجة بعضهم الى بعض ولابد لهم عند الاجتماع من رأس حتى قال النبى إذا خرج ثلاثة فى سفر فليؤمروا أحدهم رواه أبو دواد من حديث أبى سعيد وابى هريرة
وروى الامام أحمد فى المسند عن عبد الله بن عمرو ان النبى قال لا يحل لثلاثة

يكونون بفلاة من الأرض إلا أمروا عليهم أحدهم فأوجب تأمير الواحد فى الاجتماع القليل العارض فى السفر تنبيها بذلك على سائر أنواع الاجتماع ولأن الله تعالى اوجب الأمر بالمعروف والنهى عن المنكر ولا يتم ذلك إلا بقوة وإمارة وكذلك سائر ما أوجبه من الجهاد والعدل وإقامة الحج والجمع والأعياد ونصر المظلوم وإقامة الحدود لا تتم إلا بالقوة والامارة.اه

"জানা আবশ্যক যে, জনগণের নেতৃত্ব দেয়া দ্বীনের অন্যতম সুমহান আবশ্যক দায়িত্ব। শুধু তাই নয়, নেতৃত্ব-কর্তৃত্ব ব্যতীত বরং দ্বীন-দুনিয়া কোনটাই চলতে পারে না। কেননা, পারস্পরিক ঐক্যবদ্ধ হওয়া ব্যতীত মানব জাতির মাসলাহাতসমূহের পরিপূর্ণতা সম্ভব নয়। কারণ, তারা একে অপরের মুখাপেক্ষী। আর ঐক্যবদ্ধ হতে গেলে তাদের একজন নেতা আবশ্যক। রাসূল সাল্লাললাহু আলাইহি ওয়া সাল্লাম তো এমনটি পর্যন্ত বলেছেন:

إذا خرج ثلاثة فى سفر فليؤمروا أحدهم

'তিন ব্যক্তি সফরে বের হলে তারা যেন তাদের একজনকে তাদের আমীর বানিয়ে নেয়।'

ইমাম আবু দাউদ রহ. হাদিসটি হযরত আবু সায়িদ রাদিয়াল্লাহু আনহু এবং হযরত আবু হুরায়রা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণনা করেছেন।

ইমাম আহমদ রহ. মুসনাদে আহমদে হযরত আব্দুল্লাহ ইবনে আমর রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণনা করেন, রাসূল সাল্লাললাহু আলাইহি ওয়া সাল্লাম ইরশাদ করেন:

لايحل لثلاثة يكونون بفلاة من الأرض إلا أمروا عليهم أحدهم

‘যে কোন তিন ব্যক্তির জন্য কোন মরু ময়দানে অবস্থান করা জায়েয হবে না, যতক্ষণ না তারা তাদের একজনকে তাদের আমীর বানিয়ে নেয়।’

সফরের হালতে সৃষ্টি হওয়া ছোট্ট একটি জামাআতের বেলায়ও একজনকে আমীর বানিয়ে নেয়ার আদেশ দিয়েছেন একথা বুঝানোর জন্য যে, সব ধরণের জামাআতের ক্ষেত্রেই আমীর বানিয়ে নেয়া আবশ্যক।

তাছাড়া আল্লাহ তাআলা ‘আমর বিল মা’রুফ ও নাহি আনিল মুনকার’ ফরয করেছেন। আর তা প্রভাব প্রতিপত্তি ও নেতৃত্ব ব্যতীত পরিপূর্ণ বাস্তবায়ন সম্ভব নয়।

তদ্রূপ: জিহাদ, ন্যায়-বিচার প্রতিষ্ঠা; হজ্ব, জুমআ ও ঈদ কায়েম করা; মাজলুমকে সাহায্য করা, হদসমূহ কায়েম করা

ইত্যাদিসহ আল্লাহ তাআলার ফরযকৃত যাবতীয় বিধান প্রভাব প্রতিপত্তি ও নেতৃত্ব ব্যতীত পরিপূর্ণ বাস্তবায়ন করা সম্ভব নয়।" (মাজমুউল ফাতাওয়া: ২৮/৩৯০)

জামাতবদ্ধ হওয়ার গুরুত্বের ব্যাপারে হযরত উমার রাদিয়াল্লাহু আনহুর বক্তব্য সর্বদা স্বরণ রাখা চাই।

তিনি বলেন:

لا إسلام إلا بجماعة ولا جماعة إلا بإمارة ولا إمارة إلا بطاعة

"জামাআতবদ্ধ হওয়া ব্যতীত দ্বীনে ইসলামের প্রতিষ্ঠা সম্ভব নয়। আর জামাআত হয় না নেতৃত্ব (তথা আমীর নির্ধারণ) ব্যতীত। আর (আমীরের) আনুগত্য ব্যতীত নেতৃত্বের কোন ফায়েদা নেই।" (জামিউ বয়ানিল ইলম: ১/২৬৩)

অতএব, কোন এক জিহাদি কাফেলার সাথে মিলে যেতে হবে। জিহাদি কাফেলা না থাকলে কাফেলা গঠন আবশ্যক। আর আগে থেকেই থেকে থাকলে তার সাথে মিলে যাওয়া আবশ্যক।

তবে যেকোন কাফেলার ক্ষেত্রেই এটা অত্যাবশ্যক যে, তা শরীয়তের উপর প্রতিষ্ঠিত হতে হবে। শরীয়তমতে পরিচালিত হতে হবে। কুরআন হাদিসে যত জায়গায় জামাতের সাথে মিলে থাকার কথা এসেছে, সবখানে জামাত দ্বারা এমন জামাতই উদ্দেশ্য। আল্লাহর রাসূল ও তার সাহাবায়ে কেরামের আদর্শের উপর প্রতিষ্ঠিত জামাত উদ্দেশ্য। পক্ষান্তরে কাফেলা যদি জাতিয়তাবাদি বা ধর্ম নিরপেক্ষ হয় বা অন্য কোন গোমরাহির উপর প্রতিষ্ঠিত হয়, তাহলে তার সাথে যোগ দেয়া যাবে না। তদ্রূপ যদি পরিষ্কার জানা না থাকে যে, তা শরীয়তের উপর প্রতিষ্ঠিত কি'না- তাহলেও তার সাথে যোগ দেয়া যাবে না। এমন গোলক ধাঁধায় যুক্ত হওয়া নিষেধ। **রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন,**

ومن قاتل تحت راية عمية يغضب لعصبة أو يدعو إلى عصبة أو ينصر عصبة فقتل فقتلة جاهلية

“যে ব্যক্তি এমন ঝাণ্ডা তলে যুদ্ধ করে যা হক না বাতিল জানা নেই, যে তার আপন গোত্রের স্বার্থে ক্রোধান্বিত হয় কিংবা গোত্রের দিকে আহবান করে বা অন্যায়ভাবে গোত্রের সহায়তা করে আর এভাবেই মারা যায়, তাহলে সে জাহিলী মরা

মরল।” (মুসলিম: ৪৮৯২)

সারকথা দাঁড়াল: আপনি যে জামাতের সাথে যুক্ত হবেন, তাতে আবশ্যকীয়ভাবেই দু’টি বৈশিষ্ট থাকতে হবে,

ক. সঠিক আকীদা মানহাজ বিশিষ্ট জিহাদি জামাত হতে হবে।

খ. শরীয়ত অনুযায়ী পরিচালিত হতে হবে।

এ দুই বৈশিষ্ট পাওয়া গেলে আপনি ইনশাআল্লাহ তাতে যুক্ত হতে পারেন।

প্রশ্ন: যদি একাধিক জামাত থাকে তাহলে কি করবো?

উত্তর: সকল জিহাদি কাফেলার উচিৎ সকলে মিলে এক কাফেলা গঠন করা। বিচ্ছিন্নতা আল্লাহ তাআলার পছন্দ নয়। তবে যদি বিশেষ পরিস্থিতি ও ওজরের কারণে এক হওয়া

সম্ভব না হয়, তাহলে আলাদা আলাদা থেকেই কাজ করে যাবে। এমতাবস্থায় যার জন্য যে জামাতে যুক্ত হওয়া সহজ এবং উম্মাহ ও জিহাদের জন্য অধিক উপকারী- সেটাতে যুক্ত হয়ে যাবে।

আলেম সমাজ প্রসঙ্গ:

আমাদের বর্তমান আলেম সমাজ মূলত কোন জামাতের উপর প্রতিষ্ঠিত নেই যাতে যোগ দেয়া যাবে। ব্যক্তি পর্যায়ে যে যেভাবে পারছেন দ্বীনের খেদমত করার চেষ্টা করছেন। অবশ্য ছোটখাট কিছু সংগঠন-ঐক্য আছে। তবে সেগুলো জিহাদি নয়। আর রাজনৈতিক দলগুলো স্পষ্টই গোমরাহিতে লিপ্ত। অতএব, বর্তমান আলেম সমাজ যেভাবে আছেন, এমতাবস্থায় তাদের গণ্ডির মাঝে সীমাবদ্ধ থেকে জিহাদের দায়িত্ব আদায় সম্ভব না। জিহাদের জন্য জিহাদি কাফেলায় যোগ দিতে হবে। তবে আলেম উলামাদের দ্বীনি খেদমতমূলক শরীয়তসম্মত যেসব জামাত বা সংগঠন আছে, জিহাদের কাজের ক্ষতি না হয় এমনভাবে তাতে মিলে কাজ করতেও সমস্যা নেই। বরং সামর্থ্যানুযায়ী তাদের সহযোগিতার চেষ্টা করা উচিৎ। কেননা,

আলেম উলামারাই জাতির রাহবার। যদি আলেম উলামারা নেতৃত্বে না থাকেন, তাহলে আমাদের জিহাদি কাফেলাগুলোও হক পথে চলতে পারবে না।

উল্লেখ্য, আলেম উলামারা জামাতবদ্ধ না থাকার কারণে ঢালাওভাবে তারা গোমরাহিতে লিপ্ত আছেন- এমনটা নয়। কারণ, এখন খেলাফত প্রতিষ্ঠিত নেই। খেলাফত প্রতিষ্ঠিত থাকলে খলিফার হাতে বাইয়াত না দিয়ে বিচ্ছিন্ন থাকলে সেটা গোমরাহি হতো। হাদিসে যেখানে বলা হয়েছে যে, বাইয়াত ছাড়া মারা গেলে জাহিলী মরা মরবে- সেখানে এটাই উদ্দেশ্য। তবে খেলাফত প্রতিষ্ঠার জন্য জিহাদে যোগ দেয়া, জিহাদি কাফেলা গড়ে তোলা বা থেকে থাকলে তার সাথে মিলে যাওয়া এবং তাকে শরীয়ত অনুযায়ী পরিচালিত করা আলেম সমাজের দায়িত্ব। সামর্থ্যানুযায়ী প্রত্যেককে তার দায়িত্ব আদায় করা জরুরী। যার জন্য তানজীমে যুক্ত হওয়া সম্ভব, তাকে তানজীমে যুক্ত হতে হবে। আর যার জন্য সম্ভব নয় বা অতিশয় কষ্টসাধ্য, তিনি সামর্থ্যানুযায়ী দ্বীনের খেদমত করে যাবেন। যতদূর পারেন, জিহাদ ও মুজাহিদদের নুসরত করবেন। এতেই তিনি মাফ পাবেন ইনশাআল্লাহ।

দ্বিতীয়ত: সাধারণ জনগণকে হকপন্থী আলেম উলামার কথামতো চলতে হবে- চাই তারা বাহ্যত তানজীমে যুক্ত থাকুন না থাকুন। বর্তমান পরিস্থিতি বড়ই কঠিন। আলেম উলামা সকলের জন্য প্রকাশ্যে তানজীমে যুক্ত হওয়া কঠিন। কাজেই তানজীমে যুক্ত থাকা না থাকাকে আনুগত্যের মানদণ্ড বানানো যাবে না। তবে অবশ্যই হকপন্থী হতে হবে। জিহাদ বিরোধী না হতে হবে। সামর্থ্যানুযায়ী হকপন্থী মুজাহিদদের সমর্থন ও নুসরত করেন এমন হতে হবে।

এ হল সাধারণ মাসআলা মাসায়েলের ক্ষেত্রে। আর যেসব বিষয় তানজীমি কাজের সাথে জড়িত, সেগুলো তানজীমের উলামায়ে কেরাম ও উমারাদের থেকেই নিতে হবে। একান্ত তানজীমি বিষয়ে বাহিরের উলামাদের কথা ধর্তব্য নয়। তানজীমের উলামা ও উমারাগণ যারা এ ময়দানে অভিজ্ঞ, তাদের কথাই মেনে চলতে হবে।

তৃতীয়ত: আলেম যদি জিহাদ বিরোধী হয়, তাহলে তার থেকে দূরে থাকা উচিৎ। তবে শরীয়তের যেসব বিষয় তারা ছাড়া অন্যদের কাছে পাবো না, সেগুলো তাদের কাছ থেকে নেয়া ছাড়া উপায় নেই। সেগুলো তাদের কাছ থেকে নিতে হবে। আর জিহাদ সংক্রান্ত বিষয়াশয় সরাসরি মুজাহিদ বা হকপন্থী আলেম উলামা থেকে নিতে হবে।

শায়েখ আবু মুহাম্মদ আলমাকদিসি হাফিজাহুল্লাহ বলেন,

وأوصي إخواني دوما بأن لا يحرموا أنفسهم من خير يستفيدونه من كائن من كان، ولا يمنعنا انحراف بعض العلماء في أبواب من الدين: أن نستفيد منهم في أبواب لم ينحرفوا فيها؛ خصوصا في زمن شح العلماء الربانيين وندرتهم، وحاجة طالب العلم إلى تلقي بعض أنواع العلوم من أفواه العلماء؛ ولو كان في الأمر سعة وتوفر لنا العلماء الربانيون الذين نرتضي دينهم ونهجهم؛ لما لجأنا لمثل هذا ولما اضطررنا إليه؛ ولَحَرِصنا على تطبيق مقالة السلف: (إن هذا العلم دين فانظروا عمن تأخذون دينكم) ولكن هيهات ذاك في مثل زماننا ... فالحمد لله أولا وآخرا أن علّمنا ويسر التعلم لنا؛ فهدانا إلى تعلم ما نحتاجه لنصرة التوحيد ومحاربة الشرك وإبطال التنديد، فذلك هو المقصود وهو الهدف المنشود؛ ولأجله درسنا وتعلمنا وصبرنا على أخطاء كثير ممن أخذنا عنهم مفاتيح العلوم. اهـ

“আমি সর্বদা ভাইদের অসিয়্যত করি, তারা যেন ইলম অর্জন করা থেকে নিজেদের বঞ্চিত না করে- তা যার কাছ থেকেই

হোক। ইলমের কিছু অধ্যায়ে কিছু আলেমের বিচ্যুতি অন্যান্য বিষয় তাদের কাছ থেকে শিখার প্রতিবন্ধক নয়। বিশেষ করে প্রকৃত আলেমদের সল্পতার এ সময়ে। কেননা কিছু কিছু বিষয় আলেমদের থেকে সরাসরিই শিখতে হয়।

যদি সঠিক আকীদা-মানহাজের আলেমদের কাছ থেকে ইলম শিক্ষা করা সম্ভব হতো তাহলে আমরা এধরণের আলেমদের থেকে ইলম অর্জন করতে বাধ্য হতাম না। তখন আমরা সালাফের এই বাণী: إن هذا العلم دين، فانظر عمن تأخذ دينك (এই ইলম দ্বীনের অংশ। সুতরাং তুমি কার থেকে তোমার দ্বীন শিখছো তা লক্ষ্য রেখ) -র উপর আমল করতে আগ্রহী হতাম। কিন্তু এ যমানায় তা কি করে সম্ভব?

আল্লাহ তায়ালার শুকরিয়া যে, তিনি আমাদেরকে ঐ সকল বিষয় শিখার তাওফিক দিয়েছেন, যা দ্বারা আমরা তাওহিদের সাহায্য ও শিরকের বিরুদ্ধে যুদ্ধ করতে সক্ষম হয়েছি। এ কারণেই আমরা যাদের কাছ থেকে ইলমের চাবিকাঠি বা মাধ্যমগুলো শিখেছি তাদের অনেক ভুলের উপর আমরা ধের্য ধারণ করেছি"। (ইরশাদুল মুবতাদী ইলা কাওয়ায়িদিস সা'দী; পৃ: ৪)

তালেবান প্রসঙ্গ:

মুহতারাম ভাই তালেবান প্রসঙ্গে জানতে চেয়েছেন,

“অনেকেই বলে থাকেন যে, তালেবান হক না। কারণ তারা শিশুদেরকেও হত্যা করে। দলিল হিসেবে পেশ করে পেশওয়ারের ঘটনাকে। এখন প্রশ্ন হলো, তালেবান যদি এরকম আক্রমণ করেই থাকে তাহলে কেন করেছে?”

উত্তর: তালেবানদের বিষয়টা দুনিয়া অবধি সুস্পষ্ট যে, তারা হক জামাত। আর তারা শিশু হত্যা করেন কথাটা নির্জলা মিথ্যা। তবে কোন কোন অপারেশনে অনাকাঙ্খিতভাবে কিছু শিশু নিহত হয়ে থাকলে সেটা ভিন্ন কথা। তালেবানরা যেহেতু এমন ভূমিতে জিহাদরত, যেখানকার অধিকাংশ জনগণ মুসলমান- তাই মুরতাদদের উপর হামলা হলে অনাকাঙ্খিতভাবে কিছু মুসলমান নিহত হতেই পারে। সর্বাত্মক প্রচেষ্টার পরও যদি কিছু মুসলমান নিহত হয়ে যায়, তাহলে এটা সমালোচনার কিছু নয়। এ ধরণের হামলা সম্পূর্ণ

শরীয়তসম্মত। মুজাহিদিনে কেরাম সর্বাত্মক চেষ্টা করেন, যেন কোন মুসলমানের বা কোন শিশুর প্রাণ না ঝরে। এরপরও অনাকাঙ্খিতভাবে হয়ে গেলে এর জন্য মুজাহিদিনে কেরাম দায়ী থাকবেন না। এই আশঙ্কায় যদি হামলা বন্ধ করে দেয়া হয়, তাহলে কোনো দিন জিহাদ করা সম্ভব হবে না। হাদিস ও ফিকহের কিতাবাদিতে এসব বিষয় সুস্পষ্ট বিধৃত আছে। একটু কষ্ট করে চোখ বুলালেই পাওয়া যাবে। কিন্তু দ্বীনের দুশমনেরা এ ধরণের কিছু বিচ্ছিন্ন ঘটনাকে ফলাও করে অপপ্রচার করে মুজাহিদিনে কেরামের মুড নষ্ট করার চেষ্টায় থাকে। অনেক সময় তারা নিজেরাই হত্যা করে মুজাহিদদের নামে চালিয় দেয়।

অধিকন্তু মুজাহিদগণ তো আর মাছুম নন যে, তাদের কোন ভুল-ভ্রান্তি বা কোন গুনাহ হতে পারে না। অন্য দশজন মানুষের মতো তাদেরও গুনাহ হতে পারে। কিছু মুজাহিদের ভুল বা গুনাহের কারণে তো আর গোটা জামাত বাতিল হয়ে যায় না। যে গুনাহ করেছে, তার গুনাহের বুঝা তাকে বইতে হবে। আল্লাহ তাআলা ইচ্ছা করলে মাফও করতে পারেন। এ কারণে গোটা জামাত বাতিল হয়ে যাবে না। এ ধরণের বাহানা

খুঁজে জিহাদ থেকে সরে দাঁড়ানোরও কোন অবকাশ নেই। ওয়াল্লাহু সুবহানাহু ওয়াতাআলা আ'লাম।

৩৫.জিহাদ উত্তম না নামায উত্তম?

আদনারমারুফ ভাইয়ের পোস্টের উপর এক ভাইয়ের প্রশ্ন:

আমরা সাধারণত জানি যে, একজন মানুষ নাবালেগ বা অন্য ধর্ম থেকে ইসলাম গ্রহণের পর প্রথম যে ফরজ তার উপর অবশ্যক হয় তা হলো, পাঁচ ওয়াক্ত নামাজ পড়া। এই বিষয়ে কোন দলিল আছে? ঈমান আনর পর প্রথম ফরজ নামাজ, জিহাদ, নাকি অন্য কোন ফরজ ইবাদত? আপনার লেখা থেকে বুঝলাম, ঈমানের পর প্রথম ফরজ জিহাদ। শাইখ আব্দুল্লাহ আযযাম রহ. এর কিতাবেও আছে, ঈমান আনার পর প্রথম ফরজ মুসলিম ভূমির প্রতিরক্ষা। প্রিয় ভাই বিষয়টা একটু ক্লিয়ার করে দিলে ভালো হতো।

উত্তর:

বিসমিল্লাহির রাহমানীর রাহীম

আরকানে খামসা তথা ঈমান এবং ফরয নামায, ফরয রোযা, ফরয হজ্ব ও ফরয যাকাত- এগুলোর গুরুত্ব শরীয়তে সবচেয়ে বেশি। এগুলো শরীয়তের মূল ভিত্তি এবং ফরযে আইন। এগুলোর সমকক্ষ অন্য কোন ইবাদাত নেই। এমনকি ফরযে কিফায়া জিহাদও না। তবে স্বাভাবিক অবস্থায় আমর বিল মা'রূপ, নাহি আনিল মুনকার ও জিহাদ সকল নফল ইবাদাতের চেয়ে শ্রেষ্ঠ। নফল নামায, নফল রোযা, নফল হজ্ব ও নফল যাকাতসহ অন্য যত নফল ইবাদাত রয়েছে, সেগুলোর চেয়ে জিহাদ উত্তম। এজন্য যদি বলা হয়, **'ঈমানের পর প্রথম ফরয জিহাদ'** কিংবা **'ঈমানের পর সর্বোত্তম ইবাদাত জিহাদ'**- তাহলে আপাত দৃষ্টিতে কথাটা কুরআন সুন্নাহর বিপরীত হয়। কেননা, ঈমানের পর সর্বোত্তম আমল ফরয নামায। এটি কুরআন সুন্নাহয় সুস্পষ্ট। তবে যদি বলা হয়, **'সকল নফল ইবাদাতের চেয়েও উত্তম ইবাদাত জিহাদ'** তাহলে কথাটি ঠিক আছে। এ হল স্বাভাবিক অবস্থার কথা।

পক্ষান্তরে যদি শত্রু আক্রমণ করে বসে এবং নামায রোযার মতো জিহাদও ফরযে আইন হয়ে যায়, তাহলে ফরযে আইন

হওয়ার দিক থেকে জিহাদ-নামায একই সারিতে চলে এল। তবে এ ক্ষেত্রেও জিহাদ ফরয নামাযের চেয়ে উত্তম বলা মুশকিল। কুরআন সুন্নাহয় নামাযকে সর্বপ্রথম রাখা হয়েছে। ফরয নামাযের চেয়ে জিহাদ উত্তম এমন কোন হাদিস আছে বলে আমার জানা নেই। তবে এটা সত্য যে, তখন যদি নামায এবং জিহাদের মধ্যে তাআরুজ দেখা দেয় যে, একটা করতে গেলে আরেকটা ছুটে যাবে, তাহলে জিহাদ অগ্রাধিকার পাবে। অর্থাৎ নামায পিছিয়ে দিয়ে জিহাদ চালিয়ে যেতে হবে। তবে এটা জিহাদ নামাযের চেয়ে শ্রেষ্ট- এ কারণে নয়। বরং এর কারণ হচ্ছে, নামায এমন ইবাদাত যা কাযা করা সম্ভব, পরে আদায় করা সম্ভব। কিন্তু জিহাদ এমন যে, এটি পিছিয়ে দেয়ার সুযোগ নেই। এটি পিছিয়ে দিতে গেলে শত্রু দখলদারিত্ব কায়েম করবে। ইসলাম ও মুসলমানদের শেষ করে দেবে। এ দৃষ্টিকোণ থেকে জিহাদ অগ্রাধিকার পাবে। জিহাদ চালিয়ে যেতে হবে আর নামায পিছিয়ে দিতে হবে। যেমন খন্দকের যুদ্ধে রাসূল সাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তিন ওয়াক্ত নামায পিছিয়ে দিয়েছিলেন। পিছিয়ে দেয়ার সুযোগ না থাকায় জিহাদ অগ্রে রাখা হচ্ছে। এতে জিহাদ নামাযের চেয়ে শ্রেষ্ঠ সাব্যস্ত হয় না।

ইমাম ক্বারাফি রহ. (৬৮৪ হি.) এর উদাহরণ দিয়েছেন কুরআন তিলাওয়াত এবং আযানের জওয়াব দিয়ে। কুরআন তিলাওয়াত আযানের জওয়াবের চেয়ে শ্রেষ্ঠ। কিন্তু মুআযযিন আযান শুরু করে দিলে কুরআন তিলাওয়াত বন্ধ করে আযানের জওয়াব দিতে হয়। কারণ, কুরআন তিলাওয়াত পরেও করা যাবে, কিন্তু আযানের জওয়াব আযান শেষ হয়ে গেলে আর দেয়া যাবে না। ইমাম ক্বারাফি রহ. বলেন,

إذا تعارضت الحقوق قدم منها المضيق على الموسع ... ويقدم الفوري على المتراخي... ولذلك يقدم ما يخشى فواته على ما لا يخشى فواته، وإن كان أعلى رتبة منه كما تقدم حكاية قول المؤذن على قراءة القرآن؛ لأن قراءة القرآن لا تفوت. اهـ

"একাধিক হকের মাঝে যদি তাআরুজ দেখা দেয় (যে, একটা করতে গেলে আরেকটা করা যাবে না) তাহলে যেটা পিছিয়ে দেয়ার সুযোগ আছে সেটাকে পিছিয়ে দিয়ে যেটা পিছিয়ে দেয়ার সুযোগ নেই সেটা করা হবে। ... যেটা এখনই করা জরুরী সেটাকে অগ্রাধিকার দেয়া হবে, যেটা পরে করার সুযোগ আছে সেটার উপর। ... এ কারণেই যেটা ছুটে যাবার আশঙ্কা সেটা অগ্রাধিকার পাবে সেটার উপর, যেটা ছুটে যাওয়ার আশঙ্কা নেই; যদিও তা (যেটা আগে করা হচ্ছে সেটার

তুলনায়) উচ্চ মার্যাদার হয়। যেমন, কুরআন তিলাওয়াত রেখে আযানের জওয়াব দেয়া হবে। কেননা, কুরআন তিলাওয়াত ছুটে যাবার ভয় নেই।”- আলফুরুক্ব: ২/২০৩

লক্ষ করুন- “যদিও তা (যেটা আগে করা হচ্ছে সেটার তুলনায়) উচ্চ মার্যাদার হয়।”

জিহাদ ও নামাযের বিষয়টাও এমনই। নামায পরে কাযা করা যাবে হিসেবে পিছিয়ে দেয়া হচ্ছে। কিন্তু এর অর্থ এই নয় যে, নামাযের চেয়ে জিহাদ উত্তম।

ইবনে তাইমিয়া রহ., জাসসাস রহ. বা আব্দুল্লাহ আযযাম রহ.- তাদের কেউ জিহাদকে ফরয নামাযের চেয়ে উত্তম বলেছেন বলে আমার জানা নেই। তারা এটা বলেছেন যে, ক্ষেত্র বিশেষে ফরযে আইন জিহাদের গুরুত্ব ফরযে আইন নামাযের চেয়ে বেশি। অর্থাৎ নামায ছুটে গেলেও জিহাদ বন্ধ রাখা যাবে না। জিহাদ চালিয়ে যেতে হবে আর নামায পরে কাযা করে নিতে

হবে। যেখানে তারা জিহাদকে নামাযের চেয়ে উত্তম বলেছেন, সেখানে নফল নামায উদ্দেশ্যে। অনেক জায়গায় স্পষ্ট করেই বলা আছে। আর যেখানে স্পষ্ট বলা নাই, সেখানে উদ্দেশ্য এটাই। আশাকরি বিষয়টা স্পষ্ট হয়েছে। এ বিষয়ে শায়খ আব্দুল কাদির বিন আব্দুল আজিজ (ফাক্কাল্লাহু আসরাহ) এর একটি সুন্দর লেখা আছে। আরবি জানা ভাইদের উচিৎ সেটা পড়ে নেয়া। মাত্র পনের পৃষ্ঠার। শিরোনাম-

رد على سفر الحوالي وتعليقه على كتاب الشيخ المجاهد عبد الله عزام
"الدفاع عن أراضى المسلمين أهم فروض الأعيان"

এ গেল ফজিলতের কথা। আর ঈমানের পর প্রথম ফরয কোনটি- এ ব্যাপারে কথা হল, ঈমানের পর প্রথম ফরয একেক জনের জন্য একেকটি। যার তাওহিদের জ্ঞান নেই, ঈমান আনার পর প্রথম ফরয তাওহিদের জ্ঞানার্জন। যদি নামাযের সময়ে ঈমান এনে থাকে, তাহলে প্রথম ফরয নামায পড়ে নেয়া। যদি শত্রু আক্রমণের সময় ঈমান এনে থাকে, তাহলে প্রথম ফরয শত্রু প্রতিহত করা। এভাবে একেক জনের জন্য একেকটা প্রথম ফরয।

যদি আমার ভুল হয়, তাহলে শুধরে দিলে ইনশাআল্লাহ খুশি হবো।

***

৩৬.জিহাদ উত্তম না যিকির উত্তম?

তিরমিযি শরীফের একটি হাদিস নিয়ে এক ভাই দ্বিধাদ্বন্ধে ছিলেন। হাদিসের তরজমা তিনি এই উল্লেখ করেছিলেন,

“আবূদ দারদা (রাযিঃ) হতে বর্ণিত আছে। তিনি বলেন, নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ আমি তোমাদেরকে কি তোমাদের অধিক উত্তম কাজ প্রসঙ্গে জানাব না, যা তোমাদের মনিবের নিকট সবচেয়ে পবিত্র, তোমাদের সম্মানের দিক হতে সবচেয়ে উঁচু, স্বর্ণ ও রৌপ্য দান-খাইরাত করার চেয়েও বেশি ভাল এবং তোমাদের শত্রুর মুকাবিলায় অবতীর্ণ হয়ে তাদেরকে তোমাদের সংহার করা ও তোমাদেরকে তাদের সংহার করার চাইতেও ভাল? তারা বললেন, হ্যাঁ। তিনি

বললেনঃ আল্লাহ তা'আলার যিকর।

মু'আয ইবনু জাবাল (রাযিঃ) বলেন, আল্লাহ তা'আলার শাস্তি হতে মুক্তি পাওয়ার জন্য আল্লাহ তা'আলার যিকরের তুলনায় অগ্রগণ্য কোন জিনিস নেই।"

মূল হাদিসটি (সুনানে তিরমিযি: ৩৩৭৭) এই-

عن أبي الدرداء رضي الله عنه قال قال النبي صلى الله عليه و سلم: ألا أنبئكم بخير أعمالكم وأزكاها عند مليككم وأرفعها في درجاتكم وخير لكم من إنفاق الذهب والورق وخير لكم من أن تلقوا عدوكم فتضربوا أعناقهم ويضربوا أعناقكم ؟ قالوا بلى، قال: ذكر الله تعالى. فقال معاذ بن جبل رضي الله عنه: ما شيء أنجى من عذاب الله من ذكر الله

ভাইয়ের পেরেশানীর কারণ সম্ভবত এই যে, এ হাদিসে যিকিরকে জিহাদের চেয়ে উত্তম বলা হয়েছে, অথচ জিহাদের ফজিলত সীমাহীন। অধিকন্তু এ হাদিসকে কেন্দ্র করে যিকিরপন্থীরা জিহাদ তরকের বাহানা খোঁজবে। ইনশাআল্লাহ আমি হাদিসটির সহীহ ব্যাখ্যা তুলে ধরার চেষ্টা করবো। ওয়ামা তাওফিকি ইল্লা বিল্লাহ।

প্রথমে মনে রাখতে হবে, কোন আমলের ফজিলত বেশি হওয়ার অর্থ এই নয় যে, অন্য সকল ফরয-নফল বাদ দিয়ে এটাতেই লিপ্ত থাকতে হবে। এমনটা মনে করা সুস্পষ্টই গোমরাহি। যেমন ধরুন- নামাযের ফজিলত অনেক। কিন্তু এর অর্থ এই নয় যে, সারাক্ষণ শুধু নামাযেই ব্যস্ত থাকবে; হজ্ব করবে না, যাকাত দেবে না, পিতা-মাতা, সন্তান-সন্ততি ও আত্মীয়-স্বজনের খোঁজ-খবর নেবে না... ইত্যাদি। বরং যার উপর যে যে বিষয় ফরয তাকে তা আদায় করতে হবে। ফরয দায়িত্ব আদায়ের পর বা পাশাপাশি অন্যান্য আমল করতে কোন অসুবিধা নেই। যে যত আমল করবে তার তত প্রতিদান মিলবে।

জিহাদ ও যিকিরের ক্ষেত্রেও একই কথা। যিকিরের ফজিলত যদি জিহাদের চেয়ে বেশিও হয়ে থাক, তাহলে এর অর্থ এই নয় যে, ফরয জিহাদ ছেড়ে যিকিরে মশগুল থাকবে। এটা তখন ফরয নামায-রোযা-হজ্ব-যাকাত ছেড়ে যিকিরে মশগুল থাকার মতোই হবে। বরং যিকিরের ফজিলতের অর্থ: নামায-

রোযা-হজ্ব-যাকাত-জিহাদ-কিতাল ইত্যাদি ফরয আদায়ের পাশাপাশি যিকিরেরও পাবন্দি করবে। ফরয ছেড়ে যে যিকিরে লিপ্ত থাকবে সে গোমরাহ হওয়ার ব্যাপারে আশাকরি কারো দ্বিমত নেই। ফরয জিহাদ ছেড়ে খানকাহ ও যিকির মশগুল ব্যক্তির ক্ষেত্রেও একই কথা।

দ্বিতীয়ত: আমলের সওয়াব তার কষ্টের ভিত্তিতে নয়, আমলের মর্যাদা হিসেবে। যে আমলের মর্যাদা বেশি তার সওয়াবও বেশি- যদিও তা সহজ হয় আর অন্যগুলো কঠিন হয়। যেমন- ঈমান আনা অনেক সহজ কাজ। কিন্তু এর প্রতিদান অন্য সকল আমলের চেয়ে বেশি। নামায-রোযা-হজ্ব-যাকাত-জিহাদ-কিতাল ইত্যাদি সকল আমলের চেয়ে ঈমানের প্রতিদান বেশি, অথচ এসবগুলোর তুলনায় ঈমান সহজ। এ বিষয়টি ইজ্জুদ্দীন ইবনে আব্দুস সালাম রহ. পরিষ্কার আলোচনা করেছেন তার [ক্বাওয়ায়িদুল আহকাম ফি মাসালিহিল আনাম] কিতাবে। এক পর্যায়ে তিনি বলেন,

ومما يدل على أن الثواب لا يترتب على قدر النصب في جميع العبادات ...

والحاصل بأن الثواب يترتب على تفاوت الرتب في الشرف. اهـ

“সকল ইবাদতে সওয়াবের পরিমাণ যে কষ্টের ভিত্তিতে নয় তার দলীল- এরপর তিনি উপরোক্ত হাদিসসহ যিকির সংক্রান্ত আরো হাদিস উল্লেখ করেন। তারপর বলেন- সারকথা: সওয়াব নির্ধারিত হয় আমলের মর্যাদার কম বেশ এর ভিত্তিতে।” (ক্বাওয়ায়িদুল আহকাম ফি মাসালিহিল আনাম: ১/৪৮)

অতএব, কোন আমলের মর্যাদা বেশি হলে তার সওয়াবও বেশি- যদিও তা অন্যান্য আমলের চেয়ে অনেক সহজ হয়। আর কোন আমলের মর্যাদা কম হলে তার সওয়াবও কম- যদিও তা অন্যান্য মর্যাদাবান আমলের চেয়ে কষ্টসাধ্য হয়।

এবার আমরা আলোচ্য হাদিসে আসি। এ হাদিসে আল্লাহ তাআলার যিকিরকে ইনফাক তথা যাকাত, দান-খায়রাতসহ অন্য সকল আর্থিক ইবাদাতের চেয়ে এবং জিহাদের চেয়ে উত্তম বলা হয়েছে। এখানে যিকির দ্বারা কি উদ্দেশ্য?

দু’টি উদ্দেশ্য নেয়া যায়:

১. কলবি যিকির। তথা সার্বক্ষণিক আল্লাহ তাআলার ইয়াদ ও নিয়তের পরিশুদ্ধি। যদি এমনটি উদ্দেশ্য হয়ে থাকে, তাহলে স্পষ্ট যে, পরিশুদ্ধ নিয়ত ছাড়া কোন আমলই সহীহ না। নামায, রোযা, হজ্ব, যাকাত, তিলাওয়াত, যিকির-আযকার, জিহাদ-কিতাল ইত্যাদি কোন কিছুই পরিশুদ্ধ ও খালেছ নিয়ত ছাড়া সহীহ না। খালেছ নিয়ত ছাড়া সওয়াব পাওয়া যায় না। তদ্রূপ, আল্লাহ তাআলার ইয়াদ ছাড়া শুধু ভাসা ভাসা আমলের দ্বারাও তেমন সওয়াব পাওয়া যায় না। এ দৃষ্টিকোণ থেকে আল্লাহ তাআলার যিকির অন্য সকল আমল হতে উত্তম হওয়া স্বাভাবিক। এ কারণেই হাদিসে মু'মিনের নিয়তকে তার আমলের চেয়ে উত্তম বলা হয়েছে। কাযি ইবনুল আরাবী রহ. এমনটিই বলেছেন।

হাফেয ইবনে হাজার রহ. বলেন,

وأجاب القاضي أبو بكر بن العربي بأنه ما من عمل صالح الا والذكر مشترط في تصحيحه فمن لم يذكر الله بقلبه عند صدقته أو صيامه مثلا فليس عمله كاملا فصار الذكر أفضل الأعمال من هذه الحيثية ويشير إلى ذلك حديث نية المؤمن ابلغ من عمله اهـ

“কাযি আবু বকর ইবনুল আরাবী রহ. এ হাদিসের এই জওয়াব দিয়েছেন যে, প্রতিটি নেক কাজ সহীহ হওয়ার জন্য যিকির শর্ত। যে ব্যক্তি- উদাহরণস্বরূপ- তার সাদাকা বা তার রোযা আদায়ের সময় অন্তরে আল্লাহ তাআলাকে ইয়াদ না করবে, তার আমল কামেল নয়। এই দৃষ্টিকোণ থেকে যিকির (তথা আল্লাহ তাআলার ইয়াদ) সর্বোত্তম আমল। হাদিস: ‘মু’মিনের নিয়ত তার আমল থেকে উত্তম’- এ দিকেই ঈঙ্গিত করে।” (ফাতহুল বারি: ১১/২১০)

উপরোক্ত ব্যাখ্যা অনুযায়ী নিছক মৌখিক যিকির জিহাদ ও অন্যান্য আমল থেকে উত্তম সাব্যস্ত হয় না। আর যিকির যদি বিদআতি যিকির হয়, তাহলে তো উত্তম হওয়ার প্রশ্নই আসে না। হানাফি মাযহাবের প্রখ্যাত ইমাম ইবনুল মালাক রহ. (৮৫৪হি.) এ হাকিকতটিই তুলে ধরেছেন। তার যামানার জাহেল সুফিদের খণ্ডনকল্পে আলোচ্য হাদিসের ব্যাখ্যায় তিনি বলেন,

المراد من هذا: هو الذِّكر القلبي ... لا الذِّكر اللِّساني المشتمل على صياحٍ
وانزجاعٍ، وشدةِ تحريكِ العنقِ واعوجاجٍ، كما يفعله بعض الناس زاعمين أن

ذلك جالبٌ للحضور، وموجبٌ للسرور، حاشا لله، بل هو سبب للغَيبة والغرور.
اهـ

“এখানে যিকির দ্বারা কলবি যিকির উদ্দেশ্য ... মৌখিক যিকির উদ্দেশ্য নয়, যে যিকিরে থাকে চিল্লা-ফাল্লা আর হৈ-হুল্লোর, জোরে জোরে ঘাড় নাড়ানো আর বক্র অঙ্গভঙ্গি। যেমনটা কতক লোক করে থাকে। মনে করে- এমন করলে আল্লাহ তাআলার নৈকট্য ও অন্তরের প্রশান্তি অর্জন হবে। আল্লাহর পানা। কিছুতেই না। এসব বরং আল্লাহ তাআলা থেকে দূরে সরা ও প্রবঞ্চনার কারণ।” (শরহু ইবনিল মালাক আলাল মাসাবিহ: ৩/৯২)

২. দ্বিতীয়ত যিকির দ্বারা যেকোন যিকির উদ্দেশ্য নয়, বরং কামেল যিকির উদ্দেশ্য। আর তা হবে আল্লাহ তাআলার আযমত ও ইস্তিহজার সহ যিকরে লিসানি তথা মৌখিক যিকির ও কলবি যিকিরের সমন্বিত যিকির। তাহলে এ যিকিরের জন্য কয়েকটি বিষয় জরুরী:

ক. অন্তরে আল্লাহ তাআলার আযমত ও বড়ত্বের অনভূতি।

খ. ইস্তিহজার তথা আল্লাহ তাআলাকে হাজির নাযির মনে করে, তিনি আমাকে দেখছেন আমি তার সামনে আছি- এমন অনুভূতি নিয়ে যিকির করা।

গ. যিকিরের মা'না-মাফহুম তথা অর্থ ও মর্ম বুঝে যিকির করা।

ঘ. যিকির মাসনুন যিকির হওয়া বা শরীয়তসম্মত অন্য কোন যিকির হওয়া।

এ গেল যিকিরের কথা। আর যেসব আমলের তুলনায় এ যিকিরকে উত্তম বলা হয়েছে সেগুলোর অবস্থা হল- সেগুলোতে যথাযথ আল্লাহর ইয়াদ নেই, ইস্তিহযার এবং আযমত ও বড়ত্বের উপলব্ধি নেই। শুধু ভাসা ভাসা আমল। এমন ধরণের আমলের তুলনায় পূর্বোল্লিখিত যিকিরকে উত্তম বলা হয়েছে। অতএব, যে ব্যক্তি জিহাদ করছে কিন্তু জিহাদরত অবস্থায় তার মুখে আল্লাহর যিকির নেই, অন্তরে আল্লাহর ইয়াদ ও আযমতের উপলব্ধি নেই- তার এ জিহাদের তুলনায় পূর্বোক্ত কামেল যিকিরের সওয়াব বেশি। যদিও তার জিহাদে কষ্ট হচ্ছে বেশি, কিন্তু যথাযথ লিসানি ও কলবি যিকিরের সমন্বয় না থাকার কারণে তার জিহাদের সওয়াব কমে গেছে। আর

কমবেই বা না কেন, জিহাদরত অবস্থায় তো অন্তরে আল্লাহ তাআলাকে অধিক পরিমাণে ইয়াদ করার এবং যবান আল্লাহ তাআলার যিকিরে মশগুল রাখার আদেশ স্বয়ং আল্লাহ তাআলা দিয়েছেন।

আল্লাহ তাআলা ইরশাদ করেন,

{ يَاأَيُّهَا الَّذِينَ آمَنُوا إِذَا لَقِيتُمْ فِئَةً فَاثْبُتُوا وَاذْكُرُوا اللَّهَ كَثِيرًا لَعَلَّكُمْ تُفْلِحُونَ}

“হে ঈমানদারগণ! যখন তোমরা কোন বাহিনির সাথে সংঘাতে লিপ্ত হও, তখন সুদৃঢ় থাক এবং আল্লাহ তাআলাকে অধিক পরিমাণে স্বরণ করতে থাক, যাতে তোমরা উদ্দেশ্যে কৃতকার্য হতে পার।” (আনফাল: ৪৫)

ইমাম জাসসাস রহ. বলেন,

وقوله تعالى: { واذكروا الله كثيرا} يحتمل وجهين: أحدهما: ذكر الله تعالى باللسان، والآخر: الذكر بالقلب، وذلك على وجهين: أحدهما: ذكر ثواب الصبر على الثبات لجهاد أعداء الله المشركين وذكر عقاب الفرار؛ والثاني: ذكر دلائله

ونعمه على عباده وما يستحقه عليهم من القيام بفرضه في جهاد أعدائه.
وضروب هذه الأذكار كلها تعين على الصبر والثبات ويستدعى بها النصر من الله
والجرأة على العدو والاستهانة بهم. وجائز أن يكون المراد بالآية جميع الأذكار
لشمول الاسم لجميعها. اهـ

“আল্লাহ তাআলার বাণী- ‘এবং আল্লাহ তাআলাকে অধিক পরিমাণে স্বরণ করতে থাক’ এর দুটি ব্যাখ্যা হতে পারে:

এক. মুখে আল্লাহ তাআলার যিকির করা।

দুই. অন্তরের যিকির।

অন্তরের যিকির আবার দুই ধরণের:

এক. আল্লাহর দুশমন মুশরিকদের বিরুদ্ধে জিহাদে সুদৃঢ় ও অটল-অবিচল থাকার সওয়াব এবং যুদ্ধ হতে পলায়নের শাস্তির কথা স্বরণ করা।

দুই. আল্লাহ তাআলার নিদর্শনাবলী, বান্দাদের উপর আল্লাহ তাআলার নেয়ামতরাজি এবং তার দুশমনদের বিরুদ্ধে জিহাদের যে ফরয দায়িত্ব তাদের উপর তার পাওনা রয়েছে- সেগুলো স্বরণ করা।

এই সব ধরণের যিকির অটল অবিচল থাকতে সহায়ক হবে। আল্লাহ তাআলার নুসরত লাভ এবং শত্রুর উপর দুঃসাহসিকতা দেখানো ও তাদেরকে তুচ্ছ জ্ঞান করার মাধ্যম হবে।

অধিকন্তু আয়াতের দ্বারা সব ধরণের যিকিরই উদ্দেশ্য হতে

পারে। কেননা, যিকির শব্দ সব ধরণের যিকিরকেই বুঝায়।”
(আহকামুল কুরআন: ৩/৮৬)

পক্ষান্তরে যে ব্যক্তি ইখলাসের সাথে, যথাযথ কলবি ও লিসানি যিকির সহ, আল্লাহ তাআলার আযমত ও ইস্তিহজার সহ, সওয়াবের আশা ও শাস্তির ভয় নিয়ে আল্লাহ তাআলার দ্বীনের বিজয়ের উদ্দেশ্যে জিহাদ করবে- তার এ জিহাদের প্রতিদান উপরোক্ত কামেল যিকিরের চেয়েও বেশি। কেননা, এখানে দু’টি আমলের সমন্বয় ঘটেছে:
ক. কামেল যিকির।
খ. জিহাদ।

অতএব, এমন মুজাহিদের জিহাদের সওয়াব ঐসব ব্যক্তির কামেল যিকিরের চেয়ে বেশি, যারা বাড়িতে বা মসজিদে বসে, পূর্ণ ধ্যান খেয়ালে, পূর্ণ আযমত ও ইস্তিহজারের সাথে, অর্থ ও মর্ম বুঝে বুঝে মাসনুন ও শরীয়তসম্মত যিকিরে লিপ্ত আছে। কেননা, এসকল ব্যক্তির আমল হল একটা। তা হচ্ছে- শুধু যিকির। পক্ষান্তরে মুজাহিদের আমল দু’টি: ক. যিকির। খ.

জিহাদ। কাজেই তার সওয়াব বেশি।

হাফেয ইবনে হাজার রহ. বলেন,

أشرت إليه مستشكلا في أوائل الجهاد مع ما ورد في فضل المجاهد انه كالصائم لا يفطر وكالقائم لا يفتر وغير ذلك مما يدل على افضليته على غيره من الأعمال الصالحة، وطريق الجمع والله اعلم ان المراد بذكر الله في حديث أبي الدرداء الذكر الكامل، وهو ما يجتمع فيه ذكر اللسان والقلب بالتفكر في المعنى واستحضار عظمة الله تعالى، وان الذي يحصل له ذلك يكون أفضل ممن يقاتل الكفار مثلا من غير استحضار لذلك، وان أفضلية الجهاد انما هي بالنسبة إلى ذكر اللسان المجرد، فمن اتفق له انه جمع ذلك كمن يذكر الله بلسانه وقلبه واستحضاره وكل ذلك حال صلاته أو في صيامه أو تصدقه أو قتاله الكفار مثلا فهو الذي بلغ الغاية القصوى. اه

“কিতাবুল জিহাদের শুরুতে এ হাদিসের দিকে ঈঙ্গিত করে এসেছি। মুজাহিদের যে ফজিলত বর্ণিত হয়েছে তার দাবি হল- জিহাদ অন্য সকল নেক কাজের চেয়ে উত্তম। যেমন- মুজাহিদ ঐ রোযাদারের মতো যে কখনোও রোযা ভাঙে না। ঐ ইবাদাত গুজারের মতো যে, কখনও বিরতি দেয় না। এছাড়াও অন্যান্য ফজিলত। এতদসত্ত্বেও এ হাদিসে যিকিরকে উত্তম বলাটা (বাহ্যত) মুশকিল মনে হয়। -ওয়াল্লাহু আ’লাম- উভয়ের সমন্বয় এভাবে হবে যে, আবুদদারদা রাদিয়াল্লাহু আনহুর হাদিসে

আল্লাহ তাআলার যিকির দ্বারা কামেল যিকির উদ্দেশ্য। আর কামেল যিকির হল ঐ যিকির, যে যিকিরে মৌখিক যিকির এবং অর্থ ও মর্মে ফিকির করে করে আল্লাহ তাআলার আযমতের খেয়াল রেখে অন্তরের যিকির- উভয়টার সমন্বয় ঘটবে। যার মাঝে এমন যিকির পাওয়া যাবে সে ঐ ব্যক্তি থেকে উত্তম- উদাহরণত- যে ব্যক্তি এই অবস্থা ব্যতিরেকে কাফেরদের বিরুদ্ধে যুদ্ধ করে। আর (ইস্তিহজার বিহীন) জিহাদ উত্তম হল (ইস্তিহজার বিহীন) মৌখিক যিকিরের চেয়ে। অতএব, যে ব্যক্তি এ উভয়টির সমন্বয় ঘটাবে; যেমন- উদাহরণত- ঐ ব্যক্তি, যে তার নামাযে, তার রোযায়, তার সাদাকায় বা কাফেরের বিরুদ্ধে তার যুদ্ধের হালতে ইস্তিহজারের সাথে তার যবানে ও অন্তরে আল্লাহ তাআলার যিকির করবে- তাহলে সে-ই (ফজিলতের) চূড়ান্ত দরজায় উপনীত হতে সক্ষম হবে।” (ফাতহুল বারি: ১১/২১০)

সারকথা দাঁড়াল-

♣ ইস্তিহজারের সাথে কামেল যিকিরের সওয়াব, ইস্তিহজার বিহীন জিহাদ ও অন্যান্য আমলের চেয়ে বেশি।

♣ ইস্তিহজার বিহীন জিহাদের সওয়াব, ইস্তিহজার বিহীন

যিকিরের চেয়ে বেশি।

♣ ইস্তিহজার বিশিষ্ট জিহাদ ও অন্যান্য আমলের সওয়াব, ইস্তিহজার বিশিষ্ট কামেল যিকিরের চেয়ে বেশি।

এ থেকে এই ফলাফল দাঁড়াচ্ছে যে, যেসকল মুজাহিদ পূর্ণ ইখলাস ও যিকিরের সাথে আল্লাহর রাস্তায় জিহাদরত আছেন তাদের জিহাদ, ঐসব শিরিক ও বিদআতমুক্ত মুখলিস অলী, দরবেশ ও পীর মাশায়েখদের যিকিরের চেয়ে উত্তম, যারা ইস্তিহজার ও আযমতের সাথে, অর্থ ও মর্ম খেয়াল করে করে যিকিরে লিপ্ত আছেন। কেননা, তারা যে ধরণের যিকিরে লিপ্ত আছেন, মুজাহিদগণও এমনই- কিংবা তার চেয়ে উত্তম- যিকিরে লিপ্ত আছেন। অতিরিক্ত এই যে, মুজাহিদগণ আল্লাহর দ্বীনের জন্য নিজেদের জান-মাল ও সর্বস্ব ব্যয় করছেন আর তারা তা করছেন না। অতএব, যিকিরের দিক থেকে মুজাহিদগণ এবং মুখলিস ও শরীয়তের অনুগামী অলী দরবেশগণ সমানে সামান। আর মুজাহিদগণের শ্রেষ্টত্ব যে, তারা যিকিরের পাশাপাশি জিহাদেও লিপ্ত আছেন। অতএব, উক্ত হাদিস থেকে অলী দরবেশগণের উপর মুজাহিদগেণের শ্রেষ্ঠত্ব প্রমাণিত হয়।

বি.দ্র.

ভুলে গেলে চলবে না যে, জিহাদ বর্তমানে ফরযে আইন। যিকির করা ফরয নয়, মুস্তাহাব। যারা সামর্থ্য থাকা সত্ত্বেও জিহাদ ছেড়ে যিকিরে লিপ্ত আছেন, তারা- যদি সব ধরণের শিরিক বিদআত থেকে মুক্ত থাকেন- তাহলে অন্তত এতটুকু বলতে হবে যে, ফরযে আইন তরকের গুনাহে লিপ্ত আছেন। আর যেসব মুজাহিদ ইস্তিহজার ও কামেল যিকির ছাড়া শুধু জিহাদে লিপ্ত আছেন, তাদের ক্ষেত্রে এটা নিশ্চিত যে, তারা নফল যিকিরের ফজিলত না পেলেও অন্তত কোন ফরয তরকের গুনাহে লিপ্ত নন। অতএব, এ হিসাবে জিহাদে লিপ্ত যেকোন মুজাহিদ- যদি তিনি অন্যান্য গুনাহ থেকে বিরত থাকেন, জিহাদ তরককারী- যদিও অন্য সকল ফরয আদায়কারী হয়ে থাকেন- যেকোন যিকিরকারীর চেয়ে উত্তম। কেননা, যিকিরকারী ফরযে আইন তরকের গুনাহে লিপ্ত, আর মুজাহিদ নফলে লিপ্ত না থাকলেও কোন ফরয তরকের গুনাহে লিপ্ত নন। আর স্পষ্ট যে, আল্লাহর নাফরমানীতে লিপ্ত ব্যক্তি কিছুতেই ঐ ব্যক্তির মতো নয়, যে আল্লাহর সবগুলো ফরয আদায়ে লিপ্ত আছেন এবং কোন ধরণের নাফরমানীতে লিপ্ত

নন।

যাহোক, সর্বদিক থেকে সকল মুজাহিদকে শ্রেষ্ঠ প্রমাণ করা আমার উদ্দেশ্য নয়। এর হিসাব নিকাশ আল্লাহ তাআলার দায়িত্বে। আমার উদ্দেশ্য এতটুকু দেখানো যে, উপরোক্ত হাদিস জিহাদ ছেড়ে ঘরে বা খানকায় বসে থাকার বৈধতা দেয় না, মুজাহিদদের উপর খানকাহবাসীদের শ্রেষ্ঠত্বও প্রমাণ করে না।

والله سبحانه وتعالى أعلم، وصلى الله تعالى على خير خلقه محمد وآله وصحبه أجمعين

৩৭.জিহাদ ও অন্যান্য ফরযের সমন্বয় সাধনই মধ্যম পন্থা

এক ভাই জিহাদ সম্পর্কে একটি সুন্দর পোস্ট দিয়েছেন। তাতে মুহতারাম ভাই অনেক সুন্দর কথা বলেছেন। তবে [কোন ইবাদতই জিহাদের সমকক্ষ হতে পারে না] কথাটা অস্পষ্ট হওয়ায় তা থেকে ভুল বুঝাবুঝি হতে পারে। তাই একটু তাম্বীহ করা প্রয়োজন মনে করছি।

তাছাড়া প্রাথমিকভাবে ভাইয়েরা যখন জিহাদে যোগ দেন, তখন সমাজের উলামায়ে কেরামের গাফলত, অপব্যাখ্যা, জিহাদ সম্পর্কে লোকজনের উদাসীনতা- ইত্যাদির কারণে অন্তরে প্রচণ্ড ক্ষোভ নিয়ে জিহাদে যোগ দেন। তাছাড়া জিহাদের ফাযায়েলগুলো প্রথমবার দেখার কারণে মনে হয়- দুনিয়াতে জিহাদের চেয়ে বা তার সমকক্ষ আর কোন ইবাদত নেই। আল্লাহ মাফ করুন- কারো কারো মধ্যে এমনটাও হয়ে থাকে যে, জিহাদের কাজের দরুণ অন্যান্য ফরয আদায়ে ত্রুটি করেন। পিতা-মাতার নাফরমানী, উস্তাদের অবাধ্যতা- ইত্যাদি প্রায়ই হয়ে থাকে। মনে করেন, জিহাদ ফরয হয়ে গেছে। এখন আর কোন কিছুই দেখার নেই। এ কারণে জিহাদ ও অন্যান্য ফরয নিয়ে কিছু কথা বলা সময়ের দাবি মনে হচ্ছে।

মনে রাখতে হবে, জিহাদ শরীয়তের একটি ফরয। শরীয়তে আরো অনেক ফরয রয়েছে। কোনোটা ফরযে আইন, কোনোটা ফরযে কেফায়া। আল্লাহ তাআলা কতৃক

আরোপকৃত সবগুলো ফরযই আদায় করতে হবে। একটা করতে গিয়ে আরেকটা ছাড়া যাবে না। অন্যান্য ফরয আদায় করতে গিয়ে যেমন জিহাদ ছাড়া যাবে না, জিহাদ করতে গিয়েও অন্য কোন ফরয ছাড়া যাবে না। একান্তই যদি কোথাও খন্দক যুদ্ধের অবস্থা তৈয়ার হয়, তাহলে কথা ভিন্ন। তদ্রূপ, জিহাদের প্রয়োজনে যেসব বিষয়ের অনুমোদন আছে, সেগুলোর কথাও ভিন্ন।

শরীয়তে স্বাভাবিক অবস্থায় আরকানে খামসা তথা ঈমান ও ঈমানের পর নামায-রোযা-হজ্ব-যাকাতের গুরুত্ব ও ফজিলত সবচেয়ে বেশি। এগুলোর সমকক্ষ অন্য কোন ইবাদাত হতে পারে না। এমনকি জিহাদও না। কেননা, এগুলো ফরযে আইন (নামায-রোযা সকলের উপরই ফরযে আইন, আর হজ্ব-যাকাত সামর্থ্য সাপেক্ষে)। আর জিহাদ স্বাভাবিক অবস্থায় ফরযে কেফায়া। আর ফরযে আইনের গুরুত্ব ও ফজিলত ফরযে কেফায়ার চেয়ে বেশি।

ঈমানের পরই ফরয নামাযের গুরুত্ব। বহু হাদিসে ফরযে কেফায়া জিহাদের চেয়ে নামায শ্রেষ্ট বলে বর্ণিত হয়েছে।

যেমন, **বুখারী শরীফে হযরত আব্দুল্লাহ ইবনে মাসউদ রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, তিনি বলেন,**

قال ? أفضل العمل أي الله رسول يا قلت (الصلاة على ميقاتها) . قلت ثم أي ? قال (ثم بر الوالدين) . قلت ثم أي ? قال (الجهاد في سبيل الله)

“আমি জিজ্ঞেস করলাম, ইয়া রাসূলাল্লাহ্! সর্বোত্তম আমল কোনটি? তিনি উত্তর দেন, সময়মতো নামায় আদায় করা। আমি জিজ্ঞেস করলাম, এরপর কোন আমল? তিনি উত্তর দেন, এরপর হচ্ছে পিতা-মাতার সাথে সদ্ব্যবহার। আমি জিজ্ঞেস করলাম, এরপর কোন আমল? তিনি উত্তর দেন, আল্লাহর রাস্তায় জিহাদ করা।” (সহীহ বুখারী: ২৬৩০)

১. তাকী উসমানী সাহেবের বক্তব্যে একটি বাস্তব সত্য উঠে এসেছে যে, একমাত্র পাকিস্তান ব্যতীত মুসলিম নামধারী পৃথিবীর অন্য কোন রাষ্ট্রের সংবিধান হাকিমিয়্যাহ’র উপর প্রতিষ্ঠিত নয়। এমনকি সৌদি আরবও সুস্পষ্টরূপে হাকিমিয়্যা’র উপর প্রতিষ্ঠিত নয়। তদ্রূপ পৃথিবীর কোন মুসলিম নামধারী রাষ্ট্রের সংবিধানে স্পষ্টভাবে এ কথা নেই যে, সে দেশের শাসন ব্যবস্থা ইসলামী আইনের উপর প্রতিষ্ঠিত হবে। এমনকি সৌদি আরবেও না। অর্থাৎ পাকিস্তান ব্যতীত বাকি সকল মুসলিম রাষ্ট্র কুফরের উপর প্রতিষ্ঠিত। কিন্তু আফসোস এমন ধ্রুব সত্যটি স্বীকার করে নেয়ার পরও মুফতী সাহেব মুসলিম নামধারী পৃথিবীর সকল গণতান্ত্রিক রাষ্ট্রকে দারুল ইসলাম তথা ইসলামী রাষ্ট্র বলে দাবি করেছেন এবং

ফুকাহায়ে কেরামের কতক বক্তব্যের তাহরীফ-অপব্যাখ্যা করে দলীল পেশ করার ব্যর্থ চেষ্টা করেছেন। ঐসব কুফরী রাষ্ট্রের শাসকদেরকে ইমামুল মুসলিমীন দাবি করে তাদের আনুগত্যকে ফরয সাব্যস্ত করেছেন। হায়! কুফরের উপর প্রতিষ্ঠিত হয়েও দারুল কুফর হল না, হয়ে গেল দারুল ইসলাম। মুসলামনদের দ্বীনের দুশমনরা হয়ে গেল তাদের ধর্মীয় ইমাম। ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিঊন!!

২. তিনি দাবি করেছেন, পাকিস্তান হাকিমিয়্যা'র উপর প্রতিষ্ঠিত। কিন্তু তার এ দাবি কতটুকু সত্য তা পাকিস্তানের সংবিধান দেখলেই বুঝা যাবে। হাকিমুল উম্মাহ শায়খ আইমান আযযাওয়াহিরী হাফিজাহুল্লাহ অনেকের কাছ থেকে শুনছিলেন যে, পাকিস্তানের সংবিধান ইসলামী। সেখানকার হুকুমত হাকিমিয়্যাহ'র উপর প্রতিষ্ঠিত। কিন্তু তিনি বিশ্বাস করতে পারছিলেন না যে, পশ্চিমা আদলে গড়ে উঠা আমেরিকার দালাল, চরম ইসলাম বিদ্বেষী যে পাকিস্তান তা হাকিমিয়্যাহ'র উপর প্রতিষ্ঠিত হয় কিভাবে? কিভাবে তা ইসলামের উপর প্রতিষ্ঠিত হয়? পরে তিনি পাকিস্তানের সংবিধান মনোযোগের সাথে অধ্যয়ন করে দেখেন, তা মূলত হাকিমিয়্যা'র উপর প্রতিষ্ঠিত নয়। অন্যান্য গণতান্ত্রিক রাষ্ট্রের মত পাকিস্তানের

হাকিমিয়্যাহ’র মালিকও জনগণ বা অন্য কথায় সংসদ সদস্যরা। পাকিস্তানের সংবিধানেই তা স্পষ্ট বলা আছে। পাকিস্তানের সংবিধান যে কুফরের উপর প্রতিষ্ঠিত তা প্রমাণকল্পে তিনি **‘আস-সুবহু ওয়াল কিনদীল’** নামে একটি কিতাব লিখেছেন। কিতাবটি ১২৬ পৃষ্ঠার। আরবী বুঝেন এমন সকল ভাইকে আমি উপদেশ দেব কিতাবটি পড়ে নেয়ার জন্য। তাহলে পাকিস্তান সংবিধানে ইসলামের বাস্তবতা বুঝা যাবে ইনশাআল্লাহ।

৩. তাকী উসমানী সাহেব বার বার বড় গলায় বুলি আউড়ান যে, পাকিস্তান ইসলামের নামে সৃষ্টি হয়েছে। কিন্তু কথা হল, শুধু নাম দিয়ে কাম কি? যে পাকিস্তান ইসলামের নামে সৃষ্টি হয়েছিল জন্মের পরমূহুর্ত থেকে আজ পর্যন্ত কি তাতে ইসলাম কায়েম হয়েছে? পাকিস্তান তো বানানো হয়েছিল ইসলামের নামে। বানানো তো হয়েছিল এই কথার উপর যে, তা চলবে কুরআন অনুযায়ী। কিন্তু কই! জন্মের পর পাকিস্তানে কি ইসলামী সংবিধান জারি করা হল নাকি কুফরী সংবিধান? আল্লাহর শরীয়তের সংবিধান নাকি ব্রিটিশদের কুফরী সংবিধান? উলামায়ে কেরামের সংবিধান না’কি ব্রিটিশ দালালদের সংবিধান? তাকী উসমানী সাহেবও এই ধ্রুব সত্যটি

স্বীকার করে নিয়েছেন। দেখুন তার বক্তব্য,

“পাকিস্তানের সংবিধানে পরিষ্কার বলা আছে, পাকিস্তানে কুরআন ও সুন্নাহর বিপরিত কোনও আইন বানানো যাবে না এবং বর্তমানে বিদ্যমান আইনকে পরিবর্তন করে কুরআন সুন্নাহর ধাঁচে রূপ দেয়া হবে।”

অর্থাৎ বর্তমানে পাকিস্তান ব্রিটিশদের কুফরী সংবিধান দিয়েই চলবে। তবে ভবিষ্যতে কোন আইন ইসলাম পরিপন্থি বানানো যাবে না। আর বর্তমানে বিদ্যমান কুফরী আইনগুলো আস্তে আস্তে শরয়ী আদালতের মাধ্যমে ইসলামী আইনে রূপান্তর করা হবে।

এখানে তিনিটি প্রশ্ন,

ক. জন্মের পর পাকিস্তানের ভিত্তি কি ইসলামের উপর হল না'কি কুফরের উপর হল? অস্বীকার করার জু নেই যে, কুফরের উপর হল। কুফরী সংবিধানই জারি হল। ইসলামী সংবিধান হল না। ইসলামী শাসনও কায়েম হল না। তবে শাসকরা ওয়াদা করল, ভবিষ্যতে পাকিস্তান ইসলামী করা হবে।

মোটকথা, পাকিস্তানের ভিত্তি কুফরের উপর। আর ইসলামী

হবে কি'না সেটা ভবিষ্যতের বিষয় ছিল। জন্মের মূহুর্তে পাকিস্তান ইসলামী ছিল না। পরবর্তীতে ইসলামী হয়েছে কি'না সেটা পরের দুই প্রশ্নের উত্তরের উপর নির্ভর শীল।

খ. পরবর্তীতে কি পাকিস্তানে কুরআন সুন্নাহ বিরোধি আইন করা হয়নি? উত্তর হবে নি:সন্দেহে হয়েছে। ব্রিটিশ সংবিধানে মুসলিম পারিবারিক আইনের অনেক ধারা ইসলামী শরীয়তের সাথে সামঞ্জস্যপূর্ণ ছিল। এ আইন দিয়েই ইংরেজরা হিন্দুস্তান শাসন করত। পাকিস্তান প্রতিষ্ঠালগ্নে এই আইনগুলো আগের মতোই পাকিস্তানের সংবিধানে ছিল। কিন্তু পরে এ কয়টা আইনও পরিবর্তন করে তদস্থলে কুফরী আইন চাল করা হয় যা এখনো চালু আছে। এ ছাড়াও হয়তো আরো অনেক কুফরী আইন প্রণয়ন করা হয়েছে।

গ. শেষের প্রশ্নটি হল, শাসকরা যে ওয়াদা করেছিল প্রচলিত কুফরী আইনগুলোকে পরিবর্তন করে তদস্থলে ইসলামী আইন চালু করা হবে- আদৌ সেটা কি হয়েছে? সবাই জানে যে, তা আর হয়নি।

যখন শাসন শুরু হল কুফরী আইন দিয়ে, পরবর্তীতে আরোও

নতুন নতুন কুফরী আইন প্রণয়ন করা হল আর আগের কুফরী আইনগুলো পরিবর্তন না করে আপন অবস্থায় বহাল রাখা হল – তখন কি পাকিস্তান ইসলামী রাষ্ট্র হল না'কি আগের তুলনায় আরোও শক্ত কাফের রাষ্ট্র হল?? এরপরও পাকিস্তানকে ইসলামী রাষ্ট্র বলে দাবি করা হয় কিভাবে??

৪. সংবিধানে যে বলা ছিল,

"প্রতিটি নাগরিকের এই অধিকার আছে যে, যদি কেউ কুরআন সুন্নাহ বিরোধি কোন আইন দেখতে পায় তাহলে এই আইনকে রহিত করে তদস্থলে ইসলামী আইন প্রবর্তন করার দাবি আদালতে পেশ করতে পারবে। আদালত যদি তার দাবি গ্রহণ করে তাহলে আদালতের এই অধিকার রয়েছে যে, এই আইনকে রহিত করে ইসলামী আইন বাস্তবায়ন করার আদেশ জারি করতে পারবে।"

এখানে প্রশ্ন হল,

ক. *"আদালত যদি তার দাবি গ্রহণ করে তাহলে আদালতের এই অধিকার রয়েছে যে, এই আইনকে রহিত করে ইসলামী আইন বাস্তবায়ন করার আদেশ জারি করতে পারবে।"*

এখানে তো একথা নেই যে, আদালত অবশ্যই দাবি কবুল করবে। বরং যদি কবুল করে তবে করতে পারে। তাহলে আইন পরিবর্তনটা আদালতের দয়ার উপর রয়ে গেল।

দ্বিতীয়ত আদালত কুফরী আইন রহিত করে ইসলামী আইন চালু করবে- তা তো বলা হয়নি। বরং চালু করার আদেশ জারি করবে। কিন্তু আদেশ পার্লামেন্ট সদস্যরা যে অবশ্যই মানবে এবং অবশ্যই ইসলামী আইন চালু করবে তা তো বলা হয়নি। যদি তারা ইসলামী আইন জারি করতে রাজি না হয় তাহলে অস্ত্র ও শক্তি প্রয়োগে ইসলামী আইন বাস্তবায়ন করা হবে তা তো বলা হয়নি। তাহলে সংবিধানের এই দফা – যাকে তাকী সাহেব ‘মহান দফা’ বলে গর্ববোধ করছেন, আশার বাঁধ যার উপর বাঁধছেন – তার মাধ্যমে কুফরী আইন রহিত করে ইসলামী আইন চালু করা তো নিশ্চিত হল না।

খ. ইসলামের নামে যদি পাকিস্তান সৃষ্টি হয়েছিল তো শুরুতেই কুফরী সংবিধান কেন চালু করা হল? দ্বিতীয়ত জনগণ কি এই কুফরী সংবিধানকেই ইসলামী পাকিস্তানের (!!) ইসলামী সংবিধানরূপে মেনে নিয়েছিল? না’কি তারা এর বিরোধিতা করেছিল? সন্দেহ নেই যে, পাকিস্তানের আলেম উলামা,

মুসলিম জনতা এই কুফরী সংবিধান মেনে নেয়নি। তারা একে প্রত্যাখান করেছিল। ইসলামী শরীয়তের জন্য মাঠে নেমেছিল। মিটিং মিছিল, দাবি দাওয়া সবই করেছিল। রক্তও ঝরিয়েছিল। উলামায়ে কেরাম ইসলামী সংবিধানের রূপরেখা তৈয়ার করে শাসকদের কাছ পেশও করেছিলেন। এক নয় দুই নয়, বছরের পর বছর তারা এর জন্য আন্দোলন করেছে। এখনও পর্যন্ত আন্দোলন চলছে। বাধ্য হয়ে তালেবানে ইসলামরা প্রসাশনের বিরুদ্ধে অস্ত্র হাতে নিয়েছে। যুদ্ধও চলছে। কিন্তু কই! ইসলাম কি কায়েম হয়েছে? এরপরও পাকিস্তান ইসলামী রাষ্ট্র? কুফরের উপর ভিত্তি হয়েও ইসলামী রাষ্ট্র? কুফরের উপর অটল থেকেও ইসলামী রাষ্ট্র? ইসলাম পরিত্যাগ করেও ইসলামী রাষ্ট্র? ইসলাম প্রত্যাশীদের ইসলাম প্রত্যাশার কারণে হত্যার পরও ইসলামী রাষ্ট্র? ইসলামের বিরুদ্ধে যুদ্ধে লিপ্ত থেকেও ইসলামী রাষ্ট্র? হে আল্লাহ! তুমি আমাদেরকে বুঝ দাও! আমীন! আমীন!

৫. ১৯৪৭ সালে পাকিস্তান প্রতিষ্ঠার পর থেকে আজ সত্তর বছরের মাথায়ও পাকিস্তান থেকে কুফরী সংবিধান সরানো গেল না। ইসলামী শাসন কায়েম করা গেল না। কেন গেল না? তাকী সাহেব বড়ই অদ্ভূত কারণ বাতলিয়েছেন। দেখুন উনার বক্তব্য,

“আফসোস! এই মহান দফা তো পাকিস্তানের সংবিধানে বিদ্যমান আছে কিন্তু হুকুমত, হুকুমতের কর্মকর্তাবৃন্দ এবং আমি বলবো যে, আফসোস! দ্বীনদার সমাজের অনুভূতিহীনতার কারণে এই দফা বেকার পড়ে রয়েছে । এর থেকে তেমন কোন ফায়েদা লাভ করা যাচ্ছে না।”

আহা! যুগ যুগের বাস্তবতাকে তাকী সাহেব এক বক্তৃতার মঞ্চেই অস্বীকার করে ফেললেন। পাকিস্তানের মুসলামনদের কি কোন অনুভূতি ছিল না? এই সত্তর বছরেও তাদের কোন অনুভূতি জাগেনি না? কিভাবে তাকী সাহেব অস্বীকার করলেন এতবড় বাস্তবতাকে! উলামায়ে কেরাম কি ইসলামের দাবি জানাননি? কুফরকে কি প্রত্যাখান করেননি। সাধারণ মুসলমান কি শত হাজারো আন্দোলন করেনি? ইসলামের দাবিতে শত হাজারো মুসলমানের লাশ কি পড়েনি? আজও কি দাবি হচ্ছে না? আজও রক্ত ঝরছে না? এত কিছুর পরও কি করে বলতে পারলেন, ‘আবেদনের অভাবে, অনুভূতির অভাবে ইসলাম কায়েম হচ্ছে না?’

অনুভূতিহীনতা আর গাফলতের অভিযোগ শাসকদের ব্যাপারেও

করেছেন। প্রশাসনের কর্মকর্তাদের বিরুদ্ধেও করেছেন। তাদের গাফলতের কারণে ইসলাম কায়েম হচ্ছে না। এটা যে কত বড় বাস্তবতার অস্বীকার কোন চক্ষুষ্মানের কাছে তা অস্পষ্ট নয়। গাফলত দু'চার দিন হতে পারে। কেউ স্মরণ করানোর অভাবে হতে পারে। সত্তর বছর ধরেই কি গাফলত চলছে? যে রাষ্ট্র ইসলামের নামেই জন্মেছিল তা থেকে ইসলাম প্রত্যাহার করে কুফর চালু করা কি গাফলত? যুগ যুগ ধরে হাজারো আন্দোলনের পরও, হাজারো হাজার লাশ পড়ার পরও ইসলাম কায়েম না করা কি গাফলত? ইসলাম প্রত্যাশীদেরকে হত্যা করা কি গাফলত? ক্রুসেডারদের সাথে জোট বেঁধে ইসলামী ইমারতকে ধ্বংস করাও কি গাফলত? এটা কোন ধরণের গাফলত? কোন ধরণের গাফলতের কথা বলছেন তাকী সাহেব? এটা গাফলত না ইসলাম বিদ্বেষ? আপনি কি শিখাতে চাচ্ছেন আমাদেরকে? কি বুঝাতে চাচ্ছেন আমাদেরকে? মুসলিম উম্মাহকে আপনি একেবারেই অন্ধ মনে করেন? একেবারেই জ্ঞানহীন মূর্খ মনে করেন? আপনি কি মনে করেন আপনার চালবাজি তারা বুঝে না? আপনি কি মনে করেন আপনার ধোঁকাবাজি তারা বুঝে না? হ্যাঁ, যারা তাদের দ্বীন তাকী সাহেবের কাছে বিক্রি করে দিয়েছে তারা একে গাফলত মনে করতে পারে। কিন্তু আলহামদুলিল্লাহ আমরা

আপনার চালবাজি বুঝে নিয়েছি। আপনার প্রতারণার ফাঁদে আমরা ইনশাআল্লাহ পড়বো না। হে আল্লাহ! দাজ্জালদের দাজ্জালী থেকে তুমি তোমার বান্দাদেরকে বাঁচাও! হে আল্লাহ তুমি বাঁচাও! হে আল্লাহ তুমি বাঁচাও!

৬. তাকী সাহেব বলেন,

“যেসব লোক এই প্রোপাগান্ডা চালাচ্ছে যে, পাকিস্তানে ইসলামী শাসন কায়েমের জন্য অস্ত্র হাতে নেয়া ব্যতীত দ্বিতীয় কোন রাস্তা নেই তাদের এই প্রোপাগান্ডা সম্পূর্ণ গলদ এবং ধোঁকাবাজি। শান্তিপূর্ণ পন্থায় ইসলামী আইন বাস্তবায়নের আলহামদুলিল্লাহ রাস্তা বিদ্যমান রয়েছে। কিন্তু শর্ত হচ্ছে এই অনুভূতিহীনতা খতম করে অনুভূতি সৃষ্টি করতে হবে। অনুভূতি সৃষ্টি করে এই দফাকে বাস্তবায়নের প্রতি গুরুত্বারোপ করতে হবে।”

আমরা দেখেছি যে, সত্তর বছরের মাথায়ও শান্তিপূর্ণ পন্থায় কোন কাজ হয়নি? এমনকি হাজারো হাজারো লাশ পড়েও কোন লাভ হয়নি। পাকিস্তানী তাগুতরা যারা একসময় হিন্দুস্তানী জনসাধারণের সাথে গাদ্দারী করে ইংরেজদের গোলামী করেছে, যারা ক্রুসেডারদে পক্ষ হয়ে উসমানী

খেলাফতকে ধ্বসং করেছে সেই গাদ্দাররা, সেই তাগুতরাই সত্তর বছর ধরে পাকিস্তানে কুফর টিকিয়ে রাখছে। ইসলামের বিরুদ্ধে যুদ্ধ করে যাচ্ছে। কোন শরীয়তে এখনোও এদের বিরুদ্ধে কিতাল করাকে ফরয ঘোষণা দেয় না? কোন সেই শরীয়ত? শরীয়তে মুহাম্মাদী – আলা সাহিবিহা সালাওয়াতু রাব্বি ওয়া সালামুহু – তে তো ইসলামী পন্হায় নির্বাচিত ইসলামী শাসক নামায কায়েম না করলেই, কিংবা নিজে নামায ছেড়ে দিলেই কিংবা কাফেরদের বিরুদ্ধে যুদ্ধ বন্ধ করে দিলেই কিংবা দ্বীনের অন্যকোন অকাট্য বিধান বর্জন করায় অটল থাকলেই তার বিরুদ্ধে কিতালকে ফরয করা হয়েছে। তাহলে এইসব তাগুতের বিরুদ্ধে যুদ্ধের কথা বলাকে কোন শরীয়তের আলোকে তাকী সাহেব প্রোপাগান্ডা সাবস্ত করছেন? নিশ্চয় এটা শরীয়তে মুহাম্মাদী নয়। এটা আব্রাহাম লিংকনের শরীয়ত। এটা পারভেজ মোশাররফের শরীয়ত। এটা জারদারির শরীয়ত। এটা ভুট্টোর শরীয়ত। হতে পারে এটা তাকী সাহেবের শরীয়ত। কিন্তু এটা শরীয়তে মুহাম্মাদী নয়। এটা মুসলিম উম্মাহর শরীয়ত নয়। মুসলিম উম্মাহ তাকী সাহেবের শরীয়ত থেকে মুক্ত। এর সাথে তাদের কোন সম্পর্ক নেই।

اللهم أرنا الحق حقاً وارزقنا إتباعه وأرنا الباطل باطلاً وارزقنا اجتنابه

৫৭.ফরযে কিফায়ার হাকিকত ও স্বরূপ

জিহাদ ফরযে কিফায়া বলতে কেউ কেউ মনে করেন, কিছু মানুষের উপর ফরয, সকলের উপর ফরয নয়। এরপর এর ফলাফল বের করেন, যে কিছু সংখ্যকের উপর ফরয আমি তাদের অন্তর্ভুক্ত নই। তাই আমার উপর ফরয নয়।

আর কেউ কেউ হয়তো আরেকটু উদারতা দেখান যে, কিছু মানুষ তো করছে। আমি না করলেও চলবে। আলেম হওয়া যেমন সকলের উপর ফরয নয়, জিহাদ করারও সকলের উপর ফরয নয়।

এখানে উভয় শ্রেণী বিভ্রান্তির শিকার।

প্রথম শ্রেণীর বিভ্রান্তি, কারণ: ফরযে কিফায়ার অর্থ এই নয় যে, কিছু সংখ্যকের উপর ফরয, বাকিদের উপর ফরয নয়। বরং ফরযে কিফায়ার অর্থ সকলের উপর ফরয, তবে সকলের পক্ষ থেকে কিছু সংখ্যক মিলে যথাযথভাবে আঞ্জাম

দিয়ে দিলে বাকিদের দায়িত্ব রহিত হয়ে যাবে, তাদের উপর আর ফরয থাকবে না। আর ফরযটি আদায় না হলে সক্ষম সকলে গুনাহগার হবে, কেউ গুনাহ থেকে রেহাই পাবে না।

ফরযে আইনের সাথে এখানেই পার্থক্য। ফরযে আইনে একজনের আদায়ের দ্বারা আরেকজনের দায়িত্ব রহিত হবে না। প্রত্যেককেই নিজ নিজ দায়িত্ব আলাদা আলাদা আঞ্জাম দিতে হবে। যেমন, নামায। প্রত্যেকের নামায প্রত্যেককে আদায় করতে হবে। একজনের আদায়ের দ্বারা আরেকজনের দায়িত্ব রহিত হবে না।

মোটকথা, ফরযে কিফায়া শুরুতে ফরযে আইনের মতোই সকলের উপর ফরয। তবে এখানে তা অন্যের মাধ্যমে আদায় করানোর সুযোগ আছে। কিছু লোক মিলে আদায় করলে বাকিদের দায়িত্ব রহিত হয়ে যাবে। আর কেউই আদায় না করলে সকলে ফরয তরকের গুনাহগার হবে।

যেমন, মৃত ব্যক্তির কাফন দাফন। কোনো এলাকায় কোনো মুসলমান মারা গেলে উক্ত এলাকার বাকি মুসলমানদের দায়িত্ব তার কাফন দাফন করা। এটা সকলের দায়িত্ব। তবে

কিছু সংখ্যক লোক স্বেচ্ছায় তা করে ফেললে বাকিরা ফরয থেকে মুক্তি পেয়ে যাবে। কেউ করতে না চাইলে হয়তো নিজে করতে হবে, নয়তো বলে কয়ে অন্যকে দিয়ে করাতে হবে। এটা সকলের দায়িত্ব। যদি কেউই না করে আর মুসলমানের লাশ এভাবে পড়ে থাকে তাহলে সকলে গুনাহগার হবে।

জিহাদ ফরযে কিফায়ার অর্থ এটাই। হয় নিজে আদায় করতে হবে, নয়তো অন্যকে উৎসাহ দিয়ে আদায় করাতে হবে। যদি কেউই আদায় না করে আর এভাবেই বছর চলে যায়, তাহলে সকলে ফরয তরকের গুনাহগার হবে। এমনকি যারা মা'জূর তারাও মাফ পাবে না। কারণ, তাদের দায়িত্ব ছিল সক্ষমদেরকে বলে কয়ে উৎসাহ দিয়ে জিহাদে পাঠানো। তারা যখন তা করেনি, তারাও গুনাহগার হবে। সক্ষমরা জিহাদ না করায় এবং অন্যকে উৎসাহিত না করায়, আর মা'জূররা সক্ষমদের উৎসাহিত না করায় গুনাহগার হবে।

এ গেল প্রথম শ্রেণীর কথা।

দ্বিতীয় শ্রেণীর বিভ্রান্তি, কারণ: কিছু লোক করলেই বাকিরা দায়িত্বমুক্ত হয়ে যাবে তা নয়। দায়িত্ব মুক্তির জন্য ফরযটি আদায় হওয়া শর্ত। কিছু লোকে করলো কিন্তু ফরযটি আদায় হলো না, তাহলে বাকিরা মাফ পাবে না। মাফ পাওয়ার জন্য ফরযটি আদায় হতে হবে।

যেমন, এক এলাকায় একশ লোক মারা গেল। মাত্র দু'জন লোক গিয়ে কয়েক জনের দাফন কাফন করে চলে আসলো। কেউ কি বলবে যে, দু'জনের করার দ্বারা বাকিদের দায়িত্ব আদায় হয়ে গেছে? না! কেউ বলবে না। একশ জনের কাফন দাফন যতক্ষণ সম্পন্ন না হবে ততক্ষণ কেউই মুক্তি পাবে না। হ্যাঁ, ১০/২০জনে মিলে যদি সকলের কাফন দাফন করে ফেলে তাহলে বাকিরা মাফ পেয়ে যাবে।

সারকথা দাঁড়ালো:

- ফরযে কিফায়া অর্থ সকলের উপর ফরয। তবে কিছু সংখ্যকে মিলে ফরযটি আদায় করে ফেললে বাকিরা দায়িত্বমুক্ত হয়ে যাবে।

- শুধু কিছু লোক নেমে পড়লেই সকলের দায়িত্ব আদায় হয়ে যাবে না। দায়িত্ব আদায় হওয়ার জন্য ফরযটি আদায় হওয়া শর্ত। ফরয আদায় না হলে কেউই মুক্তি পাবে না। অতএব, খোঁজ খবর নিতে হবে এবং তৎপর থাকতে হবে যে, ফরযটি যথাযথ আদায় হচ্ছে কি'না।

বিষয়টি বুঝার জন্য কয়েকজন আহলে ইলমের উদ্ধৃতি দিচ্ছি,

কাসানি রহ. (৫৮৭হি.) বলেন,

فإن لم يكن النفير عاما فهو فرض كفاية ، ومعناه : أن يفترض على جميع من هو من أهل الجهاد ، لكن إذا قام به البعض سقط عن الباقين. اهـ

"নাফিরে আম না হলে জিহাদ ফরযে কিফায়া। এর অর্থ, জিহাদে সক্ষম সকলের উপর ফরয। তবে কিছু সংখ্যক আদায় করে ফেললে বাকিরা দায়িত্বমুক্ত হয়ে যাবে।" - বাদায়িউস সানায়ি ১৫/২৭০

মারগিনানি রহ. (৫৯৩হি.) বলেন,

الجهاد فرض على الكفاية إذا قام به فريق من الناس سقط " عن الباقين " ... فإن لم يقم به " كصلاة الجنازة ورد السلام " أحد أثم جميع الناس بتركه " لأن الوجوب على الكل. اهـ

“জিহাদ ফরযে কিফায়া। একদল মিলে আদায় করে ফেললে বাকিদের থেকে রহিত হয়ে যাবে। ... যেমনটা জানাযার নামায ও সালামের উত্তর দেয়ার বিধান। যদি কেউই তা আদায় না করে তাহলে তরক করার কারণে সকলেই গুনাহগার হবে। কেননা, ফরয মূলত সকলের উপরই।” - হিদায়া ২/৩৭৮

ইবনে কুদামা রহ. (৬২০হি.) বলেন,

معنى فرض الكفاية، الذي إن لم يقم به من يكفي، أثم الناس كلهم، وإن قام به من يكفي، سقط عن سائر الناس. فالخطاب في ابتدائه يتناول الجميع، كفرض الأعيان، ثم يختلفان في أن فرض الكفاية يسقط بفعل بعض الناس له، وفرض الأعيان لا يسقط عن أحد بفعل غيره. اهـ

“ফরযে কিফায়ার অর্থ- প্রয়োজন পরিমাণ লোকে যদি তা আদায় না করে তাহলে সকলে গুনাহগার হবে, আর প্রয়োজন পরিমাণ লোকে আদায় করে ফেলল বাকিদের থেকে রহিত হয়ে যাবে। অতএব, শুরুতে ফরযে আইনের

মতো দায়িত্ব সকলেরই। ব্যবধান এখানে যে, ফরযে কিফায়া কিছু সংখ্যক লোকের আদায় করার দ্বারা রহিত হয়ে যাবে, আর ফরযে আইন অন্যের করার দ্বারা রহিত হবে না।" – মুগনি ৯/১৯৬

খতিব শারবিনি রহ. (৯৭৭হি.) বলেন,

ويأثم بتعطيل فرض الكفاية كل من علم بتعطيله وقدر على القيام به وإن بعد عن المحل، وكذا يأثم قريب منه لم يعلم به لتقصيره في البحث عنه، ويختلف هذا بكبر البلد وصغره. اهـ

"ফরযে কেফায়া আদায় না হলে প্রত্যেক এমন ব্যক্তি গুনাহগার হবে, যে জানে যে, তা আদায় হয়নি এবং সে তা আদায়ে সক্ষম; যদিও (ঘটনাস্থল থেকে) তার অবস্থান দূরবর্তী হয়। আর নিকটস্থ ব্যক্তি যদি না জেনে থাকে, তাহলে যথাযথ অনুসন্ধান না করার কারণে সেও গুনাহগার হবে। এলাকা ছোট-বড় হওয়ার ভিত্তিতে গুনাহতে ব্যবধান হবে।" –মুগনিল মুহতাজ ৬/১৬

বর্তমান দুনিয়ার মুসলমানদের অজানা নয় যে, তার দেশে

ইসলামি শাসন বিদ্যমান নেই এবং বিশ্বের কোনো না কোনো প্রান্তে তার মুসলিম ভাই-বোনেরা নির্যাতনের শিকার। কাজেই কেউ মাফ পাবে না। যদি কেউ না জেনে থাকে তাহলে শত শত বৎসর যাবৎ এবং যুগ যুগ ধরে চলে আসা এ কুফর ও নির্যাতনের সংবাদ না জানার কারণে সেও গুনাহগার হবে। ইসলাম ও মুসলিমদের ব্যাপারে এমন অবহেলা আর উদাসীনতায় যে বিভোর সে কিভাবে মাফ পাবে? অধিকন্তু আমাদের আলোচনা ফরযে কিফায়া নিয়ে, ফরযে আইন তো আরো ভয়াবহ।

ফরযে কিফায়া নিয়ে শায়খ আব্দুল কারীম যায়দানের সুন্দর বক্তব্য আছে। সেটার একাংশ তুলে ধরা সমীচিন মনে করছি। তিনি বলেন,

وإنما يأثم الجميع إذا لم يحصل الواجب الكفائي لأنه مطلوب من مجموع الأمة، فالقادر على الفعل عليه أن يفعله، والعاجز عنه عليه أن يحث القادر ويحمله على فعله. فإذا لم يحصل الواجب كان ذلك تقصيرا من الجميع: من القادر لأنه لم يفعله، ومن العاجز لأنه لم يحمل القادر على فعله ويحثه عليه. اهـ

“ফরযে কিফায়া আদায় না হলে সকলেই গুনাহগার হওয়ার কারণ হচ্ছে, তা সমষ্টিগতভাবে উম্মাহ থেকে আদায় হওয়া উদ্দেশ্য। সক্ষম ব্যক্তির জন্য আবশ্যক তা আদায় করা আর অক্ষমের দায়িত্ব হলো তাকে উৎসাহ দেয়া ও উদ্বুদ্ধ করা। ফরযটি যখন আদায় হয়নি, তখন সকলেরই অবহেলা হয়েছে। সক্ষম ব্যক্তি না করার কারণে আর অক্ষম ব্যক্তি সক্ষমকে উৎসাহ না দেয়া ও উদ্বুদ্ধ না করার কারণে।” – আলওয়াজিয ফি উসূলিল ফিকহ ৩৬

জিহাদ প্রত্যেক বছর ফরয। ফরযে কিফায়া। কোনো বছর জিহাদ না হলে অবহেলাকারী সক্ষম অক্ষম সকলে গুনাহগার হবে। তাহলে ফরযে আইনের কি হবে তা বলাই বাহুল্য।

***

৫৮.ফিতনার হাকিকত: জিহাদ কি ফিতনা?

জিহাদের কথা বলতে গেলেই চতুর্দিক থেকে সুর উঠে, ‘না-না-না! ফিতনা হবে। তোমরা ফিতনা বাঁধাতে যেও না’।

কিন্তু ফিতনা জিনিসটা আসলে কি?

আল্লাহ তাআলা ইরশাদ করেন,

وَقَاتِلُوهُمْ حَتَّى لَا تَكُونَ فِتْنَةٌ وَيَكُونَ الدِّينُ كُلُّهُ لِلَّهِ

“তোমরা তাদের বিরুদ্ধে কিতাল করতে থাক, যতক্ষণ না (যাবতীয়) ফিতনার (চূড়ান্ত) অবসান হয় এবং আল্লাহর (যমিনে আল্লাহর দেয়া) জীবনব্যবস্থা পূর্ণাঙ্গরূপে ক্ষমতাসীন হয়।”- আনফাল: ৩৯

ফিতনার অবসানের জন্য আল্লাহ তাআলা জিহাদ করতে বলছেন। বুঝা গেল, ফিতনা এক জিনিস আর জিহাদ আরেক জিনিস। একটা আরেকটার বিপরীত। জিহাদ ফিতনা নির্মূলের মহৌষধ।

কুরআনে কারীমের এ নির্দেশ আমাদের পরিষ্কার করে দিচ্ছে, জিহাদ ফিতনা নয়, ফিতনা নির্মূলের ঔষধ। তাহলে আমরা

জিহাদকে ফিতনা কেন বানিয়ে ফেললাম?

এর কারণ, আমরা ফিতনার হাকিকত বুঝতে পারিনি। আমরা মনে করে নিচ্ছি:

- জিহাদ করতে গেলে মারামারি হবে। এটাই ফিতনা।
- জিহাদ করতে গেলে অনেককে মরতে হবে। এটাই ফিতনা।
- অনেকে বন্দী হবে, নির্যাতনের শিকার হবে। এটাই ফিতনা।
- অনেকে উদ্বাস্তু হবে, ভিটেমাটি হারাবে। এটাই ফিতনা।
- অনেক মা সন্তান হারাবে, অনেক স্ত্রী স্বামী হারাবে। এটাই ফিতনা।
- সমাজের স্থিতিশীলতা নষ্ট হবে। আরাম আয়েশের জীবন নষ্ট হবে। এটাই ফিতনা।

ফিতনার হাকিকত আমাদের সামনে এমনই ধরা পড়েছে।

এখানে অস্বীকার করার জু নেই যে, জিহাদ করতে গেলে

এগুলো হবেই। এগুলো ছাড়া জিহাদ হবে না। তবে এগুলো তো আজ নতুন না। সব যামানার জিহাদের চিত্রই এমন। হত্যা, শাহাদাত, বন্দী, নির্যাতন, দেশান্তর। এগুলো সব যামানার চিত্র। মক্কায় রাসূল ﷺ ও সাহাবায়ে কেরামের নির্যাতিত হওয়ার করুণ কাহিনি তো আমাদের দিল কাঁদায়। স্ত্রী-সন্তান, আত্মীয়-স্বজন ও ভিটেমাটি ত্যাগ করে প্রিয় মক্কা থেকে হিজরতের সে দৃশ্য আমাদের অশ্রুসিক্ত করে। আমরা গর্বভরে এগুলো আলোচনা করি। মঞ্চ কাঁপাই। কাঁদি, কাঁদাই।

বদর, উহুদ, খন্দক, ফাতহে মক্কা, তাবুক এগুলো আমাদের প্রেরণার উৎস বলে আমরা দাবি করি। কিন্তু রাসূল ﷺ -এর দন্ত মুবারক শহীদ হয়। রক্তে চেহারা ও দেহ মুবারক রঞ্জিত হয়। সাহাবায়ে কেরাম শাহাদত বরণ করেন। কেউ বন্দী হয়ে নির্যাতনের শিকার হন। কেউ বাবা হারান। কেউ স্বামী হারান। এটাই বদর উহুদের চিত্র। এগুলো আজ নতুন নয়। এগুলো সব পুরাতন। সকল নবি ও তাদের অনুসারিদের সুন্নত।

এগুলো যদি ফিতনা হয়, তাহলে রাসূল ﷺ ও সাহাবায়ে কেরামের জিহাদ জায়েয হলো কিভাবে?

আমরা তাদের অনুসরণের আদিষ্ট। সিয়াম সালাত অনুসরণে যদি ফিতনা না হয় তাহলে জিহাদের অনুসরণ ফিতনা হবে কেন? না'কি তাগুতিশক্তি যতটুকুর অনুমতি দেয় ততটুকু ঠিক আছে আর বাকিটা ফিতনা?
আসল কথা হলো আমরা ফিতনার হাকিকত বুঝতে প্যাঁচ লাগিয়ে ফেলেছি। ফিতনা আসলে কি জিনিস আমরা বুঝতেই পারিনি।

ফিতনা কি?

আল্লাহ তাআলা ফিতনা দূর করতে জিহাদের আদেশ দিয়েছেন। আর জিহাদ মানেই মারামারি, কাটাকাটি, হত্যা, শাহাদাত, বন্দী, নির্যাতন, স্বজন হারানোর হাহাকার। অতএব, এগুলো ফিতনা নয়। ফিতনা এক ভিন্ন জিনিস।

ইবনে উমার রাদিয়াল্লাহু আনহু উক্ত আয়াতের ফিতনার স্বরূপ সম্পর্কে বলেন,

كان الإسلام قليلا وكان الرجل يفتن في دينه: إما قتلوه أو عذبوه حتى كثر الإسلام فلم تكن فتنة.

"(প্রথম যামানায়) ইসলামের অনুসারি (ও শক্তি) ছিল কম। মুমিনদেরকে দ্বীনের কারণে ফিতনায় নিপতিত করা হতো: হয়তো হত্যা করতো, নয়তো শাস্তি দিত। অবশেষে ইসলামের অনুসারি (ও শক্তি) বৃদ্ধি পেল। তখন আর ফিতনা ছিল না।"- সহীহ বুখারি ৪২৪৩

অন্য বর্ণনায় আছে,

كان الإسلام قليلا فكان الرجل يفتن في دينه إما يقتلونه وإما يوثقونه حتى كثر الإسلام فلم تكن فتنة.

"ইসলামের অনুসারি (ও শক্তি ছিল) কম। মুমিনদেরকে দ্বীনের কারণে ফিতনায় নিপতিত করা হতো। হয়তো হত্যা করতো, নয়তো (শাস্তি দেয়ার জন্য) শিকলে বেঁধে রাখতো। অবশেষে ইসলামের অনুসারি ও (শক্তি) বৃদ্ধি পেল। তখন আর ফিতনা ছিল না।"- সহীহ বুখারি ৪৩৭৩

বুঝা গেল, কাফেররা মুমিনদের উপর যে নির্যাতন করে, হত্যা করে, বন্দী করে, শাস্তি দেয়, দ্বীন থেকে ফিরিয়ে ফেলতে চায়, কুফরি বিধি বিধান মানতে বাধ্য করে, চাপ প্রয়োগ করে- এসব হচ্ছে ফিতনা। এ ফিতনা দূর করতে আল্লাহ তাআলা জিহাদের আদেশ দিয়েছেন। জিহাদের নির্দেশ দিয়েছেন এমন একটা সমাজ কায়েম করতে যেখানে মুসলিমদের দ্বীন পালনে কোনো বাধা থাকবে না। আল্লাহর বিধান মেনে চলতে কোনো প্রতিবন্ধকতার শিকার হতে হবে না। নিষ্কণ্টকভাবে শরীয়ত মেনে চলা যাবে। অতএব, এ কাফের ও জালেম শাসন ফিতনা। এটি ধ্বংসের জন্য হত্যা, বন্দী, নির্যাতন ভোগ, মরা ও মারা জিহাদ।

আরেকটু খোলে বললে, ফিতনা হচ্ছে ঐ জিনিস যা মানুষকে দ্বীন থেকে দূরে সরিয়ে দেয়, দ্বীনদারির ক্ষতি করে, দ্বীনের পথে প্রতিবন্ধক হয়ে দাঁড়ায়।

ইবনে মানজুর রহ. (৭১১ হি.) বলেন,

والفتنة: الضلال والإثم. والفاتن: المضل عن الحق. والفاتن: الشيطان لأنه يضل العباد. اهـ

"ফিতনা অর্থ- গোমরাহি ও গুনাহ। ফিতনাকারী বলা হয়, যে লোকজনকে হক থেকে বিচ্যুত করে। শয়তানকে ফিতনাকারী বলা হয়, কেননা, সে বান্দাদেরকে বিচ্যুত করে থাকে।"- লিসানুল আরব, মাদ্দা- فتن

আরো বলেন,

والفتنة في كلامهم معناه المميلة عن الحق. اهـ

"আরবদের ভাষায় ফিতনা বলে এমন জিনিসকে, যা হক থেকে বিচ্যুত করে।"- লিসানুল আরব, মাদ্দা- فتن

অতএব, বর্তমান সমাজে চলমান কুফরি আইন কানুন ফিতনা। চলমান অন্যায়, অবিচার, জুলুম, নির্যাতন ফিতনা। চলমান যিনা, ব্যভিচার, বে-পর্দা, সুদ, ঘুষ, মদ, জুয়াসহ সব ধরনের হারাম ও গুনাহগুলো ফিতনা। এগুলো দূর করতে আল্লাহ তাআলা জিহাদের আদেশ দিয়েছেন। লড়াইয়ের

আদেশ দিয়েছেন। মারতে ও মরতে আদেশ দিয়েছেন।

ফিতনা: দু'টি সহজবোধ্য উদাহরণ

এক.

একজন মুমিন খুব কষ্টে পড়েছে। এক কাফের তাকে প্রলোভন দিচ্ছে, যদি কাফের হয়ে যাও তাহলে তোমার কষ্ট দূর করে দেবো। যা চাইবে তাই দেব। বাড়ি গাড়ি যা লাগে সব।

এখানে ফিতনা কোনটা?

সবাই বলবে, কাফের হয়ে যাওয়া ফিতনা। না খেয়ে মরে যাওয়াও ভাল।

দুই.

এক কাফের একজন মুসলিমকে হুমকি দিচ্ছে, তুই কাফের হয়ে যা, নইলে তোকে হত্যা করে দেবো।

এখন মুমিনের সামনে দু'টি পথ: ক. কাফের হয়ে যাওয়া; খ. মারামারি করে কাফেরকে মেরে ফেলা বা নিজে মরে যাওয়া।

এখানে ফিতনা কোনটা??

সবাই বলবে, কাফের হয়ে যাওয়া ফিতনা। এটা দ্বীনের জন্য ক্ষতিকর। কাফেরকে মেরে ফেলা বা নিজে মরে যাওয়া ফিতনা নয়, জিহাদ। কাফেরকে মেরে ফেললেও আল্লাহ সন্তুষ্ট। নিজে মরে গেলেও আল্লাহ সন্তুষ্ট। শাহাদাতের মর্যাদায় পুরস্কৃত করবেন।

আল্লাহ তাআলা ইরশাদ করেন,

وَالْفِتْنَةُ أَشَدُّ مِنَ الْقَتْلِ

"(জেনে রেখো) ফিতনা হত্যার চেয়েও ভয়াবহ।" -বাকারা ১৯১

ইমাম কুরতুবি রহ. (৬৭১হি.) বলেন,

قوله تعالى:" والفتنة أشد من القتل" أي الفتنة التي حملوكم عليها وراموا رجوعكم بها إلى الكفر أشد من القتل. قال مجاهد: أي من أن يقتل المؤمن، فالقتل أخف عليه من الفتنة. وقال غيره: أي شركهم بالله وكفرهم به أعظم جرما وأشد من القتل. اهـ

"আল্লাহ তাআলার বাণী, 'ফিতনা হত্যার চেয়েও ভয়াবহ।' অর্থাৎ যে ফিতনা তারা তোমাদের উপর চাপাচ্ছে, যার মাধ্যমে তারা তোমাদেরকে কুফরে ফিরিয়ে নিতে চাচ্ছে, তা হত্যার চেয়েও ভয়াবহ।

মুজাহিদ রহ. বলেন, অর্থাৎ মুমিন ব্যক্তি নিহত হওয়ার চেয়েও ফিতনা ভয়াবহ। অতএব, ফিতনাগ্রস্ত হওয়ার চেয়ে নিহত হওয়া তার জন্য সহজ।

অন্যরা বলেন, কাফেরদের কুফর ও শিরক (তাদেরকে) হত্যা করে দেয়ার চেয়েও জঘন্য।"- তাফসীরে কুরতুবি ২/৩৫১

মুহতারাম ভাই, এভাবেই বুঝতে হবে। তাগুতি শাসন ফিতনা। চলমান হারামের স্রোত ফিতনা। এগুলো দ্বীনের জন্য ক্ষতিকর। পক্ষান্তরে এগুলো দূর করার জন্য লড়াই,

বন্দী, মরা ও মারা জিহাদ। এগুলো আল্লাহর নির্দেশ। মরলেও লাভ বাঁচলেও লাভ।

ওয়াল্লাহু সুবহানাহু ওয়াতাআলা আ'লাম।

৫৯.বর্তমান জিহাদ এবং কিছু সন্দেহ সংশয়- ০১

বর্তমান জিহাদ নিয়ে এমন কিছু সংশয় আছে যেগুলো অনেকের মনেই ঘুরপাক খায়। এমনকি যারা জিহাদের কাজে জড়িত আছেন, তাদেরও অনেকের। অনেকে হয়তো কারো কাছে জিজ্ঞেস করেন, অনেকে করেন না। অনেকে করলেও সঠিক উত্তর পান না। আবার অনেকে হয়তো ভাবেন, আমরা হক্কের উপর আছি; অতকিছু বুঝার দরকার নেই!! যাহোক, এমন কয়েকটি সংশয়ের নিরসনের জন্যই এ লেখা। আল্লাহ তাআলার কাছে প্রার্থনা, তিনি যেন যথাযথ পেশ করার তাওফিক দান করেন। আমীন।

সংশয়-১: জিহাদ বলা হয় কাফেরদের সাথে যুদ্ধ করাকে;

যেমনট ফুকাহায়ে কেরাম বলেছেন যে, কাফের আক্রমণ করলে যুদ্ধে বেড়িয়ে পড়া ফরয। আমরা বর্তমানে যা করছি- যেমন, দাওয়াত, তাসনিফ, মিডিয়া, অর্থ সংগ্রহ বা কিছু সামরিক ই'দাদ- এগুলো কি জিহাদ? এসবের দ্বারা কি জিহাদের ফরয দায়িত্ব আদায় হবে? এগুলোর দ্বারা কি জিহাদের সওয়াব পাওয়া যাবে?

সংশয়-২: ফুকাহায়ে কেরাম বলেছেন, কোন মুসলিম ভূখণ্ড আক্রান্ত হলে শত্রু প্রতিহত করার জন্য যুদ্ধে বেরিয়ে পড়া ফরয। কিন্তু কাফেররা কোন ভূখণ্ড দখল করে নিলে তা পুনঃরুদ্ধার করা ফরয- এমন কথা কি কেউ বলেছেন? কাজেই, ভারতে যখন ইংরেজরা আক্রমণ করেছিল তখন প্রতিহত করার জন্য জিহাদ ফরয ছিল। কিন্তু যখন তারা দখল করে নিয়ে গেছে তখন থেকে আর জিহাদ ফরয নয়। অন্যান্য ভূখণ্ডের বেলায়ও একই কথা।

সংশয়-৩: রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সরাসরি ময়দানে নেমে কাফেরদের সাথে জিহাদ করেছেন। সাহাবায়ে

কেরামও এমনই করেছেন। আমাদের আকাবিরগণও এমনই করেছেন। আমরা বর্তমানে যে লুকিয়ে লুকিয়ে – গেরিলা – জিহাদ করি, এটা কি জায়েয? ইসলাম তো যা করে প্রকাশ্যে করে। এভাবে লুকিয়ে কেন? এটা কি জিহাদ?

সংশয়-৪: ফুকাহায়ে কেরম লিখেছেন, যুদ্ধে যাওয়ার সামর্থ্য যাদের নেই, তাদের উপর জিহাদ ফরয নয়। বর্তমানে যেহেতু জালেম সরকার বা কাফেরদের বাধার কারণে আমরা জিহাদের ময়দানে যেতে সক্ষম নই, তাই আমাদের উপর জিহাদ ফরয নয়। তদ্রূপ শাম-ইরাকের মতো দূর ময়দানে যাওয়ার মতো আর্থিক সামর্থ্যও সকলের নেই। তাই তাদের উপর জিহাদ ফরয নয়।

***

নিরসন

بسم الله الرحمن الرحيم

وصلى الله تعالى على خير خلقه محمد وآله وصحبه أجمعين. أما بعد

জিহাদ বললে সাধারণত যুদ্ধ-কিতাল বুঝে আসে। তবে এমনটা মনে করা সঙ্গত নয় যে, জিহাদ শুধু যুদ্ধেরই নাম; যুদ্ধ ছাড়া অন্য কিছু জিহাদ নয়। আসলে কুফরি শক্তি পরাস্ত করে ইসলামী খেলাফত কায়েমের জন্য কিতালসহ সংশ্লিষ্ট আরো যা কিছু আঞ্জাম দিতে হবে, সবগুলোই জিহাদ। জিহাদ শুধু কিতালে সীমাবদ্ধ নয়। জিহাদের সওয়াবও শুধু কিতালে সীমাবদ্ধ নয়। হ্যাঁ, কিতাল জিহাদের সর্বোচ্চ স্তর। তবে সংশ্লিষ্ট অন্যান্য কাজও জিহাদ।

জিহাদকে শুধু কিতালে সীমাবদ্ধ মনে করার অন্যতম একটা কারণ হতে পারে আমাদের ফিকহের কিতাবাদি। সাধারণ দৃষ্টিতে ফিকহের কিতাবাদি পড়লে মনে হবে, জিহাদ মানেই কিতাল। যেন কিতাল ছাড়া অন্য কিছু জিহাদ নয়। অবশ্য গভীর ও তাহকিকি দৃষ্টিতে পড়লে এমনটা মনে হওয়ার কথা না।

***

সালাফের যামানার জিহাদের সাথে আমাদের যামানার জিহাদের বেশ ব্যবধান আছে। সালাফের যামানায় ইসলামী বিশ্বের সবখানে ইসলামী শাসন ছিল। ইসলামী সীমানার অভ্যন্তরে কোথাও কোন কাফের আমান-নিরাপত্তা নেয়া ছাড়া প্রবেশ করারও সাহস পেত না। সালাফের যামানায় সাধারণত ইকদামি তথা আক্রমণাত্মক জিহাদ হতো। কাফেরদের ভূমিতে গিয়ে তাদেরকে ইসলাম বা জিযিয়া কবুলের দাওয়াত দেয়া হত। গ্রহণ না করলে কিতাল করা হতো। এটাই ছিল জিহাদ। কোন কাফের রাষ্ট্র সাধারণত ইসলামী ভূমির কোথাও হামলা করার সাহস পেত না। একান্ত যদি কোথাও করতোও, তাহলে করতে হতো সীমান্ত দিয়ে। তখনকার বিশ্বের অর্ধেকেরও বেশি ইসলামী শাসনের অধীনে ছিল। গোটা ইসলামী বিশ্বের উপর একসাথে হামলা করা তো কাফেরদের কল্পনাতেও আসতো না। বেশির চেয়ে বেশি দুর্বলতা বা উদাসীনতার সুযোগে সীমান্তের কোন অংশে হামলা করতে পারতো। তখনকার যুগে বিমান ছিল না। উপর দিয়ে মাঝখানে কোথাও হামলার সুযোগ ছিল না। হামলা করলে কোন সীমান্ত দিয়েই করতে হতো। আর এ হামলা প্রতিহত করতে হলে সীমান্তে গিয়েই করতে হতো। এ কারণে সাধারণত ফিকহের কিতাবাদিতে লিখা হয়েছে, কাফেররা মুসলিমদের কোন ভূখণ্ডে বা সীমান্তে হামলা

করলে উক্ত হামলা প্রতিহত করতে পারে পরিমাণ মুসলমান যুদ্ধে বের হয়ে পড়া ফরয। যেহেতু হামলা সীমান্ত দিয়েই হতো আর প্রতিহত করতে হলে সীমান্তেই যেতে হতো এবং তা যুদ্ধের মাধ্যমেই করতে হতো, এ কারণে তখন জিহাদ বলতে অস্ত্র নিয়ে যুদ্ধ বের হয়ে পড়াকেই বুঝাতো।

স্পষ্ট যে, অর্ধ পৃথিবীব্যাপী এই ইসলামী বিশ্বের এক কোণে হামলা হলে দূরের মুসলমানদের এ ব্যাপারে কোন খবরই থাকতো না। তখনকার যুগে আধুনিক যোগাযোগ ব্যবস্থা ছিল না। মূহুর্তের খবর মূহুর্তে পৌঁছানো যেত না। এ কারণে ফুকাহায়ে কেরাম লিখেছেন, জিহাদ ফরয হওয়ার জন্য ইলম তথা জানা শর্ত যে, অমুক অংশে হামলা হয়েছে এবং সেখানকার মুসলমানরা তা প্রতিহত করতে পারছে না। যাদের কাছে খবর পৌঁছবে না, তাদের উপর জিহাদ ফরয নয়। আর এটা তো সঙ্গত কথাই যে, যাদের জানাই নেই যে, হামলা হয়েছে, তাদের উপর জিহাদ আমরা কিভাবে ফরয বলতে পারি?!

দ্বিতীয়ত, শত মাইল পাড়ি দিয়ে সীমান্তে পৌঁছে যুদ্ধ করার মতো সামর্থ্য সকলের থাকতো না। এ কারণে ফুকাহায়ে কেরাম লিখেছেন, রাহ খরচ ও যুদ্ধের ব্যয়ভার বহনের সামর্থ্য যাদের নেই, তাদের উপর জিহাদ ফরয নয়। যেমনটা কুরআনে কারীমেও বলা হয়েছে। আর এটা তো যৌক্তিক কথাই যে, এত শত মাইল পাড়ি দেয়ার এবং সীমান্তে পৌঁছে নিজের যুদ্ধের ব্যয়ভার বহনের সামর্থ্য যাদের নেই, তাদের উপর আমরা জিহাদ ফরয বলতে পারি না। এ কারণে যারা জিহাদে যাওয়ার সামর্থ্য রাখতো না, তারা মুজাহিদদের পরিবার দেখাশুনা করতো। সামর্থ্যবানদের উদ্বুদ্ধ করতো। শারীরিকভাবে অক্ষম যারা, তারা সম্পদ থাকলে অন্যকে ঘোড়া, অস্ত্র, অর্থ ও সামানা-পত্র দিয়ে সহায়তা করতো। তাদের জন্য জিহাদে শরীক হওয়ার এটাই ছিল পথ।

***

সালাফের যমানায় এটা অসম্ভব ছিল যে, কাফেররা মুসলমানদের কোন ভূমি দখল করে রাজত্ব করবে। মুসলমানদের যেখানে বিশ্বজয়ের জয়গান, সেখানে মুসলমানদের ভূমি দখলে নেবে কাফেররা- এটা তো প্রায়

অসম্ভব ছিল। বেশির চেয়ে বেশি দুর্বলতার সুযোগে হামলা করতে পারতো। ততক্ষণেই মুসলমানরা এদের প্রতিহত করতে বেড়িয়ে পড়বে। এখনকার মতো নির্লজ্জ হয়ে বসে থাকার মেজাজ ছিল না। কাফেররা দখলদারিত্ব বসাবার আগেই আযাদ হয়ে যাবে। এ কারণে ফিকহের কিতাবাদিতে সাধারণত এ কথা লিখেছে যে, কোন ভূখণ্ড আক্রান্ত হলে জিহাদ ফরযে আইন। এ কথা সাধারণত স্পষ্ট পাওয়া যায় না যে, কোন ভূখণ্ড কাফেররা দখল করে নিয়ে গেলে তা পুনরুদ্ধার ফরয। অধিকন্তু মুসলমানদের শান নয় যে, কোন কাফেরকে নিজেদের ভূমিতে দখলদারিত্ব কায়েম করতে দেবে আর তারা নাকে তেল দিয়ে ঘুমাবে। আক্রমণ হতেই দেবে না। কখনোও হয়ে গেলে সাথে সাথে প্রতিহত করবে। ব্যস এ পর্যন্তই। এ কারণে ফিকহের কিতাবাদিতে দখলকৃত ভূমি পুনরুদ্ধার করা ফরয- এ কথাটা সাধারণত স্পষ্ট পাওয়া যায় না। তাছাড়া যেহেতু আক্রমণ হলেই জিহাদ ফরয, তখন দখল করে নিয়ে গেলে যে পুনরুদ্ধার করা ফরয হবে- এটা সহজেই অনুমেয়। সামান্য বুঝসম্পন্ন ব্যক্তিই এটি বুঝতে পারবে। এ কারণে আর স্পষ্ট করে বলার দরকার পড়ে না। কিন্তু এ থেকেও কেউ কেউ ধোঁকায় পড়েছে যে, আক্রমণ হলে প্রতিহত করা ফরয, কিন্তু দখল করে নিয়ে গেলে পুনরুদ্ধার ফরয না।

আসলে এটা তাদের বুঝের কমতি। যেখানে কাফেরকে কাফেরের রাষ্ট্রে রাজত্ব করতে দেয়াও জায়েয নয়, আক্রমণাত্মক জিহাদ করে তার শক্তি চূর্ণ-বিচূর্ণ করে ইসলাম গ্রহণে বা জিযিয়া প্রদানে বাধ্য করা অত্যাবশ্যক- সেখানে মুসলিম ভূমিতে কিভাবে রাজত্ব করতে দেয়া জায়েয হবে? কিভাবে কোন মুসলিম ভূমি কাফেরের হাতে থাকতে দেয়া জায়েয হবে? বিষয়টি একেবারেই স্পষ্ট। এরপরও যারা বুঝে না, তাদের আসলে বুঝ নেই। আল্লাহ আমাদের হেফাজত করুন।

***

যাহোক, সালাফের যামানায় আক্রমণ হতো সীমান্ত দিয়ে। আক্রমণ প্রতিহত করতে সীমান্তে যেতে হতো। এ কারণে তখন জিহাদ (তথা সীমান্তে গিয়ে শত্রু প্রতিহত করা) ফরয হওয়ার জন্য কয়েকটা বিষয়ের জরুরত পড়তো-

ক. আক্রমণের সংবাদ পৌঁছা।

খ. সীমান্তে গিয়ে কিতাল করার মতো পর্যাপ্ত শারীরিক শক্তি ও সক্ষমতা থাকা।

গ. রাহ খরচ ও যুদ্ধের ব্যয়ভার বহনের সক্ষমতা থাকা।

পর্যাপ্ত শারীরিক ও আর্থিক সামর্থ্য না থাকলে জিহাদ ফরয বলা যেতো না। উভয় প্রকার সামর্থ্য থাকার পর জিহাদ যেটা হতো সেটা হল- সীমান্তে গিয়ে কিতাল। অধিকন্তু কাফেরদের দমনের কাজটা মূলত কিতালের মাধ্যমেই হয়। অন্য সব কিছু কিতালের প্রস্তুতি বা কিতালের সংশ্লিষ্ট বিষয়। এসব কারণে, জিহাদ বলতে সাধারণত কিতাল বুঝায়। ফুকাহায়ে কেরাম জিহাদ বলতে সাধারণত কিতালই বুঝিয়ে থাকেন। 'আর জিহাদ ফরয নয়' দ্বারা 'কিতাল ও যুদ্ধ করা ফরয নয়' উদ্দেশ্য নিয়ে থাকেন। এটা উদ্দেশ্য নয় যে- কিতাল ছাড়া আর কিছু জিহাদ নয়, কিংবা শারীরিক বা আর্থিক সামর্থ্য না থাকার কারণে যাদের উপর কিতালে বের হওয়া ফরয নয়, তাদের আর কোন দায়িত্ব নেই। এমনটা বুঝা ভুল। বরং বাস্তব হল:

- জিহাদ শুধু কিতালে সীমাবদ্ধ নয়। কিতালের প্রস্তুতিমূলক ও কিতালের সাথে সম্পৃক্ত প্রয়োজনীয় অন্যান্য কাজও জিহাদ।
- শক্তি সামর্থ্য না থাকার কারণে যাদের উপর কিতাল ও যুদ্ধ ফরয নয়, তাদেরও আরো অনেক দায়িত্ব রয়েছে। সেগুলো যথাযথ আদায় করলে তারাও জিহাদের সওয়াব পাবে। আদায় না করলে গুনাহগার হবে।

এ হল সংক্ষেপ কথা। সামনের পর্ব থেকে ইনশাআল্লাহ দলীলভিত্তিক আলোচনায় যাব।

***

৬০.ব্যথিত হৃদয়ের আহাজারি- শুনার কেউ আছে কি?

অনেক দিন ধরেই কথাটা মনে ঘুরপাক খাচ্ছিল। বলার সুযোগ আসছিল না। আজ মনে হলো, বলে দিই। যদি কেউ শুনে তো কাজে আসবে। অন্তত আমার দায়িত্ব কিছুটা তো আদায় হলো।

আমরা জানি, আল্লাহ তাআলার শরীয়ত গ্রহণ করে নেয়া এবং জীবনের সর্বক্ষেত্রে শরীয়ত অনুযায়ী বিচার ফায়াসালা করা ও করানো ঈমানের অঙ্গ।

আল্লাহ তাআলা ইরশাদ করেন,

فَلَا وَرَبِّكَ لَا يُؤْمِنُونَ حَتَّى يُحَكِّمُوكَ فِيمَا شَجَرَ بَيْنَهُمْ ثُمَّ لَا يَجِدُوا فِي أَنْفُسِهِمْ حَرَجًا مِمَّا قَضَيْتَ وَيُسَلِّمُوا تَسْلِيمًا

"কিন্তু না (হে নবী!), আপনার রবের কসম, তারা ঈমানদার হবে না, যতক্ষণ না তাদের মাঝে সৃষ্ট বিবাদের বিষয়ে আপনাকে বিচারক নির্ধারণ করবে, অতঃপর আপনি যে ফায়সালা দেন সে ব্যাপারে নিজেদের অন্তরে কোন দ্বিধা-সংকোচ অনুভব না করবে এবং পরিপূর্ণরূপে শিরধার্য করে নিবে।" -নিসা ৬৫

আল্লাহ তাআলার শরীয়ত থেকে মুখ ফিরানো মুনাফিকের সিফাত।

আল্লাহ তাআলা ইরশাদ করেন,

أَلَمْ تَرَ إِلَى الَّذِينَ يَزْعُمُونَ أَنَّهُمْ آمَنُوا بِمَا أُنْزِلَ إِلَيْكَ وَمَا أُنْزِلَ مِنْ قَبْلِكَ يُرِيدُونَ أَنْ يَتَحَاكَمُوا إِلَى الطَّاغُوتِ وَقَدْ أُمِرُوا أَنْ يَكْفُرُوا بِهِ وَيُرِيدُ الشَّيْطَانُ أَنْ يُضِلَّهُمْ ضَلَالًا بَعِيدًا • وَإِذَا قِيلَ لَهُمْ تَعَالَوْا إِلَى مَا أَنْزَلَ اللهُ وَإِلَى الرَّسُولِ رَأَيْتَ الْمُنَافِقِينَ يَصُدُّونَ عَنْكَ صُدُودًا •

“(হে নবী) আপনি কি তাদের দেখেননি, যারা দাবী করে, যা আপনার প্রতি অবতীর্ণ হয়েছে এবং আপনার পূর্বে যা অবতীর্ণ হয়েছে, তার উপর তারা ঈমান এনেছে; অথচ তারা তাগুতের কাছে বিচার প্রার্থনার ইচ্ছা পোষণ করে, অথচ তাদের প্রতি নির্দেশ ছিল, তারা যেন তাকে বর্জন করে। বস্তুত শয়তান ইচ্ছা করছে তাদেরকে পরিপূর্ণ পথভ্রষ্ট করে ফেলতে। যখন ওদের বলা হয়, ‘আস সে বিধানের দিকে যা আল্লাহ নাযিল করেছেন এবং আস রাসূলের দিকে’, তখন আপনি মুনাফিকদের দেখবেন, ওরা আপনার থেকে সম্পূর্ণ মুখ ফিরিয়ে নিচ্ছে।” -নিসা ৬০-৬১

মুমিনের জীবনের প্রতিটি বিষয় কুরআন ও সুন্নাহ অনুযায়ী ফায়াসালা করা অত্যাবশ্যক।

আল্লাহ তাআলা ইরশাদ করেন,

فَإِنْ تَنَازَعْتُمْ فِي شَيْءٍ فَرُدُّوهُ إِلَى اللهِ وَالرَّسُولِ إِنْ كُنْتُمْ تُؤْمِنُونَ بِاللهِ وَالْيَوْمِ الْآخِرِ ذَلِكَ خَيْرٌ وَأَحْسَنُ تَأْوِيلًا

“যদি কোন বিষয়ে তোমাদের মতবিরোধ দেখা দেয়, তাহলে তা আল্লাহ ও রাসূলের কাছে নিয়ে যাও- যদি তোমরা আল্লাহ

ও শেষ দিনের প্রতি ঈমান রেখে থাক। এটাই উৎকৃষ্টতর পন্থা এবং এর পরিণতিও সর্বাপেক্ষা শুভ।” -নিসা ৫৯

আল্লাহ তাআলা সতর্ক করে দিয়েছেন, কোনো বিষয়ে যেন আমরা শরীয়তের বিধান ছেড়ে কাফেরদের বানানো আইন-কানুনের দ্বারস্থ না হয়ে পড়ি।

ইরশাদ হচ্ছে,

وَأَنِ احْكُمْ بَيْنَهُمْ بِمَا أَنْزَلَ اللَّهُ وَلَا تَتَّبِعْ أَهْوَاءَهُمْ وَاحْذَرْهُمْ أَنْ يَفْتِنُوكَ عَنْ بَعْضِ مَا أَنْزَلَ اللَّهُ إِلَيْكَ

“আপনার উপর আল্লাহ তাআলা যে আইন কানুন নাযিল করেছেন আপনি তাদের মাঝে তা দিয়ে বিচার ফায়াসালা করুন এবং কখনো তাদের প্রবৃত্তির চাহিদার অনুসরণ করবেন না। সতর্ক থাকবেন, যে আইন কানুন আল্লাহ তাআলা আপনার উপর নাযিল করেছেন, তার কোনো কিছু থেকে যেন তারা আপনাকে ফিরিয়ে ফেলতে না পারে।” -মায়েদা ৪৯

কিন্তু কালের পরিক্রমায় আমরা এমন এক সমাজে বাস করছি যেখানে আল্লাহ তাআলার শরীয়ত প্রত্যাখ্যিত। এর বিপরীতে চলছে মানবরচিত কুফরি আইন কানুন। কিন্তু মুসলমান তো এ কুফরি আইন কানুনের দ্বারস্থ হতে পারে না। এসব কুফরি আইন দিয়ে বিচার করাতে যাওয়া একজন মুমিনের জন্য হারাম। এমনকি ক্ষেত্রে বিশেষে কুফরও।

তাহলে মুমিনরা এখন কি করবে? তাদের সমস্যাবলীর সমাধান কোন্ আইনে করাবে?

এ প্রশ্নটি প্রতিটি মুমিনকে পেরেশান করে রাখার কথা ছিল। বিশেষত সমাজের রাহবার উলামায়ে কেরামকে। কিন্তু অবস্থাদৃষ্টে মনে হচ্ছে, এ নিয়ে কারো কোনো মাথা ব্যাথা নেই। যেন কুফরি কানুনই আমাদের জীবন বিধান। আল্লাহ তাআলার শরীয়ত যেন আমাদের দরকার নেই। ইন্না লিল্লাহি ওয়াইন্না ইলাইহি রাজিঊন!

আমাদের আইম্মায়ে কেরাম পরিষ্কার বলে গেছেন, এ ধরনের

কুফরি বিধান দিয়ে বিচার করাতে যাওয়া ঈমান পরিপন্থী।

ইবনে কাসির রহ. (৭৭৪হি.) এর ফতোয়া তো আমাদের সকলের জানা-

فمن ترك الشرع المحكم المنزل على محمد بن عبد الله خاتم الأنبياء وتحاكم إلى غيره من الشرائع المنسوخة كفر، فكيف بمن تحاكم إلى الياسا وقدمها عليه؟ من فعل ذلك كفر بإجماع المسلمين. اهـ

"যে ব্যক্তি সর্বশেষ নবী মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের উপর অবতীর্ণ সুদৃঢ় শরীয়ত ছেড়ে অন্য কোনো রহিত শরীয়তের নিকট বিচারপ্রার্থী হবে সে কাফের হয়ে যাবে; তাহলে ঐ ব্যক্তির কি বিধান হতে পারে যে ইয়াসিকের নিকট বিচারপ্রার্থী হয় এবং তাকে শরীয়তের উপর অগ্রগণ্য রাখে? যে ব্যক্তি এমনটি করবে সে সকল মুসলমানের ঐক্যমতে কাফের হয়ে যাবে।" -আলবিদায়া ওয়াননিহায়া ১৩/১৩৯

অতএব, মুসলমানদের ফরয দায়িত্ব- আপন শরীয়ত অনুযায়ী বিচারাচারের ব্যবস্থা করা। আইম্মায়ে কেরাম এ জন্য

নিম্নোক্ত দু’টি ব্যবস্থাপনা বাতলিয়েছেন:

প্রথমত: কাফের-মুরতাদদের থেকে বলে কয়ে হলেও মুসলমানরা নিজেদের জন্য পারস্পরিক সম্মতিতে একজন মুসলিম প্রশাসক নিয়োগ দেবে। তিনি মুসলমানদের বিচারাচারের জন্য কাযি নিযুক্ত করবেন, কিংবা নিজেই শরীয়ত অনুযায়ী বিচারাচার করে দেবেন।

দ্বিতীয়ত: প্রশাসক নিয়োগ সম্ভব না হলে মুসলমানরা দখলদার কাফের-মুরতাদদের থেকে নিজেদের বিচারাচারের জন্য নিজেদের মধ্য থেকে একজন কাযি নিয়োগের অনুমতি নেবে। এরপর তাদের পারস্পরিক সম্মতিতে একজনকে কাযি নিযুক্ত করবে। কাযি সাহেব তাদের মাঝে শরীয়ত অনুযায়ী বিচার-ফায়সালা করে দেবেন।

ইবনুল হুমাম রহ. (৮৫২হি.) বলেন,

وإذا لم يكن سلطان ولا من يجوز التقلد منه كما هو في بعض بلاد المسلمين غلب عليهم الكفار كقرطبة في بلاد المغرب الآن وبلنسية وبلاد الحبشة وأقروا المسلمين عندهم على مال يؤخذ منهم يجب عليهم أن يتفقوا على واحد منهم يجعلونه واليا فيولى

قاضيا أو يكون هو الذي يقضي بينهم وكذا ينصبوا لهم إماما يصلي بهم الجمعة. اهـ

“যদি সুলতানও না থাকে এবং এমন কেউও না থাকে যার পক্ষ থেকে কাযি নিযুক্তি বৈধ- যেমনটা বর্তমানে কিছু মুসলিম ভূমিতে বিরাজ করছে, যেগুলোতে কাফেররা দখলদারিত্ব বসিয়েছে এবং মালের বিনিময়ে মুসলিমদের থাকতে দিচ্ছে। যেমন, বর্তমান মাগরিবের করডোবা, ভ্যালেন্সিয়া এবং (আফ্রিকার) হাবশা ভূমি- তাহলে সেখানকার মুসলমানদের ফরয দায়িত্ব হলো, সকলে মিলে একজনকে তাদের প্রশাসক বানিয়ে নেবে। এরপর তিনি একজনকে কাজি নিয়োগ দেবেন, কিংবা তিনি নিজেই তাদের বিচারাচার মীমাংসা করে দেবেন। তদ্রূপ (তাদের আরেকটা ফরয দায়িত্ব হলো) জুমআর জন্য একজন ইমাম নিয়োগ করে নেবে, যিনি তাদের নিয়ে জুমআ আদায় করবেন।” -ফাতহুল কাদির ৭/২৬৪

ইবনুল হুমাম রহ. তিনটি মুসলিম ভূমির উদাহরণ দিয়েছেন:

ক. করডোবা খ. ভ্যালেন্সিয়া গ. হাবশা।

এগুলো নাসারাদের করতলগত হয়ে গিয়েছিল ততদিনে। তখন মুসলমানদের করণীয় বলেছেন,

- সকলে মিলে একজন মুসলিমকে তাদের শাসক বানিয়ে নেবে। কারণ শাসক ছাড়া মুসলমানরা চলতে পারবে না। এরপর উক্ত শাসক কাউকে কাযি নিয়োগ দেবেন, কিংবা নিজেই শরীয়ত মতে বিচারাচার করে দেবেন।

- জুমআর জন্য একজন ইমাম নিয়োগ দেবে।

কিন্তু যদি এমন হয় যে, মুসলিম শাসক নিয়োগ দেয়ার অনুমতি কাফেররা দিচ্ছে না, তাহলে কি করণীয়?

ইবনে আবিদিন রহ. (১২৫২হি.) ফাতাওয়া তাতারখানিয়া থেকে বর্ণনা করেন,

وأما بلاد عليها ولاة كفار فيجوز للمسلمين إقامة الجمع والأعياد ويصير القاضي قاضيا بتراضي المسلمين، فيجب عليهم أن يلتمسوا واليا مسلما منهم اهـ

“কাফেরদের করতলগত ঐসব ভূমি যেগুলোর শাসক স্বয়ং কাফেররাই, সেগুলোতেও মুসলিমদের জুমআ ও ঈদ আদায় সহীহ হবে। (কাফেররা যাকে কাযি নিয়োগ দেবে) মুসলমানদের পরস্পরের সম্মতি হলে (উক্ত) কাযি শরয়ী কাযিতে পরিণত হবেন। তবে মুসলমানদের ফরয দায়িত্ব হলো, তাদের থেকে একজন মুসলিম শাসক নিয়োগের প্রচেষ্টা করা।” –রদ্দুর মুহতার ৫/৩৬৯

অর্থাৎ মুসলিম শাসক নিয়োগের অনুমতি না হলে অন্তত কাফেরদের কাছে একজন মুসলিম কাযি নিয়োগের আবেদন করবে। কাফেররা নিয়োগ দিলে সে নিয়োগ সহীহ নয়। তাদের নিয়োগের দ্বারা কেউ কাযি হবে না। তবে তারা নিয়োগ দেয়ার পর মুসলমানরা যখন তাকে মেনে নেবে, তখন তাদের পরস্পরের সম্মতি থাকার কারণে উক্ত নিয়োগকৃত কাযি শরয়ী দৃষ্টিকোণ থেকে কাযি হয়ে যাবেন। তার বিচার ফায়াসালা সব সহীহ হবে এবং মানতে হবে। পাশাপাশি মুসলমানদের ফরয দায়িত্ব থেকে যাবে একজন মুসলিম শাসক নিয়োগ দেয়ার চেষ্টা চালিয়ে যাওয়া।

মুহতারাম পাঠক! কুফরি আইনের দ্বারস্থ হওয়ার অনুমতি কোন অবস্থাতেই নেই। কাফেরদের থেকে বলে কয়ে হলেও একজন মুসলিম কাযি নিয়োগ দেয়া জরুরী, যিনি শরীয়ত মতে মুসলমানদের সকল সমস্যা ও বাদানুবাদের সমাধান দেবেন। নিকাহ, তালাক, মুআমালা, লেন-দেন সব কিছু শরীয়ত মতে পরিচালনা করবেন।

তৃতীয় ব্যবস্থা সালিশ

কাফের পক্ষ যদি কোনো কাযি নিযুক্তির অনুমতিও না দেয়, তাহলে সর্বশেষ শরীয়ত আরেকটি দরজা খোলা রেখেছে, যাকে ফিকহের ভাষায় বলে التحكيم তথা সালিশি ব্যবস্থা। মুসলমানদের কোনো সমস্যা বা বাদানুবাদ দেখা দিলে বাদি বিবাদি উভয় পক্ষ মিলে একজন মুসলিমকে সালিশ তথা বিচারক নির্ধারণ করবে। তিনি তাদের মাঝে শরীয়ত মতে বিচার ফায়াসালা করে দেবেন। এ সালিশি ব্যবস্থা ইসলামী রাষ্ট্রেও সহীহ আছে। যোগ্য বড় আলেম না পাওয়া গেলে অন্তত তালিবুল ইলম দিয়েও কাজ চালানো যাবে। যে বিষয়ে ফায়াসালা দেবে সে বিষয়ের ইলম থাকলেই যথেষ্ট।

সাহাবায়ে কেরামও এ পদ্ধতিতে নিজেদের অনেক বিষয় মীমাংসা করে নিতেন, কাযির দরবারে যেতেন না। অপারগতার সময়ে সর্বশষ এ অবলম্বনটি গ্রহণ করার কোনো বিকল্প নেই।

নাসাফি রহ. (৭১০হি.) বলেন,

حكّما رجلًا ليحكم بينهما فحكم ببيّنةٍ أو إقرارٍ أو نكولٍ ... صحّ لو صلح المحكّم قاضيًا ولكلّ واحدٍ من المحكّمين أن يرجع قبل حكمه، فإن حكم لزمهما. اهـ

"দু'জনে মিলে তৃতীয় একজনকে সালিশ নির্ধারণ করলো যেন তিনি তাদের উভয়ের মাঝে ফায়সালা করে দেন। যদি তিনি কাযি হওয়ার যোগ্যতাসম্পন্ন হন এবং সাক্ষ্য-প্রমাণ, স্বীকারোক্তি বা কসম করতে অস্বীকৃতির ভিত্তিতে ফায়সালা দেন: তাহলে তা সহীহ আছে। সালিশ ফায়সালা দেয়ার আগ পর্যন্ত সালিশ নির্ধারণকারী দু'জনের প্রত্যেকেরই ফিরে যাওয়ার অধিকার থাকবে। কিন্তু যখন তিনি ফায়সালা দিয়ে দেবেন, তখন তা তাদের উপর অবশ্যম্ভাবীভাবে বর্তিয়ে যাবে।" -কানযুদ দাকায়িক ৪৬৫

অর্থাৎ তখন আর না মানার কোন সুযোগ থাকবে না। না মানলে গুনাহগার হবে। সালিশের ক্ষমতা থাকলে জোর করে মানাতে বাধ্য করতে পারবেন।

উল্লেখ্য, কাযি হওয়ার যোগ্যতা দ্বারা উদ্দেশ্য- সুস্থমস্তিষ্কবিশিষ্ট স্বাধীন ও বালেগ মুসলমান হওয়া।

মুহতারাম পাঠক! যেকোনো ভাবেই হোক, মুসলমানদের নিজেদের বিচারাচার শরীয়ত মতেই করতে হবে। এতে কোন ছাড় নেই। কুফরি বিধান দিয়ে কুফরি আদালতে বিচার করানোর কোনো বৈধতা নেই। এজন্য মুসলিমদের অবশ্যকরণীয় দায়িত্ব- তাগুত সরকারের কাছ থেকে অনুমতি নিয়ে হলেও নিজেদের বিচারাচারের জন্য শরয়ী কাযি নিয়োগ দেয়া। সম্ভব না হলে অন্তত মুসলিম পঞ্চায়েতের মাধ্যমে বা সালিশের মাধ্যমে নিজেদের বিষয়াশয় শরীয়ত মতে ফায়াসালা করিয়ে নেয়া। তাগুতের আদালতের দ্বারস্থ হওয়ার কোনো বৈধতা নেই। এ দায়িত্ব সর্বপ্রথম বর্তাবে সমাজের উলামা শ্রেণীর উপর। তারা জনগণকে এ ফরয সম্পর্কে

অবগত করবে। কাযির মাধ্যমেই হোক বা পঞ্চায়েত বা সালিশের মাধ্যমেই হোক শরয়ী বিচারের ব্যবস্থা করবে। কোনো অবস্থায়ই তাগুতের আদালতে যাবে না। আবার মুসলমানদের বিচারব্যবস্থাহীনও ছেড়ে রাখবে না।

আফসোস! আমাদের উলামা সমাজ উদাসীনতার ঘুমে বিভোর। এখন পর্যন্ত উলামাদেরকে এ বিষয়ে কোনো পদক্ষেপ নিতে দেখিনি। মনে হয় যেন এটি আমাদের দায়িত্বের আওতায়ই পড়ে না। এটি যে একটি ফরয- বরং ঈমানের অংশ- এ কথাটি যেন আলেম সমাজ জানেও না। নিজ নিজ মাদ্রাসা, খানকাহ আর মসজিদ নিয়ে সবাই পড়ে আছে। আল্লাহ তাআলার শরীয়ত নিয়ে কোনো ফিকিরই দেখা যাচ্ছে না। তাগুতের কুফরি আদালতে মুসলিমদের জনস্রোত। উলামাদের নীরবতা দেখে মনে হচ্ছে, এতে কোনো সমস্যা নেই। এভাবে হাজারো লাখো মুসলমান হারামে লিপ্ত হচ্ছে। আর উলামায়ে কেরাম নীরব ভঙ্গিতে এর অনুমোদন দিচ্ছেন। যদি হলফ করে বলি, আল্লাহ তাআলা অন্তত এ কারণে হলেও উলামাদের পাকড়াও করবেন, আশাকরি আমার হলফ মিথ্যে হবে না। আহ! আমার কথাগুলো যদি উলামাদের কানে একটু আঘাত হানতো।

ভাইদের কাছে আবেদন থাকবে, আমার এ কথাগুলো আপনারা উলামাদের কানে পৌঁছে দিন। অন্তত প্রশ্ন রাখুন, আল্লাহ তাআলার শরীয়ত মতে বিচার ফায়সালার ব্যবস্থা করা আমাদের ফরয কি ফরয না? সম্ভব না হলে অন্তত পঞ্চায়েত সালিশের মাধ্যমে হলেও ফরয কি'না? আশাকরি কিছু না কিছু মানুষের ঘুম ভাঙবে। আল্লাহ তাআলা তাওফিক দিন। আমীন। ওয়ালহামদুলিল্লাহি রাব্বিল আলামিন।

৬১.ব্রাহ্মণের মুখে কালিমার বুলি: দোহা চুক্তি নয়, কুরআন সুন্নাহ মতে কথা বলুন

সংবাদটা পড়ে না হেসে পারলাম না। কাতারে বেশ কিছু দিন যাবত আন্তঃআফগান আলোচনা চলছে, যেটা হয়তো আপনারা সকলে জানেন। আমেরিকার গোলাম মুরতাদ আশরাফ গণির প্রতিনিধিরা না'কি ইদানিং মিডিয়াতে সুর তুলছে, **দোহা চুক্তি নয়, তালেবানরা আমাদের সাথে কুরআন সুন্নাহ মতে কথা বলুক।**

কত সুন্দর প্রস্তাব: ‘কুরআন সুন্নাহ মতে কথা বলুক।’ চোরের মুখে ধর্মের বুলি।

যারা উনিশ বছর যাবত ইসলামের বিরুদ্ধে যুদ্ধ করে আসছে, কুফরের পক্ষে দালালী করে আসছে, তারা আজ হঠাৎ এত বড় সুফি কিভাবে হয়ে গেল? কেন আজ দাদাবাবুর মাথায় টুপি?

কারণ, তারা যে আজ বড় বিপাকে। চোখে যে শুধু সর্ষে ফুল। পায়ের নিচে যে নেই মাটি।

আন্তর্জাতিক আগ্রাসন থেকে আজাদির জন্য তালেবানরা আমেরিকার সাথে গত উনত্রিশে ফেব্রুয়ারি দোহায় এক ঐতিহাসিক চুক্তিতে আবদ্ধ হয়েছে। তালেবানদের ভাষায়:

جس کا ہر لفظ اسلام کے مقدس دین کے مطابق ہے اور جس کا منبع قرآن و حدیث ہے، اور جو غیر ملکی قبضے کو ختم کرتا ہے۔

“যে চুক্তির প্রতিটি শব্দ পবিত্র ধর্ম ইসলাম সমর্থিত। যার উৎস কুরআন ও হাদিস এবং যার মাধ্যমে ঔপনিবেশিক আগ্রাসনের পরিসমাপ্তি ঘটছে।” - http://alemarahurdu.net/?p=40141

এ দোহা চুক্তির একটি ধারা ছিল, অচিরেই আফগানরা নিজেরা আলোচনায় বসে আন্তঃআফগান সমস্যার সমধান করবে। সে হিসেবে তালেবানরা আফগানিস্তানের বড় বড় নেতৃবৃন্দ, যাদের উপর আফগান জনগণের আস্থা আছে, তাদের নিয়ে দোহায় আলোচনায় বসেছে। সে আলোচনায় একটা পক্ষ হিসেবে কাবুল সরকারের প্রতিনিধিরাও আছে।

যেহেতু এ আলোচনা মূলত আমেরিকার সাথে কৃত দোহা চুক্তিরই অংশ, তাই দোহা চুক্তিকে সামনে রেখেই আলোচনা সামনে আগানো হচ্ছে। কিন্তু আশরাফ গণিরা যখন দেখছে, দোহা চুক্তি অনুযায়ী প্রভু আমেরিকারা আফগান ছেড়ে চলে যেতে বাধ্য, তাদের পায়ের নিচ থেকে মাটি সরে যাচ্ছে। আমেরিকা চলে গেলে তো তাদের ভরসার কেউ থাকবে না। সামনে নির্ঘাত মৃত্যু। গত উনিশ বছরের হিসাব নিকাশ জাতি

পাই পাই করে বুঝে নেবে।

এই ফাঁটা বাশের চিপায় পড়ে এখন শোরগুল উঠাচ্ছে: কিসের দোহা চুক্তি! দোহা চুক্তি বাদ দিন। কুরআন সুন্নাহ মতে কথা বলুন।

কথায় আছে, বিড়াল কি আর কম ঠেলায় গাছে উঠে!!

মূল আর্টিক্যাল (http://alemarahurdu.net/?p=40141):

امارت اسلامیہ قرآن و سنت کو ایک نعرہ نہیں بلکہ اس پر عمل درآمد چاہتی ہے

Date: 2020-10-12

آج کی بات

حال ہی میں کابل کی بکھری ہوئی شرمندہ انتظامیہ کے کارکنوں نے میڈیا میں ہلچل مچا دی ہے، جس میں انہوں

نے طالبان سے قرآن اور سنت کی روشنی میں ان سے بات چیت شروع کرنے کی تجویز دی ہے، دوحہ معاہدے کے تحت نہیں۔

کابل انتظامیہ کے اسلام دشمن اور افغان دشمن حکام قرآن و سنت پر اس وجہ سے اصرار نہیں کرتے ہیں کہ وہ واقعی بھی الہی احکامات اور نبوی ہدایات سے دلی محبت کرتے ہیں، بلکہ یہ دوحہ معاہدے کو خراب اور اس کی اہمیت کو کم کرنے کی کوشش کرتے ہیں جس کا ہر لفظ اسلام کے مقدس دین کے مطابق ہے اور جس کا منبع قرآن و حدیث ہے، اور جو غیر ملکی قبضے کو ختم کرتا ہے۔ اور جارحیت کی کھوکھ سے جنم لینے والی کرپٹ اور بدعنوان حکومت کو مزید کچھ دن مہلت ملے۔
اگر اسلام ، قرآن و حدیث اشرف غنی اور ان کے حکام کے لئے اتنے اہم ہوتے تو قرآن و حدیث کی روشنی میں ایک حقیقی اسلامی نظام نافذ کرتے، شرعی حدود اور الہی احکامات کو عملی جامہ پہناتے، ریاستی اداروں اور محکموں کو بدعنوانی سے پاک کرتے، اس وقت افغان عوام اس بات کو تسلیم کر لیتے کہ وہ قرآن اور سنت کو نہ صرف کہنے کی حد تک نہیں بلکہ عملی طور پر بھی اس کا نفاذ چاہتے ہیں۔
!! لیکن ایسا نہیں ہے
کیونکہ اشرف غنی خود ہی بڑے فخر سے کہتے ہیں کہ وہ نیویارک ، واشنگٹن اور یورپ کے مفادات کے لئے قربانیاں دے رہے ہیں۔
کابل انتظامیہ کے حکام نے پہلے بھی قابض افواج کے انخلا کی مخالفت کی تھی اور اب بھی کررہے ہیں اور وہ کوشش

کررہے ہیں کہ امریکی اور نیٹو فورسز کو افغانستان سے نہ نکلیں۔
یہی واحد وجہ ہے کہ امارت اسلامیہ دوحہ معاہدے پر اصرار کرتی ہے، کیونکہ اس میں افغانستان کے جاری بحران کی دو بڑی جہتیں ہیں، ایک بیرونی اور دوسری داخلی ، جن کو حل کرنے کے مناسب طریقے کی نشاندہی کی گئی ہے اور جس طرح بیرونی جہت کو معقول انداز سے حل کر دیا، اسی طرح ملکی جہت جو بین الافغان مذاکرات ہیں، کو باوقار اور معقول طریقے سے حل کیا جائے گا۔
لہذا اگر امارت اسلامیہ دوحہ معاہدے کے علاوہ کوئی اور جرگہ یا فریم ورک قبول کرتی ہے تو پھر اس کا مطلب یہ ہوگا کہ امارت اسلامیہ "غیر ملکی قبضہ کاروں" کے ساتھ طے پانے والے معاہدے سے دستبردار ہو رہی ہے اور یہ اقدام بلا شبہ افغانستان کے مسائل حل کرنے کے بجائے مزید مشکلات اور رکاوٹیں پیدا کرنے کا سبب بنتا ہے اور افغان عوام کی تاریخی فتح کو صدمہ پہنچاتا ہے۔
امارت اسلامیہ نے تمام افغان جماعتوں سے مطالبہ کیا ہے کہ وہ بین الافغان مذاکرات کا یہ سنہری موقع ضائع نہ کریں، دوحہ معاہدے کو کمزور کرنے اور رکاوٹ بنانے کے بجائے اس کو مزید مضبوط بنائیں۔

৬২.ভাই-চাচার বদলে মামা- আমরা এমন নির্লজ্জ কেন?

ড্রাইভার হেল্পারদেরকে এখন মামা বলা হয়। আগে ভাই/চাচা বলা হতো। এখন মামা বলা হচ্ছে। এ এক শয়তানি। মামার মধ্যে নারীর গন্ধ আছে। এ জন্য কৌশলে এর প্রচলন ঘটানো হয়েছে। ভাই/চাচার মধ্যে এমনটি নেই, তাই বাদ দেয়া হচ্ছে।

কুরআন হাদিসের ভাষায় মুমিনরা পরস্পর ভাই ভাই। আল্লাহ ও তার রাসূল আমাদের এমনটিই শিখিয়েছেন। কুরআন ও হাদিসে অসংখ্যবার এ ভাই ও ভ্রাতৃত্বের বিষয়টি এসেছে। যেমন, আল্লাহ তাআলা বলেন,

إِنَّمَا الْمُؤْمِنُونَ إِخْوَةٌ

"মুমিনগণ পরস্পরে ভাই ভাই।" -হুজরাত ১০

রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন,

المسلم أخو المسلم

“এক মুসলিম অপর মুসলিমের ভাই।” -সহীহ বুখারি ২৩১০, সহীহ মুসলিম ৬৭৪৩

তাই সমবয়সী হলে ভাই বলে সম্বোধন করবে। বাবার বয়সী হলে চাচা বলে সম্বোধন করবে। এটা শুধু ইসলামেরই শিক্ষা নয়, জাহিলি যামানাতেও মানুষ এভাবেই সম্বোধন করতো। কিন্তু আজ নব্য জাহিলিয়্যাত সকল জাহিলিয়্যাতকে হার মানিয়েছে।

কুরআনে কারীমে মহিলাদের গৃহাভ্যন্তরে অবস্থানের নির্দেশ এসেছে। হাদিসে এসেছে, মহিলারা গোপন থাকার বস্তু, প্রকাশ হওয়ার বস্তু নয়। এজন্য একান্ত দরকার না পড়লে কুরআনে কারীমে মহিলাদের সম্বোধন করে কিছু বলা হয়নি, তাদের নামও নেয়া হয়নি। একান্ত যেখানে না নিলে হয় না সেখানেই কেবল মহিলাদের নাম নেয়া হয়েছে বা আলোচনা এসেছে। এমনই সতর্কতা শরীয়ত অবলম্বন করেছে। কিন্তু

আমরা মুসলমানরা আজ আমাদের মা-বোনদের হাটে-ঘাটে বিকিয়ে দিয়েছি। শেষ একটু হায়া-শরম যা ছিল তাও শেষ করে দেয়া হলো। এখন আর ভাই/চাচা নয়, মামা। কারণ, মামা হতে হয় মায়ের মধ্যস্থতায় আর ভাই/চাচা হতো বাপের মধ্যস্থতায়। এজন্যই ইসলামী শব্দ আর ইসলামী ত্বরিকাটা তুলে দেয়া হচ্ছে। আর আমরাও লুফে নিচ্ছি সাগ্রহে। কোথায় গেল আমাদের লজ্জা-শরম!

৬৩.ভাইয়ের দুঃখে দিল কাঁদে না- আমি কেমন ঈমানদার

জিহাদের কথা আমরা সবাই জানি। কিন্তু জিহাদ মানে কি আমরা ফিকির করেছি কি? ফিকির করলে বুঝবো, জিহাদ মানে আমার ভাইয়ের জন্য জীবন দেয়া। আমার মুসলিম ভাইয়ের জন্য। চিন্তা করুন, দুনিয়ার এক প্রান্তে আমার কিছু মুসলিম ভাই বোন নির্যাতিত। আল্লাহ তাআলা তাদের উদ্ধারের জন্য আমার উপর জিহাদ ফরয করেছেন।

আল্লাহ তাআলা ইরশাদ করেন,

وَمَا لَكُمْ لَا تُقَاتِلُونَ فِي سَبِيلِ اللَّهِ وَالْمُسْتَضْعَفِينَ مِنَ الرِّجَالِ وَالنِّسَاءِ وَالْوِلْدَانِ الَّذِينَ يَقُولُونَ رَبَّنَا أَخْرِجْنَا مِنْ هَذِهِ الْقَرْيَةِ الظَّالِمِ أَهْلُهَا وَاجْعَلْ لَنَا مِنْ لَدُنْكَ وَلِيًّا وَاجْعَلْ لَنَا مِنْ لَدُنْكَ نَصِيرًا

"তোমাদের কী হলো! তোমরা কিতাল করছো না আল্লাহর রাস্তায় এবং ঐ সকল অসহায় নর-নারী ও শিশুদের (উদ্ধারের) জন্য? যারা (ফরিয়াদ করে) বলে, 'হে আমাদের রব! আমাদেরকে বের করে নিন এ জনপদ থেকে, যার অধিবাসীরা যালিম। আমাদের জন্য আপনার পক্ষ থেকে কোনো অভিভাবক নির্ধারণ করে দিন এবং নিযুক্ত করে দিন আপনার পক্ষ থেকে কোনো সাহায্যকারী।" -নিসা ৭৫

আয়াতে কারীমাটিতে আবারও ফিকির করুন। নির্যাতিত কে? আমিও নই, আমার পরিবারও নয়, আমার বংশও নয়। এমনকি আমার অধিবাস ভূমিরও কেউ নয়। এমন কিছু লোক যাদেরকে আমি কখনও দেখিনি। শুধু এতটুকু জানি যে, তারা মুসলিম। আর এতটুকু যে, তারা নির্যাতিত। আল্লাহ তাআলা কি বলছেন? আল্লাহ তাআলা বলছেন, তাদের উদ্ধারের জন্য কিতাল কর। আর আমি কেন করছি না এজন্য আল্লাহ তাআলা আমাকে তিরস্কার করছেন। আমার কাছে কৈফিয়ত তলব করছেন। জবাবদিহি চাচ্ছেন কেন করছি না।

আল্লাহ তাআলা কি শব্দটি ব্যবহার করেছেন দেখেছেন তো? وَمَا لَكُمْ لَا تُقَاتِلُونَ- তোমাদের কী হলো! তোমরা কিতাল করছো না?

কিতাল মানে কি? আমি তাকে কতল করতে চাই, সে আমাকে কতল করতে চায়। এর নাম কিতাল। জীবন দেয়া নেয়ার খেলা। আল্লাহ তাআলা আমাকে ধমক দিচ্ছেন, কেন আমি আমার মুসলিম ভাইয়ের জন্য আমার প্রাণটা দিয়ে দেয়ার খেলায় নামছি না। দেখুন! শুধু বয়ান বক্তৃতা না কিন্তু। জীবন দেয়া নেয়ার খেলা। কাদের জন্য? কিছু মুসলিম ভাই বোনের জন্য। যাদেরকে আমি কখনও দেখিনি। যাদেরকে আমি চিনি না। আমার রব তাদের চেনেন। আমার রবের উপর তাদের ঈমান আছে। আমার রবের সাথে তাদের বন্ধুত্ব আছে। তারা আমার রবকে ভালবাসেন। আমার রবও তাদের ভালবাসেন। আমার রবের সেই প্রিয় বন্ধুদের উদ্ধারের জন্য তিনি আমাকে আদেশ দিয়েছেন। শুধু বয়ান বক্তৃতা নয়। শুধু পোস্ট কলম নয়। জীবন দেয়া আর জীবন নেয়ার।

আল্লাহ তাআলা ইরশাদ করেন,

اللَّهُ وَلِيُّ الَّذِينَ آمَنُوا

“আল্লাহ তাআলা যারা ঈমান এনেছে তাদের বন্ধু।” –বাকারা ২৫৭

এবার আমি নিজেকে প্রশ্ন করি, আমি কি আল্লাহকে ভালবাসি? যদি ভালবেসে থাকি তাহলে তার বন্ধুদেরকেও ভালবাসতে হবে। নয়তো আল্লাহর সাথে বন্ধুত্ব থাকবে না। আমার বন্ধুদের যে ভালবাসে না, তাদের বিপদে যে এগিয়ে আসে না, সে আমার বন্ধু হতে পারে না। যদি আমি ঈমানের দাবিতে সত্য হয়ে থাকি তাহলে আল্লাহর বন্ধুদের ভালবাসতে হবে। তাদের বিপদে এগিয়ে আসতে হবে। আল্লাহর সাথে যেমন বন্ধুত্ব তাদের সাথেও বন্ধুত্ব। তারাও আমার বন্ধু। তাই সকল মুমিন আমার বন্ধু। আমি তাদের চিনি আর না চিনি তারা আমার বন্ধু। এ বন্ধুত্ব আল্লাহ তাআলার জন্য। এ বন্ধুত্ব আল্লাহ তাআলার নির্দেশ।

আল্লাহ তাআলা ইরশাদ করেন,

وَالْمُؤْمِنُونَ وَالْمُؤْمِنَاتُ بَعْضُهُمْ أَوْلِيَاءُ بَعْضٍ

"মুমিন নর-নারীরা একে অপরের বন্ধু।" -তাওবা ৭১

আরো ইরশাদ করেন,

إِنَّمَا الْمُؤْمِنُونَ إِخْوَةٌ

"মুমিনগণ পরস্পরে ভাই ভাই।" -হুজরাত ১০

কেমন বন্ধু আর কেমন ভাই? তাদের সুখ আমার সুখ। তাদের দুঃখ আমার দুঃখ। তাদের পায়ে কাঁটা বিঁধলে আমার কলিজায় আঘাত লাগে। তাদের গায়ে জ্বর আসলে আমার ঘুম হারাম হয়ে যায়।

রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এ চিত্রটিই তুলে ধরেছেন,

مثل المؤمنين فى توادهم وتراحمهم وتعاطفهم مثل الجسد إذا اشتكى منه عضو تداعى له سائر الجسد بالسهر والحمى

"পরস্পর ভালবাসা, রহমত ও সাহায্যের বেলায় মুমিনদের অবস্থা একটি দেহের মতো। তার কোন অঙ্গ অসুস্থ হলে গোটা

দেহ বিনিদ্রা ও জ্বরাক্রান্ত হয়ে পড়ে।” -সহীহ বুখারি ৫৬৬৫, সহীহ মুসলিম ৬৭৫১

গোটা মুসলিম জাতি এক দেহ। আমার নিজের দেহ নিজের প্রাণ আমার কাছে যেমন প্রিয় তারাও আমার কাছে এমনই প্রিয়। আমার চোখে ব্যথা হলে যেমন ঘুম আসে না, কোনো মুমিনের গায়ে আঘাত আসলেও তেমনি আমার ঘুম আসে না। যেন তারাই আমি আমিই তারা। তারা ভিন্ন কেউ নয় আমি ভিন্ন কেউ নই। এক দেহ এক প্রাণ।

আশ্চর্যের বিষয়, দুনিয়ার কোথাও একটা কাফেরের উপর আঘাত আসলে সারা দুনিয়ার কুফফার গোষ্ঠীর হৈ চৈ শুরু হয়ে যায়। কুফরের বাঁধন তাদেরকে এক ডোরে বেঁধে ফেলেছে। কিন্তু আমি মুমিন, আমার মুমিন ভাইয়ের ব্যথায় আমার ব্যথা নেই। এই আমার ঈমানের হাল।

আল্লাহর কসম! আমার ভাইয়ের পায়ের কাঁটা আমার গায়ে

ব্যথা না দিলে আমি মুমিন হতে পারবো না।

রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের বাণী পরিষ্কার,

لا تدخلون الجنة حتى تؤمنوا ولا تؤمنوا حتى تحابوا.

“যতক্ষণ তোমরা মুমিন না হবে, জান্নাতে যেতে পারবে না। আর মুমিন ততক্ষণ হতে পারবে না, যতক্ষণ একে অপরকে ভাল না বাসবে।” –সহীহ মুসলিম ২০৩

অন্যত্র ইরশাদ করেন,

والذى نفسى بيده لا يؤمن عبد حتى يحب لأخيه ما يحب لنفسه

“ঐ জাতে পাকের কসম যার হাতে আমার জান, কোনো বান্দা মুমিন হতে পারবে না যতক্ষণ না সে তার ভাইয়ের জন্য তাই পছন্দ করে যা তার নিজের জন্য করে।” –সহীহ মুসলিম ১৮০

আমি ঈমানের দাবিদার, কিন্তু আমার ভাইয়ের দুঃখে আমার দিল কাঁদে না, বুঝতে হবে আমার ঈমানে যথেষ্ট কমতি আছে।

আজ যদি আমি বন্দি হতাম? আমার ভাইকে যদি ধরে নেয়া হতো? কিংবা আমার বোনকে যদি তুলে নেয়া হতো? তাহলে আমার কি হাল হতো? আজ আরাকান-কাশ্মির-হিন্দের ভাই বোনদের জন্য আমার দিল কাঁদে না। বুঝতে হবে আমার ঈমান দুর্বল হয়ে আছে। যতটুকু আল্লাহ তাআলার নির্দেশ ততটুকু ঈমান আমার হাসিল হয়নি। আল্লাহ তাআলার মহব্বতের দাবিতে আমি এখনও পূর্ণ সত্যবাদি নই।

আমি অনেক বড় কেউ হতে পারি, কিন্তু আল্লাহ তাআলার দরবারে আমি এখনও অপরাধী। এ অপরাধের খাতা থেকে নাম কাটাবার একটাই পথ, ভাইয়ের পাশে দাঁড়ানো। আমার জান নিয়ে। আমার মাল নিয়ে। প্রয়োজনে ঘর ছেড়ে, বাড়ি ছেড়ে। পরিবার পরিজন আত্মীয় স্বজনকে বিদায় জানিয়ে হিজরত করে। অন্যথায় রাব্বুল আলামিনের সেই ওয়াদার অপেক্ষায় থাকি, যে ওয়াদা তিনি করেছেন- আর আল্লাহ তার ওয়াদায় ব্যতিক্রম করেন না-

قُلْ إِنْ كَانَ آبَاؤُكُمْ وَأَبْنَاؤُكُمْ وَإِخْوَانُكُمْ وَأَزْوَاجُكُمْ وَعَشِيرَتُكُمْ وَأَمْوَالٌ اقْتَرَفْتُمُوهَا وَتِجَارَةٌ تَخْشَوْنَ كَسَادَهَا وَمَسَاكِنُ تَرْضَوْنَهَا أَحَبَّ إِلَيْكُمْ مِنَ اللَّهِ وَرَسُولِهِ وَجِهَادٍ فِي سَبِيلِهِ فَتَرَبَّصُوا حَتَّى يَأْتِيَ اللَّهُ بِأَمْرِهِ وَاللَّهُ لَا يَهْدِي الْقَوْمَ الْفَاسِقِينَ

“বলুন (হে নবী!) তোমাদের পিতা, তোমাদের সন্তান, তোমাদের স্ত্রী, তোমাদের গোত্র, তোমাদের সে সম্পদ যা তোমরা অর্জন করেছ, আর সে ব্যবসা যার মন্দা হওয়ার আশঙ্কা তোমরা করছ এবং সে বাসস্থান যা তোমরা পছন্দ করছ- যদি (এগুলো) তোমাদের কাছে অধিক প্রিয় হয় আল্লাহ, তাঁর রাসূল ও তাঁর পথে জিহাদ করার চেয়ে, তবে তোমরা অপেক্ষা কর আল্লাহ তাআলার (আযাবের) ঘোষণা আসা পর্যন্ত। আর আল্লাহ ফাসিক সম্প্রদায়কে হিদায়াত করেন না।” -তাওবা ২৪

***

كيف القرار وكيف يهدأ مسلم ... والمسلمات مع العدو المعتدي

الضاربات خدودهن برنة ... الداعيات نبيهن محمد

القائلات إذا خشين فضيحة ... جهد المقالة ليتنا لم نولد

ما تستطيع وما لها من حيلة ... إلا التستر من أخيها باليد

কিভাবে স্থির থাকা যায়? কিভাবে কোনো মুসলিম শান্তিতে থাকতে পারে? যেখানে মুসলিম নারীরা সীমালঙ্ঘনকারী শত্রুদের হাতে বন্দী?!

তারা তাদের নবী মুহাম্মাদকে ডেকে ডেকে মুখ চাপড়িয়ে রোনাজারি করে কাঁদছে।

সম্ভ্রমহানির ভয়ে যখন তারা শঙ্কিত, শত আফসোস করে বলছে, হায়! যদি আমাদের জন্মই না হত!

নেই তার কোন শক্তি, নেই কোন উপায়। হাত ঠেকিয়ে ভাই থেকে মুখ লুকানো ছাড়া কিছুই নেই করার।

***

৬৪.ভাস্কর্য ইস্যু এবং ইস্তিহলালের সেই সংশয়টি

আপনারা সবাই হয়তো শুনে আসছেন এতোদিন যে, শরীয়তের বিধানকে অপছন্দ বা অস্বীকার না করলে কাফের হবে না। শাসকরা এটা করে না। তারা শরীয়তের বিধানকে স্বীকার করে, পছন্দও করে। কিন্তু প্রায়োগিক জীবনে আমল করে না। ভিন্ন আইন দিয়ে রাষ্ট্র চালায়।

কথাটা হয়তো সবাই শুনে থাকবেন। এটা মূলত ইরজায়ি আকিদা। কুফরকে সব সময় ইস্তিহলালের সাথে শর্তযুক্ত করা ইরজা ও জাহমিয়াত।

কুফরি কানুন দিয়ে রাষ্ট্র পরিচালনা স্বয়ং কুফর। এর জন্য ইস্তিহলাল শর্ত নয়। তবুও আপনারা ইস্তিহলালের শর্তটা শুনে আসছেন আজীবন। কিন্তু এবারের ভাস্কর্য ইস্যু হয়তো ইস্তিহলালের চেহারা কিছুটা প্রকাশ করেছে। বরং বলতে গেলে ভয়ানক চেহারা প্রকাশ করেছে। সারা দেশের আলেম উলামারা ঐক্যবদ্ধভাবে ফতোয়া দিয়ে, আন্দোলন করেও সরকার আর সরকারের অনুসারীদের বুঝাতে সক্ষম হলো না যে, ভাস্কর্য হারাম। যতই বুঝাচ্ছেন শুধু উল্টো দিকেই গড়াচ্ছে।

এখন আপনারা কি কেউ অস্বীকার করতে পারবেন যে, সরকারপক্ষ ভাস্কর্য হালাল মনে করে?

জোচ্চুর না হলে কেউ পারবেন না। সকলের কাছেই পরিষ্কার, তারা ভাস্কর্য হালাল মনে করে। বরং আলেম উলামারা ভাস্কর্যকে হারাম বলায় তারা উলামাদের কি পরিমাণ অপমান

আর ভয়ানক রকমের গালিগালাজ করছে তা সবার নিকট স্পষ্ট।

এখন সরকারপক্ষের অবস্থান হলো, ভাস্কর্য হালাল। ভাস্কর্য হারাম এ কথা কুরআন সুন্নাহয় কোথাও নেই। যারা বলছে হারাম তারা মূর্খ। এরা ইসলামের দুশমন। এরা স্বার্থবাজ। স্বার্থের লোভে ঘুরিয়ে ফতোয়া দিচ্ছে। এরা সরকারকে উচ্ছেদ করে ক্ষমতা দখল করতে চায়।

আসলে ভাস্কর্য যে হারাম এটা তারা নিজেরাও জানে। তবে যদি বলে, ইসলামে হারাম হলেও আমরা সেটা মানি না- তাহলে সকলে স্পষ্ট বুঝে নেবে যে, এরা ইসলাম মানে না। এরা ইসলামদ্রোহী। তাই ঘুরিয়ে বলছে যে, ইসলামে হারামের কথা নেই। এটাই আসলে হাকিকত।

ভাস্কর্য থেকে কুফরি সংবিধান

আপনি কুফরি সংবিধানের শরীয়তবিরোধী বিধানের ক্ষেত্রেও

এ কথাটা বলতে পারেন যে, তারা জানে শরীয়তে চোরের হাত কাটতে হয়, যিনায় দোররা লাগাতে বা রজম করতে হয়। জানে ইসলামে মদ সুদ হারাম। কিন্তু এগুলো তারা অপছন্দ করে। তাই এগুলো পাল্টে কুফরি বিধান প্রতিস্থাপন করেছে। কেউ কেউ তো পরিষ্কারই বলছে, এগুলো সব মানবতাবিরোধী বিধান। এরা তো স্পষ্টই মুরতাদ।

আর অনেকে ঘুরিয়ে বলছে, সংবিধানে শরীয়ত বিরোধী কিছু নেই।

তার মানে, তারা শরীয়তের স্থলে যেসব কুফরি বিধান প্রতিস্থাপন করেছে সেগুলো ইসলামের সাথে সাংঘর্ষিক নয়। এগুলো শরীয়তবিরোধী নয়। আল্লাহর বিধান বাদ দিয়ে এগুলো দিয়ে রাষ্ট্রচালনাও শরীয়তে হালাল। এভাবে স্পষ্টই তারা শরীয়তের হালালকে হারাম আর হারামকে হালাল জ্ঞান করছে। কিন্তু এরপরও আমরা বলে বেড়াচ্ছি, তাদের মধ্যে ইস্তিহলাল নেই।

আসলে প্রথম গ্রুপের মতো এরাও ইসলামের বিধান অপছন্দ করে। যুগের অনুপোযোগী মনে করে। কিন্তু পরিষ্কার বললে আবার জনসাধারণ ক্ষেপে যায় কি’না। সেই ভয়ে ঘুরিয়ে

বলছে। কিন্তু শেষমেশ ঘুরিয়ে ফিরিয়ে কথা কিন্তু একটাই, শরীয়তের বিধানকে অস্বীকার করা হচ্ছে। হারামকে হালাল আর হালালকে হারাম মনে করা হচ্ছে। আর আমরা শুধু তাদের পক্ষে হুসনে জনের ভিত্তিতে উজরখাহি করেই যাচ্ছি: তাদের মধ্যে ইস্তিহলাল নেই।

ইস্তিহলাল নেই- কিভাবে সম্ভব?

ইস্তিহলাল তাদের কথা বার্তা থেকেই স্পষ্ট। এরপরও আপনি একটু চিন্তা করুন, একটা লোক আজীবন ইসলামের বিরুদ্ধে যুদ্ধ করে যাচ্ছে। কোনোভাবেই ইসলাম কায়েম হতে দেবে না। যারা কায়েম করতে চাইবে তারা দুনিয়ার সবচে জঘন্য অপরাধী বলে গণ্য। আপনি কি এরপরও বলতে পারছেন, লোকটা ইসলাম বিদ্বেষী নয়? তাহলে দুশমনির আর কি মাত্রা দেখালে সে ইসলামবিদ্বেষী হবে?

আমি আপনাদের একটা মাসআলা শুনাই। হাসকাফি রহ. (১০৮৮হি.) বলেন,

وَلَوْ أَكَلَ عَمْدًا شُهْرَةً بِلَا عُذْرٍ يُقْتَلُ. -الدر المختار وحاشية ابن عابدين (رد المحتار) (2/ 413)

যে ব্যক্তি রমযানের দিনের বেলায় ইচ্ছাকৃত সুপ্রকাশ্যে আহার করবে তাকে হত্যা করে দেয়া হবে। -আদদুররুল মুখতার (রদ্দুল মুহতারের সাথে মূদ্রিত): ২/৪১৩, কিতাবুস সাওম

ইবনে আবিদিন রহ. (১২৫২হি.) এর ব্যাখ্যায় বলেন,

قال الشرنبلالي صورتها: تعمد من لا عذر له الأكل جهارا يقتل؛ لأنه مستهزئ بالدين أو منكر لما ثبت منه بالضرورة ولا خلاف في حل قتله. -الدر المختار وحاشية ابن عابدين (رد المحتار) (2/ 414)

কোনো প্রকার উজর নেই এমন কোনো ব্যক্তি যদি সবার সামনে সুপ্রকাশ্যে ইচ্ছাকৃত আহার করে, তাহলে তাকে হত্যা করে দেয়া হবে। কারণ, সে হয়তো দ্বীন নিয়ে উপহাস করেছে, আর না হয় (ভিতরে ভিতরে) (সাওমের মতো) জরুরিয়াতে দ্বীনের অন্তর্ভুক্ত বিধানকে অস্বীকার করে থাকে (যদিও মুখ ফুটে বলে না)। আর এমন লোককে হত্যা করা বৈধ হওয়ার

ব্যাপারে কোনোই দ্বিমত নেই। -রদ্দুল মুহতার: ২/৪১৩

সিন্ধি রহ. (১২৫৭হি.) যাহিদি রহ. (৬৫৮হি.) থেকে বর্ণনা করে বলেন,

الظاهر أن المراد القتل بالسيف. -طوالع الأنوار، كتاب الصوم، ص: 273، ت: عبد الغفار نور محمد، جامعة كراتشي

স্পষ্ট এটাই যে, (হুমকি ধমকি উদ্দেশ্য নয়, সরাসরি) তরবারি দ্বারা কতল করে দেয়া উদ্দেশ্য। -তাওয়ালিউল আনওয়ার, কিতাবুস সাওম: ২৭৩

অর্থাৎ কোনো প্রকার উজর না থাকা সত্ত্বেও রমযানের দিনের বেলায় এভাবে সবার সামনে প্রকাশ্যে দেখিয়ে দেখিয়ে খেতে বসাকে আইম্মায়ে কেরাম কুফর গণ্য করেছেন। কারণ,

- হয়তো সে আসলে সাওম যে ফরয এটাকেই অস্বীকার করছে;
- কিংবা অস্বীকার না করলেও এভাবে খেয়ে দ্বীনের সাথে উপহাস করেছে।

স্পষ্ট যে, এ দু'টোর উভয়টিই কুফর। দ্বীনের বিধান অস্বীকার করা যেমন কুফর, স্বীকার করার পর তার যথাযথ তা'জিম না করে বরং উপহাস করা বা অবমাননা করাও কুফর। বরং এটি আরও জঘন্য কুফর।

মুহতারাম পাঠক, একটু চিন্তা করুন। এভাবে আহার করাই যদি আল্লাহর বিধান অস্বীকার বা উপহাস বলে গণ্য হয়, ব্যক্তি মুরতাদ হয়ে যায়, তাকে হত্যা করে দিতে হয়: তাহলে আপনারাই চিন্তা করুন, যারা আজীবন ইসলামের বিরুদ্ধে যুদ্ধ করে যাচ্ছে, তারা কত ভয়ানক রকমের অবমাননাই না করছে! আর কত ভয়ানক রকমের কুফরিই না করছে!

এজন্য বিন বায ও ইবনে উসাইমিনের মতো আলেম, যারা ইস্তিহলাল ব্যতীত হুকুম বি গাইরি মা আনযালাল্লাহকে ইরতিদাদ মনে করেন না, তারাও বলেন, যদি ইসলামী শাসনের বিপরীতে সম্পূর্ণ একটি ভিন্ন শাসনব্যবস্থা চালু করে

–যেমনটা তাগুতরা করেছে- তাহলে তাদের মতে এটা ইস্তিহলাল বলে গণ্য। শাসক মুরতাদ হয়ে যাবে।

যেমন ইবনে উসাইমিন রহ. (১৪২১হি.) বলেন,

من لم يحكم بما انزل الله استخفافاً به، أو احتقاراً، أو اعتقاداً أن غيره أصلح منه، وانفع للخلق أو مثله فهو كافر كفراً مخرجاً عن الملة، ومن هؤلاء من يضعون للناس تشريعات تخالف التشريعات الإسلامية لتكون منهاجاً يسير الناس عليه، فإنهم لم يضعوا تلك التشريعات المخالفة للشريعة الإسلامية إلا وهم يعتقدون أنها أصلح وأنفع للخلق، إذ من المعلوم بالضرورة العقلية، والجبلة الفطرية أن الإنسان لا يعدل عن منهاج إلى منهاج يخالفه إلا وهو يعتقد فضل ما عدل إليه ونقص ما عدل عنه. -شرح ثلاثة الأصول للعثيمين ((ص: 158

যে ব্যক্তি আল্লাহর বিধানের প্রতি অবজ্ঞাবশত, আল্লাহর বিধানকে হেয় জ্ঞান করে, কিংবা ভিন্ন বিধানকে অধিক উপযোগী, অধিক উপকারী কিংবা শরয়ী বিধানের সমান সমান মনে করে আল্লাহর বিধান অনুযায়ী বিচার করা তরক করবে, সে দ্বীন থেকে বহিষ্কৃত কাফের। এ শ্রেণীরই অন্তর্ভুক্ত সেসব লোক, যারা ইসলামী আহকামের বিপরীত বিধি বিধান প্রণয়ন করে সেগুলোকে জীবনব্যবস্থারূপে গ্রহণ করে। কারণ, ইসলামী আহকামের বিপরীত ঐসব বিধি বিধান তারা তখনই প্রণয়ন করতে পেরেছে, যখন তাদের বিশ্বাস যে, এগুলো

অধিক উপকারী। কারণ, প্রতিটি মানুষের বিবেক কোনো প্রকার দ্বিধাদ্বন্দ্ব ছাড়া অবলিলায়ই বলবে যে, কোনো ব্যক্তি একটি জীবনব্যবস্থা ছেড়ে অন্য একটি জীবনব্যবস্থা তখনই গ্রহণ করতে পারে, যখন তার বিশ্বাস যে, এটি আগেরটির তুলনায় শ্রেষ্ঠ এবং আগেরটি অপূর্ণ ছিল। -শরহু সালাসাতিল উসূল: ১৫৮

মোটকথা, কওল ও ফেল থেকে শাসকরা স্পষ্ট মুরতাদ। কিন্তু আমরা শত বাহানা তুলে হাজারো উজর দাঁড় করিয়ে মুসলমান প্রমাণ করার চেষ্টা করছি। যেখানে তারা নিজেরাই দ্বীন থেকে বেরিয়ে গেছে বলছে, শুধু একান্ত ব্যক্তি জীবনের কয়েকটি ইস্যু ছাড়া বাকি কোথাও তারা ধর্মীয় আইন মানে না বলছে এবং মানাকে ফিতনা ও সম্প্রীতি নষ্টের কারণ বলে দিবারাত্রি ই’লান দিচ্ছে, তারপরও আমরা কতবড় সতর্কতা অবলম্বনকারী আর কতবড় বুযুর্গ যে, এমন কট্টর কাফেরদেরকেও মুসলিম বানিয়ে ফেলছি। আল্লাহ আমাদের মাফ করেন। সহীহ বুঝ দান করেন। আমীন।

৬৫.মক্কী যিন্দেগী এবং আমাদের বর্তমান দুর্বল অবস্থার মধ্যকার একটি বিশেষ লক্ষ্যণীয় ব্যবধান!

মক্কী যিন্দেগী এবং আমাদের বর্তমান দুর্বল অবস্থার মধ্যকার একটি বিশেষ লক্ষ্যণীয় ব্যবধান!

মক্কী যিন্দেগী নিয়ে ব্যাপক ফেতনা ছড়ানো হচ্ছে। বিশেষত তাবলীগ জামাতের মাঝে এ ফেতনা বেশি। তারা বলে থাকে, *'আমরা মক্কী যিন্দেগিতে অবস্থান করছি। মক্কী যিন্দেগিতে মুসলমানরা দুর্বল ছিল, তাই তাদের উপর জিহাদ ফরয করা হয়নি। তদ্রূপ, আজ আমরা দুর্বল। তাই আমাদের উপর জিহাদ ফরয নয়।'*

এই ধ্যান-ধারণা সম্পূর্ণই গলদ। মক্কী যিন্দেগী আর আমাদের বর্তমান অবস্থার মাঝে অনেক বড় ব্যবধান। মক্কী যিন্দেগিতে জিহাদ ফরয করা হয়নি, বরং এর অনুমতিও দেয়া হয়নি। তাই তখন জিহাদ নিয়ে ভাবার দরকার ছিল না। কিন্তু নামায ফরয ছিল, তাই নামায নিয়ে ভাবতে হত। প্রকাশ্যে নামায পড়লে কাফেরদের নজরে পড়বে আশঙ্কা থাকলে গোপনে হলেও পড়তে হতো। নামায ছাড়ার অবকাশ ছিল না। কিন্তু মদীনায় যখন জিহাদ ফরয করা হল, তখন থেকে নামাযের

ন্যায় জিহাদ নিয়েও ভাবতে হবে। আপাতত জিহাদের সামর্থ্য না থাকলে, সামর্থ্য অর্জনের ফিকির করতে হবে। এখানেই ব্যবধানটা।

মক্কী যিন্দেগিতে জিহাদ যেহেতু ফরয ছিল না, তাই জিহাদের সামর্থ্য অর্জন ও ই'দাদের ফিকির সাহাবায়ে কেরামকে করতে হতো না। কিন্তু মদীনায় আসার পর যখন জিহাদ ফরয হল, তখন সর্বাবস্থায় মনে রাখতে হবে- আমার উপর জিহাদ ফরয। যদি সামর্থ্যের অভাবে আপাতত জিহাদ করতে না পারি, তাহলে ফিকির করতে হবে- কিভাবে সামর্থ্য অর্জন করা যায়। অতএব, তখন থেকে ই'দাদের চিন্তা ও ফরজিয়্যাতের আকীদা সর্বাবস্থায় রাখতে হবে।

যেমন- একজন লোক দারুল হরবে মুসলমান হল। সে জানে, নামায ফরয। কিন্তু দারুল হরবে চতুর্দিকে কাফের। নামায পড়তে দেখলে জীবনের রক্ষা নাই। তখন সে আপাতত নামায ছেড়ে দিতে পারবে। কিন্তু তাকে মনে রাখতে হবে- তার উপর নামায ফরয। এই ফরয আদায়ের ফিকির করতে হবে। চেষ্টা করতে হবে। কিভাবে, কোথায় গেলে বা কোন সময়ে কাফেরদের চক্ষু ফাঁকি দিয়ে নামায আদায় করা যায়- সে চেষ্টা

তাকে করতে হবে। আপাতত সুযোগ নেই বলে বসে থাকার অনুমতি নেই। জিহাদের অবস্থাও তেমনি। সর্বাবস্থায় তার ফরজিয়্যাতের আকীদা রাখতে হবে। সামর্থ্য না থাকলে ই'দাদ যে ফরয তা স্মরণ রাখতে হবে। ই'দাদের জন্য সার্বিক প্রচেষ্টা ব্যয় করতে হবে। বসে থাকার সুযোগ নেই। কিন্তু মক্কী যিন্দেগিতে যখন জিহাদ ফরয ছিল না, তখনকার অবস্থা সম্পূর্ণই ভিন্ন। কাজেই, মক্কী যিন্দেগির বাহানা ধরে জিহাদ তরক করার সুযোগ নেই। অতএব, হে ভাই! সাবধান! ধোঁকায় যেন না পড়ি।

৬৬.মজলিসে শূরায় মহিলা সদস্য থাকতে পারবে কি?- তাকি উসমানী সাহেবের বিভ্রান্তি

ইমামুল মুসলিমীনের একটি বড় দায়িত্ব হল, পরামর্শ করে কাজ করা। এ ব্যাপারে কুরআন হাদিসে অনেক তারগীব এসেছে। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সব সময় পরামর্শ করে কাজ করতেন। ছোট-খাট বিষয়েও পরামর্শ করতেন। সাহাবায়ে কেরামের বৈশিষ্ট্যও এমনই ছিল। এটিই মুমিনদের সিফাত।

অবশ্য রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের বা খুলাফায়ে রাশেদার নির্দিষ্ট সদস্যবিশিষ্ট নির্ধারিত কোন বোর্ড ছিল না। যখন দরকার পড়তো বড় বড় সাহাবায়ে কেরামকে একত্র করে পরামর্শ করতেন। নির্দিষ্ট কোন মজলিসে শূরা ছিল না। যাহোক, এখন যদি আমীরুল মু'মিন পরামর্শের জন্য কোনো বোর্ড তথা মজলিসে শূরা গঠন করেন, তাহলে মহিলাদেরকে সে বোর্ডের নিয়মতান্ত্রিক সদস্য রাখা যাবে কি'না যে: শূরার তারিখে মহিলারাও উপস্থিত হবে, তাদের কাছেও পরামর্শ চাওয়া হবে এবং তাদের পরামর্শ মোতাবেক কাজও করা হবে?

যদি আমরা শরীয়তের উসূল ও মূলনীতির দিকে তাকাই, তাহলে এটার বৈধতা পাওয়ার সুযোগ আছে বলে মনে হয় না। যেমন,

এক.

মহিলাদের ব্যাপারে আল্লাহ তাআলার আদেশ হল,

وَقَرْنَ فِي بُيُوتِكُنَّ

“তোমরা তোমাদের নিজ গৃহে অবস্থান করবে।”- আহযাব ৩৩

মজলিসে শূরায় শরীক হওয়ার জন্য মহিলারা দেশের বিভিন্ন প্রান্ত থেকে রাজধানী, জেলা শহর বা যেখানে মজলিসে শূরা বসবে সেখানে উপস্থিত হতে যাওয়া বিনা দরকারে এ আয়াতের বিরুদ্ধাচরণ। অধিকন্তু ফিতনার আশঙ্কায় যেখানে মসজিদে যেতেও মহিলাদের নিষেধ করা হয়েছে, সেখানে দূর-দূরান্ত থেকে পুরুষদের সাথে এসে এক মজলিসে শরীক হওয়ার অনুমতি কিভাবে হবে? বরং মহিলারা ঘরে থাকবে, ঘরেই প্রতিপালিত হবে- এটাই শরীয়তের কাম্য। বাহিরের কাজে অংশ নেয়া শরীয়তের কাম্য নয়। মহিলাদের ব্যাপারে আল্লাহ তাআলার ঘোষণা হল,

مَنْ يُنَشَّأُ فِي الْحِلْيَةِ وَهُوَ فِي الْخِصَامِ غَيْرُ مُبِينٍ

“যারা অলংকার মণ্ডিত হয়ে প্রতিপালিত হয় আর তর্ক-বিতর্ককালে স্পষ্ট বক্তব্য প্রদানে অসমর্থ্য।”- যুখরুফ ১৮

দুই.

সাধারণত মহিলাদের শারীরিক শক্তি, স্বরণ শক্তি ও বুদ্ধিমত্তা সব কিছুই পুরুষের তুলনায় কম। পুরুষের তুলনায় তাদের দ্বীনও অপূর্ণাঙ্গ, বিবেক-বুদ্ধিও অপূর্ণাঙ্গ। হাদিসে তাদেরকে বলা হয়েছে,

ناقصات عقل ودين

“যাদের আকল ও দ্বীন উভয়ই অপূর্ণ।”- সহীহ বুখারী ৩০৪, সহীহ মুসলিম ২৫০

এ কারণে শরীয়ত মহিলাদের একক সাক্ষ্য গ্রহণ করে না। সাথে পুরুষ থাকলেই কেবল গ্রহণযোগ্য, অন্যথায় নয়। তখনও আবার দুই মহিলা মিলে এক পুরুষের সমান। অর্থাৎ এক মহিলা এক পুরুষের অর্ধেক। **আল্লাহ তাআলা ইরশাদ করেন,**

وَاسْتَشْهِدُوا شَهِيدَيْنِ مِنْ رِجَالِكُمْ فَإِنْ لَمْ يَكُونَا رَجُلَيْنِ فَرَجُلٌ وَامْرَأَتَانِ مِمَّنْ تَرْضَوْنَ مِنَ الشُّهَدَاءِ أَنْ تَضِلَّ إِحْدَاهُمَا فَتُذَكِّرَ إِحْدَاهُمَا الْأُخْرَى

“যেসকল সাক্ষীর প্রতি তোমরা রাজি-খুশি তাদের মধ্য থেকে দু’জন পুরুষকে সাক্ষী রাখবে। যদি দু’জন পুরুষ না থাকে, তাহলে একজন পুরুষ ও দু’জন মহিলা; যাতে এক মহিলা ভুলে গেলে একজন অপরজনকে স্মরণ করিয়ে দিতে পারে।”- বাকারা ২৮২

রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন,

« أما نقصان العقل فشهادة امرأتين تعدل شهادة رجل فهذا نقصان العقل وتمكث الليالى ما تصلى وتفطر فى رمضان فهذا نقصان الدين ».

“তাদের আকল অপূর্ণ হওয়ার দলীল এই যে, দুই মহিলার সাক্ষ্য এক পুরুষের সাক্ষ্যের সমান। এটি আকলের অপূর্ণতার কারণে। আর (হায়েযের দিনগুলোতে) তারা অনেক দিন পর্যন্ত এভাবে অবস্থান করে যে, তাদের নামায পড়তে হয় না এবং রমযানের দিনে রোযাও রাখতে হয় না। এটিই তাদের দ্বীনের অপূর্ণতা।”- সহীহ মুসলিম ২৫০

সৃষ্টিগতভাবেই যারা দুর্বল এবং অপূর্ণাঙ্গ এবং শরীয়তের দৃষ্টিতেও যারা অপূর্ণাঙ্গ, তাদেরকে মুসলিম উম্মাহর স্পর্শকাতর বিষয়াশয়ে শরীক করা, তাদের থেকে পরামর্শ

নেয়া, সে অনুযায়ী কাজ করা নিশ্চয়ই উম্মাহর প্রতি কল্যাণকামিতা না হয়ে তাদের সাথে খিয়ানত হবে। পুরুষ তো দুনিয়া থেকে বিদায় হয়ে যায়নি যে, তাদের বাদ দিয়ে অপূর্ণাঙ্গ মহিলাদেরকে মজলিসে শুরায় শরীক করতে হবে। নিশ্চয়ই এটা আমানতদারি নয়। নিশ্চয়ই এটা আল্লাহ তাআলার এ আদেশের পরিপন্থী,

إِنَّ اللَّهَ يَأْمُرُكُمْ أَنْ تُؤَدُّوا الْأَمَانَاتِ إِلَى أَهْلِهَا

"আল্লাহ তাআলা তোমাদের আদেশ দিচ্ছেন যে, তোমরা অবশ্যই আমানতসমূহ উপযুক্ত ব্যক্তির হাতে সমর্পণ করবে।"- নিসা ৫৮

তিন.

রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ও সাহাবায়ে কেরামের সীরাতের দিকে যদি তাকাই, তাহলে দেখতে পাবো, তারা কখনও মহিলাদেরকে পরামর্শের মজলিসে আরো দশ পুরুষের সামনে উপস্থিত করে পরামর্শ নিতেন না। আর নিয়মিত মহিলাদেরকে মজলিসে শূরার সদস্য বানানোর তো কোন প্রশ্নই আসে না।

***

উপরোক্ত মূলনীতিগুলোর আলোকে আমরা বলতে পারি, মহিলাদেরকে মজলিসে শূরার সদস্য করে রাষ্ট্রীয় ও প্রশাসনিক বিষয়াশয়ে তাদের থেকে পরামর্শ নেয়া শরীয়তের নির্দেশও নয়, কাম্যও নয়, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ও সাহাবায়ে কেরামের ত্বরীকাও নয়। এটি সম্পূর্ণই একটি নব আবিষ্কৃত বিদআতি বিষয়। শরীয়তের উসূল-মূলনীতি ও মেজাজ পরিপন্থী একটি কাজ। আর ফিতনার আশঙ্কার কথা তো বলাই বাহুল্য।

***

এ গেল আম দলীল। আর যদি খাস দলীলের দিকে যাই, তাহলে দেখতে পাবো **হযরত উমার ফারুক রাদিয়াল্লাহু আনহুর বাণী,**

كنا في الجاهلية لا نعد النساء شيئا، فلما جاء الإسلام وذكرهن الله، رأينا " لهن بذلك علينا حقا، من غير أن ندخلهن في شيء من أمورنا". (صحيح

البخاري 5843، كتاب اللباس، باب ما كان [ص:152] النبي صلى الله عليه وسلم يتجوز من اللباس والبسط).

“জাহিলি যামানায় আমরা মহিলাদের কোন পজিশন আছে বলেই মনে করতাম না। এরপর যখন ইসলাম আসল, আল্লাহ তাআলা মহিলাদের কথা আলোচনায় আনলেন, তখন মনে হল যে, আমাদের কাছে তাদের কিছু হক পাওনা আছে। **কিন্তু আমাদের (রাষ্ট্রীয় ও প্রশাসনিক) বিষয়াশয়ের কোনো কিছুতেই আমরা তাদেরকে শরীক করতে পারি না।**”- সহীহ বুখারি ৫৮৪৩, কিতাবুল লিবাস।

বর্ণনার শুরুর অংশটি অন্য রিওয়াতে এভাবে এসেছে,

والله إن كنا في الجاهلية ما نعد للنساء أمرا، حتى أنزل الله فيهن ما أنزل، " وقسم لهن ما قسم". (صحيح البخاري 4913، كتاب التفسير، باب {تبتغي مرضاة أزواجك}).

“আল্লাহর কসম! জাহিলি যামানায় আমরা মহিলাদের কোনো অবস্থান আছে বলেই মনে করতাম না। (এভাবেই চলছিল) অবশেষে আল্লাহ তাআলা তাদের (সাথে সদাচরণের) ব্যাপারে যা নাযিল করার তা নাযিল করলেন এবং যে হক

তাদেরকে দেয়ার তা দিলেন।”- সহীহ বুখারি ৪৯১৩, কিতাবুত তাফসীর।

অর্থাৎ আল্লাহ তাআলা তাদের সাথে ভাল আচরণের আদেশ দিলেন এবং তারা নাফাকা ও মিরাস পাবে বলে বিধান দিলেন। তবে রাষ্ট্রীয় ও প্রশাসনিক বিষয়াশয় তেমনই রয়ে গেল যেমন আগে ছিল। আগেও যেমন সেখানে তাদের কোন অধিকার ও অংশগ্রহণ ছিল না, ইসলাম আসার পরেও তাদের কোন অধিকার নেই। অংশগ্রহণের কোন সুযোগ নেই।

আল্লামা কিরমানী রহ. (৭৮৬হি.) উমার রাদিয়াল্লাহু আনহুর বক্তব্যের ব্যাখ্যা করতে গিয়ে বলেন,

(أمراً) أي شأناً بحيث يدخلن في المشورة؛ وأنزل الله فيهن مثل «وعاشروهن بالمعروف ولا تمسكوهن ضراراً فإن أطعنكم فلا تبغوا عليهن سبيلا» وقسم ولهن الربع مما تركتم وعلى المولود له رزقهن وكسوتهن». اهـ (الكواكب «مثل الدراري في شرح صحيح البخاري: 18\156-157، كتاب التفسير، بَاب {تَبْتَغِي مَرْضَاةَ أَزْوَاجِكَ})

“অর্থাৎ **মহিলারা পরামর্শে শরীক হতে পারে মতো কোনো অবস্থান রাখে বলে মনে করতাম না।** এরপর আল্লাহ তাআলা তাদের ব্যাপারে এ ধরণের আয়াত নাযিল করেন,

‘তোমরা তাদের সাথে সৎভাবে জীবনযাবন করবে’। ‘ক্ষতির উদ্দেশ্যে তোমরা তাদেরকে আটকে রাখবে না’। ‘অতঃপর তারা যদি তোমাদের আনুগত্য করে, তাহলে তাদের বিরুদ্ধে কোনও ব্যবস্থা গ্রহণের পথ খুঁজো না’।

এবং তাদেরকে এ ধরণের হক দিলেন,
‘(তোমাদের সন্তানাদি না থাকলে) তোমাদের পরিত্যক্ত সম্পদের এক চতুর্থাংশ তাদের’। ‘মায়েদের ভরণ-পোষণ পিতাদের দায়িত্বে’।”- আলকাওয়াকিবুদ দারারি ১৮/১৫৬-১৫৭

মোটকথা, শারীরিক দুর্বলতা ও বুদ্ধিমত্তার কমতির কারণে জাহিলি যামানাতেও মহিলারা অপূর্ণ বিবেচিত হতো। প্রশাসনিক বা রাষ্ট্রীয় কোনো বিষয়ে অংশ নেয়ার অনুপযুক্ত বিবেচিত হতো। এমনকি তাদের কোন হক আছে বলেই মনে করা হতো না। পুরুষরা যেভাবে ইচ্ছা সেভাবে তাদের ব্যবহার করতো। ইসলাম এসে পুরুষদেরকে আদেশ দিল

নারীদের সাথে সদাচরণ করতে। তাদের দেখাশুনা করতে। তাদের ভরণ-পোষণ দিতে। মৃত আত্মীয়-স্বজনের রেখে যাওয়া সম্পদ থেকে তাদেরকেও একটা অংশ দিতে। কিন্তু রাষ্ট্রীয় বিষয়াশয় আগের মতোই রয়ে গেল। সেখানে তাদের কোন অংশ নেই। শারীরিক দুর্বলতা ও আকল-বুদ্ধির কমতির কারণে সেখানে অংশ নেয়ার কোন যোগ্যতা তাদের নেই। উমার রাদিয়াল্লাহু আনহুর এ বিষয়টিই পরিষ্কার করে বলেছেন,

من غير أن ندخلهن في شيء من أمورنا – **‘কিন্তু আমাদের (রাষ্ট্রীয় ও প্রশাসনিক) বিষয়াশয়ের কোনো কিছুতেই আমরা তাদেরকে শরীক করতে পারি না।’**

বড়ই আফসোসের বিষয়! সাহাবায়ে কেরাম যেখানে নববী ও সাহাবি যামানাতেও মহিলাদেরকে রাষ্ট্রীয় সামান্য থেকে সামান্য বিষয়ে অংশ গ্রহণের যোগ্য মনে করতেন না, সেখানে আজকের সমাজের রাহবারগণ এ ফিতনা ফাসাদের যামানাতেও না’কি মহিলাদেরকে রাষ্ট্রীয় মজলিসে শূরার নিয়মিত সদস্য রাখাতে এবং তাদের থেকে পরামর্শ নিয়ে

কাজ করাতে শরীয়তের বিপরীত কিছু দেখেন না। **বড়ই আফসোস তাকি সাহেবের উপর**, যিনি সাহাবায়ে কেরামের বিপরীতে এমন কথা বলতেও কোন দ্বিধা করলেন না,

كوئي ايسي واضح نص بهي موجود نہيں ہے، جس كي بنا
پر كہا جائے كہ انہيں شورى ميں شامل نہيں كيا جا سكتا-

“এমন কোন সুস্পষ্ট দলীলও অবশ্য বিদ্যমান নেই, যার ভিত্তিতে বলা যায় যে, মহিলাদেরকে শূরাতে শামিল করা যাবে না।”- ইসলাম আউর সিয়াসি নজরিয়্যাত ২৬৯

বড়ই আফসোস যে, উমার রাদিয়াল্লাহু আনহুর সুস্পষ্ট বক্তব্যটি তার কেন নজরে পড়লো না! কেনো রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ও সাহাবায়ে কেরামের সীরাতের পাতাগুলো তার নজরে আসলো না! যামানার বাতিল মতবাদের চাপে ভীত-সন্ত্রস্ত্র হয়ে গেলে এভাবেই মানুষ চক্ষুষ্মান হয়েও চোখে দেখে না। হে আল্লাহ তোমার কাছে এ থেকে পানাহ চাই। অহীর নূর থেকে তুমি আমাদের বঞ্চিত করো না। আমীন।

৬৭.মসজিদ-মাদ্রাসা-দ্বীনের উপর আঘাত: একেই বলে দারুল হারব

হিন্দুস্তান দারুল হারব হওয়ার কারণ প্রসঙ্গে রশিদ আহমাদ গাঙ্গুহি রহ. বলেছেন,

"এখানে নাসারা কাফেরদের বিধান কী পরিমাণ জোর এবং দাপটের সাথে চলছে!! যদি সাধারণ কোন কালেক্টরও হুকুম জারি করে যে, 'মসজিদে জামাত করতে পারবে না' তাহলে বিশিষ্ট-সাধারণ কারোই এ সামর্থ্য নেই যে, জামাত আদায় করবে। আর জুমআ, ঈদ এবং শরীয়তের আরো কিছু বুনিয়াদী বিষয়ের উপর আমল যা এখানে হচ্ছে, তা কেবল তাদের এই আইনের কারণে যে, 'প্রত্যেক ব্যক্তি তার নিজ ধর্মের ব্যাপারে স্বাধীন। এ ব্যাপারে কারো হস্তক্ষেপ করার অধিকার নেই'।"

আমাদের এ দেশে এর কোন কারণটা নেই?

আমরা দ্বীনের যতটুকু পালন করতে পারছি, তা মূলত ধর্মীয় দৃষ্টিকোণ থেকে নয়; এ হিসেবে যে, সরকার নিজেকে

ধর্মনিরপেক্ষ দাবি করে এবং প্রত্যেক ধর্মাবলম্বীকে আপন ধর্মের এমন কিছু রীতিনীতি পালনের সুযোগ দিয়ে রেখেছে, যেগুলো রাষ্ট্রের সাথে সাংঘর্ষিক নয়। এ হিসেবেই মূলত আমরা কিছু ধর্মীয় আচার-অনুষ্ঠান পালন করতে পারছি একান্ত ব্যক্তিগত পরিসরে।

অন্যথায়, তারা ক'দিন পর পর মসজিদ ভেঙে দিচ্ছে। কই, আমরা তো মসজিদ রক্ষা করতে পারছি না।

মাদ্রাসায় তালা ঝুলিয়ে দিচ্ছে। আমরা তো রক্ষা করতে পারছি না।

করোনার অজুহাতে মসজিদে জুমা জামাত প্রায় বন্ধ করে দিয়েছে। আমরা তো ফেরাতে পারলাম না।

এভাবে তারা যখন চাইছে মসজিদ বন্ধ করছে, ভাঙছে; মাদ্রাসা বন্ধ করছে, ভাঙছে; মাহফিলগুলো বন্ধ করে দিচ্ছে, আলেম উলামাদের উপর বিধিনিষেধ আরোপ করে কোণঠাসা করছে; দ্বীন বিরোধী নতুন নতুন ইস্যু গ্রহণ করছে। কিন্তু কই, আমরা

তো ফেরাতে পারছি না।

আমাদের দশা ইংরেজ আমলের চেয়েও শোচনীয়। তখন তো ধর্মীয় স্বাধীনতা ছিল। কিন্তু এখন কিছুই নেই। একেই বলে দারুল হারব।

আর দ্বীনেরই বা কতটুকু পালন করতে পারছি? একটু লক্ষ করুন-

১. নামায ফরয। অস্বীকারকারী কাফের। না পড়লে ফাসেক। শাস্তি দিতে হবে। নামাযে বাধ্য করতে হবে। -কিন্তু হচ্ছে কি?

২. যাকাত ফরয। অস্বীকারকারী কাফের। না দিলে ফাসেক। জোর করে হলেও আদায় করতে হবে। প্রয়োজনে যুদ্ধ করতে হবে। -কিন্তু হচ্ছে কি?

৩. সাওম ফরয। অস্বীকারকারী কাফের। না রাখলে ফাসেক।

জোর করে হলেও রাখাতে হবে। প্রয়োজনে যুদ্ধ করে হলেও। -কিন্তু হচ্ছে কি?

৪. জিহাদ ফরয। অস্বীকারকারী কাফের। জিহাদ-ই'দাদ সর্বদা জারি রাখতে হবে। -কিন্তু হচ্ছে কি?

৫. মদ হারাম। অস্বীকারকারী কাফের। পানকারীর উপর হদ আরোপ করতে হবে। -কিন্তু হচ্ছে কি?

৬. যিনা হারাম। অস্বীকারকারী কাফের। যিনাকারের উপর হদ (দোররা বা রজম) কায়েম করতে হবে। -কিন্তু হচ্ছে কি?

৭. পর্দা ফরয। অস্বীকারকারী কাফের। বেপর্দায় চলতে পারবে না। চলতে শাস্তি দিয়ে হলেও বিরত রাখতে হবে। -কিন্তু হচ্ছে কি?

৮. সুদ হারাম। অস্বীকারকারী কাফের। যুদ্ধ করে হলেও বন্ধ করতে হবে। -কিন্তু হচ্ছে কি?

৯. কাফেরের জান মাল হালাল। থাকতে হলে যিম্মার চুক্তিতে

থাকতে হবে। জিযিয়া দিতে হবে। -কিন্তু হচ্ছে কি?

১০. কাফেরের আচার-অনুষ্ঠান প্রকাশ্যে করতে পারবে না। নতুন কোনো গীর্জা মন্দির বানাতে পারবে না। -কিন্তু হচ্ছে কি?

সবগুলোই তো না, না। তাহলে হচ্ছে কি? তাহলে আমরা কি পালন করতে পারছি? এরপরও যারা বলেন, জিহাদের দরকার নেই; একটু ভাবা উচিৎ।

৬৮.মানহাজি ফিতনা এবং কয়েকটি নিবেদন

আলকাউসার জুমাদাল উলা-জুমাদাল আখিরাহ ১৪৪২ || জানুয়ারি ২০২১ সংখ্যায় 'হযরত মাওলানা নূর হুসাইন কাসেমী রাহ.: কিছু কথা কিছু স্মৃতি' প্রবন্ধে মাওলানা আব্দুল মালেক সাহেব লিখেছেন,

“আজকাল কওমী মাদরাসায় অধ্যয়ন সম্পন্নকারী কিছু কিছু ব্যক্তির মাঝে এই রোগ দেখা দিয়েছে যে, তারা কতিপয় কট্টরপন্থী সালাফীর এবং সাহাবায়ে কেরামের সমালোচনাকারী কিছু লোকের বিচ্ছিন্ন চিন্তা-ভাবনাকে এই বলে প্রচার করছে যে, এটাই কুরআন-সুন্নাহর দাবি এবং এটাই আসল দেওবন্দিয়াত!

অথচ তাদের ‘বিশেষ’ চিন্তা-ভাবনা উলামায়ে দেওবন্দের নীতি-আদর্শ এবং গোটা দুনিয়ার জুমহুর আকাবির উলামায়ে কেরামের নীতি-আদর্শের বিপরীত। জানা নেই, কে তাদেরকে ‘মানহাজী’ নাম দিয়েছে আর কিসের ভিত্তিতে দিয়েছে? হযরত মাওলানা নূর হুসাইন কাসেমী রাহ. এ ধরনের লোকদের চিন্তা-ভাবনার বিরোধী ছিলেন। তিনি এ বিষয়ে সরাসরি আমাকে বলেছেন এবং আশংকা ব্যক্ত করেছেন। আর বলেছেন, এ বিষয়ে উপযুক্ত পদক্ষেপ গ্রহণ করা জরুরি।”

মানহাজি বলতে কারা উদ্দেশ্য?

অবশ্যই জামাত বা আহলে হাদিস উদ্দেশ্য নয়। কারণ, তারা একেতো আজকালকার নতুন ফিতনা না, দ্বিতীয়ত তারা

দেওবন্দিয়াতের দাবিদারও না। তাবলিগ বা চরমোনাইয়ও অবশ্যই উদ্দেশ্য না। বাকি রইল শুধু আলকায়েদা আইএস। আইএস যে ভ্রান্ত তা বহু আগেই পরিষ্কার এবং আলকায়েদা তাদের থেকে সম্পর্কও ছিন্ন করেছে বহু আগে। রয়ে গেল শুধু আলকায়েদা। বেশির চেয়ে বেশি এতটুকু বলা যায়, আলকায়েদা আইএসকে তারা এক পাল্লায় মাপছেন বা আইএসের মতাদর্শ দিয়ে আলকায়েদাকে বিবেচনা করছেন। এটা অবশ্যই উচিৎ না। আইএসের ব্যাপারে আলকায়েদা বহু আগেই তাদের অবস্থান পরিষ্কার করেছেন। উভয়কে এক পাল্লায় বা একই মানহাজে বিবেচনা করা অবশ্যই অনুচিত।

কয়েকটি নিবেদন

ক. মানহাজি কারা যদিও কথার ধরন থেকে পরিষ্কার, তবে স্পষ্ট করে নাম নিয়ে বলে দিলেই ভাল হতো। তা'রিজ, ইশারা ইঙ্গিত স্পষ্ট সমালোচনার চেয়ে অনেক বেশি দিলে বিঁধে।

খ. কট্টরপন্থী সালাফী এবং সাহাবায়ে কেরামের সমালোচনাকারী কিছু লোক কারা এবং তাদের বিচ্ছিন্ন চিন্তা-ভাবনাগুলো কি, যেগুলো মানহাজিরা অনুসরণ করছে, কিছুই

পরিষ্কার করা হয়নি। পরিষ্কার করে দিলে ভাল হতো। এতে যাদেরকে এ ফিতনা থেকে বাঁচানো উদ্দেশ্য তারা সহজে বাঁচার পথ পাবে। আর মানহাজিরাও দেখতো যে, তাদের দিকে যে চিন্তা ভাবনাগুলোর নিসবত করা হচ্ছে, আসলেই তারা সেগুলো পোষণ করে কি'না। আর করে থাকলে এবং সত্যিই ভুল হয়ে থাকলে শুধরেও নিতে পারতো।

গ. পরিষ্কার করা হয়নি যে, মানহাজিদের সেই 'বিশেষ' চিন্তা-ভাবনাগুলো কিভাবে কুরআন সুন্নাহ এবং জুমহুর উলামা-আকাবিরের আদর্শের খেলাফ হচ্ছে। মারকাজের মতো প্রতিষ্ঠানের অবশ্যই এভাবে দলীলবিহীন কথা বলা উচিৎ না। মারকায এর আগেও মুজাহিদিনের সমালোচনা করেছে। তবে দুঃখের ব্যাপার তাদের কথায় দলীলভিত্তিক একটা লাইনও কোনো সময় থাকে না। এভাবে দলীলবিহীন সমালোচনা অবশ্যই বড়দের থেকে কাম্য নয়। পক্ষান্তরে মানহাজিরা যা বলে সব সময়ই *কুরআন সুন্নাহর দলীল এবং মু'তামাদ আলাইহি উলামাদের হাওয়ালায় বলে। এর জবাবে মারকায শুধু সমালোচনা বা দিলে বিঁধার মতো তীর্যক কিছু কথাই বলেই ক্ষান্ত; দলীল দেয় না কখনও। জানা কথা যে, দলীলবিহীন সমালোচনা দুর্বলতার পরিচায়ক। অধিকন্তু বর্তমান

দুনিয়ায় নিরেট দাবির চেয়ে দলীলের চাহিদা অনেক বেশি। এটাকে আমরা সূ’য়ে আদব নাম যদিও দিই, কিন্তু বাস্তব কথা এটাই যে, দলীল ছাড়া কথা এখন কেউ নিতে চায় না। আর যেখানে অজু গোসলের সাধারণ মাসআলাতেও আমরা সপ্তাহ দুই সপ্তাহ সময় নিই এবং দশটা-বারোটা হাওয়ালা দিয়ে বলি, সেখানে উম্মাহর এমন এমন ভয়ানক মানহাজি ফিতনার সমালোচনা শুধু মুখে *মুখে করে গেলে কে মানতে রাজি হবে?!

ঘ. মুজাহিদিন, মুসলিম-নামধারী ও অমুসলিম তাগুতগোষ্ঠীর ব্যাপারে মুজাহিদিনের অবস্থান, গ্লোবাল জিহাদ এবং শরীয়ত প্রত্যাখ্যানকারী মুসলিমনামধারী শাসকদের ব্যাপারে মারকায কখনও কোনো পরিষ্কার কথা বলে না। যতদিন অবস্থান পরিষ্কার না করা হবে, অবশ্যই অনুসারিরা সহীহ দিক নির্দেশনা পাবে না। আপনারা বর্তমান তাগুতি দুনিয়ার ব্যাপারে কি মত পোষণ করেন, মুজাহিদিনের সাথে এক্ষেত্রে আপনাদের কোন কোন বিষয়ে দ্বিমত এবং কুরআন সুন্নাহর আলোকে কোনটা সহীহ- এসব কিছু যদি পরিষ্কার না করা হয়, তাহলে যাদের এ মানহাজি ফিতনা থেকে বাঁচানো উদ্দেশ্য, তারা কখনও সহীহ রাস্তা পাবে না। আর মানহাজিদের আচরণ

থেকে তো স্পষ্টই যে, তারা থেমে যাবার মতো লোক নয়। এভাবে ধোঁয়াশায় থেকে গেলে না মানহাজিরা নিজেদের ভুল বুঝতে পারবে, আর না অনুসারিরা মানহাজি ফিতনা থেকে বাঁচতে পারবে। বরং মানহাজিদের দল দিন দিন ভারীই হচ্ছে। পাক-সাফ অবস্থান না নিলে শুধু ইজমালি কিছু সমালোচনার উপর ভরসা অনেকে করতে পারবে না আর পারছেও না। তখন শুধু আফসোসই করতে হবে যে, বিশ্বস্ত লোকগুলোও ছুটে যাচ্ছে। কাজের কাজ কিছুই হবে না।

ঙ. আপনাদের ভাইদের সাথে রহমের আচরণ করুন। তাগুত শাসকগোষ্ঠী আপনাদের যে পরিমাণ গালিগালাজ করছে, হুমকি ধমকি দিচ্ছে- এরপরও তাদের সাথে আপনাদের আচরণ-কথাবার্তা কেমন হচ্ছে আর মানহাজিদের সাথে কেমন হচ্ছে আপনারা নিজেরাই একটু বিবেচনা করুন। আসলেই ব্যাপকভাবে মানহাজিরা এর উপযুক্ত? না'কি আরও একটু রহম তাদের প্রাপ্য? একটু নির্জনে ফিকির করুন। সবাইকে আল্লাহর দরবারে হাজির হতে হবে। আল্লাহ তাআলা সেদিন সবার থেকে সবার হক আদায় করবেন।

চ. আপনারা মানহাজিদেরকে সরাসরি ফিথনা ও ضلالة এর

কাতারে ফেলে দিচ্ছেন। অথচ আপনারা নিজেরাও জানেন, মানহাজিদের পক্ষে যুগের শ্রেষ্ঠ শত হাজারো হকপন্থী আলেম উলামা ছিলেন এবং আছেন। তাদের রায় যদি আপনারা ভুলও মনে করেন, তাহলেও একে ফিতনা বা ضلالة অবশ্যই আখ্যা দিতে পারেন না। আপনারা আবারও একটু ভেবে দেখুন, মানহাজিরা সব সময় কুরআন সুন্নাহ এবং মু'তামাদ আলাইহি উলামাদের হাওয়ালায় কথা বলে। একটা কথাও তারা নিজেদের থেকে দলীলবিহীন বা হাওয়ালাবিহীন বলে না। তাদের আচরণ থেকে স্পষ্ট, তারা হকতলবি। হকের সন্ধানী। যদি ভুল হয়, ইজতিহাদি খাত্বা আখ্যা দিতে পারেন। সে রকম আচরণই তাদের সাথে করুন। এ ধরনের ইখতিলাফকে অবশ্যই ضلالةবলা যায় না। বিশেষত যখন শত হাজারো হকপন্থী এবং যুগশ্রেষ্ঠ আলেম তাদের পক্ষে আছেন এবং ফতোয়া দিয়েছেন। তখন -আপনারাই বিবেচনা করুন, কিভাবে তাদেরকে ضلالة -এর কাতারে গণ্য করছেন?! এ ধরনের ভুলের ক্ষেত্রে আপনাদের প্রথম দায়িত্ব: দলীলের আলোকে ভুল ধরিয়ে দিয়ে সহীহ রাস্তা দেখিয়ে দেয়া। এরপরও ফিরে না আসলে কথা ভিন্ন। অধিকন্তু ফিরে না আসলেও ضلالة আখ্যা দেয়া যুক্তিযুক্ত নয়। কারণ, শত হাজারো হকপন্থী যুগশ্রেষ্ঠ আলেম তাদের পক্ষে ফতোয়া দিয়েছেন। তাদের ফতোয়া এবং

কিতাবাদি দুনিয়াব্যাপী ছড়িয়ে আছে। অস্পষ্ট কিছু নয়। অল্প দু'চারজন বিচ্ছিন্ন ব্যক্তির বিচ্ছিন্ন কোনো মতও নয় যে, ضلالة আখ্যা দিয়ে দেয়া যায়।

পরিশেষে সবার প্রতি নিবেদন থাকবে, যেমনটা শায়খ আইমান আযযাওয়াহিরি হাফিযাহুল্লাহ জানিয়েছেন,

"# আল-কায়দার বিরুদ্ধে অন্যায়ভাবে বিভিন্ন রাষ্ট্র ও গোয়েন্দা সংস্থার পক্ষ থেকে পূর্বেও বিভিন্ন অপবাদ দেয়া হয়েছে, বর্তমানেও হচ্ছে। ... তারা আমাদের তাকফিরি, কট্টরপন্থী, চরমপন্থী, অর্থ ও ক্ষমতা লোভী এবং অথর্ব বলে গালমন্দ করেছে। ... এসকল অপবাদের মুখে ধৈর্য ধারণের প্রতিদান আমরা আল্লাহর কাছে পাব ইনশাআল্লাহ।

তবে আমি এখানে যে বিষয়টি স্পষ্ট করতে চাই তা হল; এই বিভ্রান্তি ও প্রোপাগান্ডার বিরুদ্ধে স্বাধীনচেতা ও উদার দর্শকদের সতর্ক করা। আপনারা কোন সংশয়ের সম্মুখীন হলে

প্রথমে আল-কায়দার বার্তাগুলো দেখবেন। এই বার্তাগুলো আমাদের জন্য সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয়। এগুলো জাতির কাছে পৌঁছে দেয়ার পর, এটিকে মুসলিম উম্মাহ গ্রহণ করলে সেটাই আমাদের সত্যিকারের বিজয়। যদি কেউ এই বার্তাগুলোতে ভাল এবং সত্য বিষয় খুঁজে পান তবে তার উচিত হবে সে বিষয়গুলো মেনে নিয়ে আমল করা। আর যদি এর মধ্যে সত্য ছাড়া অন্য কিছু থাকে তবে সে যেন তা পরিত্যাগ করে এবং আমাদেরকে সে বিষয়টি সম্পর্কে উত্তম পরামর্শ দেয়।

আমাদের সম্পর্কে অনেক কিছুই বলা হয়ে থাকে এবং অনেকেই দাবি করেন যে, তারা আমাদের ব্যাপারে অনেক ভাল জানেন। অথচ যা বলা হয় তার অনেক কিছুই সত্য নয়। অনেকক্ষেত্রে সেটা সত্য ও কল্পনার সংমিশ্রণ ছাড়া আর কিছু নয়। তাই আমি সম্মানিত দর্শকের (পাঠকের) কাছে - আমরা যা ঘোষণা করি সেগুলি ছাড়া ভিন্ন কিছুর সাথে আমাদের সম্পৃক্ত না করার অনুরোধ করছি। যদি কেউ এসে বলে: আমি আল-কায়দার সদস্য, বা কোন গোয়েন্দা সংস্থা যদি কোন ব্যক্তিকে আল-কায়দার সদস্য বলে দাবি করে তবে তার জন্য আমরা দায়ী নই। একইভাবে কোন ব্যক্তি যদি কোন দলের

সাথে যুক্ত থাকে এবং সে দল আল-কায়দার সাথে যুক্ত থাকার দাবি করে, এবং সে ব্যক্তি দলের সাথে থাকার কারণে নিজেকে আল-কায়দার সদস্য বলে দাবি করে অথচ আমরা সে ব্যাপারে কোন ঘোষণা জানাইনি, এমন দল বা ব্যক্তিদের ব্যাপারেও আমরা দায়ী থাকব না। হে আল্লাহ্! আপনি সাক্ষী থাকুন, আমি পৌঁছে দিয়েছি।"

৬৯.মুক্তিযুদ্ধের চেতনা এবং গণতান্ত্রিক নির্বাচন কি শরীয়ত বিরোধী নয়?

মুক্তিযুদ্ধের চেতনা

অনেক আলেমকে বলতে শুনা যায়, মুক্তিযুদ্ধের চেতনা শরীয়ত বিরোধী নয়।

এখন প্রশ্ন, **সে চেতনাটা কি?**

সে চেতনা যদি হয় সেটা, যা আওয়ামীলীগ বলে থাকে; অর্থাৎ **সাম্প্রদায়িক শরয়ী শাসন বাদ দিয়ে চারটি কুফরি মতবাদের আলোকে দেশ শাসন**; যদি এ চেতনা হয় তাহলে তা যে কুফর তা তো কারও কাছে অস্পষ্ট থাকার কথা না।

কিন্তু সেসব আলেম বলেন, মুক্তিযুদ্ধের চেতনা ছিল **জুলুম থেকে নিষ্কৃতি।**

যদি এ দ্বিতীয়টিকেই ধরি, তাহলে তা কি শরীয়ত বিরোধী নয়?

এখানে কিন্তু হিসেব করে কথা বলতে হবে। কারণ, আইম্মায়ে কেরামের রাজেহ মত এটাই যে, জুলুমের কারণে মুসলিম শাসকের বিরুদ্ধে বিদ্রোহ করা হারাম। যদি মুক্তিযুদ্ধের চেতনা জুলুম থেকে নিষ্কৃতি হয় তাহলে রাজেহ কওল মতে এ চেতনা হারাম ছিল।

এরপরও যদি বলতে চান, না হারাম ছিল না: তাহলে বুঝা গেল, আপনাদের মতে জালেমের বিরুদ্ধে যুদ্ধ করে তাকে অপসারণ করা জায়েয। তাহলে আমরা আজ যারা তাগুতি শাসনের জুলুমের বিরুদ্ধে জিহাদের কথা বলছি, আমাদের দোষ কোথায়? আমরা কেনো হারাম করছি? আমরা কেন সন্ত্রাসী আখ্যা পাচ্ছি?

সদুত্তর কামনা করছি।

গণতান্ত্রিক নির্বাচন

ইসলামের নামে যারা গণতান্ত্রিক নির্বাচন করেন তারা বলেন, তারা জিহাদ করছেন।

এখন প্রশ্ন: জিহাদ তো কাফেরের বিরুদ্ধে হয়। তাহলে আপনারা কি **শাসকদের কাফের মনে করেন**?

এ প্রশ্ন শুনার সাথে সাথেই তারা হাজার বার না ... না ...না

বলতে থাকবেন।

যদি মুসলিম মনে করেন, তাহলে অপসারণ করতে চাচ্ছেন কেন? জুলুমের কারণে অপসারণ করার জন্য মাঠে নেমে মুসলিমদের দলে দলে বিভক্ত করা কি জায়েয?

যদি বলেন, জায়েয; তাহলে আমরা জিহাদ করলে কেন নাজায়েয?

হয়তো বলবেন, শান্তিপূর্ণভাবে অপসারণ করা জায়েয, সংঘাতে যাওয়া হারাম।

তাহলে সেই মুক্তিযুদ্ধের চেতনার সমস্যাটা এসে যাবে। তাহলে মুক্তিযুদ্ধ কি হারাম ছিল? সেটা তো শান্তিপূর্ণ ছিল না। এক সাগর রক্তের বিনিময়ে, ত্রিশ লক্ষ শহীদের বিনিময়ে .... দাবি করা হচ্ছে। **তাহলে মুক্তিযুদ্ধ হারাম বলছেন আপনারা?**

এটার উত্তরেও হাজার বার না ... না ... না... বলবেন।

তখন সেই আগের কথা এসে যাবে, আমরা অস্ত্র ধরলে হারাম হবে কেন?

সদুত্তর প্রত্যাশী।

৭০.মুজাহিদদের সহায়তার উদ্দেশ্যে জাল নোট তৈরির বিধান

প্রশ্ন: জিহাদের সহায়তার জন্য জাল নোট তৈয়ার করা কি জায়েয?

উত্তর: নোট জাল করা কোন অবস্থাতেই বৈধ নয়- চাই তা জিহাদের সহায়তার জন্য হোক বা অন্য কোন কিছুর জন্য হোক; আর্থিক লেনদেন কাফেরদের সাথে হোক বা

মুসলমানদের সাথে হোক। কেননা, মুআমালায় প্রতারণা না করা অত্যাবশ্যক। আল্লাহ তাআলা ইরশাদ করেন,

{يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا أَوْفُوا بِالْعُقُودِ}

"হে ঈমানদারগণ! তোমরা চুক্তিসমূহ পূর্ণ কর।" (মায়েদা: ১)

এ নির্দেশ কাফের-মুসলিম সকলের ব্যাপারেই এসেছে।

এমনিভাবে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের এ বাণীও সকলের বেলায় প্রযোজ্য,

من غش فليس منا

"যে প্রতারণা করে, সে আমাদের দলভুক্ত নয়।"

তাছাড়া আল্লাহ তাআলা পবিত্র। তিনি পবিত্র জিনিস ব্যতীত কবুল করেন না। বরং এসব জাল নোট যার হাতে যাবে, তার জন্য দ্বিতীয় বার তা কোন মুআমালায় লাগানো বা দান-সদকা করা হালাল হবে না। কেননা, এর মাধ্যমে মুসলমানদের ধোঁকা দেয়া হবে এবং তাদের ক্ষতি করা হবে। বরং এসব নোট থেকে বাজার মুক্ত করা মুসলমানদের জন্য আবশ্যক। হযরত ইবনে মাসউদ রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, তিনি

ভেজাল মুদ্রা ভেঙে ফেলতেন। তখন তিন বাইতুল মালের দায়িত্বে ছিলেন।

জাল নোট তৈরির দ্বারা ভেজাল লেনদেনের সৃষ্টি হবে, যার কারণে মুসলমানদের বাজার ও তাদের মুদ্রামান ক্ষতির শিকার হবে। বরং এসব মুদ্রা অন্যদের কাছে থেকে মুজাহিদদের হাতে পড়লে অনেক সময় স্বয়ং মুজাহিদরাই ক্ষতির শিকার হবে। তাছাড়া মুজাহিদরা যখন মুসলমানদের সাথে এসব মুদ্রার লেনদেন করবে, তখন মুসলমানদের নিকট মুজাহিদদের যে বদনাম হবে, তা তো আছেই। যাহোক, এই হল কথা। আর আল্লাহ তাআলাই তাওফিকদাতা।

উত্তর প্রদানে: আবুল ওয়ালিদ আলমাকদিসি

সদস্য: মিম্বারুত তাওহিদ

২৪/১২/২০০৯ ইং

৭১.মুফতি আবুল হাসান মুহাম্মাদ আব্দুল্লাহ সাহেব দা.বা. এর যবানিতে কয়েকটি সত্য

মাসিক আলকাউসার, যিলকদ ১৪৪১ || জুলাই ২০২০ সংখ্যায় **‘হজ্ব নিয়ে স্বেচ্ছাচার এবং সৌদি সরকারের অধিকার’** শিরনামে মুফতি আবুল হাসান মুহাম্মাদ আব্দুল্লাহ সাহেব দা.বা. একটি লিখা দিয়েছেন। করোনা পরিস্থিতির বাহানা তুলে স্বেচ্চাচারি সৌদি সরকার হজ্ব-উমরা বন্ধ করে দেয়ায় বিশ্ব মুসলিমের হৃদয়ে যে আঘাত লেগেছে, সে বেদনা কিঞ্চিত তুলে ধরেছেন তিনি এ লেখাতে। আলহামদুলিল্লাহ লেখাটিতে তিনি বেশ কয়েকটি সত্য কথা তুলে ধরেছেন। সবার জন্য এগুলো জেনে রাখা ভালই নয় বরং জরুরীই বলা যায়।

এক.

ব্রিটিশদের সাথে আঁতাত করে সৌদি শাসনের গোড়াপত্তন

হুজুর বলেন,

“প্রসঙ্গত এখানে এ বিষয়টি উল্লেখ করা দরকার যে, সৌদি

আরবের উত্থান অথবা অন্য শব্দে বললে, জাযীরাতুল আরবে সৌদি শাসকদের দখল ও বিজয়ের পর্বটিকে সমগ্র দুনিয়ার মুসলিম মনীষীরা দুঃখ ও বেদনা নিয়েই পর্যবেক্ষণ করেছিলেন। বিশেষত ভারতীয় উপমহাদেশের মুসলিম মনীষীরা গভীর মর্মবেদনা অনুভব করেছিলেন এজন্য যে, বর্তমান সৌদি শাসকদের পূর্ব-পুরুষেরা উসমানী সালতানাতের প্রতিনিধিদের সঙ্গে বিদ্রোহ করে, বৃটিশ শক্তির সঙ্গে আঁতাত করে ক্ষমতা দখল করেছিলেন। আর এদিকে ভারতীয় উপমহাদেশের আলেম নেতৃত্ব ও মুসলিম মনীষীরা বৃটিশের বিরুদ্ধে লড়াই করে যাচ্ছিলেন। তারা চাচ্ছিলেন, তুরস্কভিত্তিক ইসলামী খেলাফত টিকে থাকুক। সেসময় খেলাফতের প্রতিনিধিদের সরিয়ে সৌদি আরব প্রতিষ্ঠাতাদের ক্ষমতা দখলের ঘটনাটিকে ভালো চোখে দেখার সুযোগ ছিল না। এসব কারণে সৌদি আরবের প্রতি মুসলিম বিশ্বের মনীষীদের বিরূপ ধারণা ও মূল্যায়ন বহাল ছিল”।

হুজুর এখানে বড় সত্যটি তুলে ধরেছেন যে, সৌদি রাষ্ট্র মূলত ব্রিটিশদের সহায়তায় ব্রিটিশদের সাথে আঁতাতের মাধ্যমে প্রতিষ্ঠিত হয়। অন্য অর্থে বললে, ব্রিটিশদের

দালালীর মাধ্যমে এ রাষ্ট্রটির উৎপত্তি।

এর পরের অবস্থার দিকে হুজুর সামান্য ঈঙ্গিত করেছেন। বিস্তারিত বলেননি। তবে চক্ষুষ্মান কারো কাছেই এদের দালালীর বিষয়টি অস্পষ্ট নয়। উসমানী সালতানাতের বিরুদ্ধে যুদ্ধ তথা মুসলিমদের রক্তের উপর দিয়ে এ রাষ্ট্রের উৎপত্তি। এরপর থেকে তারা তাদের প্রভুদের দালালী যথাযথভাবেই করে আসছে। এ দালালীর বড় অংশ ইজরাইলের নিরাপত্তা দেয়া। ইজরাইলের সাথে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক প্রতিষ্ঠা করা। এদের কারণেই আজ পর্যন্ত ফিলিস্তিনিরা নির্যাতিত।

ব্রিটিশদের দিন শেষ হয়ে যাওয়ার পর যখন আমেরিকা মঞ্চে আসে, তখন তারা আমেরিকাকে প্রভু বলে গ্রহণ করে নেয়। এরপর ইসলামের বিরুদ্ধে যুদ্ধে আমেরিকার সৈনিক হিসেবে কাজ করার মাধ্যমে অদ্যাবধি তারা তাদের গোলামির দায়িত্ব পালন করে আসছে ওয়াফাদারির সাথে। বলা যায়, ইসলামের বিরুদ্ধে যুদ্ধে মুসলিম বিশ্বে আমেরিকার সবচেয়ে ঘনিষ্ঠ বন্ধু সৌদি আরব ও পাকিস্তান।

দুই.

এরা আমেরিকাকে জাজিরাতুল আরবে দখলদারিত্বের সুযোগ করে দিয়েছে

হুজুর বলেন,

“বিভিন্ন দেশের সাথে যুদ্ধে জড়িয়ে বা যুদ্ধাবস্থা সৃষ্টি করে বিজাতি সুপার পাওয়ার রাষ্ট্রের সৈন্য বাহিনীকে তো আগেই অনেকটা স্থায়ী জায়গা করে দেয়া হয়েছে সৌদি আরবে।”

বর্তমান সৌদি আরব মূলত আমেরকার দখলে। হাজার হাজার আমেরিকান সৈন্যের বিশাল বিশাল ঘাঁটি সৌদি আরবে। ইরাক যুদ্ধের প্রাক্কালে নিরাপত্তা বজায় রাখার অজুহাতে তারা আমেরিকানদের দাওয়াত দিয়ে সৌদি আরবে নিয়ে আসে। আমেরিকা যদি যুদ্ধের মাধ্যমে জাজিরাতুল আরব দখল করতো তাহলে মুসলিম বিশ্ব অবশ্যই তা প্রতিরোধ করতো। কিন্তু তারা ভিন্ন চাল চেলেছে। নিজেদের নিরাপত্তার বাহানা তুলে জাজিরাতুল আরব কাফেরদের হাতে তুলে দিয়েছে। অথচ একবার ঘোষণা করে দিলে সারা দুনিয়ার মুসলিম যুবকরা হারামাইন রক্ষার জন্য জীবন বাজি রেখে ময়দানে নেমে পড়তো। এক সাদ্দাম কেন, হাজারো

সাদ্দামও হারামাইনের সীমায় পা দিতে পারতো না। কিন্তু কিসের হারামাইনের নিরাপত্তা?? আসল উদ্দেশ্য ছিল, প্রভুদের নির্দেশ অনুযায়ী হারামাইনকে কাফেরদের হাতে তুলে দেয়া। সেটিই তারা করেছে। এজন্য অবশ্য পোষা দরবারি আলেমদের থেকে তারা ফতোয়াও তৈরি করিয়ে নিয়েছিল।

তিন.

এরা পবিত্র হিজায ভূমিকে ইউরোপ বানানো হচ্ছে

হুজুর বলেন,

“রিয়াদের সেই গভর্নর সালমানই এখন সৌদি আরবের বাদশাহ সালমান। অথচ তিনি আর তার ছেলে এমবিএস মিলে এখন তাদের বর্ণিত সেই সৌদি আরবকেই কোথা থেকে কোথায় নিয়ে যাচ্ছেন! আধুনিকতা আনয়নের নামে সৌদি আরবের দ্বীনী বৈশিষ্ট্যের উজ্জ্বলতাকে কীভাবে তারা ম্লান করে দিচ্ছেন! বিভিন্ন দেশের সাথে যুদ্ধে জড়িয়ে বা যুদ্ধাবস্থা সৃষ্টি করে বিজাতি সুপার পাওয়ার রাষ্ট্রের সৈন্য বাহিনীকে তো আগেই অনেকটা স্থায়ী জায়গা করে দেয়া হয়েছে সৌদি আরবে। তার সাথে এখন ইতিহাস-ঐতিহ্য এবং তাহযীব-তামাদ্দুনের সর্বনাশ ঘটানো হচ্ছে।”

আরও বলেন,

“শুরু হল সৌদি আরবের দ্বীনী সংস্কৃতি ও জীবনাচারে পাশ্চাত্যায়নের খোলামেলা মহড়া। এর আগে বাদশাহ আবদুল্লাহ্র আমলেই লোহিত সাগরের পাড়ে ইউরোপীয় ধাঁচে প্রতিষ্ঠা করা হয়েছিল সহশিক্ষার পরিবেশপুষ্ট বিশ্ববিদ্যালয়। সে বিশ্ববিদ্যালয়ে সফর হয়েছে আমার। সে যেন পুরোপুরি পশ্চিমা সংস্কৃতির একটি অঙ্গন পবিত্র হারামাইনের মাঝামাঝি ভ‚মিতে। আর বর্তমান বাদশাহ ও তার পুত্রের এসব কর্মকাÐ দেখে অনুমান করা যাচ্ছিল, সৌদি আরবের দ্বীনী সংস্কৃতি ব্যাপকভাবে বদলে যেতে পারে। আশংকা করা হচ্ছিল, ওই পবিত্র ভূমি থেকে রূহানিয়াতপূর্ণ পরিবেশ ধীরেধীরে সরে যেতে থাকবে। সেটারই প্রকাশ এখন ঘটছে।”

হুজুর ভদ্র ভাষায় একটু ঈঙ্গিত করেছেন মাত্র। সৌদি যুবরাজগুলো যে কত বড় বড় মদখোর ও যিনাকার সে অশ্লীলতার ইতিহাস তো সুপ্রসিদ্ধ। আর এখন গোটা হিজায ভূমিকে একটা বেশ্বালয়ে পরিণত করার ষড়যন্ত্র চলছে। অনেক দূর এগিয়েও গেছে তারা। নারীর ক্ষমতায়নের নামে যিনার পরিবেশ সুলভ ও সরগরম করার এবং পবিত্র ভূমিকে

অপবিত্র করার চক্রান্ত এখন বিশ্ব মুসলিমকে সৌদি শাসন নিয়ে ভাবাতে শুরু করেছে।

চার.

এরা খাদেমুল হারামাইন হওয়ার অযোগ্য

হুজুর বলেন,

“এই যে দ্বীন এবং দ্বীনী চেতনা-বিশ্বাস ও অবস্থান থেকে সৌদি শাসকদের এত দূরে সরে যাওয়ার ঘটনা ঘটছে এবং ঘটেছে, এরপর তাদের ‘খাদেমুল হারামাইন আশশারীফাইন’ পরিচিতি বহন নিয়ে প্রশ্ন উঠেছে। ... হারামাইন শারীফাইনের ব্যবস্থাপনায় তাদের এই ভীতিকাতরতা ও দুর্বলচিত্ততা এ প্রশ্নটি সামনে নিয়ে এসেছে যে, হারামাইনের খাদেম হওয়ার যোগ্যতা তাদের আছে কি না! এ পরিচয়ে পরিচিত হওয়ার অধিকার তাদের আছে কি না!”

আরও বলেন,

“আল্লাহ তাআলা ইরশাদ করেন-

إِنْ أَوْلِيَآؤُهٗٓ إِلَّا الْمُتَّقُوْنَ.

শুধু মুত্তাকীগণই এর (মসজিদে হারামের) তত্ত্বাবধায়ক। -সূরা আনফাল (৮) ৩৪

আমরা দুআ করি, হারামাইন শরীফাইনের ব্যবস্থাপনা আল্লাহ তাআলা এমন লোকদের হাতে দিন, যারা মুত্তাকী। যারা নেককার, সদাচারী এবং যারা অন্য কাউকে খুশি করার জন্য নয়; শুধু আল্লাহ তাআলাকে রাজি-খুশি করার জন্য কাজ করবেন। অথবা এখন যারা হারামাইন শরীফাইনের দায়িত্বে আছেন, আল্লাহ তাআলা তাদের মধ্যে যোগ্যতা দান করুন। তাদেরকে নেককার বানিয়ে দিন।"

অর্থাৎ এরা মুত্তাকিও নয়, নেককারও নয়, খাদেমুল হারামাইন হওয়ার যোগ্যও নয়।

পাঁচ.

সৌদি শাসন ইসলামী খেলাফত নয়

হুজুর বলেন,

"মক্কা-মদীনা হিজাযে মুকাদ্দাসের এলাকা। এই অঞ্চল ইসলামী খেলাফত ছাড়া অন্য কোনো একক রাষ্ট্রের তত্ত্বাবধান ও নিয়ন্ত্রণাধীন থাকতে পারে না। বিশ্বব্যাপী ইসলামী খেলাফত থাকলে তার অধীনে থাকত হারামাইন।"

আরও বলেন,

“অনেকেই মনে করেন, সৌদি আরবের রাজ্য সৌদিদের কাছেই থাকুক। কিন্তু মক্কা-মদীনা এই দুটি পবিত্র ভূমিকে হজ্ব-ওমরাহ ও যিয়ারতকারীদের জন্য নির্দিষ্ট করে দেওয়া হোক। সৌদি শাসকদের পরিবর্তে খোদ জাযীরাতুল আরব কোনো ইসলামী খেলাফতের অধীনে এলে তখন অবশ্য ভিন্ন বিষয়। চিরকাল তো এই অবস্থা থাকবে না। ইনশাআল্লাহ একদিন মুসলমানদের পবিত্র ভূমিগুলো কোনো ইসলামী খেলাফতের আওতায় আসবে। তখন সেই সরকারের সিদ্ধান্ত হবে মুসলমানদের আবেগ-অনুভূতির অনুকূল, ইবাদত-আমলের পরিবেশের সঙ্গে সামঞ্জস্যশীল।”

আরও বলেন,

“একটা ভূখD দখল বা আশপাশের এলাকা নিয়ন্ত্রণ করার কর্তৃত্ব থাকার কারণে হারামাইন শরীফাইনও ওই ভূখণ্ডের ভেতরে থাকায় তাদের একক কর্তৃত্বে থাকতে হবে- এটা কোনো যুক্তি হতে পারে না।

হারামাইন বিশ্ব মুসলিমের মর্যাদাপূর্ণ সম্পদ। মুসলমানদের কোনো খেলাফত প্রতিষ্ঠিত হলে হারামাইন তাদের ব্যবস্থাপনার আওতায় যেতে পারে, কিন্তু একটি নির্দিষ্ট ভৌগলিক এলাকা বা ভূখDকে নিয়ন্ত্রণকারী কোনো রাজা-বাদশাহ্র আওতায় থাকতে বাধ্য নয়।”

অর্থাৎ সৌদি শাসন ইসলামী খেলাফত নয়। তারা জাজিরাতুল আরবের দখলদার মাত্র। আর হারামাইন গোটা মুসলিম উম্মাহর অধিকার। দখলদার বলে সৌদি সেখানে একক কতৃত্ব খাটানোর অধিকার রাখে না।

ছয়.

হারামাইনেও রয়েছে দরবারি মুফতি

একটি অমোঘ সত্য তুলে ধরে হুজুর বলেন,

“দরবারি কথা নয়, প্রকৃত জনমত শুনুন

.... স্বেচ্ছাচারের পক্ষে অনেক সময় অনুগত লোকজনের সমর্থন পাওয়া যায়; রাজতান্ত্রিক ও স্বৈরতান্ত্রিক দেশে কিছু লোককে অনুগত বানিয়ে নেওয়া যায় অথবা কিছু লোকের কাছ থেকে শাসকদের মন-মর্জিমতো ‘ফতোয়া’ আদায় করেও নেওয়া যায়; কিন্তু এতে সঠিক মতামত ও জনমতের প্রতিফলন ঘটে না। দেশে দেশেই বিদ্যমান দরবারি শায়েখ, দরবারি ‘ফতোয়া’। অনেক সময় সরকারের মনোভাব আন্দাজ করে দরবারি লোকেরা অগ্রিম ফতোয়া কিংবা

অগ্রিম সাফাই বক্তব্য প্রস্তুত করে রাখে।”

হুজুর যে সত্যটি তুলে ধরেছেন: হারামাইনসহ প্রতিটি দেশেই রয়েছে দরবারি মুফতি। অতএব, সৌদিসহ বিশ্বের প্রতিটি রাষ্ট্রের রাষ্ট্রীয় মুফতিদের থেকে প্রদত্ত ফতোয়াগুলোকে আমরা বিনা দ্বিধায় মেনে নিতে পারি না। বিশেষত যখন বর্তমানে অনেক মুফতি নিজেদের স্বার্থ রক্ষায় শাসকদের অনুকূলে অগ্রিম অগ্রিম ফতোয়া দিয়ে বেড়াচ্ছে, সেখানে আমরা কিভাবে এসব রাষ্ট্রীয় ফতোয়া বিনা দ্বিধায় মেনে নিতে পারি?!

ফাঁকে ফাঁকে হুজুর অনেকগুলো সত্য তুলে ধরেছেন। আল্লাহ তাআলা হুজুরকে জাযায়ে খায়র দান করুন। আমীন।

বি.দ্র.

যেসব সত্য হুজুর সৌদির ব্যাপারে তুলে

ধরেছেন, সেগুলো যে বাংলাদেশ পাকিস্তানসহ অন্যান্য মুসলিম রাষ্ট্রের বেলায় প্রযোজ্য তা তো আর বলার অপেক্ষা রাখে না। বিশেষত যখন এসব রাষ্ট্রের শাসন ব্যবস্থার ভিত্তিই সুস্পষ্ট কুফরের উপর। বর্তমান বিশ্ব পরিস্থিতিতিই তার চাক্ষুষ সাক্ষি।

৭২.মুফতি আব্দুস সালাম চাটগামী দা.বা. –এর বক্তব্য প্রসঙ্গে কয়েকটি কথা

চাটগামী হুজুর দা.বা. –এর বক্তব্যটি নিয়ে বিভিন্ন কথা বার্তা চলছে। কেউ কেউ একে জিহাদ ও মুজাহিদিনের বিপরীতে দাঁড় করানোরও চেষ্টা করছেন। তাই কিছু কথা আরজ করতে চাচ্ছি। ওয়ামা তাওফিকি ইল্লা বিল্লাহ।

হুজুর হিন্দ ও কাশ্মীরে জিহাদের কথা বলছেন

ইকদামী-দিফায়ী উভয় প্রকার জিহাদ হুজুর ফরয বলেছেন।

কাশ্মীর, আফগান ও হিন্দুস্তানের জিহাদকেও হুজুর সমর্থন করেছেন। তবে আফসোস জাহির করেছেন যে, আফগান জিহাদ নেযামমতো হওয়ায় সফল হয়েছে, কিন্তু কাশ্মীর ও হিন্দুস্তানের অন্যান্য জিহাদ নেযামমতো হচ্ছে না বিধায় সফল হচ্ছে না। হুজুরের বক্তব্য লক্ষ করুন-

"দিফায়ী জিহাদ ও ইকদামী জিহাদ। ইসলামে উভয়টার বিধান রয়েছে। সাহাবায়ে কেরাম উভয় প্রকার জিহাদে শরীক হয়েছেন।" –মুঈনুল ইসলাম, পৃষ্ঠা ৩১

"হিন্দুস্তানে বিচ্ছিন্নভাবে জিহাদ হচ্ছে। কিন্তু সেখানে তারা বিভিন্ন দলে বিভক্ত। প্রত্যেক দলের পৃথক পৃথক আমীর রয়েছে। প্রত্যেক দল তার আমীরের নির্দেশনায় চলে। প্রত্যেক দল যার যার চিন্তা ও মর্জি অনুযায়ী কাজ করছে। এটা সহীহ নেযাম নয়। তাই সেখানে কামিয়াবী আসছে না। একই কারণে কাশ্মীরের জিহাদেও কামিয়াবী আসছে না। আফগানিস্তানের মুজাহিদরা সফল হয়েছে। কারণ তারা এক আমীরের নেতৃত্বে জিহাদ করেছে। তাদের কাছে তরবিয়তপ্রাপ্ত জনশক্তি রয়েছে। যুদ্ধের সরঞ্জাম রয়েছে। সম্পদ রয়েছে।" –মুঈনুল ইসলাম, পৃষ্ঠা ৩২

অতএব, যারা হুজুরের বক্তব্যটি প্রচার করবেন, তারা যেন আমানতদারীর সাথে এ বিষয়টি লক্ষ রেখে প্রচার করেন।

হুজুর বাংলাদেশে জিহাদের প্রস্তুতি নিতে বলছেন

এ দেশের ব্যাপারে হুজুর বলেন,

(অতএব, তিনি তাদের বন্ধু এবং তিনি তাদের নুসরত করবেন)। পক্ষান্তরে যারা কাফের তারা লড়াই করে তাগুতের পথে (এবং শয়তানের শক্তিতে)। সুতরাং (হে ঈমানদারগণ!) তোমরা লড়াই কর শয়তানের বন্ধুদের বিরুদ্ধে (আল্লাহর শক্তিবলে তোমরাই বিজয়ী হবে)। (আর) শয়তানের চক্রান্ত তো নিতান্তই দুর্বল (আল্লাহর কৌশলের সামনে যার কোনো পাত্তাই নেই)।" -নিসা।

***

৭৫ নং আয়াতে আল্লাহ তাআলা জিহাদ আবশ্যক হওয়ার পক্ষে দু'টি কারণ দর্শিয়েছেন:

এক. আল্লাহ তাআলার দ্বীনের বুলন্দি। যেন দুনিয়ার প্রতিটি কাফের হয়তো মুসলমান হয়ে যায়, নয়তো ইসলামী শাসনের অধীনে চলে আসে।

দুই. অসহায়, নির্যাতিত ও বন্দী মুসলমানদের উদ্ধার।

এ দু'টি বিষয়ের প্রত্যেকটিই জিহাদ ফরয হওয়ার জন্য যথেষ্ট। এতদসত্ত্বেও জিহাদ না করে বসে থাকবে যারা,

আল্লাহ তাআলা তাদের তিরস্কার করেছেন। দুনিয়াবি ও পরকালীন বিভিন্ন আযাব-গজব, শাস্তি ও লাঞ্চনার ঘোষণা দিয়েছেন।

***

৭৬ নং আয়াতে আল্লাহ তাআলা একটি বাস্তবতা উন্মোচন করে দিয়ে মুমিনদের হিম্মত যুগিয়েছেন। জিহাদে উদ্বুদ্ধ করেছেন।

আমরা আয়াতে কারীমাটি আবার লক্ষ করি,

الَّذِينَ آمَنُوا يُقَاتِلُونَ فِي سَبِيلِ اللَّهِ وَالَّذِينَ كَفَرُوا يُقَاتِلُونَ فِي سَبِيلِ الطَّاغُوتِ فَقَاتِلُوا أَوْلِيَاءَ الشَّيْطَانِ إِنَّ كَيْدَ الشَّيْطَانِ كَانَ ضَعِيفًا

“যারা ঈমানদার তারা লড়াই করে আল্লাহর রাহে (অতএব, তিনি তাদের বন্ধু এবং তিনি তাদের নুসরত করবেন)। পক্ষান্তরে যারা কাফের তারা লড়াই করে তাগুতের পথে (এবং শয়তানের শক্তিতে)। সুতরাং (হে ঈমানদারগণ!) তোমরা লড়াই কর শয়তানের বন্ধুদের বিরুদ্ধে (আল্লাহর শক্তিবলে তোমরাই বিজয়ী হবে)। (আর) শয়তানের চক্রান্ত

তো নিতান্তই দুর্বল (আল্লাহর কৌশলের সামনে যার কোনো পাত্তাই নেই)।”

প্রথমে বলা হয়েছে, **‘যারা ঈমানদার তারা লড়াই করে আল্লাহর রাহে’।**

অর্থাৎ হে মুমিনগণ! তোমাদের লড়াই তো হবে আমার দ্বীনের বুলন্দির জন্য। আমার শরীয়ত প্রতিষ্ঠার জন্য। শয়তানের রাজত্ব খতম করে যমিনে আমার জীবনব্যবস্থা বাস্তবায়নের জন্য। আর যারা আমার রাস্তায় নিজেদের জান-মাল বিলিয়ে দেবে তারা আমার দোস্ত। আমার বন্ধু। আমার আপনজন।

আল্লাহর রাস্তায় জান-মাল উৎস্বর্গকারীরা কেনইবা আল্লাহর বন্ধু হবে না, অথচ দুনিয়াতে আমরা তো দেখি কেউ কারো প্রতি আন্তরিক থাকলেই, তার প্রয়োজনে পাশে দাঁড়ালেই তাকে বন্ধু গণ্য করা হয়। তাহলে যারা আল্লাহর জন্য নিজেদের জান-মাল সব বিলিয়ে দেবে তারা আল্লাহর বন্ধু না

হয়ে পারে কিভাবে? আয়াতের পরের অংশেই এ বাস্তবতাটি তুলে ধরেছেন,

‘যারা কাফের তারা লড়াই করে তাগুতের পথে। সুতরাং (হে ঈমানদারগণ!) তোমরা লড়াই কর শয়তানের বন্ধুদের বিরুদ্ধে’।

যারা তাগুতের পথে তথা শয়তানের পথে লড়াই করে তাদেরকে শয়তানের বন্ধু আখ্যায়িত করা হয়েছে। তাহলে যারা আল্লাহর পথে লড়াই করবে, তারা কেনো আল্লাহর বন্ধু হবে না?!

রাগিব ইস্পাহানি রহ. (৫০২হি.) বলেন,

نبّه أن من قاتل في سبيل الله فهو وليّه. ومن قاتل في سبيل الطاغوت فهو ولي الشيطان. اهـ

“আল্লাহ তাআলা বুঝাতে চেয়েছেন, যে আল্লাহর পথে কিতাল করে সে আল্লাহর অলী (বন্ধু) আর যে তাগুতের পথে কিতাল করে সে শয়তানের অলী (বন্ধু)।” -তাফসিরে রাগিব

আস্পাহানি ১৩২৬

তাহলে যারা আল্লাহর পথে জিহাদ করে তারা আল্লাহর অলী, আল্লাহর বন্ধু। আর যারা শয়তানের পথে লড়াই করে তারা শয়তানের অলী, শয়তানের বন্ধু। আর বন্ধুর দায়িত্ব বন্ধুকে সহায়তা করা। অতএব, আল্লাহর বাহিনিকে নুসরত করার দায়িত্ব আল্লাহ তাআলার আর শয়তানের বাহিনিকে সহায়তা করবে শয়তান।

এবার তাহলে দু'টি পক্ষ হয়ে গেল:

- এক পক্ষে আল্লাহ তাআলা ও তার বাহিনি।
- অপর পক্ষে শয়তান ও তার বাহিনি।

আয়াতে এ বাস্তবতাটিই আল্লাহ তাআলা তার বন্ধুদের সামনে তুলে ধরেছেন। তার বন্ধুদের বলছেন, তোমরা আমার বন্ধু। তোমাদের কোনো ভয় নেই। আমি তোমাদের সাথে আছি। আমি তোমাদের নুসরত করবো। তোমাদের নুসরত করার

দায়িত্ব স্বয়ং আমার। যেমনটা অন্য একাধিক আয়াতে স্পষ্ট এসেছে,

وَكَانَ حَقًّا عَلَيْنَا نَصْرُ الْمُؤْمِنِينَ

“মুমিনদের নুসরত করা আমার আবশ্যকীয় দায়িত্ব।” -রূম ৪৭

অর্থাৎ আল্লাহ তাআলা অনুগ্রহবশত নিজের উপর অবশ্য কর্তব্য স্থির করে নিয়েছেন যে, তিনি তার মুমিন বান্দাদের নুসরত করবেন। আর আল্লাহ তাআলা তার কর্তব্যের বিপরীত করবেন না কিছুতেই।

অন্য আয়াতে বলেন,

قَاتِلُوهُمْ يُعَذِّبْهُمُ اللَّهُ بِأَيْدِيكُمْ وَيُخْزِهِمْ وَيَنْصُرْكُمْ عَلَيْهِمْ وَيَشْفِ صُدُورَ قَوْمٍ مُؤْمِنِينَ

“তোমরা তাদের সাথে লড়াই কর, আল্লাহ তোমাদের হাতে তাদের আযাব দেবেন। তাদেরকে অপদস্থ করবেন। তোমাদেরকে তাদের বিরুদ্ধে নুসরত করবেন এবং মুমিন

কওমের অন্তর জুড়িয়ে দেবেন।” -তাওবা ১৪

আল্লাহ তাআলা তার বন্ধুদের নুসরতে আশ্বস্ত করলেন। আশ্বস্ত করলেন, তিনি তাদের সাথে আছেন। অতএব, ভয়ের কিছু নেই।

***

এবার রয়ে গেল শয়তান। শয়তান তো তার বন্ধুদের নুসরতে সর্বশক্তি নিয়োগ করবে। যত রকমের কৌশল করা যায় সবই সে করবে। ভয়ংকর থেকে ভয়ংকর ষড়যন্ত্র পাকাবে। যা দেখে মুমিনের হিম্মতে ভাটা পড়তে পারে। চতুর্মুখী ষড়যন্ত্রের মুখে নিজেকে টিকিয়ে রাখতে হিমশিম খেতে পারে। শয়তানের বাহিনি সব সময়ই বড় হয়ে থাকে। বাহ্যিক চাকচিক্য আর সরঞ্জামাদিও থাকে অনেক বেশি। তাদের রয়েছে এমন অত্যাধুনিক প্রযুক্তি যার সামনে গোটা দুনিয়া যেন তুচ্ছ হয়ে পড়েছে। পাহাড়-পর্বতে থাকি: আমরা যেন তাদের হাতের মুটোয়। সমূদ্রের তলদেশও যেন তাদের আওতার বাহিরে নয়। যেমটা আল্লাহ তাআলা জানিয়েছেন,

وَإِنْ كَانَ مَكْرُهُمْ لِتَزُولَ مِنْهُ الْجِبَالُ

“আর তাদের চক্রান্ত (ও কৌশল) তো এমন (ভয়ানক) যে, তাতে পাহাড়-পর্বতও টলে যায়।” -ইব্রাহীম ৪৬

এ ভয়ানক পরিস্থিতির মুখে মুমিন কিভাবে নিজেকে টিকিয়ে রাখবে?

আল্লাহ তাআলা অভয় দিচ্ছেন, কোনো ভয় নেই। যত ভয়ানক চক্রান্তই তারা করুক-

إِنَّ كَيْدَ الشَّيْطَانِ كَانَ ضَعِيفًا

“কোনো সন্দেহ নেই, (আল্লাহর কৌশলের সামনে) শয়তানের চক্রান্ত নিতান্তই দুর্বল।”

আমার শক্তির সামনে, আমার কৌশলের সামনে তাদের

এসবের কোনোই মূল্য নেই। আমি এদের সব কিছুকে বানচাল করে দেবো। নাস্তানুবাদ করে দেবো। শেষে ফলাফল দাঁড়াবে এমন, যেমনটা আল্লাহ তাআলার চিরাচরিত সুন্নত-

قَدْ مَكَرَ الَّذِينَ مِنْ قَبْلِهِمْ فَأَتَى اللَّهُ بُنْيَانَهُمْ مِنَ الْقَوَاعِدِ فَخَرَّ عَلَيْهِمُ السَّقْفُ مِنْ فَوْقِهِمْ وَأَتَاهُمُ الْعَذَابُ مِنْ حَيْثُ لَا يَشْعُرُونَ

"নিশ্চয় তাদের পূর্ববর্তীরাও চক্রান্তের জাল বুনেছিল। অতঃপর আল্লাহ্ তাদের চক্রান্তের প্রাসাদের ভিত্তিমূলে আঘাত করলেন। এরপর তাদের মাথায় ছাদ ধ্বসে পড়ল তাদের উপর দিক থেকে এবং তাদের উপর আযাব এসে পড়লে এমন স্থান থেকে, যার কল্পনাও তারা করেনি।" - নাহল ২৬

***

এখানে লক্ষণীয় যে, শয়তানের চক্রান্তের অসাড়তা বুঝাতে আল্লাহ তাআলা দু'টি তাকিদ ব্যবহার করেছেন,

এক. إِنَّ

দুই. كَأنَّ

إِنَّ শব্দটি এমন স্থানে ব্যবহার হয়, যেখানে কোনো সন্দেহ-সংশয় হতে পারে। উক্ত সংশয় দূর করে বিষয়টি নিশ্চিত করার জন্য إِنَّ ব্যবহার হয়।

আয়াতে إِنَّ ব্যবহার করে আল্লাহ তাআলা বুঝিয়েছেন, শয়তানের চক্রান্ত যে দুর্বল এ ব্যাপারে সন্দেহের কোনো অবকাশ নেই। আর আল্লাহর ভাষায় যাকে সন্দেহাতিত দুর্বল বলা হয়েছে, তাতে সন্দেহ করার কোনোই অবকাশ নেই। অতএব, শয়তানের বাহিনির প্রযুক্তি যতই উন্নত হোক, তাদের দলবল যতই বড় হোক, এমনকি সমূদ্রের তলদেশও যদি তাদের আয়ত্বাধীন থাকে- তথাপি কোনো সন্দেহ নেই এবং সন্দেহের কোনো অবকাশও নেই যে, তাদের কৌশল, তাদের শক্তি, তাদের প্রযুক্তি আল্লাহর শক্তি ও কৌশলের সামনে নিতান্তই দুর্বল, একান্ত তুচ্ছ এবং একেবারেই মূল্যহীন।

আর **كَانَ শব্দটি** ব্যবহার হয় লুযুম ও দাওয়াম বুঝানোর জন্য। অর্থাৎ শয়তানের চক্রান্ত ও কৌশলের সাথে দুর্বলতার সিফাতটি এমনভাবে সার্বক্ষণিক জড়িত যে, তা থেকে তা মুক্ত ছিল না কোনো দিন আর হবেও না। অর্থাৎ শয়তানের মাঝে চক্রান্ত নামক সিফাতটি যেদিন থেকে সৃষ্টি হয়েছে সেদিন থেকেই তা দুর্বল। দুর্বল অবস্থায়ই তার সৃষ্টি আর দুর্বলতাই তার চিরন্তন বৈশিষ্ট্য, যা থেকে কোনো দিন তা মুক্ত হতে পারবে না। শয়তান যেদিন থেকে বনী আদমের বিরুদ্ধে ষড়যন্ত্রের জাল বুনতে শুরু করেছে সেদিন থেকে নিয়ে কিয়ামত অবধি তার সকল ষড়যন্ত্র আল্লাহ তাআলার সামনে নিতান্তই দুর্বল। এর কোনো মূল্যই আল্লাহ তাআলার সামনে নেই। আল্লাহ তাআলা মূহুর্তে তা বানচাল করে দিতে পারেন। এ ব্যাপারে সন্দেহের কোনোই অবকাশ নেই।

অতএব, আয়াতের অর্থ দাঁড়াবে,

‘এ ব্যাপারে কোনো সন্দেহ নেই এবং সন্দেহের কোনো অবকাশও নেই যে, আল্লাহ তাআলার কৌশলের সামনে শয়তানের সকল যামানার সর্বসময়ের সর্বপ্রকার চক্রান্ত,

সর্বপ্রকার কৌশল ও প্রচেষ্টা নিতান্তই নগণ্য ও তুচ্ছ। আল্লাহ তাআলা তার মুমিন বান্দাদের নুসরতে শয়তানের যাবতীয় প্রচেষ্টা মূহুর্তে বেকার ও নাস্তানুবাদ করে দিতে পারেন'।

ইবনে আশূর রহ. (১৩৯৩হি.) বলেন,

أكد الجملة بمؤكدين (إن) (وكان) الزائدة الدالة على تقرر وصف الضعف لكيد الشيطان. اهـ

"জুমলা তথা বাক্যটিকে দু'টি তাকিদ এনে জোরদার করা হয়েছে। একটি হলো إِنَّ। আরেকটি كَانَ, যা বুঝাচ্ছে, দুর্বলতা শয়তানের চক্রান্তের এমনই একটি বৈশিষ্ট্য যা তার মাঝে সার্বক্ষণিক বিদ্যমান।" -আততাহরির ওয়াততানবির ৫/১২৪

ইবনে আতিয়্যাহ রহ. (৫৪২হি.) বলেন,

ودخلت كان دالة على لزوم الصفة. اهـ

"كَانَ ব্যবহার হয়েছে এ কথা বুঝানোর জন্য যে, দুর্বলতার

গুণটি শয়তানের চক্রান্তের সাথে আবশ্যকীয়ভাবেই জড়িত (যা থেকে তা কখনও মুক্ত হতে পারে না)।” -তাফসিরে ইবনে আতিয়্যাহ ২/৭৯

আবু হাইয়্যান আন্দালুসি রহ. (৭৪৫হি.) বলেন,

ودخلت كان في قوله: كان ضعيفا إشعارا بأن هذا الوصف سابق لكيد الشيطان، وأنه لم يزل ضعيفا. اهـ

“كَانَ ব্যবহার হয়েছে এ কথা বুঝানোর জন্য যে, শয়তানের চক্রান্ত আদিকাল থেকেই দুর্বল আর তা চিরন্তন দুর্বলই চলে আসছে।”- আলবাহরুল মুহিত ৩/৭১২

আবুস সাউদ রহ. (৯৮২হি.) বলেন,

{الذين آمنوا يقاتلون فِى سَبِيلِ الله}

كلامٌ مبتدأٌ سيق لترغيب المؤمنين في القتال وتشجيعِهم ببيان كمالِ قوتِهم بإمداد الله تعالى ونُصرتِه وغايةِ ضعفِ أعدائِهم أي المؤمنون إنما يقاتلون في دين الله الحقِّ الموصِلِ لهم إلى الله عزَّ وجلَّ وفي إعلاء كلمتِه فهو وليُّهم وناصرُهم لا محالة

...

{إِنَّ كَيْدَ الشيطان كَانَ ضَعِيفاً}

أي في حد ذاتِه فكيف بالقياس إلى قُدرةِ الله تعالى ولم يتعرّضْ لبيان قوةِ جنابِه تعالى إيذاناً بظهورها قالوا فائدةُ إدخالِ كان في أمثالِ هذهِ المواقعِ التأكيدُ ببيان أنه منذ كان كان كذلك فالمعنى أن كيدَ الشيطانِ منذ كان موصوفاً بالضعف. اهـ

“আল্লাহ তাআলার বাণী, ‘যারা ঈমানদার তারা লড়াই করে আল্লাহর রাহে’- এ কথাটি বলা হয়েছে মুমিনদেরকে কিতালে উদ্বুদ্ধ করার জন্য এবং হিম্মত যুগানোর জন্য। তা এভাবে যে, তাদের বুঝানো হচ্ছে, আল্লাহ তাআলার মদদ ও নুসরতে তারা পরিপূর্ণ শক্তিমত্তার অধিকারী। পক্ষান্তরে তাদের শত্রুরা নেহায়েত দুর্বল। অর্থাৎ মুমিনরা তো কিতাল করবে আল্লাহ তাআলার হক দ্বীনের জন্য এবং তার কালিমা বুলন্দ করার জন্য, যা তাদেরকে আল্লাহ আযযা ওয়া জাল্লাহ পর্যন্ত পৌঁছে দেবে। অতএব, কোনো সন্দেহ নেই যে, তিনি তাদের বন্ধু এবং তিনি তাদের নুসরত করবেন। ...

আল্লাহ তাআলার বাণী, ‘নিশ্চয়ই শয়তানের চক্রান্ত নিতান্ত

দুর্বল’- অর্থাৎ শয়তানের চক্রান্ত তো এমনিতেই দুর্বল। আর আল্লাহ তাআলার কুদরতের সামনে তো তার কোনো পাত্তাই নেই। আর আল্লাহ তাআলার শক্তি যে কেমন (অতুলনীয়) তার বিবরণ এখানে দেওয়া হয়নি। কারণ, তা একেবারেই স্পষ্ট।

মুফাসসিরিনে কেরাম বলেন, এ ধরনের স্থানে كَانَ ব্যবহার করা হয় তাকিদের জন্য। এ কথা বুঝনোর জন্য যে, বিষয়টি তার সূচনালগ্ন থেকে এমনই ছিল। তাহলে অর্থ দাঁড়াবে, ‘শয়তানের চক্রান্ত যেদিন থেকে শুরু, সেদিন থেকেই তা দুর্বল’|” -তাফসিরে আবুস সাউদ ২/২০২-২০৩

সারকথা

যারা আল্লাহর রাস্তায় কিতাল করবে তারা আল্লাহর বন্ধু। আল্লাহ তাআলা তার বন্ধুদের নুসরত করবেন। আল্লাহ তাআলার নুসরতে তারা বিজয়ী হবে। পক্ষান্তরে যারা তাগুতের পথে কিতাল করবে তারা শয়তানের বন্ধু। শয়তান তাদের সাহায্য করবে আর মুমিনদের বিরুদ্ধে চক্রান্ত পাকাবে। তবে তারা যত ভয়ানক চক্রান্তই করুক মুমিনদের

কোনো ভয় নেই। কারণ, শয়তানের চক্রান্ত বাহ্যত যত ভয়ংকরই মনে হোক তা নিতান্তই দুর্বল। আল্লাহ তাআলার শক্তি ও কৌশলের সামনে এর কোনোই *মূল্য নেই। মুমিন বান্দাদের নুসরতে আল্লাহ তাআলা এসব চক্রান্ত ধূলিস্যাৎ করে দেবেন। নাস্তানুবাদ করে দেবেন। অতএব, হে মুমিনগণ! আল্লাহর নুসরত সঙ্গে নিয়ে আল্লাহর উপর তাওয়াককুল করে শয়তানের বাহিনির বিরুদ্ধে তোমরা নেমে পড়। বিইযনিল্লাহ বিজয় তোমাদের নিশ্চিত।

***

৭৯.শয়তানের ধোঁকা, তালিবুল ইলমরা সাবধান!

আমরা মাদ্রাসার অনেক ভাইকে দেখতে পাচ্ছি, তারা জিহাদ বুঝার আগে ভালভাবে পড়াশুনা করতেন, কিন্তু জিহাদ বুঝার পর পড়াশুনায় ঢিলেমি করছেন, কি পড়াশুনা বন্ধই করে দিয়েছেন। এটা শয়তানের অনেক বড় ধোঁকা। অনেক সময় শয়তান নেক সূরতে আমাদের ধোঁকা দিয়ে দেয় অথচ আমরা টের পাই না। ইলম সর্বদা এবং সবক্ষেত্রে প্রয়োজন। আমি যখন জিহাদ বুঝতাম না তখন আমার ইলমের দরকার ছিল,

আর যখন জিহাদ বুঝতে পেরেছি তখন ইলমের প্রয়োজনীয়তা শেষ?? আসলে যেসব ভাই জিহাদ বুঝতে পেরেছেন, শয়তানের তাদের প্রতি সীমাহীন ঈর্ষা জেগেছে। তাই সে অন্য দিক দিয়ে তাদেরকে ক্ষতির মধ্যে ফেলে এর বদলা নিতে চাইছে। ইলমের দৌলত থেকে মাহরূম করতে পারা তার এ প্রচেষ্টারই সফল বাস্তবায়ন।

জিহাদ বুঝতে পারার পর তো ইলমের পথে নব উদ্যমে মেহনতে লাগার দরকার ছিল। আমাদের সমাজে ইলমী মানুষের যে কত অভাব তা সবাই হাড়ে হাড়ে টের পাচ্ছেন আশাকরি। সাধারণ মাসআলা-মাসায়েল বলা বুঝার মতো কিছু লোক থাকলেও ঈমান-কুফর, তাওহীদ-শিরক, জিহাদ-কিতাল ইত্যাদি বিষয়ে যথাযথ তাহকীকের সাথে মাসআলা বলা এবং ফতোয়া-ফারায়েয দেয়ার মতো মানুষ প্রায় নেই বললেই চলে। আর অল্প কিছু লোক থাকলেও তারা বিভিন্ন কারণে হক্ব বলছেন না বা বলতে পারছেন না। এমতাবস্থায় যারা জিহাদ বুঝছেন তারাও যদি ইলম থেকে বিমুখ হয়ে যান, তাহলে দ্বীনের এ কাফেলাকে চালাবে কে? বিশেষত আমাদের দেশগুলোর মতো দেশে সহীহ ইলমের প্রয়োজনীয়তা সবচেয়ে

বেশি। যতক্ষণ পর্যন্ত সাধারণ মুসলিম ভাইদের তাওহীদ দুরস্ত না করা যাবে, দ্বীনের মৌলিক বিষয় ও তাক্বাজা সম্পর্কে তাদের সজাগ না করা যাবে; যতক্ষণ উলামায়ে সূ'দের সকল বিকৃতি ও অপব্যাখ্যা খণ্ডন করে সংশয়-সন্দেহমুক্ত পরিষ্কার দ্বীন জনসাধারণের সামনে তুলে না ধরা যাবে- ততক্ষণ পর্যন্ত কি তাদেরকে দ্বীনের সৈনিক বানানো সম্ভব? দ্বীন কায়েমের পথে নিজের প্রিয় জান-মাল কুরবান করতে আগ্রহী করা কি সম্ভব? যদি সহীহ দ্বীনী রাহনুমায়ী না থাকে, তাহলে যেসব ভাই জিহাদের জন্য দাঁড়িয়েছেন তারা চলবেন কোন পথে? তারা কিভাবে বুঝবেন কোনটা জিহাদ আর কোনটা সন্ত্রাস? তাই তালিবুল ইলম ভাইদের প্রতি আবেদন, আপনার সাবধান থাকুন। শয়তানের ধোঁকায় পড়বেন না।

অনেক ভাই, যারা জিহাদ বুঝার পর ঠিকমতো পড়াশুনা করেননি, তারা এখন লজ্জিত। তাদেরকে যখন কোন মাসআলা তাহকীক করতে দেয়া হচ্ছে, তখন তারা পেরেশান হয়ে যাচ্ছেন। মাসআলা খুঁজে পাচ্ছেন না, সমাধান দিতে পারছেন না। এখন তারা বড়ই লজ্জিত। তাই প্রিয় ভাইয়েরা! আপনারা ইলমের পথ কুরবানী করুন। জাতি আপনাদের দিকে তাকিয়ে

আছে। এমতাবস্থায় গাফেল ও উদাসীন হয়ে পড়ে থাকা, কি নিজের মনমতো চলা; আপনার, আপনার জাতি- সকলের জন্যই ক্ষতির কারণ। তাই আপনারা নিষ্ঠার সাথে অধ্যয়ন করুন। ব্যাপক-বিস্তৃত অধ্যয়ন ও সুগভীর তাহকীকের মেজাজ গড়ে তুলুন।

তদ্রূপ অন্য সকল ভাই, যারা যে কাজে নিয়োজিত, প্রত্যেকে নিজের সর্বসাধ্য ব্যয় করুন। আপনাদের ছাড়া দ্বীন কায়েমের এ মিশন চলবে কিভাবে? আল্লাহ তাআলা সবাইকে সহীহ বুঝ ও আমলের তাওফীক দান করুন। আমীন!

৮০.শহীদ টিপু সুলতান- মুহাম্মদ ইলইয়াস নদভী: একটি বিষ মিশ্রিত মিষ্ট ফল

গ্রন্থের নাম: ইতিহাসের মৃত্যুঞ্জয়ী মহাবীর শহীদ টিপু সুলতান

মূল: মুহাম্মদ ইলইয়াস নদভী

অনুবাদ: আব্দুল্লাহ আল ফারুক

গ্রন্থটি শহীদ টিপু সুলতান রহ. এর জীবনীর উপর একটি

অনবদ্য গ্রন্থ। একটি মিষ্ট ফল। কিন্তু বিষ মিশ্রিত। আমার কাছে এমনই মনে হল। অন্যদের কাছে অন্য রকম মনে হতে পারে।

বিষ মিশ্রিত হওয়ার কারণ অনেক হতে পারে। এর মধ্যে এটাও একটা হতে পারে যে, লেখক একজন ভারতীয় লোক। তাই টিপু সুলতানকে একজন হিন্দুপ্রেমী সুলতান হিসেবে প্রমাণ করতে না পারলে ভারত সরকারের কাছে তিনি অচ্যুত/অস্পৃশ্য গণ্য হতে পারেন। তখন তার নিজে সহ আরো অনেক মুসলমানের উপর অনাকাঙ্খিক নিপীড়ন আপতিত হতে পারে। তাই লেখক এমনভাবেই গ্রন্থটি লিখেছেন- যাতে ঈমান, তাওহীদ ও সুন্নাহ্ বিসর্জন দিয়ে হলেও টিপু সুলতানকে হিন্দু সম্প্রীতির একজন আদর্শ পুরুষ হিসেবে উপস্থাপন করা যায়। লেখক যে কারণেই যা করে থাকুক- আমরা তো আর চুপ থাকতে পারি না। কারণ, উম্মাহর কাছে যখন লেখকের লেখাটি পৌঁছবে, তখন তারা তো লেখকের উপর অদৃশ্য কোনো তরবারি যে কোষমুক্ত করে ধরে রাখা ছিল বা আর কি উজরের কারণে, না'কি তার আকিদার বিকৃতির কারণে এমনটা লিখেছেন- সেটা তো আর তাদের কাছে ধরা পড়বে

না। উম্মাহ তো এখান থেকে হিন্দুপ্রীতিই শিখবে। আরো যেসব বিকৃতি তিনি ঘটিয়েছেন, উম্মাহ তো সেগুলোকে হক ও ইসলামের শিক্ষা-উদারতা হিসেবেই নেবে। এমতাবস্থায় আমরা চুপ করে থাকতে পারি না। লেখক যে ইচ্ছাতেই লিখে থাকুক, আমাদের দায়িত্ব- উম্মাহকে সতর্ক করা।

মূল কথায় যাওয়ার আগে আমাদের জেনে নেয়া দরকার যে, টিপু সুলতান রহ. এর হাতে রাজত্ব এলো কিভাবে? এ বিষয়টা না বুঝলে অনেক বিষয়ই না বুঝা থেকে যাবে। তাই আমি প্রথমে সংক্ষেপে কথাটা একটু বলে নিই।

টিপু সুলতান রহ. এর পিতা হায়দার আলী। তার পূর্বপুরুষ কুরাইশ বংশের মানুষ। মক্কা মুকাররামায় তাদের বসবাস ছিল। সেখান থেকে তারা হিজরত করে হিন্দুস্তানে চলে আসেন। এখানেই হায়দার আলীর জন্ম। হায়দার আলী প্রথমে এক হিন্দু রাজার অধীনে একটি ছোট্ট ফৌজের কমান্ডাররূপে কর্মজীবন শুরু করেন। যোগ্যতাবলে তিনি হিন্দু রাজার সেনাবাহিনীর সেনাপ্রধানে পদোন্নতি করেন। তার ক্রম উন্নতি

দেখে অন্যান্য হিন্দুরা ষড়যন্ত্রের জাল বিছায়। তারা রাজাকে কুমন্ত্রণা দেয় যে, হায়দার আলী আপনার রাজত্ব দখল করতে চাইছে। আগে বাগে তাকে দমন করুন। নতুবা পরে বিপদ হবে। রাজা তাদের কথায় কান দেয়। হায়দার আলীকে সুযোগ বুঝে হত্যার ষড়যন্ত্র করে। কিন্তু আল্লাহর মহিমায় হায়দার আলী ষড়যন্ত্রের ব্যাপারে অবগত হন। তিনি বসে না থেকে তৎক্ষণাৎ ব্যবস্থা নেন। তার অধীস্ত বিশ্বস্ত সৈন্যদের নিয়ে আগে বাগেই রাজধানীতে হামলা করেন। দখল করে ফেলেন রাজধানী। এভাবে হিন্দু রাজার রাজত্ব হায়দার আলীর হাতে এসে পড়ে।

সুস্পষ্ট যে, হায়দার আলীর হাতে যে রাজত্বটি এলো সেটি কোন ইসলামী রাজত্ব নয়। সেখানকার সেনাবাহিনিও মুসলমান সেনাবাহিনি নয়। হিন্দু, মুসলিম ও অন্যান্য জাতি-গোষ্ঠী মিলিয়ে তা গঠিত। কাজেই, এ বাহিনি যারা হায়দার আলীর পক্ষ হয়ে যুদ্ধ করেছে তারা ইসলামের জন্য যুদ্ধ করেনি। পদবী ও রাজত্বের লোভে যুদ্ধ করেছে বললে, কিংবা স্বাভাবিক গতানুগতিক যুদ্ধের মতো যুদ্ধ করেছে বললে বাড়াবাড়ি হবে না। অতএব, হায়দার আলীর রাষ্ট্র কোন ইসলামী রাষ্ট্র নয়।

মুসলমানদের সেখানে একচ্ছত্র ক্ষমতাও ছিল না যে, তারা ইচ্ছা করলে সেটাকে ইসলাম অনুযায়ী পরিচালনা করতে পারেন।

অধিকন্তু হায়দার আলী ছিলেন নিরক্ষর মানুষ। সামরিক প্রতিভা এবং রাষ্ট্র পরিচালনার যোগ্যতা তার পর্যাপ্ত থাকলেও ইসলাম ধর্মের বিধি বিধান সম্পর্কে তার জানাশুনা ছিল না। আর তখনকার অন্ধকার যুগে সাধারণ মুসলমানদের দ্বীনি অবস্থাও কোন ভাল পর্যায়ে ছিল না। বিধর্মীদের সাথে থাকতে থাকতে নিজ ধর্মের নামটা ছাড়া আর তেমন কিছু তাদের বাকি নেই। অধিকন্তু ছিল শীয়াদের দাপট। বিধায় ইসলামের প্রকৃত রূপ তখনকার সমাজ থেকে যোজন যোজন দূরে ছিল। বর্তমান সময়ে দ্বীনে ইসলামের যে চর্চা ও প্রসার তার হাজার ভাগের এক ভাগও হয়তো তখন ছিল না।

তবে হায়দার আলী মুসলমান ছিলেন। ইসলাম ও মুসলমানদের ভালবাসতেন। তাই তিনি যতদূর পেরেছেন ধর্মের কাজ করার চেষ্টা করেছেন। এমতাবস্থায় আমরা তাকে খুব একটা

দোষারূপ করতে পারি না যে, কেন তার রাষ্ট্র জাহিলী রাষ্ট্রের ন্যায় পরিচালিত হতো।

হায়দার আলীর রাজত্বলাভ হিন্দুদের সন্তুষ্ট করেনি। মারাঠাদেরও করেনি। তাই তারা বরাবরই তার বিরুদ্ধে বিদ্রোহ করে আসছিল। তিনি সেগুলো দমন করে আসছিলেন। আর ইংরেজরা তখন ভারতবর্ষ গিলে খাওয়ার পায়তারা করছে। তাদের সামনে হায়দার আলী একটা বড় বাধা ছিল। তাই তারা তার বিরুদ্ধে যুদ্ধে লিপ্ত হয়। তিনিও তাদের মোকাবেলায় এগিয়ে আসেন। হায়দার আলী এগিয়েই চলছিলেন। কিন্তু ইংরেজদের বিরুদ্ধে যুদ্ধে লিপ্ত অবস্থায় হঠাৎ তিনি অসুস্থ হয়ে পড়েন। কিছু দিন পরই ইন্তেকাল করেন। ইংরেজদের বিরুদ্ধে যুদ্ধ তখনও চলছে।

পিতার মৃত্যুর পর রাজত্বের ভার এসে পড়ে তার সন্তান টিপু সুলতানের হাতে। তিনি রাজত্বের ভার গ্রহণ করেন। তখন তার বয়স ৩৩ বৎসরের মতো।

হায়দার আলী নিরক্ষর হলেও শিক্ষানুরাগী ছিলেন। তাই তিনি তার সন্তান টিপু সুলতানকে দ্বীন ও দুনিয়া উভয় শিক্ষায়ই

শিক্ষিত করে গড়ে তোলেন। এ সুবাধে টিপু সুলতান রহ. একজন আলেম ছিলেন।

তবে আমরা দেখেছি, হায়দার আলীর রাষ্ট্র কোন ইসলামী রাষ্ট্র ছিল না। এখন পিতার মৃত্যুর পর টিপু সুলতান যে রাষ্ট্রের সুলতান হয়েছেন, সেটাও কোন ইসলামী রাষ্ট্র না। তবে তিনি যথাসম্ভব ইসলাম বাস্তবায়নের চেষ্টা করেছেন। কিন্তু পরিপূর্ণ ইসলাম কায়েমের পরিবেশ তখনও ছিল না। কারণ, তার সেনাবাহিনি কোন ইসলামী সেনাবাহিনি নয়। তাছাড়া জনগণও দ্বীনদার নয়।

আমরা জানি যে, হিন্দুস্তানে হাদিসের চর্চা শুরু হয়েছে শাহ ওলী উল্লাহ মুহাদ্দিসে দেহলবী রহ. এর মাধ্যমে। তাই তখন হিন্দুস্তানে কুরআন-হাদিসের তেমন কোন ইলম ছিল না। হানাফি ফিকহের কিতাবাদি কিছু ছিল। সে অনুযায়ী কিছুটা চেষ্টা করা হয়েছে ইসলাম কায়েমের। অধিকন্তু টিপু সুলতান রহ. যখন রাজত্ব হাতে নেন, তখন ইংরেজদের বিরুদ্ধে যুদ্ধ চলমান। আর হায়দার আলীর মৃত্যুর সুযোগে রাজ্যের বিভিন্ন

অঞ্চলের রাজারা বিদ্রোহ করে বসেছে টিপু সুলতানের বিরুদ্ধে। কাজেই তিনি উভয় দিক থেকে যুদ্ধের সম্মুখীন। তখন থেকে নিয়ে শাহাদাতের আগ পর্যন্ত তিনি শুধু যুদ্ধেই লিপ্ত ছিলেন। একটি মাসও শান্তিতে বসে থাকতে পারেননি।

অতএব, টিপু সুলতানের রাজ্য ইসলামী রাজ্য না হওয়ার কয়েকটি কারণ পেলাম:

- তিনি যে রাষ্ট্রের সুলতান হয়েছেন, সেটা অন্যান্য জাহিলী রাষ্ট্রের মতো গতানুগতিক একটা রাষ্ট্র ছিল। কোন ইসলামী রাষ্ট্র ছিল না।
- রাষ্ট্রের সেনাবাহিনি মুসলিম সেনাবাহিনি ছিল না। প্রশাসনিক পদগুলো একচ্ছত্রভাবে মুসলমানদের হাতে ছিল না। বরং সকলের হাতে সম্মিলিতভাবে ছিল। রাষ্ট্রীয় বড় বড় পদ ইসলাম ও মুসলমানদের দুশমন হিন্দু, মারাঠা, শীয়া ও অন্যান্য বিধর্মীদের হাতে ছিল।
- ইসলামী ইলমের তেমন কোন প্রচার-প্রসার ছিল না। তাই লোকজন ধর্ম সম্পর্কে খুব কমই জানতো।
- সাধারণ মুসলমানরা হাজারো রকমের শিরিক, কুফর ও বিদআতে লিপ্ত ছিল। এমতাবস্থায় তাদের উপর দ্বীন কায়েম

করা অতিশয় কঠিন ছিল।

- বিভিন্ন দিক থেকে উপর্যুপরি বিদ্রোহ হচ্ছিল। সুলতান তাদের দমনে ব্যস্ত ছিলেন।

- ইংরেজদের সাথে যুদ্ধ চলমান ছিল।

টিপু সুলতান রহ. ইংরেজদের ইসলামের শত্রু মনে করতেন। তাই তিনি তাদের বিরুদ্ধে যুদ্ধে অবতীর্ণ হয়েছেন। কিন্তু তাদের বিরুদ্ধে যুদ্ধ তিনি কাদের নিয়ে করেছেন? কোন ইসলামী বাহিনি নিয়ে? না, বরং এমন এক বাহিনি নিয়ে যারা শুধু দুনিয়ার জন্য যুদ্ধ করে। ইসলামের স্বার্থে নয়। অধিকন্তু অন্য সকল রাজ-রাজারা সুলতানের বিরুদ্ধে ইংরেজদের একনিষ্ঠ সহযোগী ছিল। এই চতুর্মুখী বিশাল শত্রু বাহিনির বিরুদ্ধে সুলতানকে একা লড়তে হয়েছে। তাই, তার সেনাবাহিনিতে যে সকল বিধর্মী সৈন্য ছিল, তাদের বাদ দিয়ে একচ্ছত্রভাবে মুসলমানদের নিয়ে জিহাদ করা কখনোও সম্ভব ছিল না।

যেহেতু টিপু সুলতানের সেনাবাহিনি ও প্রশাসন ইসলামী ছিল না, তাই তারা ইংরেজদের বিরুদ্ধে যুদ্ধের সময় নিজেদের স্বার্থ বিবেচনা করেছে। অনেকে গোপনে ইংরেজদের সাথে আঁতাত করে নিয়েছে- বিশেষ করে শীয়ারা, আবার অনেকে পলায়ন করেছে, কিংবা স্বয়ং নিজেরাই সুলতানের বিরুদ্ধে যুদ্ধে লিপ্ত হয়েছে। তাই সুলতানের সেনাবাহিনি একটি সুসজ্জিত ও উন্নত সেনাবাহিনি হওয়া সত্বেও সুলতানকে পরাজয় বরণ করতে হয়েছে। তবে তার মনে ইসলাম প্রতিষ্ঠার বাসনা ছিল। কিন্তু সে সুযোগ তখন তেমন একটা ছিল না। অধিকন্তু প্রচলিত শিরিক-কুফর ও বিদআতের একটা ছাপ যে স্বয়ং সুলতানের উপর পড়েনি, তাও কিন্তু না। তবে তিনি ইসলাম চাইতেন, ইসলামের জন্যই জীবন দিয়েছেন। তাই তিনি শহীদ।

এ কথাগুলো বললাম, সামনের বিষয়গুলো বুঝানোর জন্য:

১.

সুলতানের বাহিনি ও প্রশাসন যে সব ধর্মের সৈন্য নিয়ে গঠিত, সেটা মূলত ধর্মীয় সম্প্রীতি নয়, বরং উজরের কারণে। আর

যদি ধরা হয় যে, সুলতানের সামর্থ্য থাকা সত্ত্বে তিনি বিধর্মীদের নিয়ে স্বীয় প্রশাসন গঠন করেছেন, তাহলে সেটা গর্বের কিছু নয়। এটা বরং সুস্পষ্ট ইসলামের বিধান লঙ্গন। অতএব, এটাকে আদর্শ হিসেবে পেশ না করে বরং মুসলমানদের কলঙ্ক হিসেবে পেশ করতে হবে।

২.

সুলতানের রাষ্ট্রে যে একচ্ছত্র ইসলাম প্রতিষ্ঠিত ছিল না, সেটাও কোন গর্বের কথা নয়। যদি সুলতান অক্ষমতার কারণে তেমনটা করে থাকেন, তাহলে তিনি মা'জুর। আর যদি ইসলাম কায়েমে সক্ষম হওয়া সত্বেও সকল ক্ষেত্রে ইসলাম কায়েম না করে থাকেন, সকল বিধান ইসলাম অনুযায়ী পরিচালনা না করে থাকেন, তাহলে সেটাও কোন গর্বের কথা নয় বরং লজ্জার কথা। কাজেই সেটাকে আদর্শ হিসেবে কিংবা ধর্মীয় উদারতা হিসেবে পেশ করার কিছু নেই।

প্রিয় পাঠক, এতক্ষণ যা বললাম, সেটাই বাস্তবতা। কিন্তু গ্রন্থকার এসব বিষয়কে ধর্মীয় সম্প্রীতি, ধর্মীয় উদারতা,

ইসলামের মহানুভবতা, ইসলামের আদর্শ- ইত্যাদি হিসেবে পেশ করেছেন।

সুলতানের মহানুভবতা ও ধর্মীয় সম্প্রীতির প্রমাণরূপে গ্রন্থকার এক জায়গায় গর্ব করে বলেন,
“সুলতানের প্রশাসন বা সেনাবাহিনিতে ধর্ম বা বংশের ভিত্তিতে কোটা ছিলো না। ব্যক্তিগত যোগ্যতা ও সক্ষমতাই চাকরিতে নিয়োগ ও উন্নতির একক মাপকাঠি বিবেচিত হতো।” পৃ. ৪৮৪

অন্যত্র বলেন,
“ধর্ম-বর্ণ নির্বিশেষে তিনি সব ধর্মের সব অনুসারিদের ভালবাসতেন। সবার প্রতি তার আস্থা ছিল বলেই তিনি প্রশাসনের অনেকগুলো গুরুত্বপূর্ণ পদে হিন্দুদের নিয়োগ দিয়েছিলেন। সব বিধর্মীকে তিনি পূর্ণ উদারতার সঙ্গে নিজস্ব ধর্ম পালনের পূর্ণ স্বাধিনতা দিয়েছিলেন।” পৃ. ৪০৭

সামনে গিয়ে লিখেন,
“সুলতান আন্তরিকভাবে হিন্দুদের মন্দির ও সেগুলোর

রক্ষণাবেক্ষণরত স্বামীদের শ্রদ্ধা করতেন।” পৃ. ৪০৭

প্রিয় পাঠক, এখানে আমি সমূদ্র থেকে একটা ফোঁটা মাত্র তুলে ধরলাম। নতুবা সারা কিতাবই এমন সব শিরিক, কুফর আর বিদআতে পরিপূর্ণ।

এবার আপনারাই বলুন, এ কিতাব পড়ে কি কেউ তাহওহিদের শিক্ষা পাবে? ওলা-বারার শিক্ষা পাবে? না'কি নাস্তিকতা পাবে? এ জন্য আমি একে বিষ মিশ্রিত মিষ্ট ফল মনে করি। সাধারণ মুসলমানদের জন্য এ কিতাব পড়া আমি জায়েয মনে করি না। যারা হক-বাতিল সুস্পষ্ট বুঝেন, তারাই কেবল এ কিতাব পড়তে পারেন।

আরোও দুঃজনক যে, এ কিতাবকে আবুল হাসান আলী নদভী রহ. এর সাথে সম্পৃক্ত করা হয়েছে। বলা হয়েছে, অনেকটা তাঁর তত্ত্বাবধানেই এ কিতাব রচিত হয়েছে। আমার মনে হয় না আলী মিয়া নদভী রহ. এমন সব শিরিক কুফরকে

ইসলামের গৌরব বলে প্রচারের অনুমোদন দিয়েছেন। ওয়াল্লাহু তাআলা আ'লাম! ওমা আলাইনা ইল্লাল বালাগ!

৮১.সংশয়: লা তামান্নাও লিকাআল আদুউ

হাদিসে এসেছে, **'লা তামান্নাও লিকাআল আদুউ'- 'তোমরা শত্রুর মুখোমুখী হওয়ার কামনা করো না।'**

হাদিস থেকে কেউ কেউ সংশয়ে পড়তে পারেন যে, হাদিসে শত্রুর মুখোমুখী হওয়ার কামনা করতে নিষেধ করা হয়েছে। আর জিহাদ মানেই তো শত্রুর মুখোমুখী হওয়া। অতএব, হাদিসে জিহাদ নিষেধ করা হয়েছে। এক ভাই হাদিসটি সম্পর্কে জানতে চেয়েছিলেন। তখন সংক্ষেপে হাদিসের মর্ম বলেছিলাম। ইনশাআল্লাহ এখানে একটু বিস্তারিত আলোচনা করবো। ওয়ামা তাওফিকি ইল্লা বিল্লাহ!

হাদিসটি বুখারি-মুসলিম উভয়ই রিওআয়াত করেছেন। বুখারি শরীফের রিওয়াতটি এমন,

حدثني سالم أبو النضر مولى عمر بن عبيد الله كنت كاتبا له قال كتب إليه عبد الله بن أبي أوفى حين خرج إلى الحرورية فقرأته فإذا فيه : إن رسول الله صلى الله عليه و سلم في بعض أيامه التي لقي فيها العدو انتظر حتى مالت الشمس ثم قام في الناس فقال (أيها الناس لا تمنوا لقاء العدو وسلوا الله العافية فإذا لقيتوهم فاصبروا واعلموا أن الجنة تحت ظلال السيوف . ثم قال اللهم منزل الكتاب ومجري السحاب وهازم الأحزاب اهزمهم وانصرنا عليهم) –صحيح البخاري، رقم: 2861، ط. دار ابن كثير ، اليمامة – بيروت

"উমার ইবনু উবায়দুল্লাহর আযাদকৃত গোলাম আবু নজর সালিম রহ. বর্ণনা করেন, আমি তার (উমার ইবনু উবায়দুল্লাহর) কেরানী ছিলাম। তিনি যখন হারুরিয়্যাদের বিরুদ্ধে যুদ্ধাভিযানে রওয়ানা হন, আব্দুল্লাহ ইবনু আবু আওফা রাদিয়াল্লাহু আনহু তার কাছে একটি পত্র লেখেন। আমি পত্রটি পড়লাম। তাতে লিখা ছিল,

রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এক যুদ্ধে শত্রুর মুখোমুখী হন। সূর্য (পশ্চিমাকাশে) ঢলে যাওয়া পর্যন্ত তিনি (হামলা না করে) অপেক্ষায় থাকলেন। এরপর জনসম্মুখে নসিহতের জন্য দাঁড়ান। বলেন, হে লোকসকল! তোমরা শত্রুর মুখোমুখী হওয়ার কামনা করো না। বরং আল্লাহর কাছে নিরাপদ ও বিপদমুক্ত থাকার দোয়া কর। তবে শত্রুর

মুখোমুখী যখন হয়েই পড়বে, ধৈর্যের সাথে মোকাবেলা করবে। শুনে রাখো! জান্নাত তরবারির ছায়াতলে। অতঃপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দোয়া করলেন, 'হে আল্লাহ! হে কিতাব অবতীর্ণকারী, মেঘমালা সঞ্চালনকারী, সম্মিলিত (কাফের) বাহিনিকে পরাভূতকারী! আপনি তাদের পরাভূত করুন। তাদের বিরুদ্ধে আমাদের নুসরত করুন'!"- সহীহ বুখারি ২৮৬১

বিশ্লেষণ

♣ হাদিসে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের একটি চিরাচরিত সুন্নতের প্রতি ঈঙ্গিত করা হয়েছে যে, **'সূর্য (পশ্চিমাকাশে) ঢলে যাওয়া পর্যন্ত তিনি (হামলা না করে) অপেক্ষায় থাকলেন'।**

এটি রাসূলের যুদ্ধনীতি। দিনের শুরুভাগে যদি আক্রমণ না করতেন, বেলা চড়ে উঠলে আর আক্রমণ করতেন না। সূর্য পশ্চিমাকাশে ঢলে পড়ার পর যখন জোহরের নামাযের সময় শুরু হত তখন আক্রমণ করতেন। **যেমন এক হাদিসে এসেছে,**

كان النبي صلى الله عليه وسلم يحب أن ينهض إلى عدوه عند زوال الشمس – مسند الإمام أحمد، رقم: 19141، ط. الرسالة، قال شعيب الأرنؤوط: حديث صحيح، وهذا إسناد ضعيف. اهـ

“রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সূর্য ঢলে পড়ার সময় শত্রুর মোকাবেলায় নামতে পছন্দ করতেন।”- মুসনাদে আহমাদ ১৯১৪১

অন্য হাদিসে এসেছে,

كان رسول الله صلى الله عليه وسلم إذا زالت الشمس يمهل ثم ينهد إلى عدوه –سنن سعيد بن منصور، رقم: 2518، ط. الدار السلفية – الهند

“রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সূর্য ঢলা পর্যন্ত অপেক্ষা করতেন। তারপর শত্রুর মোকাবেলায় নামতেন।”- সুনানু সাঈদ ইবনু মানসূর ২৫১৮

অন্য হাদিসে এসেছে,

كان إذا لم يقاتل في أول النهار انتظر حتى تهب الأرواح وتحضر الصلوات – صحيح البخاري، رقم: 2989، ط. دار ابن كثير ، اليمامة – بيروت

“রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যদি দিনের শুরু ভাগে কিতাল না করতেন, (নুসরতের) বায়ুপ্রবাহ শুরু হওয়া ও নামাযের সময় উপস্থিত হওয়া পর্যন্ত অপেক্ষা করতেন।”- সহীহ বুখারি ২৯৮৯

হাফেয ইবনু হাজার রহ. (৮৫২ হি.) বলেন,

فيظهر أن فائدة التأخير لكون أوقات الصلاة مظنة إجابة الدعاء وهبوب الريح قد وقع النصر به في الأحزاب فصار مظنة لذلك. اه

“বুঝা গেল, যুদ্ধ পিছিয়ে দেয়ার ফায়েদা হচ্ছে যে, নামাযের সময় হচ্ছে দোয়া কবুলের সময়। আর জঙ্গে আহযাবে বায়ুপ্রবাহের দ্বারা বিজয় হয়েছিল। কাজেই বায়ুপ্রবাহও নুসরতের একটা সম্ভাব্য কারণ।”- ফাতহুল বারি ৬/১২১

অধিকন্তু এ সময় বায়ুপ্রবাহের ফলে মন-মেজাজ ভাল থাকে। তাছাড়া এ সময় নামাযের পর মুসলমানরা মুজাহিদদের জন্য দোয়া করে।

অতএব, আলোচ্য হাদিসে 'সূর্য (পশ্চিমাকাশে) ঢলে যাওয়া পর্যন্ত তিনি (হামলা না করে) অপেক্ষায় থাকলেন' দ্বারা উদ্দেশ্য: হামলা করার উদ্দেশ্যে জোহরের ওয়াক্ত আসার অপেক্ষায় থাকলেন।

♣ **'এরপর জনসম্মুখে নসিহতের জন্য দাঁড়ান। বলেন, হে লোকসকল! তোমরা শত্রুর মুখোমুখী হওয়ার কামনা করো না। বরং আল্লাহর কাছে নিরাপদ ও বিপদমুক্ত থাকার দোয়া কর'।**

বুঝা যাচ্ছে, জোহরের ওয়াক্ত আসার পর, নুসরতের বায়ুপ্রবাহ শুরু হওয়ার পর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এবার হামলা করতে যাবেন। তবে হামলার আগে যুদ্ধের একটি আদব শিক্ষা দিচ্ছেন। নিজেদের শক্তির উপর ভরসা না করে আল্লাহ তাআলার নুসরত কামনা করা। আল্লাহ তাআলার কাছে দোয়া করা যেন তিনি আমাদের

বিপদমুক্ত রাখেন। সহীহ সালামতে বিজয় দান করেন। শত্রুর মুখোমুখী না হয়েই যদি বিজয় এসে যায়, তাহলে সেটাই ভাল। এর বিপরীতে এমন দোয়া না করা যে, 'হে আল্লাহ! আমাদেরকে শত্রুর মুখোমুখী কর। সহীহ সালামতে বিজয় দিয়ো না। তাদের সাথে আমাদের যেন লড়াই হয়। আমরা যেন আমাদের বীরত্ব দেখাতে পারি। আমরা যে তোমার খাঁটি বান্দা এটা যেন প্রমাণ হয়ে যায়'। এ ধরণের কামনা করতে নিষেধ করা হয়েছে। কারণ,

 # এ ধরণের কামনা নিজের বড়ত্বের আলামত। আল্লাহর নুসরতের বদলে নিজেদের শক্তি-সামর্থ্যের উপর ভরসার নামান্তর।

ইমাম নববী রহ. (৬৭৬ হি.) বলেন,

إنما نهى عن تمنى لقاء العدو لما فيه من صورة الاعجاب والاتكال على النفس والوثوق بالقوة. اهـ

"শত্রুর মুখোমুখী হওয়ার কামনা করতে নিষেধ করা হয়েছে, কারণ বাহ্যত এটি আত্মগৌরব মনে হয়। মনে হয় যেন (আল্লাহর পরিবর্তে) নিজেদের উপর ভরসা করা হচ্ছে। যেন

জাগতিক শক্তি-সামর্থ্যকে যথেষ্ট মনে করা হচ্ছে।”- আলমিনহাজ শরহু মুসলিম, ১২/৪৫

নফস বড় গাদ্দার। এখন যদিও মনে হচ্ছে যে, নামুক যুদ্ধে। দেখিয়ে দেব মজা। কিন্তু ময়দানে অবতীর্ণ হওয়ার পর দিল ঘুরে যেতে পারে। বরং এমনটা হওয়াই স্বাভাবিক।

যেমন বক্ষমান হাদিসের কোনো বর্ণনায় এসেছে,

لا تمنوا لقاء العدو، فإنكم لا تدرون ما يكون في ذلك –مسند الإمام أحمد، ، ط. الرسالة، قال الشيخ شعيب الأرنؤوط : صحيح بطريقيه 9196 :رقم وشواهده. اهـ

“তোমরা শত্রুর মুখোমুখী হওয়ার কামনা করো না। কারণ, এতে শেষ পরিণতি কি হবে তোমাদের জানা নেই।”- মুসনাদে আহমাদ ৯১৯৬

হাফেয ইবনু হাজার রহ. (৮৫২ হি.) বলেন,

وقال بن دقيق العيد لما كان لقاء الموت من أشق الأشياء على النفس وكانت الأمور الغائبة ليست كالأمور المحققة لم يؤمن أن يكون عند الوقوع كما

ينبغي فيكره التمني لذلك ولما فيه لو وقع من احتمال أن يخالف الإنسان ما وعد من نفسه ثم أمر بالصبر عند وقوع الحقيقة. اهـ

“ইবনু দাকুকুল ঈদ রহ. বলেন, মৃত্যুর সম্মুখীন হওয়া সবচেয়ে কঠিন জিনিস। অধিকন্তু তা অজানা বিষয়, সামনে উপস্থিত নেই। যখন সম্মুখে আসবে, ভালোয় ভালোয় যেমন হওয়া দরকার তেমন হবে বলে কোন নিশ্চয়তা নেই। এ জন্য তা কামনা করা অপছন্দনীয়। তাছাড়া ব্যক্তি মনে মনে যে দৃঢ় অঙ্গীকার করে রেখেছে, পরে তার বিপরীতও হয়ে যেতে পারে। তবে সম্মুখে এসে গেলে সবর করতে আদেশ দেয়া হয়েছে।”- ফাতহুল বারি ৬/১৫৭

উহুদের যুদ্ধে আমরা এর প্রমাণ দেখেছি। বদর যুদ্ধে যেসকল সাহাবি শরীক হতে পারেননি, তাদের আকাঙ্ক্ষা ছিল, একটা যুদ্ধ হলে বদরিদের মতো আমরাও দেখিয়ে দিতাম ...! কিন্তু উহুদের দিন যখন খালিদ বিন ওয়ালিদ রাদিয়াল্লাহু আনহু পেছন দিয়ে হঠাৎ আক্রমণ করলেন, সাহাবায়ে কেরাম দিশেহারা হয়ে এদিক সেদিক ছুটতে লাগলেন। আল্লাহ তাআলা সাহাবাদের তিরস্কার করে বলেন,

وَلَقَدْ كُنْتُمْ تَمَنَّوْنَ الْمَوْتَ مِنْ قَبْلِ أَنْ تَلْقَوْهُ فَقَدْ رَأَيْتُمُوهُ وَأَنْتُمْ تَنْظُرُونَ

“মৃত্যুর সম্মুখীন হওয়ার পূর্বে তো তোমরা তা কামনা করতে। এখন তো তোমরা স্বচক্ষে তা প্রত্যক্ষ করলে।”- আলে ইমরান ১৪৩

অর্থাৎ- কিন্তু তোমাদের সেই অঙ্গীকার কোথায় গেল? এখন কেন পলায়ন করলে?

আবুস সাউদ রহ. (৯৮২ হি.) বলেন,

وهو توبيخٌ لهم على تمنِّيهم الحربَ وتسبُّبِهم لها ثم جُبنِهم وانهزامِهم. اهـ

“আল্লাহ তাআলা তিরস্কার করছেন যে, তারাই তো যুদ্ধ কামনা করেছিল, যুদ্ধ ডেকে এনেছিল। এরপর ভীরুতা প্রদর্শন করে পালিয়ে গেল।”- তাফসিরে আবুস সাউদ ২/৯২

যেখানে সাহাবায়ে কেরামের মতো ব্যক্তিরাও আকাঙ্ক্ষার পূর্ণ প্রতিফলন দেখাতে পারেননি, সেখানে পরবর্তীদের জন্য কিভাবে সম্ভব? এজন্যই যুদ্ধ কামনা করতে নিষেধ করা

হয়েছে।

 # যারা স্বপ্রণোদিত হয়ে কোন বিপদের বোঝা মাথায় নেয়, সাধারণত তারা তা রক্ষা করতে পারে না। এ কারণেই রাষ্ট্রীয় কোন পদ চাইতে হাদিসে নিষেধ এসেছে। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন,

لا تسأل الإمارة فإنك إن أعطيتها عن مسألة أكلت إليها وإن أعطيتها عن غير مسألة أعنت عليها ». –صحيح مسلم، رقم: 4819، ط. دار الجيل بيروت + دار الأفاق الجديدة. بيروت

“নেতৃত্ব চেয়ে নেবে না। কারণ, চেয়ে নিলে তোমাকে তোমার হাতে ছেড়ে দেয়া হবে। আর চাওয়া ছাড়াই এসে পড়লে (আল্লাহর পক্ষ থেকে) নুসরত করা হবে।”- সহীহ মুসলিম ৪৮১৯

অথচ ন্যায়পরায়ণ শাসকের মর্যাদার কথা সকলে জানি। যে সাত ব্যক্তিকে আরশের ছায়াতলে স্থান দেয়া হবে, তাদের একজন ন্যায়পরায়ণ শাসক। এতদসত্ত্বেও নেতৃত্ব পাওয়ার

কামনা করতে, চেয়ে নিতে নিষেধ এসেছে। কারণ, পরে তার যথাযথ হক আদায় করা সাধারণত সম্ভব হয় না। এ কারণে যারা পদ চায় তাদেরকে পদ দিতে হাদিসে নিষেধ এসেছে।

এমনিভাবে ফিতনা থেকে, দারিদ্রতা থেকে, অসুস্থতা থেকে পানাহ চাওয়ার কথা হাদিসে এসেছে। অথচ হাদিসে এসেছে:

- ফিতনার সময় শরীয়ত যিন্দা করলে শহীদের সওয়াব মিলবে।
- গরীবরা ধনীদের আগে জান্নাতে যাবে।
- মহামারিতে মারা গেলে শহীদের সওয়াব পাবে।

এতদসত্বেও এগুলো থেকে পানাহ চাওয়ার কথা বলা হয়েছে। কোন অঞ্চলে মহামারি দেখা দিলে সেখানে যেতে নিষেধ করা হয়েছে। কারণ, সম্মুখীন হলে তখন সবর করা অতো সহজ হবে না। হিতে বিপরীত হওয়ার সম্ভাবনাই বেশি। তবে হ্যাঁ! যদি এসেই পড়ে, তখন সবর করা।

শাইখুল ইসলাম ইবনে তাইমিয়া রহ. (৭২৮হি.) বলেন,

كره للمرء أن يتعرض للبلاء بأن يوجب على نفسه ما لا يوجبه الشارع عليه بالعهد والنذر ونحو ذلك أو يطلب ولاية أو يقدم على بلد فيه طاعون. كما ثبت في الصحيحين من غير وجه عن النبي صلى الله عليه وسلم {أنه نهى عن إنه لا يأتي بخير وإنما يستخرج به من البخيل} وثبت عنه في :النذر؛ وقال الصحيحين أنه قال لعبد الرحمن بن سمرة: {لا تسأل الإمارة فإنك إن أعطيتها عن مسألة وكلت إليها وإن أعطيتها من غير مسألة أعنت عليها؛ وإذا حلفت على يمين فرأيت غيرها خيرا منها فأت الذي هو خير وكفر عن يمينك} قال في الطاعون: إذا سمعتم به بأرض فلا }وثبت عنه في الصحيحين أنه تقدموا عليه وإذا وقع بأرض وأنتم بها فلا تخرجوا فرارا منه} . وثبت عنه في الصحيحين أنه قال: {لا تتمنوا لقاء العدو واسألوا الله العافية ولكن إذا لقيتموهم فاصبروا واعلموا أن الجنة تحت ظلال السيوف} وأمثال ذلك مما يقتضي أن الإنسان لا ينبغي له أن يسعى فيما يوجب عليه أشياء ويحرم عليه أشياء فيبخل بالوفاء؛ وكما يفعل كثير ممن يعاهد الله عهودا على أمور وغالب هؤلاء يبتلون بنقض العهود. ويقتضي أن الإنسان إذا ابتلي فعليه أن يصبر ويثبت. اهـ

“নিজের উপর বোঝা টেনে আনা অপছন্দনীয়। যেমন অঙ্গীকার, মান্নত বা অন্য কোনভাবে শরীয়ত যা অবধারিত করেনি তা অবধারিত করে নেয়া। কিংবা কোন পদ তলব করা বা এমন অঞ্চলে যাওয়া যেখানে মহামারি চলছে। সহীহাইনে একাধিক সনদে বর্ণিত হয়েছে যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মান্নত করতে নিষেধ

করেছেন। বলেছেন, ‘মান্নত কোন কল্যাণ বয়ে আনতে পারে না। এর দ্বারা কেবল কৃপণ লোকদের থেকে কিছু সম্পদ বের করে নেয়া হয়’।

সহীহাইনে আরো বর্ণিত আছে যে, তিনি আব্দুর রহমান ইবনু সামুরা রাদিয়াল্লাহু আনহুকে বলেছেন, ‘নেতৃত্ব চেয়ে নেবে না। কারণ, চেয়ে নিলে তোমাকে তোমার হাতে ছেড়ে দেয়া হবে। আর চাওয়া ছাড়াই এসে পড়লে (আল্লাহর পক্ষ থেকে) নুসরত করা হবে। আর কোন কসম করার পর যদি এর ভিন্নটাতে কল্যাণ আছে বলে মনে কর, তাহলে ভালোটাই করবে আর কসমের কাফফারা দিয়ে দেবে’।

সহীহাইনে আরো বর্ণিত আছে, মহামারির ব্যাপারে তিনি বলেছেন, ‘কোন এলাকায় মহামারি পতিত হয়েছে শুনলে সেখানে যাবে না। আর কোন ভূমিতে থাকাবস্থায় পতিত হলে সেখান থেকে বের হয়ে পালাবে না’।

সহীহাইনে আরো বর্ণিত আছে, তিনি ইরশাদ করেন, ‘তোমরা শত্রুর মুখোমুখী হওয়ার কামনা করো না। বরং আল্লাহর কাছে নিরাপদ ও বিপদমুক্ত থাকার দোয়া কর। তবে শত্রুর

মুখোমুখী যখন হয়েই পড়বে, ধৈর্যের সাথে মোকাবেলা করবে। শুনে রাখো! জান্নাত তরবারির ছায়াতলে’।

এ ধরণের বিভিন্ন দৃষ্টান্ত রয়েছে। যেগুলোর দাবি:

- নিজের উপর বিভিন্ন বিষয় অবধারিত করে নেয়া বা হারাম করে নেয়ায় পা না বাড়ানোই উচিৎ। কারণ, পরে তা রক্ষা করে চলা সম্ভব হবে না। অনেকেই অনেক বিষয়ে আল্লাহর সাথে অঙ্গীকারাবদ্ধ হয়। কিন্তু তাদের অধিকাংশই অঙ্গীকার ভঙ্গের সম্মুখীন হয়।

- আরো দাবি: বিপদের সম্মুখীন হলে সবর করবে। অটল থাকবে।”- মাজমুউল ফাতাওয়া ১০/৩৮

ইবনু বাত্তাল রহ. (৪৪৯ হি.) বলেন,

نهى الرسول أمته عن تمنى لقاء العدو؛ ولأنه لا يعلم ما يئول أمره إليه ولا كيف ينجو منه، وفى ذلك من الفقه النهى عن تمنى المكروهات، والتصدى للمحذورات، ولذلك سأل السلف العافية من الفتن والمحن؛ لأن الناس مختلفون فى الصبر على البلاء، ألا ترى الذى أحرقته الجراح فى بعض المغازى

مع رسول الله (صلى الله عليه وسلم) فقتل نفسه، وقال الصديق: (لأن أعافى فأشكر أحب إلي من أن أبتلى فأصبر). اهـ

“রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উম্মতকে শত্রুর মুখোমুখী হওয়ার কামনা করতে নিষেধ করেছেন। তাছাড়া তার জানা নেই যে, পরিস্থিতি শেষে কোন দিকে গড়াবে। এও জানা নেই যে, কিভাবে তা থেকে নাজাত মিলবে। এ থেকে বুঝা যাচ্ছে, অপছন্দনীয় বিষয়াশয়ের আকাঙ্ক্ষা করা বা স্বেচ্ছায় নিজেকে ঝুঁকিপূর্ণ পরিস্থিতির সম্মুখীন করা নিষেধ। এ কারণে সালাফগণ ফিতনা ও শাসকদের বালা থেকে নিরাপদ থাকার দোয়া করতেন। কেননা, বিপদে সবর করার শক্তি সকলের সমান নয়। ঐ লোকের অবস্থাটা কি দেখনি, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কোন এক যুদ্ধে যে জখমের যন্ত্রণায় কাতর হয়ে আত্মহত্যা করেছিল?! (আবু বকর) সিদ্দিক রাদিয়াল্লাহু আনহু বলেন, ‘বিপদে পড়ে সবর করার চেয়ে সুস্থ ও নিরাপদ থেকে শুকর করা আমার কাছে অধিক প্রিয়।”- শরহুল বুখারি লি ইবনি বাত্তাল ৫/১৮৫

 # শরীয়ত প্রথমেই কাফের সাথে যুদ্ধে লেগে যেতে আদেশ দেয়নি। প্রথমে ইসলাম গ্রহণের দাওয়াত দিতে বলেছে।

তাতে সম্মত না হলে জিযিয়া কবুলের দাওয়াত দিতে বলেছে। কোনটাতেই সম্মত না হলে তখন যুদ্ধের আদেশ। উদ্দেশ্য- ভালোয় ভালোয় কাজ হয়ে গেলে বিপদে জড়ানোর দরকার নেই। জিহাদের উদ্দেশ্য কাফেরদের মেরে শেষ করে ফেলা নয়। উদ্দেশ্য ইসলামের ছায়াতলে নিয়ে আসা। প্রথমে তা সম্ভব না হলে অন্তত ইসলামী শাসনের অধীনে নিয়ে আসা। যাতে এক দিকে তাদের শক্তি নিঃশেষ হয়ে যায়, অন্যদিকে ইসলামের সৌন্দর্য দেখে আস্তে আস্তে মুসলমান হয়ে যায়। মারামারি-কাটাকাটি ও ধ্বংসাযজ্ঞ চালানো উদ্দেশ্য নয়। এগুলো করা হবে প্রয়োজনের তাগিদে। অতএব, কোন মুমিনের উচিৎ নয় সংঘর্ষে জড়ানোর কামনা করা। সহীহ সালামতে নিরাপদে উদ্দেশ্য হাসিল হওয়ার দোয়া করবে। যদি এভাবে কাজ না হয় তখন যুদ্ধের বিধান।

ইমাম কাসানী রহ. (৫৮৭ হি.) সুন্দর কথাই বলেছেন,

ولأن القتال ما فرض لعينه بل للدعوة إلى الإسلام، والدعوة دعوتان: دعوة بالبنان، وهي القتال ودعوة بالبيان، وهو اللسان، وذلك بالتبليغ والثانية أهون من الأولى؛ لأن في القتال مخاطرة الروح والنفس والمال، وليس في دعوة التبليغ شيء من ذلك، فإذا احتمل حصول المقصود بأهون الدعوتين لزم الافتتاح بها. اهـ

“যুদ্ধ এ জন্য ফরয করা হয়নি যে, এটি স্বতন্ত্র একটি মাকসাদ। বরং ফরয করা হয়েছে ইসলামের দাওয়াত দেয়ার লক্ষ্যে। আর **দাওয়াত দুই প্রকার:**

এক. দাওয়াত বিলবানান তথা শক্তিবলে দাওয়াত। এটি হল যুদ্ধ।

দুই. দাওয়াত বিলবায়ান তথা বুঝানোর মাধ্যমে দাওয়াত। এটি হবে যবান দ্বারা তাবলিগ করার মাধ্যমে।

দ্বিতীয়টি প্রথমটি থেকে সহজ। কেননা, যুদ্ধে জান-মাল হুমকির সম্মুখীন হয়ে পড়ে। তাবলিগের মাধ্যমে দাওয়াতে এর কিছুই নেই। যখন সহজ দাওয়াতের মাধ্যমে উদ্দেশ্য হাসিল হয়ে যাওয়ার সম্ভাবনা আছে, তখন এটি দিয়েই শুরু করা আবশ্যক।”- বাদায়িউস সানায়ি ৭/১০০

মোটকথা, মারামারি মূল উদ্দেশ্য নয়। মূল উদ্দেশ্য কুফর বিদূরিত করে ইসলাম প্রতিষ্ঠা করা। যত সহজে তা সম্ভব হয়, ততই ভাল। তাই নিরাপদে, সহজে ও সহীহ সালামতে কাজ হয়ে যাওয়ার দোয়া করাই কাম্য। মারামারির আকাঙ্ক্ষা

কাম্য নয়।

♣ **হাদিসের পরের অংশ:** **'তবে শত্রুর মুখোমুখী যখন হয়েই পড়বে, ধৈর্যের সাথে মোকাবেলা করবে। শুনে রাখো! জান্নাত তরবারির ছায়াতলে'।**

দুনিয়ার স্বাভাবিক রীতি এটাই যে, কাফেররা মৌখিক দাওয়াতের দ্বারা ইসলাম গ্রহণে আগ্রহী হয় না কিংবা জিযিয়া কবুল করতেও সম্মত হয় না। আমরা আমাদের দায়িত্ব হিসেবে আল্লাহ তাআলার কাছে কোনরূপ সংঘর্ষ ছাড়াই উদ্দেশ্য হাসিলের দোয়া করব। তবে সব সময় সংঘর্ষ ছাড়া সমাধান হবে না। সংঘর্ষে জড়াতেই হবে। তখন শরীয়ত আদেশ দিয়েছে সবরের সাথে মোকাবেলার। অসংখ্য অগণিত নিয়ামত ও মান-মর্যাদার লোভ দেখিয়ে আল্লাহ তাআলা এ সময় টিকে থাকার প্রতি উৎসাহ দিয়েছেন। ভীরুতা ও কাপুরুষতা থেকে বারণ করেছে। পলায়ন করা হারাম করেছেন।

আল্লাহ তাআলা ইরশাদ করেন,

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا إِذَا لَقِيتُمْ فِئَةً فَاثْبُتُوا وَاذْكُرُوا اللَّهَ كَثِيرًا لَعَلَّكُمْ تُفْلِحُونَ } وَأَطِيعُوا اللَّهَ وَرَسُولَهُ وَلَا تَنَازَعُوا فَتَفْشَلُوا وَتَذْهَبَ رِيحُكُمْ وَاصْبِرُوا إِنَّ اللَّهَ مَعَ الصَّابِرِينَ{

"হে ঈমানদারগণ, তোমরা যখন কোন বাহিনীর সাথে মোকাবেলায় লিপ্ত হও, তখন সুদৃঢ় থাক এবং আল্লাহকে অধিক পরিমাণে স্মরণ কর যাতে তোমরা উদ্দেশ্যে কৃতকার্য হতে পার। এবং আল্লাহ তাআলার নির্দেশ মান্য কর এবং তাঁর রসূলের। পরস্পরে বিবাদে লিপ্ত হইও না। যদি তা কর, তবে তোমরা দুর্বল হয়ে পড়বে এবং তোমাদের প্রভাব চলে যাবে। আর তোমরা ধৈর্য ধারণ কর। নিশ্চয়ই আল্লাহ তা`আলা ধৈর্য্যশীলদের সাথে রয়েছেন।"- সুরা আনফাল: ৪৫-৪৬

হাফেয ইবনু হাজার রহ. বলেন,

قال القرطبي وهو من الكلام النفيس الجامع الموجز المشتمل على ضروب من البلاغة مع الوجازة وعذوبة اللفظ فإنه أفاد الحض على الجهاد والإخبار بالثواب عليه والحض على مقاربة العدو واستعمال السيوف والاجتماع حين الزحف حتى تصير السيوف تظل المتقاتلين وقال بن الجوزي المراد أن الجنة تحصل بالجهاد. اهـ

“কুরতুবি রহ. বলেন ... রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের এ বাণীটি জিহাদের প্রতি উৎসাহ দিচ্ছে। জিহাদের বিনিময়ে যে প্রতিদান মিলবে তারও জানান দিচ্ছে। উৎসাহ দিচ্ছে শত্রুর নিকটবর্তী হতে। তরবারি চালাতে। লড়াইয়ের ময়দানে একে অপরের নিকটে জমায়েত হতে। যেন লড়াইকারীদের মাথার উপর তরবারি ছায়াদানকারী শামিয়ানার মতো হয়ে যায়। ইবনুল জাওযি রহ. বলেন, উদ্দেশ্য- জান্নাত জিহাদের দ্বারা মিলবে।”- ফাতহুল বারি ৬/৩৩

♣ আশাকরি উপরোক্ত আলোচনা থেকে পরিষ্কার যে, এ হাদিসে জিহাদ ছাড়তে বলা হয়নি, বরং জিহাদের প্রতি উদ্বুদ্ধ করা হয়েছে। তবে জিহাদের একটি আদব শিখানো হয়েছে যে, নিজেদের শক্তি-সামর্থ্যের উপর কখনও ভরসা করবে না। ভরসা করবে আল্লাহর উপর। আল্লাহর নুসরতের উপর। বিপদাপদের সম্মুখীন হওয়ার কামনা করবে না। সহীহ সালামতে উদ্দেশ্য হাসিল হয়ে যাওয়ার দোয়া করবে। **এজন্য**

ইবনু কুতায়বা রহ. (২৭৬হি.) এ হাদিসকে নিম্নোক্ত শিরোনামের অধীনে এনেছেন,

آداب الحرب ومكائدها

“যুদ্ধের আদব ও কলা-কৌশল।”- উয়ূনুল আখবার **১/১৮৫**

ইবনু হাজার রহ. বলেন,

وفي الحديث استحباب الدعاء عند اللقاء والاستنصار ووصية المقاتلين بما فيه صلاح أمرهم وتعليمهم بما يحتاجون إليه وسؤال الله تعالى بصفاته الحسنى وبنعمه السالفة ومراعاة نشاط النفوس لفعل الطاعة والحث على سلوك الأدب وغير ذلك. اهـ

“হাদিস থেকে নিম্নোক্ত বিষয়গুলো মুস্তাহাব বুঝা যাচ্ছে:

- শত্রুর মুখোমুখী হলে দোয়া করা।
- আল্লাহর কাছে নুসরত চাওয়া।
- মুজাহিদদের এমনসব বিষয়ে অসীয়ত করা যেগুলো তাদের ইসলাহ করবে।
- এমনসব বিষয় তা’লিম দেয়া যেগুলো তাদের প্রয়োজন পড়বে। ...
- <u>আদব বজায় রেখে চলার প্রতি উৎসাহ দেয়া।</u> এ ছাড়াও আরো বিভিন্ন বিষয়।”- ফাতহুল বারি ৬/১৫৭

উভয় ইমামের বক্তব্য থেকে স্পষ্ট যে, হাদিসটি যুদ্ধের আদব বয়ান করার জন্য বলা হয়েছে, যুদ্ধ থেকে ফেরানোর জন্য নয়।

অধিকন্তু হাদিসের শুরু-শেষ ও প্রেক্ষাপট থেকে বিষয়টি একেবারে স্পষ্ট:

- হাদিসটি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জিহাদের ময়দানে বলেছেন।

- রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন দিনের শুরুভাগে হামলা করেননি, তখন হামলাটি যেন মোবারক সময়ে হয় এ জন্য জোহর পর্যন্ত অপেক্ষা করেছেন।

- জোহরের সময় হওয়ার পর যখন হামলা করবেন স্থির করেছেন তখন যুদ্ধের একটি আদব বর্ণনা করেছেন, পাশাপাশি সবরের সাথে টিকে থাকার উৎসাহ দিয়েছেন।

- আমীর উমার ইবনু আব্দুল্লাহ রহ. যখন হারুরিয়্যা তথা

খাওয়ারেজদের বিরুদ্ধে অভিযানে যাচ্ছেন, তখন আব্দুল্লাহ ইবনু আবু আওফা রাদিয়াল্লাহু আনহু তার কাছে চিঠি লিখেছেন। চিঠিতে এ কথা বলেননি যে, জিহাদে যাওয়া যাবে না, হাদিসে নিষেধ এসেছে। বরং তিনি যুদ্ধের একটি সুন্নত শিখালেন যে, যথাসম্ভব চেষ্টা করবেন যেন বুঝিয়ে সুজিয়ে দলীল-প্রমাণ পেশ করে খাওয়ারেজদের পথে নিয়ে আসা যায়। সংঘর্ষ ছাড়াই উদ্দেশ্য হাসিলের চেষ্টা করবেন। যেমনটা আলী রাদিয়াল্লাহু আনহু করেছিলেন। নিজে গিয়ে এবং ইবনে আব্বাস রাদিয়াল্লাহু আনহুকে পাঠিয়ে মুনাযারা করে খাওয়ারেজদের ভ্রান্তি দূর করার চেষ্টা করেছেন। এতে অধিকাংশ খাওয়ারেজ ফিরে আসে। বাকি যারা থেকে যায় তাদের সাথে কিতাল করেছেন। আব্দুল্লাহ ইবনু আবু আওফা রাদিয়াল্লাহু আনহু এটিই শিক্ষা দিতে চাচ্ছেন।

- কয়েকটি হাদিস থেকে বুঝা যায়, এ হাদিস খায়বারের যুদ্ধের সময়কার। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর আগেও অনেক জিহাদ করেছেন, এর পরেও করেছেন। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের ওফাতের পর সাহাবায়ে কেরাম জিহাদের পতাকা উড্ডীন করে দুনিয়াব্যাপী

ছড়িয়ে পড়েন। রোম-পারস্যসহ অর্ধেকেরও বেশি দুনিয়া বিজয় করেছেন। যদি এ হাদিসে জিহাদ নিষেধ করাই উদ্দেশ্য হতো, তাহলে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের জন্য সেদিন জিহাদের ময়দানে থেকে যাওয়া জায়েয হতো না। এর পরে কোন যুদ্ধ করা জায়েয হতো না। সাহাবায়ে কেরামের সকল জিহাদ হারাম হতো। যেহেতু তা হয়নি, বুঝা গেল, জিহাদ নিষেধ করা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামেরও উদ্দেশ্য নয়, সাহাবায়ে কেরামও এমনটি বুঝেননি। এর বিপরীত যারা বুঝবে তারা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ও সাহাবায়ে কেরামের আদর্শ থেকে বিচ্যুত ও বিভ্রান্তির শিকার। আল্লাহ আমাদের রক্ষা করুন।

মোটকথা- জিহাদের ব্যাপারে গোটা শরীয়তে যে শুধু হাদিস একটাই তা তো নয়। সবকিছু বাদ দিয়ে একটা হাদিসের পেছনে পড়ে মনমতো ব্যাখ্যা করে জিহাদের বিরুদ্ধে লেগে পড়া অন্তরের বক্রতার আলামত। **আল্লাহ তাআলা এদের চিত্রটাই তুলে ধরেছেন,**

هُوَ الَّذِي أَنْزَلَ عَلَيْكَ الْكِتَابَ مِنْهُ آيَاتٌ مُحْكَمَاتٌ هُنَّ أُمُّ الْكِتَابِ وَأُخَرُ مُتَشَابِهَاتٌ فَأَمَّا الَّذِينَ فِي قُلُوبِهِمْ زَيْغٌ فَيَتَّبِعُونَ مَا تَشَابَهَ مِنْهُ ابْتِغَاءَ الْفِتْنَةِ وَابْتِغَاءَ تَأْوِيلِهِ

"তিনিই সেই মহান সত্তা যিনি আপনার উপর এই কিতাব নাযিল করেছেন, (যেখানে রয়েছে দু'ধরণের আয়াত) এর কিছু আয়াত হচ্ছে মুহকাম (সুস্পষ্ট দ্বর্থ্যহীন) এবং এগুলোই হচ্ছে কিতাবের মূল অংশ; আর কিছু আয়াত আছে মুতাশাবিহ (রূপক)। যাদের অন্তরে বক্রতা রয়েছে, তারা (সমাজে) ফিতনা বিস্তারের এবং আল্লাহর কিতাবের অপব্যাখ্যার উদ্দেশ্যে কিতারেব মুতাশাবিহ আয়াতগুলোর পেছনে পড়ে থাকে।"- আলে ইমরান ৭

অধিকন্তু হাদিসটিও অস্পষ্ট নয়। হাদিসের শুরু-শেষ ও প্রেক্ষাপট থেকে এবং স্বয়ং হাদিসের শব্দ থেকেই স্পষ্ট যে, জিহাদের আদব বয়ান করা পাশাপাশি জিহাদের প্রতি উৎসাহ দেয়া হাদিসের উদ্দেশ্য। জিহাদের বিপরীত কোন কিছু হাদিসের কোনো একটি শব্দেও নেই। আল্লাহ তাআলা আমাদের সহীহ বুঝ দান করুন। আমীন।

وصلى الله تعالى على خير خلقه محمد وآله وصحبه اجمعين

৮২.সংশয়: জিহাদ হাসান লি-গাইরিহি

জিহাদ বিমুখতার আরেক খোঁড়া উজর: জিহাদ হাসান লিগাইরিহি।

এরপর হাসান লিগাইরিহির মনগড়া বিভিন্ন ব্যাখ্যা। যেমন,

- জিহাদ হাসান লিগাইরিহি আর দাওয়াত হাসান লিআইনিহি। কাজেই জিহাদের চেয়ে দাওয়াত উত্তম, বা দাওয়াতের সুযোগ থাকাবস্থায় জিহাদের প্রয়োজন নেই, কিংবা আরেকটু আগে বেড়ে- দাওয়াত ফরয, জিহাদ হারাম। সাধারণত তাবলিগপন্থীদের মাঝে এ ধরণের ধারণা প্রচলিত।

- আবার কেউ কেউ বলেন, হাসান লিগাইরিহি মানে একান্ত জরুরত না হলে জিহাদ করা যাবে না। তবে এ একান্ত

জরুরত কখন দেখা দেয় তার কোনো হদ-সীমা নেই। বরং এ শ্রেণীর উদ্দেশ্য জিহাদ সম্পূর্ণ হারাম করে দেয়া।

মোটকথা, ‘জিহাদের তুলনায় দাওয়াত উত্তম’ বা ‘জিহাদের প্রয়োজন নেই’ থেকে শুরু করে ‘জিহাদ হারাম’ পর্যন্ত বিভিন্ন ধারণা হাসান লিগাইরিহির প্রচলিত আছে। এ সংশয়টি সাধারণত কিছু কিছু আলেম ও তালিবুল ইলমের মাঝে দেখা যায়। তাবলিগি হালকায় এর আলোচনা না উঠলে হয়তো সাধারণ মানুষ পর্যন্ত এ সংশয় ছড়াতো না।

♣ একটি প্রশ্ন

হাসান লিগাইরিহির যে ব্যাখ্যা জিহাদের বেলায় করা হচ্ছে, এ ব্যাখ্যা কি শুধু জিহাদের বেলায়ই প্রযোজ্য না’কি অন্যান্য যেসব বিধানকে হাসান লিগাইরিহি বলা হয়েছে সেগুলোর বেলায়ও প্রযোজ্য? যেমন অযু এবং জানাযার নামায। এ দু’টোকে হাসান লিগাইরিহি বলা হয়েছে। তাহলে কি বলা যাবে, এগুলো না করলেও চলবে, বা না করা ভাল, বা একান্ত জরুরতের হালতেই কেবল করা যাবে, কিংবা করা হারাম?

যদি না বলা যায় তাহলে জিহাদের বেলায় ব্যতিক্রম কেন?

♣ হাসান লি আইনিহি-গাইরিহির ভিত্তিতে মূল বিধানে কোনো ব্যবধান আসবে না

আইনিহি গাইরিহির সাথে ফরয হওয়া না হওয়া বা উত্তম হওয়া না হওয়ার সম্পর্ক নেই। অর্থাৎ এমন নয় যে, কোনো জিনিস হাসান লিআইনিহি সাব্যস্ত হলে তাকে ফরয বলা হবে আর গাইরিহি হলে তাকে অনুত্তম বা হারাম বলা হবে। আইনিহি গাইরিহি থেকে কোনো বিধান সাব্যস্ত হবে না। বরং বিষয়টি হলো, যেসব বিষয় আগে থেকেই শরীয়ত ফরয ওয়াজিব করে রেখেছে সেগুলো নিয়ে গবেষণা করে বের করা হয়েছে যে, কোনটি আইনিহি আর কোনটি গাইরিহি। অতএব, কোন বিধান সম্পর্কে আইনিহি গাইরিহির প্রশ্ন তখনই আসবে যখন দলীল প্রমাণ দিয়ে সাব্যস্ত হবে যে, শরীয়ত এ বিষয়টি করতে আদেশ দিয়েছে। শরীয়তের আদেশ আসার পর এবং বিধানটি অবশ্যকরণীয় সাব্যস্ত হবার পর আলোচনা আসবে যে, আদেশটা যে দেয়া হয়েছে তা কি আইনিহি হিসেবে না'কি গাইরিহি হিসেবে। এরপর সেটা আইনিহি সাব্যস্ত হোক আর গাইরিহি-ই সাব্যস্ত হোক

তার দ্বারা মূল বিধানে কোন তফাৎ আসবে না। মূল বিধান করণীয় করণীয়-ই থেকে যাবে। আইনিহি গাইরহির কারণে তাতে কোনো তফাৎ আসবে না, তবে বিধানের হিকমত ও রহস্য জানা যাবে।

যেমন ধরুন, অযু। শরীয়ত প্রথমে নামাযের জন্য অযু ফরয করেছে। অযুর আদেশ আসার পর এবং অযু অবশ্যকরণীয় সাব্যস্ত হবার পর উসূলবিদগণ গবেষণা করেছেন যে, অযুর আদেশটা কি আইনিহি হিসেবে না'কি গাইরিহি হিসেবে। দেখা গেল, অযুর আদেশটা গাইরিহি হিসেবে। অর্থাৎ অযুর আদেশটা এসেছে মূলত নামাযের প্রয়োজনে। অন্যথায় অযুর আদেশ দেয়ার দরকার পড়তো না। গাইরিহি হওয়ার অর্থ এটাই। সামনে ইনশাআল্লাহ আমরা এ বিষয়টি একটু স্পষ্ট আলোচনা করবো। অযুর ব্যাপারে যখন বুঝা গেল যে, এটি মূলত হাসান লিগাইরিহি, তখন এর দ্বারা অযুর বিধানে কোনো ব্যবধান আসেনি। অযু ফরয ফরযই রয়ে গেল। তবে অযুর হিকমতটা জানা গেল যে, অযু তথা কয়েকটি অঙ্গ ধৌত ও মাসেহ করা মূলত এমন কোনো কাজ নয় যা ফরয করা দরকার বা এর উপর

সওয়াব-গুনাহর হিসাব নিকাশ হওয়া দরকার। তবে নামাযের জন্য যেহেতু পবিত্রতা জরুরী সে হিসেবে অযুর আদেশ দেয়া হয়েছে এবং এর বিনিময়ে সওয়াব নির্ধারণ করা হয়েছে। এর দ্বারা অযুর হিকমত ও রহস্য জানা গেল, অযুর মূল বিধানে কোনো ব্যবধান আসলো না।

অন্য সকল বিধানের বেলায়ও এমনই। জিহাদের বেলায়ও এমন। আগে শরীয়তের আদেশ দ্বারা জিহাদ ফরয সাব্যস্ত হয়েছে। করলে সওয়াব না করলে গুনাহ ও শাস্তির ফায়সালা হয়ে গেছে। এরপর উসূলবিদগণ গবেষণা করেছেন যে, জিহাদ তথা মারামারি, হত্যাকাণ্ড ও ধ্বংসাযজ্ঞ মূলত ফরয করা হয়েছে কুফরের শক্তি চূর্ণ করার জন্য এবং আল্লাহ তাআলার দ্বীন বিশ্বব্যাপী প্রতিষ্ঠিত করার জন্য। কুফর যদি না থাকতো জিহাদের প্রয়োজন পড়তো না। এ হিসেবে জিহাদ হাসান লিগাইরিহি। তবে আইনিহি হোক গাইরিহি হোক তা ফরয। আইনিহি গাইরিহির গবেষণার দ্বারা জিহাদ ফরয হওয়ার হিকমতটা জানা গেল, কিন্তু জিহাদ ফরয ফরযই রয়ে গেল। গাইরিহি হওয়ার দ্বারা ফরযে কোনো ব্যবধান আসেনি।

***

উপরোক্ত কথাগুলো বুঝার পর বিষয়টি আরেকটু পরিষ্কার করার চেষ্টা করছি ইনশাআল্লাহ।

উসূলবিদগণ আইনিহি গাইরিহির আলোচনাটা এনেছেন 'আমর' (الأمر) তথা আদেশের আলোচনায়।

প্রথমে আলোচনা করেছেন যে, 'আমর' উজূব (الوجوب)-এর জন্য আসে। অর্থাৎ শরীয়ত যে বিষয়টি করার আদেশ দিয়েছে সেটি করা আবশ্যক। এ আদিষ্ট বিষয়টিকে 'মা'মূর বিহি' (المأمور به) বলে। দলীল প্রমাণের আলোকে কোনো কোনো মামূর বিহি ফরয (যেমন নামায, জিহাদ) আর কোনো কোনোটা ওয়াজিব (যেমন, সাদাকায়ে ফিতর)।

দ্বিতীয় পর্যায়ে আলোচনা করেছেন যে, মামূর বিহি অবশ্যই 'হাসান' (حسن) তথা ভাল, প্রশংসনীয় ও সওয়াবের কাজ হয়ে থাকে। অর্থাৎ শরীয়ত যে কাজটি করার আদেশ দিয়েছে সেটি অবশ্যই ভাল, প্রশংসনীয় এবং সওয়াবের কাজ।

কেননা, আল্লাহ তাআলা কোনো মন্দ কাজের আদেশ দেন না। যেমনটা আল্লাহ তাআলা ইরশাদ করেন,

إِنَّ اللَّهَ لَا يَأْمُرُ بِالْفَحْشَاءِ

"আল্লাহ তাআলা মন্দ কাজের আদেশ দেন না।" -আ'রাফ ২৮

তৃতীয় পর্যায়ে আইনিহি ও গাইরিহির আলোচনা এনেছেন। অর্থাৎ মামূর বিহিটি যে ভাল, প্রশংসনীয় ও সওয়াবের কাজ তা কেন? এ আলোচনাটি মূলত মামূর বিহিটি হাসান কেন হল তার হিকমত ও রহস্য নিয়ে আলোচনা।

যেমন ধরুন নামায। আল্লাহ তাআলা এ জাতীয় আয়াতের মাধ্যমে নামাযের আদেশ দিয়েছেন,

أَقِيمُوا الصَّلَاةَ

"নামায কায়েম কর।' -আনআম ৭২

উসূলবিদদের তারতিব অনুযায়ী প্রথমে আলোচনা হবে, নামায হলো মামূর বিহি। আল্লাহ তাআলা এর আদেশ দিয়েছেন। অতএব, নামায ফরয।

দ্বিতীয় পর্যায়ে আলোচনা আসবে, নামায যেহেতু মামূর বিহি অতএব, তা অবশ্যই হাসান তথা ভাল, প্রশংসনীয় ও সওয়াবের কাজ।

তৃতীয় পর্যায়ে আলোচনা আসবে, নামায যে হাসান তা কেন? অর্থাৎ নামায কেন ভাল, প্রসংশনীয় ও সওয়াবের কাজ। এটি মূলত নামায ভাল কেন তার হিকমত নিয়ে আলোচনা।

জিহাদের বেলায়ও এমনই। উসূলে ফিকহের তারতিব অনুযায়ী প্রথমে আলোচনা আসবে, আল্লাহ তাআলা জিহাদের আদেশ দিয়েছেন বিভিন্ন আয়াতে। অতএব, জিহাদ একটি মামূর বিহি। কাজেই তা ফরয।

দ্বিতীয় পর্যায়ে আলোচনা আসবে, যেহেতু জিহাদ মামূর বিহি কাজেই তা অবশ্যই হাসান তথা ভাল, প্রশংসনীয় ও সওয়াবের কাজ।

তৃতীয় পর্যায়ে আলোচনা আসবে, জিহাদ যে হাসান তথা ভাল, প্রশংসনীয় ও সওয়াবের কাজ তার কারণ ও হিকমত কি?

তাহলে লিআইনিহি বা গাইরিহির আলোচনার আগে আরো দু'টি আলোচনা আছে, যে দু'টি আলোচনার দ্বারা দু'টি হুকুম সাব্যস্ত হয়ে গেছে,

এক. জিহাদ ফরয।

দুই. জিহাদ হাসান তথা ভাল, প্রশংসনীয় ও সওয়াবের কাজ।

ইসলামের সকল বিধানের বেলায়ই এ তিন স্তরের আলোচনা প্রযোজ্য। তবে তৃতীয় আলোচনাটি আসলে কোন জরুরী আলোচনা নয়। নামায কেন ভাল, যাকাত কেন ভাল, হজ কেন ভাল, জিহাদ কেন ভাল- এগুলো না জানলেও কোনো সমস্যা নেই। এ হিকমত জানা আবশ্যক নয়। অনেকাংশে এটি একটি আকলি বহস। এতটুকু জানাই যথেষ্ট যে, আল্লাহ তাআলা নামায, রোযা, হজ, যাকাত, জিহাদ ইত্যাদি বিধান ফরয করেছেন। কেন ফরয, কি কারণে ফরয, এর হিকমত কি- এসব আকলি বহসে যাওয়ার প্রয়োজন নেই। আমি আল্লাহর গোলাম। আল্লাহ আমাকে করতে আদেশ দিয়েছেন, এখন আমাকে করতে হবে। ব্যস্। এতটুকুই যথেষ্ট। এত বেশি কেনো কোনো-তে যাওয়ার দরকার নেই। এ কারণে দেখা গেছে, এ আইনিহি গাইরিহির মারপ্যাঁচে উসূলবিদদের একটা বিশেষ শ্রেণীই কেবল গিয়েছেন, বাকিরা এসব আলোচনা এড়িয়ে গেছেন। আল্লাহ তাআলা সকলের প্রতি রহম করুন।

বুঝার স্বার্থে কয়েকজন উসূলবিদের উদ্ধৃতি

দিচ্ছি-

ইমাম নাসাফি রহ. (৭১০হি.) 'আলমানার' এ বলেন (পৃ. ৫),

ولا بد للمأمور به من صفة الحسن ضرورة أن الآمر حكيم ... وهو أما أن يكون لعينه ... كالتصديق والصلاة والزكاة، أو لغيره ... كالوضوء والجهاد. اهـ

"অবশ্যই অবশ্যই মা'মূর বিহি হাসান হতে হবে। কেননা, আদেশদাতা হচ্ছেন হাকিম তথা সীমাহীন হিকমতের অধিকারী সত্তা (যিনি মন্দের আদেশ দিতে পারেন না)। তবে তা লিআইনিহি হতে পারে। যেমন (যেসব বিষয়ে ঈমান জরুরী সেগুলোতে) আন্তরিক বিশ্বাস এবং নামায ও যাকাত। কিংবা লিগাইরিহি হতে পারে। যেমন অযু ও জিহাদ।"

এখানে ঈমান, নামায, যাকাত, অযু ও জিহাদ এ পাঁচটি মামূর বিহি তথা ফরয। এগুলোর ব্যাপারে বলা হচ্ছে যে, এগুলো অবশ্যই ভাল, প্রশসংনীয় ও সওয়াবের কাজ। এতে কোনো সন্দেহ নেই। তবে ভাল হওয়ার দিক থেকে এগুলোকে দুই

ভাগে ভাগ করা হয়েছে: লিআইনিহি, লিগাইরিহি।

ইমাম সারাখসী রহ. (৪৯০হি.) বলেন,

اعلم أن مطلق مقتضى الأمر كون المأمور به حسنا شرعا ...
وبيان كونه ثابتا شرعا أن الله تعالى لم يأمر بالفحشاء كما نص عليه في محكم تنزيله والأمر طلب إيجاد المأمور به بأبلغ الجهات ولهذا كان مطلقه موجبا شرعا والقبيح واجب الإعدام شرعا فما هو واجب الإيجاد شرعا تعرف صفة الحسن فيه شرعا.
ثم هو في صفة الحسن نوعان حسن لمعنى في نفسه وحسن لمعنى في غيره. اهـ

"ভাল করে জেনে রাখো, কোনো বিষয়ে আদেশ দেয়ার দাবি হচ্ছে শরীয়তের দৃষ্টিতে মা'মূর বিহি তথা আদিষ্ট বিষয়টি হাসান। কারণ, আল্লাহ তাআলা কোনো মন্দ কাজের আদেশ দেন না, যেমনটা আল্লাহ তাআলা কুরআনে কারীমে সুস্পষ্ট জানিয়েছেন। ... তবে এক্ষেত্রে তা দু'ভাগে বিভক্ত: হাসান লিআইনিহি ও হাসান লিগাইরিহি।" -উসূলে সারাখসী ১/৬০

এরপর হাসান লিআইনিহির উদাহরণ দেন ঈমান, নামায,

রোযা ও যাকাত দিয়ে। হাসান লিআইনিহি হাসান লিগাইরিহি উভয়ে আবার বিভিন্ন ভাগে বিভক্ত। সে আলোচনায় আমরা যাচ্ছি না।

তারপর হাসান লিগাইরিহির উদাহরণ দেন জুমআর নামাযে যাওয়ার জন্য চলা, অযু, জানাযার নামায, জিহাদ ও হুদুদ দিয়ে। **কিতাল ও হুদুদ প্রসঙ্গে বলেন,**

القتال مع المشركين حسن لمعنى في غيره وهو كفر الكافر أو قصده إلى محاربة المسلمين وذلك مضاف إلى اختياره
وكذلك القتال مع أهل البغي حسن لدفع فتنتهم ومحاربتهم عن أهل العدل
وكذا إقامة الحدود حسن لمعنى الزجر عن المعاصي وتلك المعاصي تضاف إلى كسب واختيار ممن تقام عليه ولكن لا يتم إلا بحصول ما لأجله كان حسنا.
وحكم هذا النوع أنه يسقط بعد الوجوب بالأداء وبانعدام المعنى الذي لأجله كان يجب حتى إذا تحقق الانزجار عن ارتكاب المعاصي أو تصور إسلام الخلق عن آخرهم لا تبقى فرضيته إلا أنه خلاف للخبر لأنه لا يتحقق انعدام هذا المعنى في الظاهر. اهـ

"মুশরিকদের বিরুদ্ধে কিতাল হাসান লিগাইরিহি তথা ভিন্ন একটি বিষয়ের কারণে তা হাসান। আর তা হল কাফেরের

কুফরি কিংবা মুসলমানদের বিরুদ্ধে তার যুদ্ধের প্রবণতা। ... তদ্রূপ বাগিদের বিরুদ্ধে কিতাল করা এ দৃষ্টিকোণ থেকে হাসান যে, এর দ্বারা আহলে আদলের উপর থেকে বাগিদের পক্ষ থেকে নিক্ষিপ্ত ফিতনা ও মারামারি প্রতিহত করা যাচ্ছে। তদ্রূপ হুদুদ কায়েম করা এ দৃষ্টিকোণ থেকে হাসান যে, এর দ্বারা গুনাহ থেকে বিরত রাখা যাচ্ছে। ...

এ ধরণের মা'মূর বিহির বিধান হল (দুই জিনিসের কোনো একটার দ্বারা এর যিম্মাদারি আদায় হবে),

(এক.) ফরয হওয়ার পর সম্পাদন করে নিলে এর যিম্মাদারি আদায় হয়ে যাবে।

(দুই.) যে কারণে তা ফরয হয়েছিল সে কারণটি না থাকলেও এর দায়িত্ব রহিত হয়ে যাবে। অতএব, যদি কেউই গুনাহে লিপ্ত না হয় কিংবা জগতবাসী সকলেই যদি মুসলমান হয়ে যায়, তাহলে (হুদুদ ও জিহাদ)-এর ফরয দায়িত্ব আর থাকবে না। তবে হাদিসের ভাষ্যমতে এমনটি হবে না। কেননা, যে কারণে তা ফরয সে কারণটি স্বাভাবিক দূরীভূত হয়ে যাবে না।" -উসূলে সারাখসী ১/৬২

অর্থাৎ দারুল ইসলামের অধিবাসীরা কখনও কখনও হলেও হদ-জাতীয় কোনো না কোনো অপরাধ করবেই স্বাভাবিক। যার ফলে তাদের উপর হদ কায়েম করতে হবে। আর কাফেররাও সকলেই যে মুসলমান বা যিম্মা হয়ে যাবে তা নয়। ফলে তাদের বিরুদ্ধে জিহাদ করেই যেতে হবে কিয়ামত অবধি। হাদিসে এমনটাই পরিষ্কার এসেছে।

আব্দুল আজিজ বুখারি রহ. (৭৩০হি.) বিষয়টি পরিষ্কার করে বলেন,

لأنه روي عن النبي - صلى الله عليه وسلم - أنه قال «لن يبرح هذا الدين قائما تقاتل عليه عصابة من المسلمين حتى تقوم الساعة» وعن عمران بن حصين - رضي الله عنه - قال قال رسول الله - صلى الله تعالى عليه وسلم - «لا تزال طائفة من أمتي يقاتلون على الحق ظاهرين على من ناوأهم حتى يقاتل آخرهم المسيح الدجال» . اهـ

“কেননা, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণিত যে, তিনি ইরশাদ করেন, ‘এ দ্বীন সর্বদাই প্রতিষ্ঠিত থাকবে।

(কারণ,) কেয়ামাত সংঘটিত হওয়া পর্যন্ত মুসলমানদের একটা দল বিজয়ী বেশে (দ্বীনের শত্রুদের বিরুদ্ধে) কিতাল করতে থাকবে'।

হযরত ইমরান ইবনে হুসাইন রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন, 'আমার উম্মতের একটা দল কেয়ামত পর্যন্ত কিতাল করতে থাকবে। তারা থাকবে হকের উপর প্রতিষ্ঠিত। তাদের বিরোধীদের উপর হবে প্রতাপশালী। (এ ধারাবাহিকতা চলতে চলতে) তাদের সর্বশেষ দলটি মাসিহে দাজ্জালের সাথে কিতাল করবে'।" -কাশফুল আসরার ১/১৯০

প্রথম হাদিসটি ইমাম মুসলিম রহ. রিওয়ায়াত করেছেন (সহীহ মুসলিম: কিতাবুল ইমারা, হাদিস নং ৫০৬২)।

দ্বিতীয় হাদিসটি ইমাম আবু দাউদ রহ. রিওয়ায়াত করেছেন (সুনানে আবু দাউদ, বাবু: ফি দাওয়ামিল জিহাদ, হাদিস নং ২৪৮৬)।

সারকথা

আইনিহি-গাইরিহির আলোচনা দ্বারা ফরয হয়ে থাকা বিধানগুলোর হিকমত জানা যাবে, মূল ফরযে কোন ভিন্নতা আসবে না। নামায লিআইনিহি হয়ে যেমন ফরয; জুমআর নামাযের জন্য গমন, জানাযার নামায, অযু ও জিহাদ গাইরিহি হয়ে তেমনই ফরয। ফরযে কোনো তারতম্য নেই। অধিকন্তু এ আলোচনা আকলি তথা আকল প্রসূত। এর পিছে না পড়াই ভাল।

পাশাপাশি এও জানা গেল, কুফরের যে শক্তি চূর্ণ করার জন্য জিহাদ ফরয করা হয়েছে তা কেয়ামত অবধি বহাল থাকবে বিধায় জিহাদের ফরযও কেয়ামত অবধি বহাল থাকবে। ওয়াল্লাহু আ'লাম।

৮৩.সংশয় নিরসন- ০১: মুসলিম ভূমি উদ্ধার করা ফরয

সংশয়-১:

ফুকাহায়ে কেরাম বলেছেন, কোন মুসলিম ভূখণ্ড আক্রান্ত হলে শত্রু প্রতিহত করার জন্য যুদ্ধে বেরিয়ে পড়া ফরয। কিন্তু কাফেররা কোন ভূখণ্ড দখল করে নিলে তা পুনঃরুদ্ধার করা ফরয- এমন কথা কি কেউ বলেছেন? ভারতে যখন ইংরেজরা আক্রমণ করেছিল তখন প্রতিহত করার জন্য জিহাদ ফরয ছিল। কিন্তু যখন তারা দখল করে নিয়ে গেছে তখন থেকে আর জিহাদ ফরয নয়। স্পেন, আরাকান ও কাশ্মিরসহ অন্যান্য ভূখণ্ডের বেলায়ও একই কথা।

নিরসন

بسم الله الرحمن الرحيم

وصلى الله تعالى على خير خلقه محمد وآله وصحبه أجمعين. أما بعد

এক.

আমরা জানি, জিহাদ দুই প্রকার: ইকদামি ও দিফায়ি। কাফেরদের শক্তি চুরমার করে ইসলামী শাসনের অধীনস্ত করার জন্য কাফেরদের দেশে অগ্রে বেড়ে যে হামলা করা হয়, সেটি ইকদামি জিহাদ। আর কাফেররা মুসলমানদের কোন ভূমিতে আক্রমণ করলে প্রতিহত করা দিফায়ি জিহাদ। এ উভয় প্রকার জিহাদ ফরয। প্রথমটি ফরযে কিফায়া, দ্বিতীয়টি ফরযে আইন।

কাফেররা যদি আমাদের উপর কোন আক্রমণ নাও করে, তথাপি তাদের বিরুদ্ধে আক্রমণাত্মক জিহাদ ফরয। তাদেরকে তাদের দেশে রাজত্ব করতে দেয়াও আমাদের জন্য জায়েয নেই। তাদের রাজত্ব চুরমার করে ইসলামী শাসনের অধীনস্ত করা আমাদের ফরয দায়িত্ব।

মুহতারাম পাঠক, যখন কাফেরদেরকে কাফেরদের ভূমিতে নিরাপদে থাকতে দেয়াও আমাদের জন্য জায়েয নেই, তখন আমাদের ভূমি দখল করে নিলে তা তাদের হাতে ছেড়ে রাখা কিভাবে জায়েয হতে পারে? এখানে তো এর আগেই জিহাদ

ফরয হবে।

ইমাম তুসূলী রহ. (১২৫৮ হি.) বলেন,

أفلا تتذكرون: أن الله- سبحانه- أمرنا بالذهاب إليهم، وقتالهم في أراضيهم، فكيف: إذا قدموا إلى برّنا هذا بالغيّ والفساد!؟، أم لنا براءة استثنانا الله- تعالى- بسببها من عموم دعوة العباد؟!. اهـ

"তোমাদের কি স্মরণ নেই যে, আল্লাহ তাআলা আমাদেরকে তাদের ভূমিতে গিয়ে আক্রমণ চালানোর আদেশ দিয়েছেন?? তাহলে স্বয়ং তারা ভ্রষ্টতা আর ফাসাদ নিয়ে আমাদের এই ভূমিতে আগ্রাসন চালালে কি বিধান হবে?! না'কি আমাদের এমন কোন ছাড়পত্র আছে, যার কারণে আল্লাহ তাআলা বান্দাদের দাওয়াতের সার্বজনীন যে দায়িত্ব, তা থেকে আমাদের অব্যাহতি দিয়েছেন?"- আজবিবাতুত তুসূলী ২৬৩

দুই.

আরাকান, কাশ্মির, ভারত, পূর্ব তুর্কিস্তানসহ কাফেরদের দখলকৃত প্রতিটি মুসলিম ভূমিতে মুসলমানরা আজ সীমাহীন

নির্যাতিত। তাদের হাহাকারে আকাশ বাতাস প্রকম্পিত। আল্লাহ তাআলা জিজ্ঞেস করেন,

وَمَا لَكُمْ لَا تُقَاتِلُونَ فِي سَبِيلِ اللَّهِ وَالْمُسْتَضْعَفِينَ مِنَ الرِّجَالِ وَالنِّسَاءِ وَالْوِلْدَانِ الَّذِينَ يَقُولُونَ رَبَّنَا أَخْرِجْنَا مِنْ هَذِهِ الْقَرْيَةِ الظَّالِمِ أَهْلُهَا وَاجْعَلْ لَنَا مِنْ لَدُنْكَ وَلِيًّا وَاجْعَلْ لَنَا مِنْ لَدُنْكَ نَصِيرًا

“আর তোমাদের কী হল যে, তোমরা লড়াই করছ না আল্লাহর রাস্তায় এবং ঐসব দুর্বল পুরুষ, নারী ও শিশুদেরকে উদ্ধার করার জন্য, যারা বলছে, ‘হে আমাদের রব, আমাদেরকে বের করুন এ জনপদ থেকে’ যার অধিবাসীরা যালিম এবং আমাদের জন্য আপনার পক্ষ থেকে একজন অভিভাবক নির্ধারণ করুন। আর নির্ধারণ করুন আপনার পক্ষ থেকে একজন সাহায্যকারী।”- নিসা: ৭৫

শায়েখ আব্দুর রহমান বিন নাসির আসসা’দি রহ. (১৩৭৬ হি.) উক্ত আয়াতের তাফসীরে বলেন,

هذا حث من الله لعباده المؤمنين وتهييج لهم على القتال في سبيله، وأن ذلك قد تعين عليهم، وتوجه اللوم العظيم عليهم بتركه، فقال:

{ وَمَا لَكُمْ لا تُقَاتِلُونَ فِي سَبِيلِ اللَّهِ } والحال أن المستضعفين من الرجال والنساء والولدان الذين لا يستطيعون حيلة ولا يهتدون سبيلا ومع هذا فقد نالهم أعظم الظلم من أعدائهم، فهم يدعون الله

أن يخرجهم من هذه القرية الظالم أهلها لأنفسهم بالكفر والشرك، وللمؤمنين بالأذى والصد عن سبيل الله، ومنعهم من الدعوة لدينهم والهجرة.ويدعون الله أن يجعل لهم وليًّا ونصيرًا يستنقذهم من هذه القرية الظالم أهلها.

فصار جهادكم على هذا الوجه من باب القتال والذب عن عيلاتكم وأولادكم ومحارمكم، لا من باب الجهاد الذي هو الطمع في الكفار، فإنه وإن كان فيه فضل عظيم ويلام المتخلف عنه أعظم اللوم، فالجهاد الذي فيه استنقاذ المستضعفين منكم أعظم أجرًا وأكبر فائدة، بحيث يكون من باب دفع الأعداء. اهـ

“এ আয়াতে আল্লাহ তা’আলা তার মুমিন বান্দাদেরকে তার রাস্তায় জিহাদের জন্য উদ্বুদ্ধ ও উৎসাহিত করছেন। আয়াত *বুঝাচ্ছে যে, এ জিহাদ তাদের উপর ফরজে আইন হয়ে গেছে। এ জিহাদ তরকের কারণে তারা চরম ভর্ৎসনার পাত্র হচ্ছে। তিনি বলছেন, ‘কী হলো তোমাদের?! তোমরা আল্লাহর রাস্তায় জিহাদ করছ না।’ অথচ অসহায় দুর্বল নারী-পুরুষ ও শিশুরা, যারা কোনো উপায় অবলম্বন পাচ্ছে না, তারা শত্রুদের হাতে চরম অত্যাচারের শিকার হচ্ছে! তারা আল্লাহ তায়ালার কাছে ফরিয়াদ করছে, তিনি যাতে তাদেরকে এই ভূখণ্ড থেকে বের করে নিয়ে যান। যার অধিবাসীরা শিরক ও কুফর করে নিজেদের প্রতি জুলুম করছে এবং অত্যাচার করে ও আল্লাহর

পথে বাধা দিয়ে মুমিনদের উপর জুলুম করছে। দ্বীনের দাওয়াত ও হিজরত থেকে তাদেরকে বাধা দিচ্ছে। তারা আল্লাহ তা'আলার কাছে মিনতি জানাচ্ছে, তিনি যেন তাদের জন্য কোনো অভিভাবক ও সাহায্যকারী প্রেরণ করেন, যে তাদেরকে এই জালেমদের ভূমি থেকে উদ্ধার করবে।

সুতরাং এটি তো সে প্রকারের জিহাদ, যা তোমরা তোমাদের সন্তান-সন্ততি, পরিবার-পরিজন, আত্মীয়-স্বজন ও ইজ্জত আব্রু রক্ষার্থে করবে। এটি সেই যুদ্ধ নয়, যা (আগে বেড়ে) কাফেরদের উপর আক্রমণের আগ্রহে করা হয়। যদিও এই প্রকারের জিহাদেও রয়েছে মহাসফলতা এবং তা থেকে পশ্চাৎগামীদের ব্যাপারেও এসেছে চরম ভর্ৎসনা, কিন্তু যে জিহাদের মাধ্যমে তোমাদের দুর্বলদের উদ্ধার করবে, তার প্রতিদান তার চেয়েও আরো অনেক বড় এবং তার উপকারিতাও অনেক বেশি। কারণ এটি শত্রু প্রতিরোধমূলক জিহাদ।"- তাফসীরে সা'দি ১/১৮৭

আল্লাহ তাআলার এমন সুস্পষ্ট নির্দেশ থাকার পরও কিভাবে মজলুম মুসলমানদের কথা ভুলে গিয়ে আমরা বসে থাকতে

পারি??

তিন.

আক্রান্ত হলে যে কারণে প্রতিহত করা ফরয, সে একই কারণে দখলকৃত ভূমি উদ্ধার করা ফরয। আক্রান্ত হলে প্রতিহত করা ফরয যাতে মুসলমানদের দ্বীন ও দুনিয়ার কোন ক্ষতিসাধন না হয়। মুসলমানদের অপদস্ত ও লাঞ্ছিত হতে না হয়। কোন মুসলমানের জান, মাল ও ইজ্জত-আব্রুর উপর কোন সীমালঙ্গন না হয়। কাফেররা যেন মুসলমানদের উপর কর্তৃত্ব না করতে পারে। তাদের উপর চেপে বসতে না পারে। আল্লাহর যমিনে যেন ফিতনা না হয়। শিরক, কুফর ও ফাসাদের রাজত্ব না হয়। আল্লাহর বান্দারা যেন নিরাপদে আল্লাহর দাসত্ব ও আনুগত্য করে যেতে পারে। যেমনটা আল্লাহ তাআলা ইরশাদ করেন,

وَقَاتِلُوهُمْ حَتَّى لَا تَكُونَ فِتْنَةٌ وَيَكُونَ الدِّينُ كُلُّه لِلّٰهِ

“আর তোমরা তাদের বিরুদ্ধে কিতাল কর, যতক্ষণ না ফিতনার অবসান হয় এবং দ্বীন ও আনুগত্য পূর্ণরূপে আল্লাহর জন্য হয়ে যায়।”- আনফাল: ৩৯

কাফেররা আক্রমণ করলে তো এসব ফিতনার সম্ভাবনা থাকে মাত্র। যদি তারা মুসলমানদের উপর বিজয়ী হয়ে যেতে পারে, তাহলে ফিতনা চালাবে। আর দখল করে নিলে তো সুনিশ্চিত যে, তারা সব ধরণের ফিতনা ফাসাদ ও জুলুম অত্যাচার চালাবে- যেমনটা আজ আমরা প্রতিটি দখলকৃত মুসলিম ভূমিতে দেখতে পাচ্ছি। যদি আগ্রাসন চালালেই জিহাদ ফরয হয়ে যায়, তাহলে দখল করে নিলে কোন কারণে জিহাদ ফরয হবে না? এখানে তো এর আগেই ফরয হওয়ার কথা।

চার.

ফুকাহায়ে কেরাম যেখানে বলেছেন যে, কাফেররা কোন ভূমিতে আগ্রাসন চালালে তা প্রতিহত করা ফরয, যাতে তারা দখলদারিত্ব বসাতে না পারে, সেখানে আসলে তারা এ কথাটিও বলেছেন যে, কোন ভূখণ্ড কাফেরদের দখলে চলে গেলে তা উদ্ধার করা ফরয। ফুকাহায়ে কেরামের বক্তব্যগুলো ভালভাবে লক্ষ্য করলেই তা বুঝে আসে। আসুন আমরা কয়েকটি বক্তব্য দেখি। ইনশাআল্লাহ পরিষ্কার হয়ে যাবে।

দখলদারিত্ব কায়েম করার পূর্বেই শত্রু প্রতিহত করা ফরয:

ইমাম জাসসাস রহ. (৩৭০ হি.) বলেন,

> ومعلوم في اعتقاد جميع المسلمين أنه إذا خاف أهل الثغور من العدو، ولم تكن فيهم مقاومة لهم فخافوا على بلادهم وأنفسهم وذراريهم أن الفرض على كافة الأمة أن ينفر إليهم من يكف عاديتهم عن المسلمين، وهذا لاخلاف فيه بين الأمة إذ ليس من قول أحد من المسلمين إباحة القعود عنهم حتى يستبيحوا دماء المسلمين و سبي ذراريهم. اهـ

“সকল মুসলমানের সুবিদিত আকীদা যে, যখন সীমান্তবর্তী মুসলমানেরা শত্রুর আক্রমণের আশঙ্কা করে; আর তাদের মাঝে শত্রু প্রতিরোধের ক্ষমতা বিদ্যমান না থাকে; ফলে তারা নিজ পরিবার-পরিজন, দেশ ও জানের ব্যাপারে শঙ্কাগ্রস্ত হয়, তখন পুরো উম্মাহর উপর ফরজ হয়ে যায়, শত্রুর ক্ষতি থেকে মুসলমানদের রক্ষা করতে পারে পরিমাণ লোক তাদের সাহায্যে জিহাদে বের হওয়া। এ বিষয়ে উম্মাহর মাঝে কোনো দ্বিমত নেই। এমন কথা কোনো মুসলমানই বলেনি যে, শত্রুরা মুসলমানদের রক্ত প্রবাহিত করবে, তাদের পরিবার-পরিজনকে বন্দী করবে, আর মুসলমানদের জন্য তাদেরকে সাহায্য না করে বসে থাকা বৈধ হবে।”- আহকামুল কুরআন ৪/৩১২

আল্লামা আলাউদ্দীন কাসানী রহ: (৫৮৭ হি.) বলেন-

فأما إذا عم النفير بأن هجم العدو على بلد، فهو فرض عين يفترض على كل واحد من آحاد المسلمين ممن هو قادر عليه؛ لقوله سبحانه وتعالى {انفروا خفافا وثقالا} قيل: نزلت في النفير. اهـ

“যদি নাফিরে আম হয়ে যায়; অর্থাৎ কোন এলাকায় শত্রুরা আক্রমন চালায়, তাহলে জিহাদ ফরজে আইন হয়ে যায়। এই ফরজ প্রত্যেক সক্ষম মুসলমানের উপর বর্তায়। এর প্রমাণ আল্লাহ তায়ালার বাণী- ‘তোমরা হালকা-ভারী উভয় অবস্থায় জিহাদে বের হও।’ বলা হয়, আয়াতটি নাফিরে আম সম্পর্কে অবতীর্ণ হয়েছে।” -বাদায়িউস সানায়ি’: ৭/৯৮

আল্লামা বদরুদ্দীন আইনী রহ. (৮৫৫ হি.) বলেন,

يجب الجهاد على الكفاية إلا إذا كان النفير عاماً بأن لا يندفع شر الكفار إذا هجموا ببعض المسلمين ... فيفترض على كل واحد. اهـ

“জিহাদ ফরজে কেফায়া। তবে নাফিরে আম হয়ে গেলে সকলের উপর ফরজ হয়ে যায়। আর নাফিরে আম হল- যখন কাফেররা আক্রমন করে বসে এবং কিছু সংখ্যক মুসলমানের দ্বারা তাদের অনিষ্ট প্রতিহত যায় না।... তখন সকলের উপর জিহাদ ফরজ হয়ে যায়।” –আলবিনায়া:৭/৯৬

ইমাম কুরতুবী রহ. (৬৭১হি.) বলেন-

ولو قارب العدو دار الإسلام ولم يدخلوها لزمهم أيضا الخروج إليه. اهـ

“যদি এমন হয় যে, শত্রুরা দারুল ইসলামের নিকটবর্তী হয়ে গেছে, কিন্তু এখনও দারুল ইসলামে আগ্রাসন চালায়নি, তাহলেও তাদের উপর ফরজ, শত্রু প্রতিহত করার উদ্দেশ্যে বেরিয়ে পড়া।” -তাফসীরে কুরতুবী: ৮/ ১৫২

এ চার বক্তব্য থেকে স্পষ্ট- শত্রু আগ্রাসন চালালে বা চালাতে আসলে তাকে প্রতিহত করার জন্য জিহাদ ফরয। দখলদারিত্ব কায়েম করার পূর্বেই তাকে প্রতিহত করে দিতে হবে।

দখলকৃত ভূমি উদ্ধার করা ফরয:

আল্লামা ইবনে আবিদিন শামী রহ. (১২৫২হি.) বলেন-

> الجهاد إذا جاء النفير إنما يصير فرض عين على من يقرب من العدو، فأما من وراءهم ببعد من العدو فهو فرض كفاية عليهم، حتى يسعهم تركه إذا لم يحتج إليهم. فإن احتيج إليهم بأن عجز من كان يقرب من العدو عن المقاومة مع العدو أو لم يعجزوا عنها، لكنهم تكاسلوا ولم يجاهدوا: فإنه يفترض على من يليهم فرض عين كالصلاة والصوم، لا يسعهم تركه ثم وثم إلى أن يفترض على جميع أهل الإسلام شرقا وغربا على هذا التدريج. اهـ

“যদি শত্রুরা মুসলমানদের উপর আক্রমণ চালায়, তাহলে (প্রথমত) জিহাদ ফরজে আইন হয় ঐসব মুসলমানের উপর, যারা শত্রুর সবচেয়ে নিকটবর্তী। আক্রান্ত এলাকা থেকে যারা দূরে অবস্থান করছে, (শত্রু প্রতিহত করতে) যদি তাদের সাহায্যের প্রয়োজন না হয়, তাহলে তাদের উপর জিহাদ (ফরজে আইন নয়; বরং) ফরজে কেফায়া। এ অবস্থায় তাদের জিহাদে শরীক না হওয়ার অবকাশ থাকে। তবে শত্রুর নিকটে যারা রয়েছে, তারা যদি শত্রু প্রতিরোধে অপারগ হয় বা অলসতাবশত জিহাদ না করে, তাহলে তাদের পার্শ্ববর্তীদের

উপর জিহাদ ফরজে আইন হয়ে যাবে; যেমন নামাজ-রোজা ফরজে আইন। তখন তাদের জন্য জিহাদ না করার কোনো অবকাশ থাকবে না। এভাবে তার পরের এবং তার পরের মুসলমানদের উপর জিহাদ ফরজে আইন হতে থাকবে। পর্যায়ক্রমে পূর্ব থেকে পশ্চিম; সমগ্র বিশ্বের সকল মুসলমানের উপর জিহাদ ফরজে আইন হয়ে যাবে।" -রদ্দুল মুহতার: ৪/১২৪

ইমাম তুসূলী রহ. (১২৫৮ হি.) বলেন,

فالجهاد: فرض عين على من نزل بهم عدوّ الدين، فإن لم تكن فيهم كفاية، أو لم تجتمع لهم كلمة: فعلى الذين يلونهم، (فإن لم تكن في الذين يلونهم كفاية، أو لم تجتمع لهم كلمة: فعلى الذين يلونهم)، وهكذا إلى أن تحصل الكفاية، ولو اتّصل ذلك من مثل "المغرب" لبغداد"، وعمّ ذلك من الآفاق الحاضر والباد. اهـ

"যাদের উপর শত্রুরা আগ্রাসন চালিয়েছে, (সর্বপ্রথম) তাদের উপর জিহাদ ফরযে আইন। যদি তাদের দ্বারা যথেষ্ট না হয় বা তাদের পরস্পরে ঐক্য না থাকে, তাহলে তাদের পার্শ্ববর্তীদের

উপর। যদি তাদের পার্শ্ববর্তীদের দ্বারা যথেষ্ট না হয় বা তাদের পরস্পরে ঐক্য না থাকে, তাহলে তাদের পার্শ্ববর্তীদের উপর। এভাবে পর্যায়ক্রমে ফরযে আইন হতে থাকবে, যতক্ষণ না প্রতিহত করার জন্য পর্যাপ্ত পরিমাণের ব্যবস্থা হয়। যদিও এই ফরয মাগরিব থেকে নিয়ে বাগদাদ পর্যন্ত, এমনকি সার্বজনীনভাবে পৃথিবীর সর্বপ্রান্তের গ্রাম-শহর সকলের উপর বর্তায়।”- আজবিবাতুত তুসূলী ২৬৩

লক্ষ করুন- বলা হয়েছে, যাদের উপর আক্রমণ হয়েছে সর্বপ্রথম তাদের উপর জিহাদ ফরয। তারা যদি প্রতিহত করতে সক্ষম না হয় বা না করে তাহলে তাদের পার্শ্ববর্তীদের উপর। এভাবে হতে হতে সারাবিশ্বের সকল মুসলমানের উপর জিহাদ ফরয হয়ে যাবে।

এই বক্তব্যের দু’টি উদ্দেশ্য হতে পারে-

ক.

কাফেররা কোন এক জায়গায় আক্রমণ করলে আগ্রাসী কাফেরদের প্রতিহত করতে যে পরিমাণ মুসলমানের জিহাদের শরীক হওয়ার দরকার, সে পরিমাণ মুসলমানের উপর জিহাদ ফরযে আইন। প্রথমত এ দায়িত্ব যাদের উপর আক্রমণ হয়েছে তাদের উপর বর্তাবে। তারা জিহাদে শরীক হবে। তাদের দ্বারা যথেষ্ট হবে না মনে হলে তাদের পার্শ্ববর্তীরাও শরীক হবে। তাদের দ্বারাও যথেষ্ট হবে না মনে হলে তাদের পার্শ্ববর্তীরাও শরীক হবে। এভাবে যদি এমন হয় যে, সারা বিশ্বের সকল মুসলমান শরীক না হলে কাফেরদের আক্রমণ প্রতিহত করা যাবে না, তারা দখলদারিত্ব কায়েম করে ফেলবে, তাহলে সকলের উপরই জিহাদে শরীক হওয়া আবশ্যক। অর্থাৎ কোন ভূখণ্ডে আগ্রাসন হওয়া মাত্রই এমন সংখ্যক মুসলমানের উপর জিহাদ ফরযে আইন হয়ে যাবে, যে সংখ্যক মুসলমান দিয়ে দখলদারিত্ব বসানোর আগেই কাফেরদের প্রতিহত করা যায়। এ হল এক উদ্দেশ্য। প্রথমে উল্লিখিত জাসসাস, কাসানী, আইনী ও কুরতুবি- এ চারজনের বক্তব্যে বিষয়টি স্পষ্টভাবে আলোচিত হয়েছে।

খ.

দ্বিতীয় উদ্দেশ্য এটি হতে পারে যে, প্রথমত যাদের উপর আক্রমণ হয়েছে তারা যদি প্রতিহত করতে না পারে বা না করে, ফলে কাফেররা তাদের উপর দখলদারিত্ব কায়েম করে ফেলে, তাহলে তাদের পার্শ্ববর্তীদের উপর ফরয হবে তাদের উদ্ধার করা। তারা যদি তাদের উদ্ধারে সক্ষম না হয় বা না করে কিংবা কাফেররা তাদের উপরও দখলদারিত্ব কায়েম করে ফেলে, তাহলে তাদের পরবর্তীদের উপর ফরয হবে তাদের সকলকে উদ্ধার করা। এভাবে আক্রান্ত ভূমিতে কাফেরদের দখলদারিত্ব যদি বহাল থাকে কিংবা তারা ক্রমাগত দখল বাড়াতে থাকে, তাহলে বাকি মুসলমানদের উপর ফরয হবে এসব দখলকৃত ভূমি উদ্ধার করা। এর জন্য সারাবিশ্বের সকল মুসলমানকে জিহাদে শরীক হওয়ার দরকার পড়লে সকলকেই শরীক হতে হবে। কোন মুসলিম ভূমি কাফেদের দখলে থাকতে দেয়া যাবে না।

আল্লামা তুসূলী রহ. ও আল্লামা ইবনে আবেদীন রহ. সহ আরো যাদের বক্তব্য এমন- তাদের সকলের বক্তব্যেই এ দু'টি বিষয় উদ্দেশ্য হতে পারে।

চিন্তা করে দেখুন, ফুকাহায়ে কেরাম এ কথাগুলো বলেছেন, যখন উট-ঘোড়া ছাড়া যোগাযোগের আর কোন মাধ্যম ছিল না। সুদূর স্পেন বা মরক্কোতে আক্রমণ হলে এ খবর রাতারাতি মাশরিক তথা বাগদাদ বা হিন্দুস্তানে পৌঁছে যাবে না। আর স্পষ্ট যে, এত দিনে কাফেররা দখলদারিত্ব কায়েম করে ফেলবে। বাগদাদবাসী বা হিন্দুস্তানবাসীর তখন দায়িত্ব হবে, এ দখলদারিত্ব হটিয়ে স্পেন ও মরক্কো মুক্ত করা। ফুকাহায়ে কেরামের এমনটিই উদ্দেশ্য।

অধিকন্তু তারা বলেছেন, নিকটবর্তীরা যদি সক্ষমতা সত্ত্বেও জিহাদ না করে বসে থাকে, তাহলে বাকিদের দায়িত্ব জিহাদ করা। আর স্পষ্ট যে, নিকটবর্তীরা বসে থাকলে কাফেররা দখলদারিত্ব কায়েম করবে। পরবর্তী মুসলমানদের দায়িত্ব হবে কাফেরদের দখলদারিত্ব থেকে মুসলিম ভূমি উদ্ধার করা।

শাইখুল ইসলাম ইবনে কামাল পাশা রহ. (৯৪০ হি.) এর ফতোয়া

ফুকাহায়ে কেরামের বক্তব্যের দ্বিতীয় যে উদ্দেশ্যটির কথা বলেছি- অর্থাৎ কোন মুসলিম ভূমি কাফেরদের দখলে চলে গেলে তা উদ্ধার করা ফরয- ইবনে কামাল পাশা রহ. এর ফতোয়া থেকে বিষয়টি ইনশাআল্লাহ পরিষ্কার হবে। তার ফতোয়াটি ছিল দখলদার শীয়াদের ব্যাপারে।

শীয়ারা মুসলমানদের কিছু এলাকা দখল করে নিয়েছিল। তখন তৎকালীন উসমানী খেলাফতের শাইখুল ইসলাম ইবনে কামাল পাশা রহ. (৯৪০ হি.) এদের বিরুদ্ধে কিতালের ফতোয়া জারি করেন। মূল ফতোয়াটি তুর্কি ভাষায়। ডক্টর সায়্যিদ বাগজুওয়ান সেটি তাহকিক করে আরবী অনুবাদ করে ছেপেছেন। ফতোয়ায় তিনি তাদের বিরুদ্ধে কিতালের বিধান বর্ণনা করেছেন। সাথে সাথে ফিকহের বক্তব্য থেকে এর দলীল দিয়েছেন। এখানে প্রয়োজনীয় অংশটুকু উল্লেখ করছি। তিনি বলেন,

قد تواترت الأخبار والآثار في بلاد المؤمنين أن طائفة من الشيعة قد غلبوا على بلاد كثيرة من بلاد السنيين، حتى أظهروا مذاهبهم الباطلة. اهـ

“মুসলমানদের রাষ্ট্রসমূহে মুতাওয়াতির সূত্রে অসংখ্য ব্যক্তির মাধ্যমে এ সংবাদ পৌঁছেছে যে, শীয়াদের একটা দল সুন্নীদের অনেকগুলো এলাকা দখল করে নিয়েছে। এমনকি সেগুলোতে তারা তাদের বাতিল মতবাদ প্রকাশ্যে জারি করেছে।”- খামসু রাসায়িল ফিল ফিরাকি ওয়াল মাযাহিব ১৯৫

সামনে বলেন,

وبالجملة أن أنواع كفرهم المنقولة إلينا بالتواتر مما لا يعد ولا يحصى. فنحن لا نشك في كفرهم وارتدادهم. وإن دارهم دار حرب. اهـ

“মোটকথা, মুতাওয়াতির সূত্রে অসংখ্য ব্যক্তি মারফত আমাদের নিকট এসব শীয়ার এত অধিক কুফরির কথা পৌঁছেছে যে, তার কোন হিসাব কিতাব নেই। কাজেই, তারা কাফের ও মুরতাদ হওয়ার ব্যাপারে আমাদের কোন সন্দেহ নেই। আর তাদের দখলকৃত রাষ্ট্র দারুল হরবে পরিণত হয়েছে।”- খামসু রাসায়িল ফিল ফিরাকি ওয়াল মাযাহিব ১৯৬

সামনে বলেন,

ثم أن أحكامهم كانت من أحكام المرتدين. حتى إنهم لو غلبوا على مدائنهم صارت هى دار الحرب، فيحل للمسلمين أموالهم ونسائهم وأولادهم ... ويجب أن يعلم أيضا أن جهادهم كان فرض عين على جميع أهل الإسلام الذين كانوا قادرين على قتالهم. اهـ

"এদের বিধান মুরতাদদের বিধানের অনুরূপ। তাদের দখলকৃত শহরগুলো দারুল হরব। তাই মুসলমানদের জন্য তাদের মাল গনিমত বানানো এবং তাদের নারী শিশুদের বন্দী করা হালাল। ... আরো জেনে রাখা আবশ্যক যে, সকল সক্ষম মুসলমানের উপর তাদের বিরুদ্ধে জিহাদ করা ফরযে আইন।"- খামসু রাসায়িল ফিল ফিরাকি ওয়াল মাযাহিব ১৯৬

জিহাদ ফরযে আইন হওয়ার পক্ষে তিনি সদরুশ শরীয়া রহ. (৭৪৭ হি.) এর নিম্নোক্ত বক্তব্য পেশ করেছেন-

إذا هجمَ الكفارُ على ثغرٍ من الثّغورِ يصيرُ فرضَ عينٍ على مَن كان يقربُ منه، وهم يقدرونَ على الجهاد. وأمَّا على مَن ورائِهم، فإذا بلغَ الخبرُ إليهم يصيرُ فرضَ عينٍ عليهم إذا احتيجَ إليهم، بأن خيفَ على مَن كان يقربُ منهم، بأنَّهم عاجزونَ عن المقاومة، أو بأن لم يعجزوا، ولكن تكاسلوا، ثُمَّ وثُمَّ إلى أن يصيرَ فرضَ عينٍ على جميعِ أهلِ الإسلام شرقاً وغرباً. اهـ

“কাফেররা মুসলমানদের কোন সীমান্তে আক্রমণ করলে সীমান্তের নিকটবর্তী সক্ষম মুসলমানদের উপর (সর্বপ্রথম) জিহাদ ফরযে আইন। তাদের পরবর্তীদের কাছে যদি সংবাদ পৌঁছে এবং প্রয়োজন পড়ে, তাহলে তাদের উপরও ফরযে আইন। প্রয়োজন পড়বে এভাবে যে, সীমান্তবর্তীরা অক্ষম হওয়ার কারণে তাদের ব্যাপারে আশঙ্কা হচ্ছে (যে, তারা প্রতিহত করতে পারবে না) কিংবা অক্ষম নয় কিন্তু অলসতা করছে। এভাবে হতে হতে (ক্রমানুসারে) পৃথিবীর পূর্ব-পশ্চিম সকল প্রান্তের মুসলমানদের উপর জিহাদ ফরযে আইন হয়ে যাবে।”- শরহুল বিকায়া ৬/৮৩-৮৪

ইবনে কামাল পাশা রহ. এর ফতোয়া থেকে দু’টি বিষয় বুঝা গেল-

১. কাফেররা কোন মুসলিম ভূমি দখল করে নিলে তা উদ্ধার করা ফরয। কারণ, তিনি এ ফতোয়া এমন মুসলিম ভূমি উদ্ধারের ব্যাপারে দিয়েছিলেন, যেগুলো ইতিমধ্যে শীয়া কাফেররা দখল করে নিয়েছিল।

২. ফুকাহায়ে কেরাম যেখানে বলেছেন যে, ‘কাফেররা আক্রমণ করলে প্রয়োজন পড়লে পৃথিবীর সকল মুসলমানের উপর জিহাদ ফরযে আইন’- এর দ্বারা পূর্বোক্ত উভয়টি উদ্দেশ্য। অর্থাৎ দখলদারিত্ব কায়েম করার আগেই প্রতিহত করতে হবে। প্রতিহত করা সম্ভব না হলে এবং কাফেররা দখলদারিত্ব কায়েম করে নিলে সেটি উদ্ধার করা ফরয। কেননা, সদরুশ শরীয়ার যে বক্তব্য দিয়ে তিনি দলীল দিয়েছেন যে, শীয়াদের দখলকৃত ভূমিগুলো উদ্ধার করা ফরয, সেখানে এ কথা পরিষ্কার নেই যে, দখলকৃত ভূমি উদ্ধার করতে হবে। সেখানে শুধু এতটুকুই আছে যে, আক্রমণ হলে ক্রমে ক্রমে সারা বিশ্বের সকল মুসলমানের উপর জিহাদ ফরযে আইন হয়ে যাবে। এ থেকে বুঝা যায়, ফুকাহায়ে কেরামের এ ধরণের সকল বক্তব্য দ্বারা এটাই উদ্দেশ্য যে, যেকোনভাবে কাফেরকে দারুল ইসলাম থেকে বের করে দিতে হবে। দখলদারিত্ব কায়েম করার আগে সম্ভব হলে আগেই। সম্ভব না হলে দখলদারিত্ব কায়েম করার পর হলেও যুদ্ধের মাধ্যমে হটিয়ে মুসলিম ভূমি উদ্ধার করতে হবে।

পাঁচ.

দখলকৃত ভূমি উদ্ধার করতে হবে- এ কথাটি কোন কোন ফকিহ স্পষ্টও বলেছেন।

ইমাম কুরতুবী রহ. (৬৭১হি.) বলেন-

وقد تكون حالة يجب فيها نفير الكل، وهي: الرابعة- وذلك إذا تعين الجهاد بغلبة العدو على قطر من الأقطار، أو بحلوله بالعقر، فإذا كان ذلك وجب على جميع أهل تلك الدار أن ينفروا ويخرجوا إليه خفافا وثقالا، شبابا وشيوخا، كل على قدر طاقته، من كان له أب بغير إذنه ومن لا أب له، ولا يتخلف أحد يقدر على الخروج، من مقاتل أو مكثر. فإن عجز أهل تلك البلدة عن القيام بعدو هم كان على من قاربهم وجاور هم أن يخرجوا على حسب ما لزم أهل تلك البلدة، حتى يعلموا أن فيهم طاقة على القيام بهم ومدافعتهم. وكذلك كل من علم بضعفهم عن عدو هم وعلم أنه يدركهم ويمكنه غياثهم لزمه أيضا الخروج إليهم، فالمسلمون كلهم يد على من سواهم، حتى إذا قام بدفع العدو أهل الناحية التي نزل العدو عليها واحتل بها سقط الفرض عن الآخرين. ولو قارب العدو دار الإسلام ولم يدخلوها لزمهم أيضا الخروج إليه، حتى يظهر دين الله وتحمى البيضة وتحفظ الحوزة ويخزى العدو. ولا خلاف في هذا. اهـ

"কোনো কোনো অবস্থায় সকলের উপরই জিহাদে বের হওয়া ফরজ হয়ে যায়। চতুর্থ মাসআলায় এটাই বর্ণনা করা উদ্দেশ্য। উক্ত অবস্থা হল- যখন কোনো (মুসলিম) ভূখণ্ডে শত্রু দখলদারিত্ব কায়েম করে ফেলার কারণে বা কোনো ভূখণ্ডে শত্রু ঢুকে পড়ার কারণে জিহাদ ফরজে আইন হয়ে যায়। এমতাবস্থায় উক্ত ভূখণ্ডের হালকা-ভারি, যুবক-বৃদ্ধ সকল অধিবাসীর উপর ফরজ- শত্রুর মোকবেলায় জিহাদে বেরিয়ে পড়া। প্রত্যেকে নিজ সামর্থ্য অনুযায়ী শত্রু প্রতিহত করবে। যার পিতা নেই সে তো যাবেই, যার পিতা আছে সেও পিতার অনুমতি ছাড়াই বেরিয়ে পড়বে। যুদ্ধ করতে সক্ষম কিংবা (অন্তত মুজাহিদদের) সংখ্যা বৃদ্ধি করতে সক্ষম, এমন কেউ বসে থাকবে না। ঐ অঞ্চলের অধিবাসীরা যদি শত্রু প্রতিহত করতে অক্ষম হয়, তাহলে উক্ত ভূখণ্ডের অধিবাসীদের মতো তাদের নিকটবর্তী এবং প্রতিবেশীদের উপরও আবশ্যক- জিহাদে বের হয়ে পড়া; যতক্ষণ না তারা বুঝতে পারবে যে, এখন তাদের শত্রু প্রতিহত করার এবং তাদেরকে বিতাড়িত করার সামর্থ্য অর্জিত হয়েছে। তেমনি যে ব্যক্তিই জানতে পারবে যে, তারা শত্রু প্রতিহত করতে অক্ষম এবং সে বুঝতে পারবে- আমি তাদের কাছে পৌঁছতে এবং তাদেরকে সাহায্য করতে সক্ষম হব; তার উপরই আবশ্যক সাহায্যের উদ্দেশ্যে

বেরিয়ে পড়া। কারণ, সকল মুসলমান তাদের শত্রুদের বিরুদ্ধে এক হস্তের ন্যায়। তবে যে এলাকায় শত্রু আগ্রাসন চালিয়েছে, তারা নিজেরাই যদি শত্রু প্রতিহত করতে পারে, তাহলে অন্যদের উপর থেকে ফরজ রহিত হয়ে যাবে। যদি এমন হয় যে, শত্রুরা দারুল ইসলামের নিকটবর্তী হয়ে গেছে, কিন্তু এখনও দারুল ইসলামে আগ্রাসন চালায়নি, তাহলেও তাদের উপর ফরজ শত্রু প্রতিহত করার উদ্দেশ্যে বেরিয়ে পড়া। যাতে আল্লাহর দ্বীন বিজয়ী থাকে, ইসলামী ভূখণ্ড সংরক্ষিত থাকে এবং শত্রু অপদস্থ ও পরাস্ত হয়। এ বিষয়ে কারো কোনো দ্বিমত নেই।" -তাফসীরে কুরতুবী: ৮/১৫১-১৫২

ইমাম কুরতুবী রহ.-এর বক্তব্য থেকে বুঝা গেল, নিম্নোক্ত তিন সূরতের প্রতিটিতেই জিহাদ ফরজে আইন।

১. যখন শত্রু কোনো মুসলিম ভূখণ্ডে আগ্রাসন চালিয়ে তা দখল করে নেয়। (بغلبة العدو على قطر من الأقطار)

২. যদি শত্রু কোনো মুসলিম ভূখণ্ডে ঢুকে পড়ে, তবে এখনও তা দখলে নিতে সক্ষম হয়নি। (بحلوله بالعقر)

৩. যদি শত্রু আগ্রাসন চালানোর উদ্দেশ্যে দারুল ইসলামের

দিকে আসতে থাকে এবং দারুল ইসলামের কাছাকাছি এসে পড়ে। (لو قارب العدو دار الإسلام ولم يدخلوها)

কাজি ইয়ায রহ. (৫৪৪ হি.) বলেন-

وقوله: (وإذا استنفرتم فانفروا) هو على وجهين؛ فأما الاستنفار لعدو صدم أرض قوم، فنفيرهم له واجب فرض متعين عليهم، وكذلك لكل عدو غالب ظاهر حتى يقع، وأما لغير هذين الوجهين فيتكد النفير لطاعة الإمام لذلك، ولا يجب وجوب الأول. اهـ

“হাদিসের বাণী (وإذا استنفرتم فانفروا) ‘যখন তোমাদেরকে জিহাদে বের হতে আহবান করা হবে, তোমরা বের হয়ে পড়।’ -এর দু’টি সূরত:

১. যদি এমন কোনো শত্রু প্রতিহত করতে আহবান করা হয়, যারা মুসলমানদের কোনো ভূখণ্ডে আক্রমণ করেছে, তাহলে তাদেরকে প্রতিহত করার উদ্দেশ্যে জিহাদে বের হওয়া তাদের উপর ফরজে আইন।

২. একইভাবে যে শত্রু দখলদারিত্ব কায়েম করে ফেলেছে,

তাদের প্রতিহত করার জন্যে জিহাদে বের হওয়াও ফরজে আইন। এ ফরজ বলবৎ থাকবে, যতক্ষণ না শত্রু পরাজিত হয়।

এই দুই সূরত ছাড়াও ইমাম যদি জিহাদে বের হওয়ার আদেশ দেন, তবুও ইমামের আনুগত্যের ভিত্তিতে জিহাদে বের হওয়া আবশ্যক। তবে এটি পূর্বোক্ত দু'টির মতো জোরদার ফরজ নয়।" -ইকমালুল মু'লিম: ৬/২৭৫

ইমাম কুরতুবী রহ. ও কাজি ইয়ায রহ. এর বক্তব্য অত্যন্ত সুস্পষ্ট যে, শত্রু কোন মুসলিম ভূখণ্ড দখল করে নিলে, তার বিরুদ্ধে কিতাল ফরয; যতক্ষণ না শত্রু পরাজিত হয় এবং মুসলিম ভূমি উদ্ধার হয়। যেমন শত্রু আসতে থাকলে বা আগ্রাসন চালালে তা প্রতিহত করার জন্য কিতাল ফরয।

সারকথা-

উপরোক্ত আলোচনার সারকথা দাঁড়াল: নিম্নোক্ত তিন সূরতের প্রত্যেকটিতেই জিহাদ ফরয-

♣ কাফেররা কোন মুসলিম ভূমি আক্রমণের উদ্দেশ্যে আসতে থাকলে।

♣ কোন মুসলিম ভূমিতে আক্রমণ চালালে।

♣ কোন মুসলিম ভূমি দখল করে নিলে।

প্রথম দুই সূরতে দখলদারিত্ব বসাবার পূর্বেই আক্রমণ প্রতিহত করে দিতে হবে। তৃতীয় সূরতে দখলকৃত ভূমি উদ্ধার করতে হবে। অতএব, বর্তমান ফিলিস্তিন, কাশ্মির, ভারত, মায়ানমার, পূর্বতুর্কিস্তানসহ সকল গণতান্ত্রিক বা রাজতান্ত্রিক মুসলিম ভূমি, যেগুলো কাফের মুরতাদদের দখলে আছে, সেগুলো উদ্ধারের জন্য জিহাদ ফরযে আইন। কোন না কোনভাবে জান, মাল বা যবান দিয়ে জিহাদে সক্ষম এমন কোন মুসলমানই এই ফরয থেকে মুক্ত নয়।

والله سبحانه وتعالى أعلم، وصلى الله تعالى على خير خلقه محمد وعلى آله وصحبه أجمعين

৮৪.সংশয় নিরসন ০২, ক. সামরিক কাজে গোপনীয়তা

সামরিক কাজে গোপনীয়তা

সংশয়-২

রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সরাসরি ময়দানে নেমে কাফেরদের সাথে জিহাদ করেছেন। সাহাবায়ে কেরামও এমনই করেছেন। আমাদের আকাবিরগণও এমনই করেছেন। আমরা বর্তমানে যে লুকিয়ে লুকিয়ে – গুপ্ত হত্যা বা গেরিলা – জিহাদ করি, এটা কি জায়েয? ইসলাম তো যা করে প্রকাশ্যে করে। এভাবে লুকিয়ে কেন? এটা কি জিহাদ?

নিরসন

بسم الله الرحمن الرحيم

وصلى الله تعالى على خير خلقه محمد وآله وصحبه أجمعين. أما بعد

ইসলামে গোপনীয়তা

[ইসলাম যা করে প্রকাশ্যে করে]- কথাটা ঢালাওভাবে সহীহ নয়। সহীহ হচ্ছে, ইসলাম যা প্রকাশ্যে করা ভাল মনে করে সেটা প্রকাশ্যে করে, আর যা গোপনে করা ভাল মনে করে সেটা গোপনে করে। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ও সাহাবায়ে কেরামের সীরাতের দিকে তাকালেই বিষয়টা পরিষ্কার হয়ে যায়।

♣ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নবুওয়াত প্রাপ্তির পর গোপনে গোপনে দাওয়াত দিতেন।

♣ মক্কায় কেউ মুসলমান হলে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে ঈমান গোপন রাখতে পরামর্শ দিতেন। হযরত আবু যর গিফারি রাদিয়াল্লাহু আনহুর ঘটনা এ ব্যাপারে প্রসিদ্ধ।

♣ সাহাবায়ে কেরাম রাদিয়াল্লাহু আনহুম মক্কা থেকে হাবশা বা মদীনায় গোপনে গোপনে হিজরত করতেন।

♣ মদীনার আনসারদের সাথে বাইআতে আকাবা গোপনে গোপনে হয়েছে।

♣ গোপনীয়তার অনুপম নমুনা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের হিজরতের ঘটনা। এমন সঙ্গোপনে ও কৌশলে তিনি হিজরত করেছেন যে, মুশরিকরা তন্ন তন্ন করে খোঁজার পরও সন্ধান পায়নি।

আগের শরীয়তে গোপনীয়তা

♣ ফিরআন বংশের এক লোক মূসা আলাইহিস সালামের দাওয়াত কবুল করে ঈমানদার হয়ে গিয়েছিলেন। তিনি তার ঈমান গোপন রেখেছিলেন। আল্লাহ তাআলা বলেন,

وَقَالَ رَجُلٌ مُؤْمِنٌ مِنْ آلِ فِرْعَوْنَ يَكْتُمُ إِيمَانَهُ

“ফিরআউন বংশীয় এক ব্যক্তি যে মু’মিন ছিল এবং নিজ ঈমান গোপন রাখতো- সে বললো ...।”- আলমু’মিন ২৮

♣ আসহাবে কাহফ গোপনে পলায়ন করেছিল। ঘুম থেকে জাগ্রত হওয়ার পর তারা যখন তাদের একজনকে খাবার কিনতে পাঠাচ্ছিল, তখন তাকে সাবধান করে দিচ্ছিল- যেন অতি সঙ্গোপনে কাজ করে,

وَلْيَتَلَطَّفْ وَلَا يُشْعِرَنَّ بِكُمْ أَحَدًا

“সে যেন বিচক্ষণতার সাথে কাজ করে এবং কিছুতেই যেন কাউকে তোমাদের ব্যাপারে জানতে না দেয়।”- কাহফ ১৯

সামরিক কাজে গোপনীয়তা কাম্য

♣ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বনী কুরাইজার ইয়াহুদিদের ব্যাপারে হত্যার ফায়সালা করেছিলেন। হযরত আবু লুবাবা ইবনুল মুনযির রাদিয়াল্লাহু আনহু ঘটনাক্রমে তা ইয়াহুদিদের নিকট প্রকাশ করে দেন। তখন আল্লাহ তাআলা এ আয়াত নাযিল করেন,

يَاأَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تَخُونُوا اللَّهَ وَالرَّسُولَ وَتَخُونُوا أَمَانَاتِكُمْ وَأَنْتُمْ تَعْلَمُونَ

“হে ঈমানদারগণ, তোমরা জেনে-শুনে আল্লাহ ও রাসূলের সাথে খিয়ানত করো না এবং তোমাদের পরস্পরের আমানতনসমূহেরও খিয়ানত করো না।”- আনফাল ২৭

আল্লাহ তাআলা সামরিক গোপনীয়তাকে আমানত আখ্যা দিয়েছেন এবং তা প্রকাশ করতে নিষেধ করেছেন।

♣ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মক্কা বিজয়ের অভিযান গোপন রেখেছিলেন। ঘটনাক্রমে হযরত হাতিব রাদিয়াল্লাহু আনহু নিজের পরিবার পরিজনের নিরাপত্তার কথা চিন্তা করে পত্র মারফত তা মুশরিকদের অবগত করতে চেয়েছিলেন। তখন আল্লাহ তাআলা এ আয়াত অবতীর্ণ করেন,
يَاأَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تَتَّخِذُوا عَدُوِّي وَعَدُوَّكُمْ أَوْلِيَاءَ
“হে ঈমানদারগণ, তোমরা আমার দুশমন ও তোমাদের দুশমনদেরকে বন্ধুরূপে গ্রহণ করো না।”- মুমতাহিনা ১

মুসলমানদের সামরিক বিষয়াদি কাফেরদের অবগত করানোকে আল্লাহ তাআলা কাফেরদের সাথে বন্ধুত্বের নামান্তর আখ্যা দিয়েছেন।

♣ হযরত কা’ব বিন মালেক রাদিয়াল্লাহু আনহু বলেন,
لم يكن رسول الله صلى الله عليه و سلم يريد غزوة إلا ورى بغيرها
“রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কোন যুদ্ধাভিযানের ইচ্ছা করলে (সেটি গোপন রেখে) অন্য দিকে ঈঙ্গিত করতেন।”- সহীহ বুখারি ২৭৮৭

এটি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের আজীবনের সুন্নত যে, তিনি কোন যুদ্ধে বের হলে সাহাবায়ে কেরামকে স্পষ্ট জানাতেন না যে, কোন দিকে যাচ্ছেন। অন্য কোন দিকের ঈঙ্গিত করতেন। সাহাবায়ে কেরাম মনে করতেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম অন্য কোন দিকে যাচ্ছেন। অথচ রাসূলের উদ্দেশ্য থাকতো ভিন্ন। সামরিক বিষয়ে তিনি এতটাই গোপনীয়তা বজায় রাখতেন।

♣ এক হাদিসে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন,

الحرب خدعة

"যুদ্ধ কৌশলের নাম।"- সহীহ বুখারি ২৮৬৬

অর্থাৎ যুদ্ধের মূল বুনিয়াদ হল, কৌশল। যুদ্ধের জয়-পরাজয় কৌশলের উপর নির্ভরশীল, সামরিক শক্তির উপর নয়।

পৃথিবীর কোন রাষ্ট্রই তাদের সামরিক বিষয়াদি ও প্ল্যান-পরিকল্পনা তাদের দুশমনদের সামনে প্রকাশ করে না। এটাই

যুদ্ধের স্বাভাবিক নিয়ম। ইসলাম এ নিয়ম মেনে চলে। এর ব্যতিক্রম করাকে খিয়ানত আখ্যায়িত করেছে।

♣ আল্লাহ তাআলা ইরশাদ করেন,
يَاأَيُّهَا الَّذِينَ آمَنُوا خُذُوا حِذْرَكُمْ
“হে মুমিনগণ, তোমরা সতর্কতা অবলম্বন কর।”- নিসা ৭১

গোপনীয়তা প্রকাশ করে দেয়া সতর্কতার পরিপন্থী- এটা সর্বস্বীকৃত।

♣ দায়িত্বশীলদের নির্দেশনা ব্যতীত কোন সংবাদ ছড়াতেও আল্লাহ তাআলা নিষেধ করেছেন। একে মুনাফিকদের কাজ আখ্যায়িত করেছেন। আল্লাহ তাআলা ইরশাদ করেন,
وَإِذَا جَاءَهُمْ أَمْرٌ مِنَ الْأَمْنِ أَوِ الْخَوْفِ أَذَاعُوا بِهِ وَلَوْ رَدُّوهُ إِلَى الرَّسُولِ وَإِلَى أُولِي الْأَمْرِ مِنْهُمْ لَعَلِمَهُ الَّذِينَ يَسْتَنْبِطُونَهُ مِنْهُمْ وَلَوْلَا فَضْلُ اللَّهِ عَلَيْكُمْ وَرَحْمَتُهُ لَاتَّبَعْتُمُ الشَّيْطَانَ إِلَّا قَلِيلًا
“তাদের (মুনাফিকদের) নিকট যখন কোন সংবাদ আসে, তা শান্তির হোক বা ভীতির হোক- তারা তা ছড়িয়ে দেয়। যদি তারা তা রাসূল ও দায়িত্বশীলদের নিকট সমর্পন করে দিত,

তবে সংবাদ অনুসন্ধানকারীরা তাদের থেকে সেটা জেনে নিতে পারতো (যে, তা ছড়ানোর উপযোগী কি'না)। তোমাদের উপর যদি আল্লাহ তাআলার অনুগ্রহ ও রহমত না হত, তবে অল্প সংখ্যক ছাড়া বাকি সকলে শয়তানের অনুগামী হয়ে পড়তে।”- সূরা নিসা: ৮৩

কুরআন, হাদিস ও সীরাতের আলোকে স্পষ্ট যে, গোপনীয়তা ইসলামের চিরন্তন নীতি। আল্লাহ, রাসূল ও মুসলামানদের আমানত। গোপনীয়তা প্রকাশ করা অপরিপক্কতা, ঈমানের দুর্বলতা, নিফাক ও কাফেরদের সাথে বন্ধুত্বের আলামত। এরপরও যারা গোপনে জিহাদের কাজ করার কারণে মুজাহিদদের সমালোচনা করে, তাদের দ্বীনের বুঝ কতটুকু আল্লাহ তাআলাই ভাল জানেন। দুঃখের বিষয়, আজীবন বুখারি শরীফ পড়িয়ে আসছেন এমনসব মহিউস সুন্নাহরাই এমনসব মন্তব্য করছেন। হে আল্লাহ আমাদের সহীহ বুঝ দান কর।

৮৫.সবাই উল্টো: তাহলে কি আমি ভুল করছি?

সবাই বলছে, আমি জঙ্গি। আমি সন্ত্রাসী। আমি উগ্রবাদি। আমি জযবাতি। আমি ভাসাভাসা দৃষ্টির অধিকারী। আমি স্বল্পজ্ঞানী। আমি খারিজি।

তাহলে কি আমার ভুল হয়ে গেল?

এত মানুষ আমার বিপক্ষে। আমি হকের উপর আর তারা ভুল- এটা কি সম্ভব?

হুজুরদেরও তো অধিকাংশ আমার বিরুদ্ধে। এত হুজুর কি ভুল করছেন? তারা কি বুঝেন না? না'কি আমারই ভুল হচ্ছে? ভুল পথে হাঁটছি না তো আমি?

প্রশ্নটা অস্বাভাবিক নয়। বিশেষত আমরা এমন এক সমাজে

বড় হয়েছি, জন্মের পর থেকেই যেখানে শিরক কুফর আর ফিসক ফুজুর। বিভ্রান্তি আর ফিতনা। ঈমানি পরিবেশে আমরা বড় হইনি। হয়তো যখন থেকে আমি বুঝি তখন থেকেই শুনে আসছি, বোমা মেরে ইসলাম কায়েম করা যায় না। প্রধান বক্তা অনেক জোর গলায় কথাটা বলে গেছেন। সবাই গিলেছেও। কথাটা কয়েক যুগ ধরে আমার হৃদয়ে লেগে আছে। আজ আমি বলছি, বোমা মারা ছাড়া ইসলাম কায়েম হয় না। সন্দেহ হতেই পারে, আমার ভুল হয়ে গেল কি'না?

কিন্তু যদি আপনার জন্ম হতো আফগানে, চোখ খুলেই দেখতেন আকাশ থেকে বোমার বর্ষণ। ট্যাংক। কামান। মেশিন গান। আপনার বাবার হাতে। ভাইয়ের কাঁধে। দেয়ালে টানানো। বিছানার পাশে।

দেখতেন আজ বাবা লাশ হয়ে এসেছেন। কাল ভাই। পর দিন চাচা।

যদি এমন সমাজে আপনি বেড়ে উঠতেন, আপনাকে বুঝাতে হতো না যে, বোমা মারা ছাড়া ইসলাম কায়েম হয় কি'না।

জন্ম থেকেই আমি ফিতনায় ডুবা। বিভ্রান্তিতে ভরা। আজ হঠাৎ যদি বলে বসি, খানকায় বসে ইসলাম কায়েম হবে না, তাহলে প্রশ্ন আসতেই পারে, আমি ভুল করছি কি'না।

আমি এখানে একেবারে সাদামাটা কয়েকটা কথা বলবো।
প্রিয় ভাই, প্রতিটি আদম সন্তানের পিছে আল্লাহ তাআলা নিযুক্ত করেছেন একটা করে শয়তান। সে তাকে বিভ্রান্তির পথে ডাকে। এ হল জিন শয়তান। আর আমার মতোই দেখতে রয়েছে হাজারো মানুষ শয়তান। এরাও আমাকে বিভ্রান্ত করে। সাথে সাথে আমার বুকের ভেতর আছে একটা নফস। নফসে আম্মারা। সেও আমাকে ডাকে বিভ্রান্তির দিকে। এভাবে জিন শয়তান, মানুষ শয়তান আর নফসে আম্মারার দ্বারা প্রতিটি আদম সন্তান বেষ্টিত। এ বেষ্টনি ভেদ করে হকের কাছে পৌঁছা

এত সহজ নয়। এজন্যই আপনি দেখছেন, দুনিয়ার অধিকাংশ মানুষ সেই আল্লাহতেই বিশ্বাসী নয়, যে আল্লাহ তাদের সৃষ্টি করেছেন আর যার কাছেই সবাইকে ফিরে যেতে হবে।

প্রতিটি আদম সন্তানকে আল্লাহ তাআলা ঈমান দিয়ে দুনিয়াতে পাঠান। আর তাকে দুনিয়াতে পাঠানোর হাজারো হাজার বছর আগে সকল বনি আদমকে একত্র করে আল্লাহ তাআলা সবার থেকে ঈমানের স্বীকৃতি নিয়েছেন। সবাই স্বীকার করেছে, হে আল্লাহ, আপনিই আমাদের রব। আমরা আপনাকে মেনে নিলাম।

এক দিকে আল্লাহ তাআলা সবার থেকে ঈমানের স্বীকৃতি নিলেন। যখন ভূমিষ্ট হয়, তাকে ঈমান দিয়ে জন্ম দেন। ঈমান তার রগে রেশায় মিশে থাকে। এরপর আবার স্বরণ করিয়ে দেয়ার জন্য রাসূলদের পাঠান। সাথে নিজের বাণী সম্বলিত কিতাবও দিয়ে দেন। রাসূলগণ এসে আল্লাহর দিকে ডাকেন, যে আল্লাহকে তারা দুনিয়াতে আসার আগেই মেনে নিয়েছিল। যার উপর ঈমান নিয়েই সে দুনিয়াতে এসেছে। কিন্তু এতদসত্বেও অধিকাংশ বনি আদম কাফের হয়ে যায়। কেন? তার পিতা মাতা, তার সমাজ তাকে বিভ্রান্ত করে। শয়তানের

ধোঁকায় পড়ে। নফসে আম্মারার তাড়নায় পড়ে। যেমনটা হাদিসে বলা হয়েছে।

এ চতুর্মুখী বিভ্রান্তিতে পড়ে যখন একটা মানুষ বিচ্যুত হয়ে যায়, তখন আর তার কথা কাজ হকের মানদণ্ড বিবেচিত হয় না। এ কারণে দুনিয়ার অধিকাংশ মানুষ কাফের হয়ে গেলেও আমরা সংশয়ে পড়ি না যে, তাহলে কি দ্বীনে ইসলাম বাতিল?

মুহতারাম ভাই, এ চতুর্মুখী ফিতনায় পড়ে মানুষের দু'টি হালত হয়: কেউ কেউ হক বাতিল বুঝার যোগ্যতা হারিয়ে ফেলে। হককে বাতিল বাতিলকে হক মনে করে। আজ আপনি কোটি কোটি বনি আদমকে দেখছেন, গরুর মূত্র পান করাকে ইবাদাত মনে করে। অথচ ধর্মে তো পরের কথা, সাধারণ বিবেক বুদ্ধিও তা সমর্থন করে না। বিশেষত এই আধুনিকতার যুগে। কেন? এরা হক বাতিল বুঝার যোগ্যতা হারিয়ে ফেলেছে।

আরেকদল হক বুঝার পরও স্বার্থের চিন্তায় হক প্রত্যাখ্যান করে। নয়তো আবু তালেবের ঈমান না আনার কি কারণ ছিল? সে কি জানতো না, মুহাম্মাদ –আল্লাহ তাঁর উপর সালাত ও সালাম বর্ষণ করুন- হক?
রোম সম্রাট হিরাকলা (হিরাক্লিয়াস) এর কথা হয়তো জানেন। সে আকাঙ্খা করেছিল, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে পেলে কদম মোবারকের ধুলি ধুয়ে দিয়ে ধন্য হবে। কিন্তু রাজত্বের লোভ তাকেও কাবু করেছে।

এভাবে কেউ বুঝে আর কেউ না বুঝে বিভ্রান্ত। আর যখন বিভ্রান্ত তখন আমরা তার কথা কাজকে হকের মানদণ্ড মানতে পারি না।

মুহতারাম ভাই, আল্লাহ তাআলার অশেষ রহমত যে, অতীত যামানার এক উলামাগোষ্ঠীর ইতিহাস আমাদের সামনে সবিস্তারে বর্ণনা করেছেন। নতুবা আমরা হয়তো চিন্তা করতেও

ভয় পেতাম যে, উলামা শ্রেণী গোমরা হতে পারে। তারাও স্বার্থের সামনে দ্বীন বিসর্জন দিতে পারে। প্রিয় ভাই, সে শ্রেণীটি হলো ইয়াহুদ। আল্লাহ তাআলা প্রতিদিন অন্তত দশবার যাদের দলভুক্ত হওয়া থেকে আশ্রয় প্রার্থন ফরয করেছেন (পাঁচ ওয়াক্ত নামাযে সূরা ফাতিহায় গাইরিল মাগদুবি আ'লাইহিম- এ)।

প্রিয় ভাই, এ জাতিটির উপর আল্লাহ তাআলা সবচে বেশি ইহসান করেছেন। এরা সরাসরি নবিদের সন্তান। এদের মধ্যেই আল্লাহ তাআলা পৃথিবীর অধিকাংশ নবি রাসূল পাঠিয়েছেন। আসমানি খানা তাদের খাইয়েছেন। পাথর ভেদ করে ঝর্ণা সৃষ্টি করে পানির ব্যবস্থা করেছেন। মেঘমালা দিয়ে ধু ধু মরুময়দানে ছায়ার ব্যবস্থা করেছেন। অথচ পৃথিবীর ইতিহাসে এরাই সবচে নাফরমান। অসংখ্য নবি রাসূলকে এরা হত্যা করেছে। দুনিয়ার সামান্য স্বার্থের জন্য আল্লাহর কিতাব বিকৃত করেছে। অথচ আল্লাহর কিতাবের জ্ঞান এদেরই সবচে বেশি ছিল। এরাই ছিল সবচে বড় আলেম। কিন্তু দুনিয়ার মোহ ইলমের উপর প্রভাব বিস্তার করেছে।

এরা আল্লাহর কাছে সবচে নিকৃষ্ট জাতি। ইসলামের সবচে বড় দুশমন। অথচ এরা সবই জানে। এরা বুঝে শয়তান। এরা খৃস্ট ধর্মকে বিকৃত করেছে। খৃস্টানদের বিভ্রান্ত করেছে। এরা না বুঝে শয়তান। হ্যাঁ, ব্যতিক্রম অনেক আছে। আল্লাহ তাআলা এ উভয় জাতি থেকে তার সবচে প্রিয় ইবাদাত সালাতে প্রতিদিন দশবার আশ্রয় প্রার্থনা করতে নির্দেশ দিয়েছেন। নয়তো একজন মুসলিমের সালাতই সহীহ নয়।

রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন দ্বীনে হক নিয়ে আবির্ভুত হন, তখন ওয়ারাকা বিন নাওফেল আর আব্দুল্লাহ বিন সালাম রাদি. এর মতো অল্প ক'জন আলেম ছাড়া পৃথিবীর সকল আলেম ধর্ম ব্যবসায় লিপ্ত। ধর্মকে পুঁজি করে, আল্লাহর কিতাবের অপব্যাখ্যা করে জনগণকে বিভ্রান্ত করে স্বার্থ হাসিলে ব্যস্ত। আপনি কি চিন্তা করতে পারেন- একটা জাতির একশো জনের বলতে গেলে একশো জন আলেমই স্বার্থবাজ?? কিন্তু বাস্তবতা তাই বলে, যদিও বিশ্বাস করতে কষ্ট হয়।

রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ভবিষদ্বাণী করে গেছেন, আমার উম্মত কদমে কদমে ইয়াহুদ নাসারার অনুসরণ করবে। তাহলে কি খুব আশ্চর্যের কথা যে, বুঝে না বুঝে, কিংবা স্বার্থের লোভে আলেমরাও হকের কথা গোপন করবেন, কিংবা হককে না-হক বলবেন? এক লাখের ফতোয়া, শুকরিয়া মাহফিল, বেফাক দুর্নীতি আর হাটহাজারির কাহিনির পর আশাকরি আর দলীল দিয়ে বুঝাতে হবে না।

তবে আল্লাহ তাআলা এ দ্বীনে হককে কিয়ামত পর্যন্ত বিজয়ী রাখবেন। এজন্য সৃষ্টি করবেন তার কিছু মুখলিস বান্দা। যাদেরকে এ দ্বীনের গাছ হিসেবে লাগাবেন। যারা জান ও মাল দিয়ে, সাইফ ও কলম দিয়ে, বুকের রক্ত দিয়ে এ দ্বীনের সহীহ রূপ উম্মতের সামনে তুলে ধরবেন। হত্যা, বন্দী, গুম নির্যাতন কিছুই তাদের রুখতে পারবে না। আল্লাহর কুরআন আর রাসূলের বাণী তাদের পাথেয়। শত বাধার মুখেও তারা চলবেন

হিদায়াতের পথে। দেখাবেন আলোর পথ।

এজন্য প্রিয় ভাই, আজ সময় এসেছে কুরআন সুন্নাহ আঁকড়ে ধরার। অমুকের কথা আর অমুকের কাজ আমরা বিশ্বাস করতে পারি না। দলীল বানাতে পারি না। জীবন পথের পাথেয় রূপে গ্রহণ করতে পারি না। আমাদের রাহবার শুধু আল্লাহর কুরআন, রাসূলের হাদিস। সাহাবাদের সিরাত। খাইরুল কুরুনের সালাফে সালিহিন।

হে আল্লাহ! আমাদের হকের দিশা দাও। হকের পথে অবিচল থাকার তাওফিক দাও। আমীন। আমীন। আমীন।

৮৬.সরকার এখনও বুঝতে পারছে না কেন?

অনেক আগে থেকেই শুনে আসছি দাওয়াত একটি ফরিজা। দাওয়াত দিতে হবে। বুঝাতে হবে শাসকদের। বুঝিয়ে ভাল পথে আনতে হবে।

মুজাদ্দিদে আলফে সানির দৃষ্টান্তও এখানে টেনে আনা হয়।

জিহাদের কথা বলা হলেই এ প্রসঙ্গটা উঠিয়ে মুজাহিদদের সমালোচনা করা হয়। আমরা না'কি দাওয়াত না দিয়েই কাফের ফতোয়া দিয়ে দিচ্ছি। দাওয়াত না দিয়েই না'কি আমরা মানুষ মেরে ফেলছি।

যাহোক, দাওয়াতের নববী তরিকা কোনটা সেটার কথা যদি বাদও দিই, তাহলেও এখন প্রশ্নটা সবার মনেই দেখা দিচ্ছে, সরকার এখন বুঝছে না কেন? সারা দেশের সকল আলেম এক হয়ে সর্বসম্মতভাবে ভাস্কর্য হারাম বলছেন। মিটিং করছেন। মিছিল করছেন। সংবাদ সম্মেলন করছেন। ঐক্যবদ্ধ ফতোয়াও জারি হয়েছে। আলোচনাও হয়েছে, হচ্ছে। সব ঘরানার আলেম একমত। কিন্তু সরকারকে তো আর বুঝানো যাচ্ছে না। সরকারপক্ষ তো বরাবর বলেই আসছে, ভাস্কর্য আর মূর্তি এক নয়। মূর্তি হারাম। ভাস্কর্য জায়েয। যারা এ দুটির পার্থক্য বুঝে না তারা...। তারা কি?

তারা মূর্খ। এরা আলেমই নয়। এরা কিসের লেখাপড়া করে?

এরা ধর্মের মুখোশধারী।

এরা ধর্ম ব্যবসায়ী।

এরা মৌলবাদি।

এরা পাকিস্তানি।

এরা তালেবানি মোল্লাতন্ত্র।

এরা স্বাধীনতার চেতনা বিরোধী।

এরা দেশদ্রোহী।

এরা সাম্প্রদায়িক।

এরা দেশটা আফগানিস্তান বানিয়ে ফেলতে চাইছে।

এরা নষ্ট-ভ্রষ্ট।

এরা অপশক্তি।

এরা একাত্তরের পরাজিত শক্তি।

এরা উগ্রবাদি জঙ্গি ...।

এরা আরও অনেক কিছু, যেগুলো আপনারা পত্রিকার পাতা খোললেই দেখতে পাচ্ছেন।

সারা দেশের উলামা জনতা মিলেও সরকারকে বুঝাতে পারছেন না। উল্টো উলামা সমাজ বহু রকমের আলকাব আর বিশেষণে ভূষিত হচ্ছেন, যেগুলোর সবগুলো হয়তো এখন

পর্যন্ত জঙ্গিরাও পায়নি।

এখন প্রশ্ন, ব্যর্থতা কার? উলামাদের দাওয়াত হচ্ছে না? আর কি করার বাকি আছে যা করলে সরকার বুঝতে পারবে?

মুহতারাম উলামায়ে কেরাম! নববী তরিকায় ফিরে আসুন। বুঝতে বেশি দিন লাগবে না। কই, মক্কায় তো রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তের বছর দাওয়াত দিলেন। নিজের ভাই, চাচা এদেরকেই তো বুঝালেন। কিন্তু বুঝতে তো পারলো না। অপরদিকে ফাতহে মক্কার দিন যখন তরবারি নিয়ে মক্কাবাসীর মাথার উপর সওয়ার হলেন, একদিনে সবাই বুঝে গেল। দু'দিনে কালিমা পড়ে মুসলমান হয়ে গেল। শুধু তাই নয়, দু'দিন পরেই তরবারি হাতে দ্বীনের নুসরতে হুনাইনে রওয়ানা হয়ে গেল। তরবারির ঝলমলানি এক নিমিষেই হক বুঝিয়ে দিল।

সিদ্দিকে আকবারের মতো হুংকার

দিন: আল্লাহর কসম, একটা রশি দিতে অস্বীকার করলেও আমি এদের বিরুদ্ধে লড়াই করে যাব। আমার সাথে একজনও যদি না যায়, আমি একাই এদের বিরুদ্ধে লড়বো।

হুংকার দিন। এত দাওয়াত লাগবে না। দু’দিনেই সব বুঝে এসে যাবে। অন্যথায় বনী ইসরাইলের মতো দাওয়াতের তীহ ময়দানে শুধু উদভ্রান্ত হয়ে ঘুরতেই থাকবেন আর নতুন নতুন বিশেষণ যোগ হতে থাকবে। বুঝে আর আসবে না।

***

৮৭.সরকারি আইন মানা কি জরুরী?

বিটকয়েন নিয়ে মুফতি আব্দুল্লাহ মাসুম সাহেবের **‘বিটকয়েন — পরিচিতি ও শরঈ পর্যালোচনা’** নামক একটি প্রবন্ধ সপ্তাহ খানেক হলো ফোরামে পোস্ট হয়েছে। প্রবন্ধটি তাহকিকি। আমি তাহকিক নিয়ে কোনো আপত্তি করছি না। তবে প্রবন্ধের শেষে তিনি যে কথাটি বলেছেন, সেটাতে একটু আপত্তি আছে। তিনি বলেন,

